৮১ নম্বর।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, হাইটিফেল সাহেব ইউরোপ গমনের নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া দিনাজপুর খণ্ডে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

The 1st April 1879.

No 82—Leave of absence—Mr J Paterson, Executive Engineer, Fourth Grade, attached to the Dinagepore Division, is allowed furlough for one year, under Civil Leave Code, Chapter IV, section 12

2 Mr Paterson is also allowed preparatory leave for one month under the above Code, Chapter VI, section 24

The 4th April 1879

No 84—Major R G Smyth, R E, Superintending Engineer (temporary rank), Second Grade, Officiating Superintending Engineer, North-Eastern Circle, availed himself of the privilege leave granted* to him from the 22nd March 1879, before noon

* Bengal Government, Public Works Department, Notification No 66 of 18th March 1879

No. 85.—Notification—Mr F Sills, Executive Engineer, Fourth Grade, attached to the 1st Calcutta Division, passed in the Departmental Standard on the 25th March 1879

The 5th April 1879

No 86—Leave of absence—Colonel C T Stewart, R E, Superintending Engineer First Grade, North-Western Circle, is allowed subsidiary leave from the 13th to the 19th March 1879, under Chapter VI, section 24 (*b*) of the Civil Leave Code

The 7th April 1879

No 87—Leave of absence—Mr H Dewes, Executive Engineer, First Grade, attached to the Hazareebagh Division, is allowed privilege leave for two months and fifteen days, under Civil Leave Code, Supplement F, section 12

No 88—Appointment—Mr J S Carey, Executive Engineer, Fourth Grade, attached to the Hazareebagh Division, is appointed to officiate as Executive Engineer of that division during the absence on privilege leave of Mr H Dewes, or until further orders

No 89—Notification—A plan and an estimate, amounting to Rs 16,750, for the construction of barracks and out-offices for the Hooghly Bridge Police, having been submitted by the Bridge Commissioners with their Vice-Chairman's letter No 803, dated the 12th June 1878, and approved by this Department, the Lieutenant-Governor has sanctioned the project under the provisions of section 35 of Act V (B L C) of 1870, referred to in section 26 of Act IX B L C) of 1871

No 90(—Declaration under Section 6 of Act X of 1870 of the Government of India—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz* for straightening and widening the Dabdabia road from Jhalakati road to Nalchitti river, in the village of Rupatali, station Sudder, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land, abut 9,100 feet in length and 75 feet in width, measuring more or less 47 beegahs of standard measurement, is required within the aforesaid village of Rupatali

2 This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

By order of the Lieutenant-Governor of Bengal,

A CADELL, *Major-General*, R E,
Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION

NOTIFICATION—ESTABLISHMENT

Dated 4th April 1879

No 99—Leave—Mr. F. B Pemberton, Executive Engineer, Third Grade, Northern Drainage and Embankment Division, is granted furlough for six months on medical certificate, under section 14 of the Civil Leave Code, together with subsidiary leave for fourteen days

[*Government Gazette*, 15th *April* 1879]

১৮৭৯ সাল ১ আপ্রিল।

৮২ নম্বর।—ছুটী।—দিনাজপুর খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পেটরসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ১২ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

২। শ্রীযুত জে, পেটরসন সাহেব উপরোক্ত বিধির ৬ অধ্যায়ের ২৪ ধারামতে প্রস্তুত হওনের নিমিত্তও ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।

৮৪ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র ও উত্তরপূর্ব্ব চক্রের একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ, সাহেব, আর, ই, যে অনুগ্রহের ছুটী পান * তাহা ১৮৭৯ সালের ২২ মার্চের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ১৮ মার্চের ৬৬ নং বিজ্ঞাপন।

৮৫ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতা খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, সিলস সাহেব ১৮৭৯ সালের ২৫ মার্চে কার্য্যবিভাগ সম্পর্কীয় কথিতমত পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।

৮৬ নম্বর।—ছুটী।—উত্তর পশ্চিমচক্রের প্রথম শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত সি, টি, ষ্টুয়ার্ট সাহেব, আর, ই, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৪ (*b*) ধারামতে ১৮৭৯ সালের মার্চ মাসের ১৩ তারিখ অবধি ১৯ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।

৮৭ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, ডিউস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুইমাস পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

৮৮ নম্বর।-নিয়োগ।-শ্রীযুত এচ, ডিউস সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় হাজারীবাগ খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস কেরি সাহেব উক্ত খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

৮৯ নম্বর। বিজ্ঞাপন।—হুগলী নদীর পোলের পোলীসের বারিক ও বাহির বাটীর আফিস প্রস্তুতকরণার্থে ব্রিজ কমিশ্যনরেরা আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৭৮ সালের ১২ জুনের ৮০৩ নং পত্রের সঙ্গে যে নক্সা ও ১৬ ৭৫০৲ টাকা ব্যয়ের যে অনুমান পত্র পাঠান এই কার্য্যবিভাগকর্ত্তৃক তাহা অনুমোদিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের ২৬ ধারায় উল্লিখিত ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে তাহা প্রস্তুত করিতে অনুমতি দিলেন।

৯০ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার সদর মোকামের অন্তর্গত রূপতালি গ্রামে ঝালকাটী পথ অবধি জলছিটি নদী পর্য্যন্ত দাবদানিয়া পথ সোজা ও প্রশস্ত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রূপতালি গ্রামে প্রায় ৯১০০ ফুট দীর্ঘ ও ৭৫ ফুট প্রস্থ অর্থাৎ কথিমতে ন্যূনাধিক ৪৭৴ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,
এ, কাডেল, মেজর-জেনেরল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।

৯৯ নম্বর।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, বি, পেমর্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন চৌদ্দদিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

Dated 7th April 1879

No 100 —*Notification* —With reference to the orders marginally noted, Mr R H Rhind, Officiating Superintending Engineer, made over charge of the Orissa Circle on the forenoon of the 29th March 1879 to Major J M McNeile, R E

Nos 37 and 38, dated 24th January 1879

Mr R H Rhind will revert to his permanent appointment of Executive Engineer, First Grade, with effect from the above date

No 101 —*Leave* —Mr F G Brooks, Executive Engineer, Second Grade (temporary rank), Northern Drainage and Embankment Division, is granted privilege leave for one month and fifteen days, under section 32 of the Civil Leave Code

No 102 —*Notification* —Lieutenant R H Brown, R E, Assistant Engineer, First Grade, Personal Assistant to the Superintending Engineer, Sone Circle, passed the Departmental Standard on the 21st March 1879

IRRIGATION.

No 103 —*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for a bungalow at Arrah, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a strip of land measuring 465 feet in length and 367 feet in width, more or less, and containing 3 acres and 2 roods of land, more or less, bounded on the north by a Government road, east by other portion of the land belonging to this Mouzah, and south by bungalow and compound of Shah Mohiooddin, and west by Mr McNamara's bungalow compound, is required within the village of Pakree, pergunnah Arrah, district Shahabad

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

No 104 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for Kana Nuddee sluice channel in the village of Halara, pergunnah Habelli, zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 3 beegahs 15 cottahs 10 chittacks of standard measurement, or about 410 feet in length and a width varying from 220 feet to 100 feet, bounded on the north by Halara village, on the south by the sluice channel, on the east by abandoned embankment, and on the west by Halara village and embankment, is required within the aforesaid village of Halara

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H C LEVINGE,
Joint-Secy to the Govt of Bengal,
in the P. W. Dept, Irrigation Branch

১৮৭৯ সাল ৭ আপ্রিল।

১৮৭৯ সালের ২৪ জানুয়ারি ৩৭ ও ৩৮ নং।

১০০।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুক্ত আর, এচ, রাইণ্ড সাহেব ১৮৭৯ সালের ২৯ মার্চের পূর্ব্বাহ্নে মেজর শ্রীযুক্ত জে, এস, মাকনীল, আর, ই, সাহেবের প্রতি উক্ত চক্রের কার্য্যভার অর্পণ করিলেন।

শ্রীযুক্ত আর, এচ, রাইণ্ড সাহেব উক্ত তারিখ অবধি প্রথম শ্রেণীর স্বীয় স্থায়ি একজেকিউটিব ইঞ্জিনিয়রের পদে প্রত্যাগমন করিলেন।

১০১ নম্বর।—ছুটী।—উড়িষ্যা জলপ্রণালী ও বাঁধ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এস, জি ক্রকস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫২ ধারামতে এক মাস পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

১০২ নম্বর।—বিজ্ঞাপন।—সোণ চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুক্ত অর, এস, বোস্ সাহেব, আর, ই, ১৮৭৯ সালের ২১ মার্চে কর্ম্মবিভাগ সম্পর্কীয় কষ্টিবক পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

জলসেচন সম্পর্কীয়।

১০৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত আরায় বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত শাহাবাদ জিলার অন্তর্গত আরা পরগণার পাকরী গ্রামে ৪৬৫ ফুট দীর্ঘ ও ৩৬৭ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৩ একর ২ রুড পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা গবর্ণমেণ্টের পথ, পূর্ব্ব সীমা এই মৌজার অপরাংশ ভূমি, দক্ষিণ সীমা শাহ মহিউদ্দীনের বাঙ্গলা ঘর ও হাতা স্থান এবং পশ্চিম সীমা মাকনামারা সাহেবের বাঙ্গলা ঘর ও হাতা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১০৪ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত চাবেলী পরগণার হালারা গ্রামে কানা নদীর জল নির্গমনের নালা কাটিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত হালারা গ্রামে বক্ষিমত ন্যূনাধিক ৩৮॥৴ কাটাক পরিমিত অর্থাৎ ৪১০ ফুট দীর্ঘ ও ২২০ অবধি ১০০ ফুট পর্য্যন্ত প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা হালারা গ্রাম, দক্ষিণসীমা জল নির্গমনের নালা, পূর্ব্বসীমা ও উক্ত বাঁধ, ও পশ্চিম সীমা হালারা গ্রাম ও বাঁধ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৬ আপ্রিল।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 15, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৫ আপ্রিল।

PART III

Act of the Legislative Council of India.

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 8th March 1879, and is hereby promulgated for general information —

ACT No III OF 1879

An Act to authorize the Destruction of Useless Records

Preamble

WHEREAS it is expedient to provide for the destruction or other disposal of useless records, books and papers in Courts and Revenue-offices, It is hereby enacted as follows —

Short title

Local extent

Commencement

1. This Act may be called "The Destruction of Records Act, 1879" it extends to the whole of British India, and it shall come into force at once.

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ৮ মার্চ্চ তারিখে মহিম র শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্বারা প্রচার করা গেল।

১৮৭৯ সালের ৩ আইন।

অকর্ম্মণ্য কাগজপত্র নষ্ট করিবার ক্ষমতা প্রদানার্থ আইন।

হেতুবাদ।

আদালতের ও রাজস্ব-বিষয়ক কার্য্যালয়ের অকর্ম্মণ্য কাগজপত্র ও বহী ও দলীল নষ্ট করিবার কি প্রকারান্তরে তাহা লইয়া কার্য্য করিবার বিধান করা আবশ্যক। অতএব নিম্ন লিখিত বিধি করা গেল।

সংক্ষেপ নাম।

স্থানীয় ব্যাপ্তি।

আরম্ভ।

১ ধারা। এই আইন "কাগজপত্র নষ্ট করণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইবে। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত সমুদয় স্থানেই প্রচলিত থাকিবে ও অবিলম্বে বলবৎ হইবে।

[*Government Gazette*, 15th April 1879]

2 The High Court may, from time to time, make rules respecting the disposal, by destruction or otherwise, of such records books and papers belonging to or being in the custody of such High Court, or the Courts of civil and criminal jurisdiction subordinate thereto, as the High Court may consider useless or unworthy of being permanently preserved

Power to High Court to make rules for disposal of records, &c

So far as regards his own Court the Court of Small Causes in Rangoon and the Courts of the Magistrates within the local limits of his ordinary civil jurisdiction, the Recorder of Rangoon shall, for the purposes of this section, be deemed to be a High Court.

3 Each of the High Courts of Judicature at Fort William, Madras and Bombay may from time to time make rules respecting the disposal, by destruction or otherwise, of such records, books and papers belonging to or being in the custody of

Similar power to Presidency High Courts with respect to documents in Insolvency Courts and Administrator General's office

(a) the local Court for the relief of Insolvent Debtors held under the provisions of the eleventh and twelfth of Victoria, chapter twenty-one,

(b) the local Administrator-General,

as the High Court may consider useless or unworthy of being permanently preserved

4 The Chief Controlling Revenue-Authority may from time to time make rules respecting the disposal, by destruction or otherwise, of such records, books and papers belonging to or in the custody of the Revenue Courts and offices as it may consider useless or unworthy of being permanently preserved

Similar power to Chief Controlling Revenue Authority

5 All rules made under this Act shall, after being confirmed by the Local Government and sanctioned by the Governor-General in Council, be published in the local official Gazette, and shall thereupon have the force of law

Rules when to have force of law

6 All rules and orders heretofore made by a Local Government, a High Court or a Chief Controlling Revenue-Authority for the destruction or other disposal of useless records, books and papers belonging to or in the custody of any Court or Revenue-office shall be deemed to have had the force of law from the date on which they were made, and all such rules now in force shall continue to have the force of law until

Validation of rules as to destruction of documents

২ ধারা। হাই কোর্টের কি তদধীন দেওয়ানী ও ফৌজদারী আদালতের অধিকারে কি জিম্মায় যে সকল কাগজপত্র ও বহী ও দলীল থাকে, তন্মধ্যে হাই কোর্ট যাহা অকর্ম্মণ্য কি চিরকাল রক্ষা করিবার অনুপযুক্ত জ্ঞান করেন তাহা নষ্ট করিবার কিম্বা তাহা লইয়া প্রকারান্তরে কার্য্য করিবার বিধি সময়ে২ করিতে পারিবেন।

কাগজপত্রাদি লইয়া কি করিতে হইবেক হাই কোর্টের তদ্বিষয়ক বিধি করিবার ক্ষমতার কথা।

রাঙ্গুণ নগরের রিকার্ডর সাহেব স্বীয় আদালতের ও রাঙ্গুণ নগরস্থ ছোট আদালতের ও স্বীয় নিয়ত দেওয়ানী বিচারাধিকারের স্থানীয় সীমার মধ্যস্থিত মাজিষ্ট্রেটের আদালতের সম্বন্ধে এই ধারার কার্য্যপক্ষে হাই কোর্ট স্বরূপ গণ্য হইবেন।

৩ ধারা। (ক) শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ের বিধানমতে দেনাদার খাতকদের উপকারার্থ স্থানীয় আদালতের, কিম্বা

(খ) স্থানীয় আডমিনিষ্ট্রেটর জেনরেল সাহেবের

দেউলিয়াদের উপকারার্থ আদালতের ও আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কার্য্যালয়ের কাগজপত্র সম্বন্ধে প্রত্যেক রাজধানীর হাই কোর্টের তদ্রূপ ক্ষমতার কথা।

অধিকারে কি জিম্মায় যে সকল কাগজপত্র ও বহী ও দলীল থাকে, তন্মধ্যে হাই কোর্ট যাহা অকর্ম্মণ্য কি চিরকাল রক্ষা করিবার অনুপযুক্ত জ্ঞান করেন তাহা বিনষ্ট করিবার কি তাহা লইয়া প্রকারান্তরে কার্য্য করিবার নিমিত্ত ফোর্ট উইলিয়ম রাজধানীর ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের হাই কোর্ট সময়েং বিধি করিতে পারিবেন।

৪ ধারা। রাজস্ব বিষয়ক আদালতের ও কার্য্যালয়ের অধিকারে কি জিম্মায় যে যে কাগজপত্র ও বহী ও দলীল থাকে, তন্মধ্যে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ যাহা অকর্ম্মণ্য কি চিরকাল রক্ষা করিবার অনুপযুক্ত জ্ঞান করেন তাহা নষ্ট করিবার কি তাহা লইয়া প্রকারান্তরে কার্য্য করিবার বিধি সময়ে২ করিতে পারিবেন।

রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষের তদ্রূপ ক্ষমতার কথা।

৫ ধারা। এই আইনক্রমে প্রণীত সমুদয় বিধি স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক দৃঢ়ীকৃত ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া, স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে, এবং তদবধি আইনের তুল্য বলবৎ হইবে।

বিধি যে সময় বলবৎ হইবে তাহার কথা।

৬ ধারা। কোন আদালতের কি রাজস্ব বিষয়ক কার্য্যালয়ের অধিকারে কি জিম্মায় স্থিত অকর্ম্মণ্য কাগজপত্র ও বহী ও দলীল নষ্ট করিবার কি তাহা লইয়া প্রকারান্তরে কার্য্য করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট কি হাই কোর্ট কি রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ ইতিপূর্ব্বে যে যে বিধি ও আদেশ করিয়াছেন, তাহা যে যে তারিখে করা যায় সেই২ তারিখ অবধি আইনের তুল্য বলবৎ হইয়াছে জ্ঞান করা যাইবে, এবং এক্ষণে উক্তরূপে যে সমুদয় বিধি বলবৎ আছে তৎসমুদয় যাবৎ এই আইনমতে প্রণীত বিধিক্রমে রহিত করা না যায়, তাবৎ আইনের তুল্য বলবৎ থাকিবে

কাগজপত্রাদি নষ্ট করিবার বিধি সিদ্ধ থাকিবার কথা।

Bar of suits.

they are rescinded by rules made under this Act, and no suit or other proceeding shall be instituted, maintained or continued against any person for the disposal, by destruction or otherwise, of any records, books or papers in accordance with any such rules or with any order made by a Local Government, High Court or Chief Controlling Revenue-Authority.

মোকদ্দমা না চলিবার কথা।

আর স্থানীয় গবর্ণমেণ্টের কি হাই কোর্টের কি রাজস্ব-বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কৃত উক্তরূপ বিধি কি কোন আজ্ঞাক্রমে কোন ব্যক্তি কোন কাগজপত্র কি বহী কি নষ্ট করিলে কি তাহা লইয়া প্রকারান্তরে কার্য্য করিলে, উক্ত ব্যক্তির বিরুদ্ধে কোন মোকদ্দমা কিম্বা আদালত সম্পর্কীয় অন্যরূপ কার্য্যানুষ্ঠান উপস্থিত করা কি সমর্থন করা কি চালান যাইবে না।

Interpretation clause.

7. In this Act "Chief Controlling Revenue-Authority" means in the Presidency of Fort St. George and the territories respectively under the administration of the Lieutenant-Governors of Bengal and the North-Western Provinces—the Board of Revenue; in the Presidency of Bombay, outside Sind and the limits of the town of Bombay—the Revenue Commissioner; in Sind—the Commissioner; in the Panjab—the Financial Commissioner, and elsewhere—the Local Government or such officer as the Local Government may, by notification in the official Gazette, appoint in this behalf by name or in virtue of his office.

অর্থকরণ প্রকরণ।

৭ ধারা। এই আইনের "রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ" শব্দে মান্দ্রাজ প্রেসিডেন্সীতে ও বঙ্গদেশের ও উত্তর-পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবদের কর্তৃত্বাধীন দেশে রেবিনিউ বোর্ডকে, বোম্বাই নগরের সীমা বহির্ভূত বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত স্থানে রেবিনিউ কমিশনর সাহেবকে, সিন্ধুদেশে কমিশনর সাহেবকে, পঞ্জাবদেশে ফিনান্সিয়াল কমিশনর সাহেবকে এবং অন্যত্র স্থানীয় গবর্ণমেণ্টকে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এতদর্থে নামোল্লেখদ্বারা বা পদোল্লেখদ্বারা যে ব্যক্তিকে নিযুক্ত করেন, তাঁহাকে বুঝাইবে।

Saving of documents kept under provision of law.

8. Nothing herein contained shall be deemed to authorize the destruction of any document which, under the provisions of any law for the time being in force, is to be kept and maintained.

আইনের বিধানক্রমে রক্ষিত কাগজপত্রাদির রক্ষণের কথা।

৮ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে যে কাগজপত্রাদি রক্ষা করিতে হইবে, এই আইনের কোন কথায় যে সেই কাগজপত্রাদি নষ্ট করিতে ক্ষমতা দেওয়া গেল, এরূপ জ্ঞান করা যাইবে না।

Repeal of enactments.

9. The enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column.

যে যে আইন রহিত হইল তাহার কথা।

৯ ধারা। এতৎসংযুক্ত তফসীলে যে যে আইন নির্দ্দিষ্ট হইয়াছে, উক্ত তফসীলের তৃতীয় ঘরের উল্লিখিত পরিমাণে সেই সেই আইন রহিত হইল ইতি।

THE SCHEDULE

(See section 9).

Enactments repealed.

(a) —ACTS OF THE GOVERNOR GENERAL IN COUNCIL.

Number and year	Subject or short title	Extent of repeal
XX of 1875	The Central Provinces Laws Act, 1875	In section eight, clause (c) the last twenty-one words.
XVIII of 1876	The Oudh Laws Act, 1876	In section thirty-nine, clause (c), the last eighteen words.

তফসীল।

(৯ ধারা দেখ।)

যে যে আইন রহিত করা গেল।

(ক) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম	যতদূর রহিত হইল।
১৮৭৫ সাল ২০ আ	মধ্য প্রদেশের ব্যবস্থা বিষয়ক ১৮৭৫ সালের আইন।	৮ ধারার (c) প্রকরণের শেষ একুশটি শব্দ।
১৮৭৬ সাল ১৮ আ	অযোধ্যার ব্যবস্থাদি বিষয়ক ১৮৭৬ সালের আইন।	৩৯ ধারার (c) প্রকরণের শেষ আঠারটি শব্দ।

(b)—ACTS OF THE GOVERNOR OF BOMBAY IN COUNCIL.

Number and year	Subject or short title	Extent of repeal
VI of 1865	To authorize the destruction of Useless Records in certain Courts of the Bombay Presidency	The whole.
V of 1869	To authorize the destruction of Useless Records in the Courts of the Province of Sind	The whole

(c) —REGULATION UNDER 33 VIC, C 3.

Number and year	Subject or short title	Extent of repeal
III of 1877	The Ajmer Laws Regulation, 1877.	In section forty, clause (c), the last twenty one words

D FITZPATRICK,
Secy. to the Govt. of India.

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাই প্রদেশের শ্রীযুক্ত গবর্ণর সাহেবের প্রণীত আইন।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম।	যতদূর রহিত হইল।
১৮৬৫ সালের ৬ আ	বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত কোনং আদালতের অকর্ম্মণ্য কাগজ পত্র নষ্ট করিবার ক্ষমতা প্রদানার্থ আইন।	সমুদয়।
১৮৬৯ সালের ৫ আ	সিন্ধুদেশের আদালতের অকর্ম্মণ্য কাগজপত্র নষ্ট করিবার ক্ষমতাপ্রদানার্থ আইন।	সমুদয়।

(গ) শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ বৎসরের ৩ অধ্যায়মতে প্রণীত ব্যবস্থা।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম।	যতদূর রহিত হইল।
১৮৭৭ সাল ৩ আ	আজমীরের ব্যবস্থা বিষয়ক ১৮৭৭ সালের ব্যবস্থা।	৪০ ধারার (C)] প্রকরণের শেষ একুশটি শব্দ।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

TUESDAY, APRIL 15, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৫ আপ্রিল।

PART IV.

Bill of the Legislative Council of India

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

Legislative Department

The following further report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 19th of February 1879 —

We, the undersigned Members of the Select Committee to which the Bill to define and amend the law relating to the Transfer of Property was referred, have considered the Bill and the papers noted in the margin, and have the honor to present this further report

From Secretary to Chief Commissioner, Assam, No 532, dated 16th March 1878

From Acting Under Secretary to Government, Bombay, No 3583, dated 18th June 1878, and enclosures

Extract from a Memorandum by Pundit Srikishen, Pleader, Judicial Commissioner's Court, Oudh

Third Note by the Hon'ble Whitley Stokes, dated 20th July 1878

From Secretary to Chief Commissioner, Mysore, No 2705 3J, dated 9th July 1878, and enclosure

From Officiating Secretary to Chief Commissioner, Central Provinces No 3519 168 dated 24th August 1878, and enclosure

From Officiating Under Secretary to Government, Bengal No 3078, dated 6th September 1878 and enclosures

From Secretary to Government, North Western Provinces and Oudh, No 687A dated 11th September 1878

From Junior Secretary to Chief Commissioner, British Burma, No 1438 64, dated 28th September 1878 and enclosures

From Secretary to Government, North Western Provinces and Oudh, No 721A, dated 8th October 1878 and enclosure

From Hon'ble H S Cunningham, dated 5th November 1878 and enclosure

From Secretary to Government, Punjab, No 392o, dated 21st November 1878 and enclosures

Endorsement by Government of Bengal, No 4006, dated 29th November 1878, and enclosures

Fourth Note by the Hon'ble Whitley Stokes dated 9th January 1879

Forms of instruments taken from a Bengali book of forms received from Mr O'Kinealy

2. The principal objections taken to this Bill in its second form are, first, that, as a whole, it is heterogeneous, and, secondly, that certain parts of it are neither necessary nor expedient It is said, for instance, that though the bulk of the Bill deals with transfer of property *inter vivos* by act of parties, it also treats, in sections 82, 83, of conditions in Wills, and in section 129, of Succession to a deceased person It is said, again, that the chapters dealing respectively with the rights and liabilities of owners of limited interests and with property held by several persons belong rather to the subject of the enjoyment, than to that of the transfer, of property It is urged that settlements (in the conveyancer's sense of the word) are hardly ever made in India, that what are technically called Powers are almost unknown, and that the chapters respectively dealing with those subjects are certainly not necessary and can hardly be said to be expedient We feel the force of these objections In fact, we have always felt them But we were not responsible for the first draft of the Bill, whatever were its excellences or defects The matters thus objected to, together with others, such as Registration and Trusts, still more foreign to the proper subject of the Bill, are all dealt with by the draft prepared by the late Indian Law Commission, which was sent out in 1870 by the then Secretary of State, with instructions to introduce a Bill founded upon it, revised by Sir A Hobhouse and sent home by the Government of India in January 1877,—*i e*, nearly six months before the Bill was introduced and referred to a Select Committee. The great deference due to the Law Commission and to Sir A Hobhouse has hitherto prevented us from dealing freely with the Bill Until the opinions of the Local Governments and the results of local experience had been obtained, for us to have altered it would have been to set our individual views against those of the able and learned men who were answerable for the Bill as introduced But now that the opinions and results above referred to have been obtained, we see that, if the Bill is to go on at all, it must be strictly confined to the subject of transfer of property by act of parties,—that is to say, by contract or gift

3 We have therefore omitted chapters VII to XII both inclusive.

[*Government Gazette*, 15*th April* 1879]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নস্বাক্ষরকারী সিলেক্ট কমিটীর সদস্য আমাদের প্রতি সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক আইন নির্দ্ধারণ ও সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বোল্লিখিত কাগজপত্র বিবেচনাপূর্ব্বক দেখিয়াছি, এবং তৎ সম্বন্ধে সসম্ভ্রমে পুনঃ এই রিপোর্ট দিতেছি।—

আসামের চীফ কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ১৬ মার্চ তারিখের ৩৫২ নং।

বোম্বাই গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালে ১৮ জুন তারিখের ৩৮৮৩ ন ও তদন্তর্গত কাগজ পত্র।

অযোধ্যার জুডিশ্যল কমিশ্যনরের আদালতের উকীল শ্রীযুত শ্রীকৃষ্ণ পণ্ডিতের স্মারকলিপির উদ্ধৃতাংশ।

মাননীয় শ্রীযুত উইটলি ষ্টোক্স সাহেবের ১৮৭৮ সালের ২০ জুলাই তারিখের তৃতীয় মন্তব্যলিপি।

মহীশূরের চীফ কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ৯ জুলাই তারিখের ২৭০৫ ৩। নং ও তদন্তর্গত কাগজপত্র।

মধ্যপ্রদেশের চীফ কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরির ১৮৭৮ সালের ২৪ আগষ্ট তারিখের ৩৫১৯ ১৬৮ ন ও তদন্তর্গত কাগজপত্র।

বাঙ্গালা গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ৩ সেপ্টেম্বর তারিখের ৩৬১৮ নং ও তদন্তর্গত কাগজপত্র।

উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ১১ সেপ্টেম্বর তারিখের ৬৮৭ A নং।

ব্রিটিষ ব্রহ্ম প্রদেশের চীফ কমিশ্যনর সাহেবের দ্বিতীয় সেক্রেটরির ১৮৭৮ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের ১৫৩৮ ৬৭ নং ও তদন্তর্গত কাগজ পত্র।

উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যার গবর্ণমেণ্টের ১৮৭৮ সালে ৮ অক্টোবর তারিখের ৭২১ A নং ও তদন্তর্গত কাগজ পত্র।

মান্যবর শ্রীযুত এচ এস কনিংহাম সাহেবের ১৮৭৮ সালের ৫ নবেম্বর তারিখের পত্র ও তদন্তর্গত কাগজপত্র।

পঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ২১ নবেম্বর তারিখের ৩৯২৫ নং ও তদন্তর্গত কাগজ পত্র।

বাঙ্গালা গবর্ণমেণ্টের ১৮৭৮ সালের ২৯ নবেম্বর তারিখের ৪৫৫৬ নং এণ্ডর্সমেণ্ট ও তদন্তর্গত কাগজ পত্র।

মান্যবর শ্রীযুত উইটলি ষ্টোক্স সাহেবের ১৮৭৯ সালের ৯ জানুয়ারি তারিখের চতুর্থ মন্তব্য লিপি।

শ্রীযুত ওকিনেলী সাহেবের নিকট হইতে প্রাপ্ত পাঠ বিষয়ক এক খণ্ড বাঙ্গালা গ্রন্থ হইতে গৃহীত নদর্শনপত্রের পাঠ।

২। এই পাণ্ডুলিপির দ্বিতীয় আকার সম্বন্ধে এই২ প্রধান আপত্তি উত্থাপিত হইয়াছে, প্রথম এই যে সমুদয়টী ধরিতে গেলে, এটী বিভিন্নপ্রকৃতিক বিষয়ের সমষ্টি, দ্বিতীয় এই যে ইহার কোন২ অংশ প্রয়োজনীয় কি হিতকর নহে, ইহার উদাহরণ, কেহ২ বলেন যে যদিও পাণ্ডুলিপির অধিকাংশ স্থানেই জীবিত কালে পক্ষদের কার্য্য দ্বারা সম্পত্তি হস্তান্তর করিবার কথা আছে, ৮২ ও ৮৩ ধারায় উইলের নিয়ম ও ১২৯ ধারায় মৃত ব্যক্তির উত্তরাধিকারের সম্বন্ধে বিধান করা হইয়াছে। আবার কেহ২ বলেন যে যে অধ্যায় সীমাবদ্ধ স্বার্থের স্বামিদের স্বত্ব ও দায় সম্বন্ধে ও অনেক ব্যক্তির ভোগকৃত সম্পত্তি সম্বন্ধে লিখিত হইয়াছে, সেই সেই অধ্যায় সম্পত্তি হস্তান্তর করা বিষয়ক না হইয়া ভোগ বিষয়ক হইয়াছে। ইহাও কেহ২ বলেন যে কনবেয়ান্সরেরা যে অর্থে সম্পত্তিনিরূপণ শব্দের ব্যবহার করেন সেই অর্থানুযায়ী সম্পত্তিনিরূপণ ভারতবর্ষে প্রায়ই ঘটে না, যাহাকে ক্ষমতা বলে তাহা প্রায়ই অজ্ঞাত, এবং এসকল বিষয় যে যে অধ্যায়ে বিবৃত হইয়াছে সেই সেই অধ্যায় নিশ্চয়ই প্রয়োজনীয় নহে এবং হিতকর বলা যায় কি না সন্দেহ। আমরা এসকল আপত্তির বল বুঝি বস্তুতঃ সর্ব্বদাই বুঝিয়াছি। কিন্তু প্রথম পাণ্ডুলিপির যে দোষ গুণ থাকুক না কেন, আমরা তাহার জন্য দায়ী ছিলাম না। এই সকল আপত্তির বিষয় ও রজিষ্টরী করণ ও ন্যাস প্রভৃতি অন্যান্য যে২ বিষয় পাণ্ডুলিপির মুখ্য উদ্দেশ্য হইতে আরও দূরবর্ত্তী তৎসমুদয় ভূতপূর্ব্ব ভারতবর্ষীয় ল কমিশ্যনের প্রস্তুত পাণ্ডুলিপিতে ছিল। তন্মূলক একটী আইনের পাণ্ডুলিপি ব্যবস্থাপক সভায় উপস্থিত করিবার আদেশ দিয়া ১৮৭০ সালে তাৎকালিক ভারতবর্ষীয় ষ্টেট সেক্রেটরি সাহেব ঐ পাণ্ডুলিপি পাঠাইয়া দেন। উক্ত শ্রীযুত সার এ, হবহাউস সাহেব সংশোধন করেন এবং ১৮৭৭ সালের জানুয়ারি মাসে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বিলাতে প্রেরণ করেন। আইনের পাণ্ডুলিপি উপস্থিত করিয়া তাহা সিলেক্টকমিটীর হস্তে অর্পিত হইবার প্রায় ছয়মাস পূর্ব্বে এই ঘটনা সংঘটিত হয়। ল কমিশ্যন ও শ্রীযুক্ত সার, এ, হবহাউস সাহেব অতিশয় শ্রদ্ধাভাজন বলিয়াই আমরা একালপর্য্যন্ত উক্ত পাণ্ডুলিপি লইয়া অবাধে কার্য্য করিতে পরাঙ্মুখ ছিলাম। স্থানীয় গবর্ণমেণ্টের মত ও স্থানীয় অভিজ্ঞতার ফল সংগৃহীত হইবার পূর্ব্বে যদি আমরা পাণ্ডুলিপি পরিবর্ত্তন করিতাম, পাণ্ডুলিপি যে আকারে উপস্থিত হয় তজ্জন্য যে সকল দক্ষ ও বিদ্বান্ ব্যক্তিগণ দায়ী তাঁহাদের নিকটে আমাদের আপন২ মত উত্থাপন করিতে হইত, কিন্তু এক্ষণে উক্ত মতও ফল পাইয়া, আমরা দেখিতেছি যে ঐ পাণ্ডুলিপি লইয়া কার্য্য করিতে হইলে, তাহা পক্ষদের কার্য্যদ্বারা অর্থাৎ চুক্তি বা দান দ্বারা সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ে আবদ্ধ রাখিতে হইবে।

৩। এই নিমিত্ত আমরা ৭ অবধি ১২ অধ্যায় পর্য্যন্ত উঠাইয়া দিয়াছি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

4 We cannot maintain that they are in accordance with one of the cannons laid down in our last report,—namely, that no additions should be made to the existing law "which are not either necessary or clearly expedient" The chapters dealing respectively with settlements, the rights and liabilities of owners of limited interests, and property held by several persons, are, moreover, very incomplete, and, as Natives are excluded from chapter IX, it would apply to a very limited class of persons Chapter XI (of Powers) would also be of little use We believe that among Natives powers are almost unknown So far as we are aware the only reported cases, in which anything like a power was given by a Native are in 2 Calc 474, and N W P (1869) Part II p 6, in each of which cases a Hindu bequeathed land to his wife and expressly empowered her to alienate it, and in 5 Beng 131, where a Hindu testator empowered his sister to appoint a trustee of religious endowment Moreover, powers may be created by will, and are, as often as not, exerciseable by will The subject therefore does not properly fall within a measure treating of the *transfer* of property, that is, as laywers generally understand the expression,—the conveyance of property from one living person to another

5 As the Bill is, so far as it deals with immoveable property and debts, only a partial measure, we have made the preamble run thus —"Whereas it is expedient to define and amend certain parts of the law relating to the transfer of property by act of parties." Compare the preamble to the Indian Contract Act, IX of 1872

CHAPTER I —*Preliminary*

6 In section 2 we have expressly saved all transfers by operation of law (*e g*, in case of insolvency, forfeiture, sale in execution of a decree), with which the Bill is not intended to deal

7 In section 3 we have omitted, as unnecessary, the definitions of "grantor," "grantee," and "grant," and, for the last paragraph, we have said,—"Chapters III, IV, V and VI of this Act shall be taken as part of the Indian Contract Act, 1872"

CHAPTER II —*Of Assurances of Immoveable Property*

8 This chapter should, we think be entitled "Of Transfers of Immoveable Property," as it relates to all transfers of such property, whether or not an assurance is employed We have omitted section 5 and the schedule to which it relates they do not fitly form part of a Bill dealing with substantive law Moreover, English experience shows that statutory forms of conveyances are rarely used, and they are dangerous, as tempting unskilled persons to try and be their own conveyancers

9 Section 6 applies to transfers of immoveable property made by assurance, but it obviously ought to apply also to oral transfers of such property We have therefore redrawn it

10 In section 7, we have provided for the case of a Sebait, which has twice come before the Judicial Committee (*See* 14 Beng 450, and I L R 2 Calc 341)

11 As rents and profits of land are 'immoveable property,' we have, after this section, inserted section I of Act XI of 1855

"No person shall be chargeable with any rents or profits of any immoveable property which he has in good faith paid or delivered to any person of whom he in good faith held the same, notwithstanding it may afterwards appear that the person to whom such payment for delivery was made had no right to receive such rents or profits"

This section now applies only to cases to which the English law is applicable, but there seems no reason why so equitable and useful a rule should not be extended to every one in India

12 Section 8 of Bill No III applies not only to cases where land has passed *inter vivos* by act of parties, but also to cases in which it has been transferred by operation of law It therefore seems beyond the scope of the Bill

13 The Bill is silent as to the doctrine of *lis pendens*, which has in about a dozen reported cases been applied to Native purchasers and mortgagees (*see* 11 Bom 24, 29, 30, 139, 8 Beng 474, 1 O'Kin 303, 309, 10 W R 469; Sev. 608, 951) We have inserted the following —

"10 During the active prosecution in any Court having authority in British India or established beyond the limits of British India by the Governor-General in Council, of a suit in which the right to any immoveable property is directly and specifically in question, the property cannot be transferred by any party to the suit so as to affect the rights of any other party thereto under any decree or order made therein."

[*Government Gazette*, 15*th April* 1879]

14 Section 9 of Bill No III (as to the effect of payment by one person, of consideration for which a transfer is made to another) properly belongs to the Trusts Bill, and should, we think, be omitted from the present measure

CHAPTER III —*Sales of Immoveable Property*

15 In accordance with a suggestion or Mr Justice Cunningham we have prefixed to this chapter a section founded on section 78 of the Contract Act; but we do not think with him that the section should provide for part delivery, an expression which, in the sense in which it is used in the Contract Act, section 92, would be inappropriate as applied to land, nor do we consider that, in stating the time at which delivery takes place, the effect of executing and delivering the assurance should be ignored

The section referred to is as follows —

Sale how effected

"Sale of immoveable property is effected by offer and acceptance of certain immoveable property for a price, or of a price for certain immoveable property

"together with payment of the price and delivery of the property, or with tender, part-payment or earnest, or with an agreement, express or implied, that the payment, or delivery, or both, shall be postponed

"Where there is a contract for the sales of immoveable property, the ownership of the property passes to the buyer when the whole or part of the price, or when the earnest, is paid, or when the property is delivered

"If the parties agree, expressly or by implication, that the payment, or delivery, or both, shall be postponed, the ownership passes as soon as the proposal for sale is accepted

"Delivery of immoveoble property takes place—

"(*a*) if the transfer is made by assurance—when the assurance is executed and delivered by the seller, and (if its registration is required by law) registered

"(*b*) if the transfer is not made by assurance, in the case of a reversion or other intangible thing—when the parties consent to its delivery, and in the case of other immoveable property—when the buyer becomes capable of exercising physical control over it and determines to exercise such control on his own behalf or on behalf of the person whom he represents"

This will have the effect of settling a moot point of Hindu law,—namely, whether change of possession is necessary to complete a sale of land, whether, in other words, the vendor must at the time of sale, be in possession of the property sold I L R 1 Calc 302 I L R 1 Bom 502 N W P 1871, p 2, *contra* 7 Bom A C J 4 10 Bom 491) This question is answered in the negative by the Calcutta High Court and Mr J D Mayne, a considerable authority on Hindu law

16 We have omitted clauses (*d*) and (*i*) and of section 11 (now 12) The former is, as Mr Jacob points out, provided for by the Contract Act, section 39, the latter by section 10 of the same Act On the other hand, we have restored clauses (*c*) and (*f*) of Bill No I, modified as follows —

"Till the ownership of the property passes to the buyer, the seller is entitled to the rents and profits thereof

"When the ownership of the property has passed to the buyer, he must bear any loss arising from the destruction, injury or deterioration of the property not caused by the seller, and he is entitled to the benefit of any improvement in, or increase in value of, the property and to the rents and profits thereof"

The latter clause corresponds with the provision of the Contract Act, section 86, as to goods

17 We have recast and abridged section 10 (now 13) as follows —

Disclosures required from seller and buyer

"The following omissions are fraudulent —

"(*a*) and omission of the seller of immoveable property to disclose to the buyer any defect therein of which the seller is, and the buyer is not, aware, and which the buyer could not with ordinary care discover

"(*b*) an omission of the buyer of immoveable property to disclose to the seller any fact as to the nature or extent of the seller's interest therein, of which the buyer is, and the seller is not, aware, and which increases the value of such interest."

[*Government Gazette*, 15*th April* 1879]

১৪। ৩ নং পাণ্ডুলিপির (এক ব্যক্তির মূল্য দানে অন্য ব্যক্তিকে সম্পত্তি দেওয়া গেলে তাহার ফলবিষয়ক) ৯ ধারা প্রকৃতপক্ষে ন্যাসবিষয়ক পাণ্ডুলিপির অন্তর্গত এবং আমাদের বিবেচনায় বর্ত্তমান পাণ্ডুলিপিহইতে উঠাইয়া দেওয়া উচিত।

তৃতীয় অধ্যায়। স্থাবর সম্পত্তির বিক্রয়বিষয়ক বিধি।

১৫। আমরা জষ্টিস কনিংহাম সাহেবের পরামর্শানুসারে এই অধ্যায়ের প্রথমে চুক্তিবিষয়ক আইনের ৭৮ ধারা মূলক একটী ধারা দিয়াছি। কিন্তু উক্ত ধারায় আংশিক সমর্পণের বিধান করিতে হইবে, আমরা তাঁহার এই মতের অনুমোদন করিতে পারি না, কারণ আংশিক সমর্পণ শব্দ যে অর্থে চুক্তি বিষয়ক আইনের ৯২ ধারায় ব্যবহৃত হইয়াছে সে অর্থে ভূমির প্রতি প্রয়োগ করা যায় না এবং যে সময়ে সমর্পণ ঘটে তাহার নির্দ্দেশ সময়ে নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করিবার ফলের প্রতি দৃষ্টি রাখিতে হইবে না, ইহাও আমাদের বিবেচনা হয় না।

উল্লিখিত ধারাটী এই রূপ।

"মূল্য দিয়া নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির কিম্বা নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি দিয়া মূল্য লইবার প্রস্তাব গ্রাহ্য হইলে ও তৎসঙ্গে উক্ত সম্পত্তির মূল্য দান ও সমর্পণ হইলে অথবা টাকা দিবার প্রস্তাব হইলে কি কিছু টাকা কি বায়না দেওয়া গেলে, কিম্বা টাকা দান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার হইলে, স্থাবর সম্পত্তির বিক্রয় সমাধা হয়।

"যে স্থলে স্থাবর সম্পত্তি বিক্রয়ের চুক্তি হয় সমুদয় মূল্য বা তাহার কিয়দংশ কিম্বা বায়না দিলে অথবা সম্পত্তি সমর্পিত হইলে সম্পত্তির স্বামিত্ব ক্রেতাতে বর্ত্তে।

"যদি পক্ষেরা স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার করেন যে টাকা প্রদান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে তাহা হইলে বিক্রয়ের প্রস্তাব গ্রাহ্য হইবামাত্র স্বামিত্ব পরিবর্ত্তন ঘটে।

"এই২ রূপে স্থাবর সম্পত্তির সমর্পণ হয়,

(ক) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ হইলে বিক্রেতা যখন নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করেন ও আইনক্রমে রেজিষ্টরী করণ আবশ্যক হইলে, রেজিষ্টরী করেন।

(খ) নিবন্ধপত্রদ্বারা হস্তান্তরীকরণ না হইলে ভাবি উত্তরাধিকার ও অন্য অতীন্দ্রিয় স্বত্বের সম্বন্ধে যখন পক্ষের সমর্পণ করিতে সম্মত হন, এবং অন্য স্থাবর সম্পত্তি সম্বন্ধে, যখন ক্রেতা তদুপরি কায়িক কর্ত্তৃত্ব করিতে পারেন এবং আপনার পক্ষে কি তিনি যাহার স্থলাভিষিক্ত তৎপক্ষে উক্তরূপ কর্ত্তৃত্ব করিতে সংকল্প করেন।"

এতদ্দ্বারা হিন্দু ব্যবস্থার একটী বিবাদ স্থলের মীমাংসা হইবে, সেই বিবাদ স্থলটী এই, ভূমির বিক্রয় কার্য্য সমাধা করিবার নিমিত্ত অধিকার পরিবর্ত্তন আবশ্যক কি না, অর্থাৎ বিক্রয় কালে বিক্রীত সম্পত্তি বিক্রেতার অধিকারে থাকা আবশ্যক কি না [ই, লা, রি, কলিকাতা ৩০২ পৃঃ, ই, লা, রি, ১ বোম্বাই ৫০২ উ প প্র ১৮৭১, ২ পৃ বিরুদ্ধভাবের ৭ বোম্বাই এ, সি জে, ৪ পৃ, ১০ বোম্বাই, ৪৯১ পৃ।] কলিকাতার হাই কোর্ট ও হিন্দু ব্যবস্থা বিষয়ে বহুমাননীয় শ্রীযুত জে, ডি, মেন সাহেব এই প্রশ্নের উত্তরে বলেন "না।"

১৬। আমরা ১১ [এক্ষণকার ১২] ধারার [ঘ] ও [ঝ] প্রকরণ উঠাইয়া দিয়াছি। শ্রীযুত জেকব সাহেব দেখাইয়া দিয়াছেন যে চুক্তি বিষয়ক আইনের ৩৯ ধারায় প্রথমটীর বিধান আছে, এবং ঐ আইনের ১০ ধারায় দ্বিতীয়টীর বিধান আছে। অন্য দিকে, আমরা ১ নং পাণ্ডুলিপির (গ) ও (চ) প্রকরণ নিম্নলিখিত পরিবর্ত্তিতাকারে পুনর্ব্বার সন্নিবিষ্ট করিয়াছি।—

"যাবৎ সম্পত্তির স্বামিত্ব ক্রেতার প্রতি না বর্ত্তে, বিক্রেতা তাহার খাজানা ও উপস্বত্বের অধিকারী থাকিবেন।"

"ক্রেতার প্রতি সম্পত্তির স্বামিত্ব বর্ত্তিলে উক্ত সম্পত্তির নাশ, হানি বা মূল্য হ্রাস নিবন্ধন যে ক্ষতি হয় তাহা বিক্রেতার কৃত না হইলে ক্রেতা বহন করিবেন, এবং ক্রেতা উক্ত সম্পত্তির উন্নতি সাধন কি মূল্যবৃদ্ধির লাভ ও তদুৎপন্ন খাজানা ও উপস্বত্ব পাইবার অধিকারী হইবেন।"

শেষ প্রকরণটী চুক্তি বিষয়ক আইনের ৮৬ ধারার মাল সম্পর্কীয় বিধানের তুল্য।

১৭। আমরা ১০। এক্ষণে ১৩) ধারা নূতন ও সংক্ষিপ্ত আকারে এই রূপ করিয়াছি।—

পশ্চাল্লিখিত ত্রুটি প্রতারণামূলক জ্ঞান করা যাইবে,

(ক) বিক্রেতার জ্ঞাত ও ক্রেতার অজ্ঞাত যে দোষ ক্রেতা সামান্য সতর্কতা দ্বারা জানিতে পারিতেন না ক্রেতার নিকটে স্থাবর সম্পত্তি বিক্রেতার তৎসম্পত্তির সেই দোষ প্রকাশ করিতে ত্রুটি।

(খ) ক্রেতার জ্ঞাত ও বিক্রেতার অজ্ঞাত বিক্রেতার স্বার্থের প্রকৃতি ও পরিমাণসূচক যে বৃত্তান্তদ্বারা উক্ত স্বার্থের মূল্যবৃদ্ধি হয় বিক্রেতার নিকট স্থাবর সম্পত্তি ক্রেতার সেই বৃত্তান্ত প্রকাশ করিতে ত্রুটি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৫ আপ্রিল।]

This will attract section 17, clause (5), of the Contract Act which declares that "fraud" includes "any such omission as the law specially declares to be fraudulent"

18 As the Bill is now strictly limited to transfers by act of parties, we have omitted section 13, as to the procedure where the buyer becomes insolvent before completion For the same reason we have also omitted section 73, as to the procedure where, during the continuance of a lease, the lessee becomes insolvent.

19 Section 17 (now 18), as to join purchases We have added, as Mr Field suggests: "In the absence of evidence as to the shares so advanced, such persons shall presumed to be equally interested in the property"

CHAPTER IV — *Of Exchanges*

20 As this chapter deals with moveable as well as immoveable property, we have placed it after the chapter on leases, and we have omitted the first paragraph of section 22 as the matter seems sufficiently provided for by Act IX of 1872, sections 64, 65, and Act I of 1867 sections 35,37.

CHAPTER V.—*Of Mortgages of Immoveable Property*

21 *Section* 27—We fear that the abolition of equitable mortgages here proposed by the Law Commissioners would inconvenience the mercantile community We have thought it better to say that a mortgage by deposit of title-deeds shall be deemed to create a charge on the property comprised therein, and to insert the necessary clause in section 68 (now 63).

22 We have provided, in accordance with a suggestion of Mr Field, that in the case of an usufructuary mortgage, the mortgagor may recover possession of the property (1) where the mortgagee is authorized to pay himself from the rents and profits of the property the principal and interest of the mortgage-money—when such principal and interest are so paid, (2) where the mortgagee is authorized to pay himself from such rents and profits the interest of the mortgage-money—when the term (if any) of the mortgage expires and the mortgagor pays or tenders to the mortgagee, or deposits in such Court as last aforesaid, the principal of the mortgage-money"

23 Section 29 (now 24) —We have here declared the duty of a mortgagor to take all legal means to protect his rights in the mortgaged property (Macph 112)

24 Section 31 (now 27) —This provided only for voluntary waste We have now provided that the mortgagor is not liable for permissive waste

25 Section 42 (now 39), clause (*c*) —We have added, in order to meet the case of patni tenures and saleable under-tenures, "and any arrears of rent in default of payment of which the property may be summarily sold"

We have provided that a mortgagee in possession ought to do such repairs as he can pay for out of the rents received after his interest is paid (*see* 9 W R, 488)

We have omitted clause (*e*) The right which it gives is, as Mr Field says, part of the mortgagee's right to take possession, which, as a general rule, finds no place in the Bill

Where sufficient tender is made, the mortgagee in possession is thenceforth accountable for all his receipts from the mortgaged property (9 N -W P 1 Macph 159—160) We have provided for this

26 Section 60 (now 57) —When a mortgagor obtains a decree in a redemption suit and fails to pay the amount due, we think the mortgagee should be entitled either to a foreclosure or a sale We have altered this section accordingly.

27 Section 61 (now 58) —We have omitted the second paragraph and the schedule to which it refers. It is hardly the function of a Bill codifying substantive law to give forms of decrees They should, if necessary, be added to schedule IV of the Code of Civil Procedure

CHAPTER VI —*Of Leases*

28 Section 70 (now 66) —We have substituted a section analogous to that above proposed as a substitute for section 10

29 Section 71 (now 65) We have struck out clauses (*c*) and (*g*). The former is superfluous, the latter is provided for by the Contract Act, sections 64 and 73

Clause (*l*) now (*j*).—With reference to Couch, C. J.'s, decision in *Koegler* v. *Fale*, 5 Beng

এতদ্দ্বারা চুক্তি বিষয়ক আইনের ১৭ ধারার (৫) প্রকরণের প্রতি আকর্ষণ হইবে, ঐ প্রকরণে নির্দ্দেশ আছে যে "যে কাম ত্রুটি আইনে বিশেষ করিয়া প্রতারণাজনক বলিয়া নির্দ্দেশ আছে" "প্রতারণা" শব্দে তাহাও বুঝাইবে।

১৮। পাণ্ডুলিপি এক্ষণে পক্ষদের কার্য্য দ্বারা হস্তান্তর করণ বিষয়ে দৃঢ়রূপে আবদ্ধ হওয়ায়, ক্রেতা ক্রয় সম্পূর্ণ করিবার পূর্ব্বে বেত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ১৩ ধারা উঠাইয়া দিয়াছি। আর সেই কারণেই আমরা পাট্টাদার পাট্টার মিয়াদ থাকিতে বেত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ৭৩ ধারা উঠাইয়া দিয়াছি।

১৯। একত্র ক্রয় সম্বন্ধীয় ১৭ (এক্ষণে ১৮) ধারায় আমরা শ্রীযুত কীল্ড সাহেবের পরামর্শানুসারে এই কথাগুলি যোগ করিয়াছি।—

"টাকার কে কি অংশ দিয়াছেন ইহার প্রমাণ না থাকিলে সম্পত্তিতে সকলের সমান স্বার্থ আছে বলিয়া অনুমান হইবে।"

চতুর্থ অধ্যায়।—বিনিময় বিষয়ক বিধি।

২০। এই অধ্যায়ে অস্থাবর স্থাবর দুই প্রকার সম্পত্তির কথা থাকায়, আমরা এটি পাট্টাবিষয়ক অধ্যায়ের পরে বিন্যস্ত করিয়াছি, এবং ২২ ধারার প্রথম পরিচ্ছেদটী উঠাইয়া দিয়াছি কারণ ১৮৭২ সালের ৯ আইনের ৬৪ ও ৭৫ ধারায়, ও ১৮৬৭ সালের ১ আইনের ২৫ ও ৩৭ ধারায় এতদ্বিষয়ের যথাযোগ্য বিধান আছে বোধ হয়।

পঞ্চম অধ্যায়। স্থাবর সম্পত্তির বন্ধক বিষয়ক বিধি।

২১। ২৭ ধারা।—আমাদের আশঙ্কা হয় যে এতদ্দ্বিষয়ক সম্পর্কীয় বন্ধক উঠাইয়া দিবার নিমিত্ত এক্ষণে লা কমিশনের সাহেবেরা যে প্রস্তাব করিয়াছেন তাহাতে বণিক সমাজের অসুবিধা হইবে। অধিকারপত্র গচ্ছিত করিয়া বন্ধক দিলে এতৎক্রান্ত সম্পত্তির উপর দায় বর্ত্তান হইল বলিয়া জ্ঞান করা যাইবে, আমরা এইরূপ বলা উৎকৃষ্টতর বিবেচনা করিয়াছি এবং ৬৮ (এক্ষণে ৬৩) ধারায় আবশ্যক প্রকরণ দিয়াছি।

২২। আমরা শ্রীযুত কীল্ড সাহেবের পরামর্শানুসারে বিধান করিয়াছি যে উপস্বত্ব ভোগসহিত বন্ধক হইলে (১) যে স্থলে সম্পত্তির খাজানা ও উপস্বত্ব হইতে বন্ধকী ঋণ সুদসমেত পরিশোধ করিয়া লইবার ক্ষমতা বন্ধকগ্রহীতাকে দেওয়া গিয়াছে সেই স্থলে ঐ ঋণ সুদসমেত পরিশোধ করা গেলে, ও (২) যে স্থলে বন্ধকগ্রহীতাকে উক্ত খাজানা ও উপস্বত্ব হইতে কেবল বন্ধকী ঋণের সুদ লইবার ক্ষমতা দেওয়া গিয়াছে সে স্থলে কোন মিয়াদ থাকিলে সেই মিয়াদ গত হইলে, ও বন্ধকদাতা বন্ধকের টাকা বন্ধকগ্রহীতাকে দিলে কি দিতে চাহিলে কিম্বা পূর্ব্বোক্তরূপে আদালতে আমানত করিলে, বন্ধকদাতা সম্পত্তির অধিকার পুনঃ প্রাপ্ত হইতে পারিবেন।

২৩। ২৯ (এক্ষণে ২৪) ধারা।—আমরা এই স্থলে নির্দ্দেশ করিয়াছি যে বন্ধকী সম্পত্তিতে স্বীয় স্বত্ব রক্ষণার্থে বন্ধকদাতার সমুদয় আইনমত উপায় অবলম্বন করা কর্ত্তব্য (ম্যাকফার্সন ১১২)।

and ordering that, upon the defendant paying to the plaintiff or into court the amount so due, on a day within six months from the date of declaring in court the amount so due, to be fixed by the court, the plaintiff shall deliver up to the defendant, or to such person as he appoints, all documents in his possession or power relating to the mortgaged property, and shall transfer the mortgaged property to the defendant free from all incumbrances created by the plaintiff or any person claiming under him, or, where the plaintiff claims by derived title, by those under whom he claims, and shall, if necessary, put the defendant into possession of the mortgaged property, but

that, if such payment is not made on or before such day, the defendant shall be absolutely foreclosed of all right to redeem such property

Procedure in case of payment of amount due and subsequent costs

51. If payment is so made of such amount and of such subsequent costs as are mentioned in section fifty-nine, the defendant shall (if necessary) be put into possession of the mortgaged property

Order absolute for foreclosure.

If such payment is not so made, the plaintiff may apply to the court for an order absolute for the foreclosure of the said mortgage, and the court shall then pass an order absolute that the defendant be foreclosed of all right to redeem the mortgaged property, and may, if necessary, deliver possession of the property to the plaintiff, and thereupon the defendant's right to redeem and the security shall both be extinguished,

Power to enlarge time.

Provided that the court may, upon good cause shewn, from time to time postpone the day appointed for such payment.

In the Code of Civil Procedure, schedule IV, No 129, for the words "Final Decree," the words "Order absolute" shall be substituted

Decree for sale.

52 In a suit for a sale under this chapter, if the plaintiff succeed, the court shall, and in any other

বলিয়া বাদির যত টাকা প্রাপ্য হয় ইহার হিসাব লওয়া যায় কিম্বা ঐ ডিক্রীর তারিখে যত টাকা প্রাপ্য হয় তাহা নির্দ্দেশ করিয়া জানাইবেন। ও

সেই টাকা প্রাপ্য বলিয়া যে তারিখে আদালতে নির্দ্দেশ করা যায় সেই তারিখ অবধি আদালত ছয় মাসের মধ্যে যে দিন নির্দ্ধার্য্য করেন প্রতিবাদী সেই দিনে বাদিকে কিম্বা আদালতে সেই প্রাপ্য টাকা দিলে, ঐ বন্ধকী সম্পত্তি সম্পর্কীয় যে সকল দলীল বাদির নিকট বা অধিকারে থাকে তিনি প্রতিবাদিকে কিম্বা তাহার নিযুক্ত ব্যক্তিকে সেই২ দলীল দিবেন ও বাদী কিম্বা তাঁহারা অধীন দাওয়া দার কোন ব্যক্তি, কিম্বা বাদী অন্যহইতে স্বত্ব প্রাপ্ত হইয়া দাওয়া রাখিলে, তিনি যাঁহাদের অধীনে দাওয়ারাখেন তাঁহারা যে সকল দায় সৃষ্টি করেন তাহা ব্যতীত প্রতিবাদিকে ঐ সম্পত্তি দিবেন, ও আবশ্যক হইলে প্রতিবাদিকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইবেন।

কিন্তু সেই দিনে কি তৎপূর্ব্বে ঐ টাকা না দেওয়া গেলে সেই সম্পত্তি উদ্ধার করিতে প্রতিবাদির সকল স্বত্ব একেবারে রহিত করা যাইবে।

ঐ প্রাপ্য টাকা ও তৎপশ্চাৎ খরচা দেওয়া গেলে পর কার্য্যপ্রণালীর কথা।

৫১ ধারা। যদি উক্ত টাকা ও ৫৯ ধারারউল্লিখিতমতে তৎপশ্চাতের খরচা দেওয়া যায়, তবে আবশ্যক হইলে প্রতি বাদিকে ঐ বন্ধকী সম্পত্তির অধিকার দেওয়ান যাইবে।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করণের চূড়ান্ত আজ্ঞার কথা।

টাকা উক্ত প্রকারে না দেওয়া গেলে, বাদী আদালতের নিকট উক্ত বন্ধকউদ্ধার করণের স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে আদালত প্রতিবাদির ঐ বন্ধকী সম্পত্তি উদ্ধার করণের সকল স্বত্ব রহিত হইবার চূড়ান্ত আজ্ঞা করিতে পারিবেন, ও আবশ্যক হইলে বাদিকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইতে পারিবেন। তাহা হইলে প্রতিবাদির ঐ সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব ও তাঁহার প্রতিভূ উভয়ই লুপ্ত হইবে।

মিয়াদ বাড়াইয়া দিবার ক্ষমতার কথা।

পরন্তু বিশিষ্ট কারণ দর্শান গেলে আদালত সময়ে২ ঐ টাকা দিবার মিয়াদ বাড়াইয়া দিতে পারিবেন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের চতুর্থ তফসীলের ১২৯ নং পাঠে শেষ ডিক্রী" এই শব্দের পরিবর্ত্তে "চূড়ান্ত আজ্ঞা" এইশব্দ পাঠ করিতে হইবে।

বিক্রয় করিবার ডিক্রীকথা।

৫২ ধারা। এই অধ্যায়মতে বিক্রয় করণার্থ মোকদ্দমা হইলে যদি বাদী জয়ী হন আদালত ৫০ ধারার প্রথম ও দ্বিতীয় প্রকরণের বিধান-

suit by the mortgagee under this chapter, if the plaintiff succeed, the court may, at his instance, pass a decree ordering as provided in the first and second paragraphs of section fifty, and also ordering that, in default of the defendant making payment as therein mentioned, the mortgaged property or a sufficient part thereof be sold, and that the proceeds of the sale (after defraying thereout the expenses of the sale) be paid into court and applied in payment of what is so found due to the plaintiff, and that the balance, if any, be paid to the defendant or other persons entitled to receive the same.

Power to decree sale at instance of mortgagee

When the mortgagee sues only for a foreclosure, if the court considers that he will not be damnified by such sale and if the defendant furnishes such security, if any, as the court thinks sufficient for the payment of the balance due for the time being by him on the mortgage, the court may, at the instance of the defendant, pass a like decree

Power to decree sale in foreclosure-suit at instance of mortgagor

Any decree under this section may also direct the defendant to pay any balance remaining due to the plaintiff upon the mortgage after the proceeds of sale have been dealt with as above provided

53 If in any case under section fifty-two, the defendant makes payment as mentioned in section fifty-one, he shall (if necessary) be put in possession of the mortgaged property but if such payment is not so made, the plaintiff or the defendant, as the case may be, may apply to the court for an order absolute for sale of the mortgaged property, and the court shall then pass an order that such property, or a sufficient part thereof, be sold, and that the proceeds of the sale be dealt with as is mentioned in section fifty-two, and thereupon the defendant's right to redeem and the security shall both be extinguished

Procedure when defendant pays amount due and subsequent cost

Order absolute for sale

54. When the nett proceeds of any such sale are insufficient to pay the amount due for the time being on the mortgage, the balance, if payable according to the contract between the parties by the defendant otherwise than out of the property sold, may be recovered either (if the court thinks fit) in the same suit in the same manner as under a decree for money, or by any other legal process open to the mortgagee

Recovery of balance due on mortgage

মতে আজ্ঞাসূচক ডিক্রী করিবেন ও প্রতিবাদী ঐ প্রকরণের লিখিতমতে টাকা না দিলে, বন্ধকী সম্পত্তি কি তাহার যথোচিত অংশ যেন বিক্রয় করা যায় ও বিক্রয়ের খরচ বাদে ঐ নীলামের উৎপন্ন টাকা আদালতে দেওয়া যায় ও উক্ত প্রকারে বাদির যত টাকা পাওনা বলিয়া দৃষ্ট হয় তাহাহইতে সেই টাকা যেন দেওয়া যায় ও উদ্বৃত্ত থাকিলে যেন প্রতিবাদিকে কিম্বা ঐ টাকা লইবার স্বত্ববান অন্য ব্যক্তিকে দেওয়া যায় আদালত এই আজ্ঞা করিবেন। ও বন্ধক গ্রহীতা এই অধ্যায়মতে অন্য কোন মোকদ্দমা উপস্থিত করিলেও বাদী জয়ী হইলে আদালত তাঁহার প্রার্থনামতে উক্ত প্রকারের ডিক্রী করিতে পারিবেন।

বন্ধকগ্রহীতার অনুরোধে বিক্রয়ের আজ্ঞা করণের কথা।

যদি বন্ধকগ্রহীতা কেবল সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব রহিত করণের প্রার্থনা করেন, তবে বিক্রয় হইলেও বন্ধক গ্রহীতার হানি হইবে না আদালতের এমত বিবেচনা হইলে এবং বন্ধক ক্রমে বন্ধকদাতার তৎকালে যত বাকী দেনা থাকে আদালত তাহার প্রতিভূ চাহিলে প্রতিবাদী আদালতের বিবেচনামতে উপযুক্ত প্রতিভূ দিলে, আদালত প্রতিবাদির অনুরোধে উক্ত প্রকারে ডিক্রী করিতে পারিবেন।

বন্ধকদাতার অনুরোধে উদ্ধারস্বত্বরহিত করণার্থ মোকদ্দমায় বিক্রয়ার্থ ডিক্রী করিবার ক্ষমতার কথা।

এই ধারামতে ডিক্রীর মধ্যে প্রতিবাদির প্রতি এই আজ্ঞাও থাকিতে পারিবে যে, নীলামের উৎপন্ন টাকা লইয়া পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য হইলে পর বন্ধকের বাবৎ বাদির কিছু বাকী পাওনা থাকিলে, প্রতিবাদী তাহা দেন।

৫৩ ধারা। ৫২ ধারামত কোন মোকদ্দমায় প্রতিবাদী ৫১ ধারার উল্লিখিত টাকা দিলে পর, আবশ্যক হইলে তাঁহাকে বন্ধকী সম্পত্তির অধিকার দেওয়ান যাইতে পারিবে। কিন্তু টাকা উক্ত প্রকারে দেওয়া না গেলে বাদী কিম্বা স্থলবিশেষে প্রতিবাদী ঐ বন্ধকী সম্পত্তি বিক্রয় হইবার চূড়ান্ত আজ্ঞা আদালতে প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে আদালত ঐ সম্পত্তি কি তাহার যথোচিত অংশ বিক্রয় হইবার ও বিক্রয়োৎপন্ন টাকা লইয়া ৫২ ধারার উল্লিখিতমতে কার্য্য হইবার আজ্ঞা করিবেন। তাহা করিলে প্রতিবাদির ঐ সম্পত্তি উদ্ধার করিবার স্বত্ব ও প্রতিভূ উভয়ই লুপ্ত হইবে।

প্রতিবাদী সেই প্রাপ্য টাকা ও তৎপশ্চাৎ খরচা দিলে কার্য্যপ্রণালীর কথা।

বিক্রয়ের চূড়ান্ত আজ্ঞার কথা।

৫৪ ধারা। তৎকালে বন্ধকক্রমে যত টাকা প্রাপ্য হয়, খরচ বাদে ঐ বিক্রয়োৎপন্ন টাকা হইতে যদি তাহা শোধ করিতে না কুলায় ও উভয় পক্ষের চুক্তিমতে অবশিষ্ট টাকা বিক্রীত সম্পত্তি হইতে না হইয়া প্রতিবাদির প্রকারান্তরে দিতে হয়, তবে আদালত বিহিত বোধ করিলে সেই মোকদ্দমায় টাকার ডিক্রীমতে যেরূপে হইতে পারে কিম্বা যেরূপে বন্ধক গ্রহীতা আইনমত অন্য যে কার্য্য প্রণালীমতে করিতে পারেন সেই প্রকারে কার্য্য করিলে, অবশিষ্ট টাকা আদায় করা যাইতে পারিবে।

বন্ধকক্রমে বাকী আদায়ের কথা।

Redemption

55 Besides the mortgagor, any of the following persons may institute a suit for redemption of mortgaged property —

Who may sue for redemption

(*a*) any person (other than the mortgagee) having any interest in or charge upon the property,

(*b*) any person having any interest in or charge upon the right to redeem the property,

(*c*) any surety for the payment of the mortgage debt or any part thereof;

(*d*) the guardian of the property of a minor mortgagor,

(*e*) the committee or other legal curator of a lunatic or idiot mortgagor;

(*f*) the judgment-creditor of the mortgagor, when he has obtained execution,

(*g*) a creditor of the mortgagor who has in a suit for the administration of his estate obtained a decree for sale of the mortgaged property

56. In a suit for redemption, if the plaintiff succeed, the Court shall pass a decree

Decree in redemption-suit

ordering that an account be taken of what will be due to the defendant for principal and interest on the mortgage, and for his costs of the suit, on the day next hereinafter referred to, or declaring the amount so due at the date of such decree, and

ordering that upon the plaintiff paying to the defendant or into court the amount so due on a day within six months from the date of declaring in court the amount so due to be fixed by the court, the defendant shall deliver up to the plaintiff, or to such person as he appoints all documents in his possession or power relating to the mortgaged property, and shall (if such property has been transferred to the defendant) retransfer it to the plaintiff free from the mortgage and from all incumbrances created by the defendant or any person claiming under him, or, when the defendant claims by derived title, by those under whom he claims, and shall, if necessary, put the plaintiff into possession of the mortgaged property, but

that if such payment is not made on or before such day, the plaintiff shall be absolutely foreclosed of all right to redeem such property

57. If payment is made of such amount and of such subsequent costs as are mentioned in section fifty-nine, the plaintiff shall if necessary, be put into possession of the mortgaged property

In case of redemption, possession

সম্পত্তি উদ্ধার করণ বিষয়ক বিধি।

৫৫ ধারা। বন্ধকদাতাভিন্ন নিম্নলিখিত কোন ব্যক্তি বন্ধকী সম্পত্তি উদ্ধার করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন,—

উদ্ধার করিবার মোকদ্দমা কাহার উপস্থিত করিবার ক্ষমতা থাকে তদ্বিষয়ক কথা।

(ক) বন্ধক গ্রহীতাভিন্ন অন্য যে ব্যক্তির ঐ সম্পত্তিতে কোন স্বার্থ বা তদুপরি দায় থাকে।

(খ) সম্পত্তি উদ্ধার করিবার স্বত্বে যে ব্যক্তির স্বার্থ কিম্বা সেই স্বত্বের উপর যে ব্যক্তির দায় থাকে।

(গ) বন্ধকী ঋণ কি তাহার কোন অংশ শোধ করিবার প্রতিভূ।

(ঘ) অপ্রাপ্তবয়স্ক বন্ধকদাতার সম্পত্তির অভিভাবক।

(ঙ) ক্ষিপ্তমনা কি জড় বন্ধকদাতার কমিটী কি আইনমত অন্য সম্পত্তি রক্ষক।

(চ) বন্ধকদাতার ডিক্রীমত মহাজন ডিক্রীজারীর আজ্ঞা পাইলে তিনি।

(ছ) বন্ধকদাতার মহাজন তাঁহার মহালের কার্য্য-নিরূপণার্থ মোকদ্দমায় বন্ধকী সম্পত্তি বিক্রয় করিবার ডিক্রী পাইলে তিনি।

৫৬ ধারা। বন্ধকী সম্পত্তি উদ্ধারকরণার্থ মোকদ্দমায় বাদী জিতিলে, আদালত ডিক্রী করিয়া এই মর্ম্মের আজ্ঞা করিবেন যে,

উদ্ধার করণার্থ মোকদ্দমায় ডিক্রীর কথা।

পশ্চাৎ লিখিত তারিখে বন্ধকের উপর ও মোকদ্দমার খরচার নিমিত্ত প্রতিবাদির আসল ও সুদ যত টাকা পাওনা থাকে ইহার হিসাব লওয়া যায়, কিম্বা ঐ ডিক্রীর তারিখে যত টাকা তদ্রূপে প্রাপ্য হয় ইহা নির্দ্দেশ করিবেন।

ও তদ্রূপ প্রাপ্য টাকা আদালতে নির্দ্দেশ করিবার তারিখ অবধি আদালত ছয় মাসেরমধ্যে যে দিন ধার্য্য করেন বাদী সেই দিনে প্রতিবাদিকে কিম্বা আদালতে তদ্রূপ প্রাপ্য টাকা দিলে, ঐ বন্ধকী সম্পত্তি সম্পর্কীয় যে সকল দলীল প্রতিবাদির নিকট কি তাঁহার অধিকারে থাকে তিনি বাদিকে কি তাঁহার নিযুক্ত কোন ব্যক্তিকে যেন সেই সকল দলীল দেন, ও যদি ঐ সম্পত্তি হস্তান্তর করিয়া প্রতিবাদিকে দেওয়া গিয়া থাকে তবে বন্ধক হইতে মুক্ত করিয়া ও প্রতিবাদী কি তাহার অধীন কোন দাওয়াদার, কিম্বা প্রতিবাদী অন্যের স্থানে অধিকার প্রাপ্ত হইয়া দাওয়া করিলে, তিনি যাঁহাদের অধীনে দাওয়াদার হন তাঁহারা যে সকল দায় সৃষ্টি করিয়াছেন তাহা ব্যতীত যেন পুনরায় হস্তান্তর করিয়া বাদিকে বন্ধকী সেই সম্পত্তি দেন। ও আবশ্যক হইলে বাদিকে সম্পত্তির অধিকার দেওয়াইবেন। কিন্তু

ঐ টাকা সেই দিনে কি তৎপূর্ব্বে দেওয়া না গেলে বাদির ঐ সম্পত্তি উদ্ধার করিবার সকল স্বত্ব চূড়ান্তরূপে রহিত হইবে।

৫৭ ধারা। উক্ত টাকা ও ৫৯ ধারার উল্লিখিতমতে তৎপশ্চাৎ খরচা দেওয়া গেলে পর আবশ্যক হইলে বাদিকে বন্ধকী সম্পত্তির অধিকার দেওয়া যাইবে।

উদ্ধার হইলে অধিকার করণ বিষয়ক কথা।

If such payment is not so made, the defendant may apply to the court for an order absolute either for the foreclosure of the said right to redeem, or for a sale of mortgaged property

In default, foreclosure or sale

If he apply for an order for foreclosure, the court shall pass an order absolute ordering the plaintiff to be foreclosed of all right to redeem the mortgaged property, and may, if necessary, deliver possession of the property to the defendant

If he apply for an order for sale, the court shall pass an order that such property or a sufficient part thereof be sold, and that the proceeds of the sale (after defraying thereout the expenses of the sale) be paid into court and applied in payment of what is found due to the defendant, and that the balance be paid to the plaintiff or other persons entitled to receive the same

On the passing of any order under this section the plaintiff's right to redeem and the security shall both be extinguished

Provided that the court may upon good cause shewn, from time to time, postpone the day fixed under section fifty-six for payment of the amount due

Power to enlarge time

Redemption and Foreclosure

58. When property is mortgaged for successive debts to successive mortgagees, any mesne mortgagee may institute a suit to redeem the interests of the prior mortgagees and to foreclose the rights of those that are posterior to himself and of the mortgagor

Right of mesne mortgagee to redeem and foreclose

Costs

59. In finally adjusting the amount to be paid to a mortgagee in case of a redemption or a sale by the court under this chapter, the court shall, unless the conduct of the mortgagee has been such as to disentitle him to costs, add to the mortgage money such costs of suit as have been properly incurred by him since the decree for foreclosure, redemption or sale up to the time of actual payment.

Cost of mortgagee subsequent to decree

Sale of Property subject to prior mortgage

60 If any property the sale of which is directed under this chapter is subject to a prior mortgage, the court may, with the consent of the prior mortgagee, order that the property be sold free from the same, giving to such prior mort-

Sale of property subject to prior mortgage

ঐ টাকা তদ্রূপ না দেওয়া গেলে প্রতিবাদী আদালতে ঐ বন্ধকী সম্পত্তি উদ্ধার করিবার স্বত্ব বহিত হইবার কিম্বা উক্ত বন্ধকী সম্পত্তি বিক্রীত হইবার চূড়ান্ত আজ্ঞার প্রার্থনা করিতে পারিবেন

টাকা না দিলে উদ্ধার করিবার স্বত্ব রহিত হইবার কি বিক্রয়ের কথা।

সম্পত্তি উদ্ধার করিবার স্বত্ব রহিত করিবার আজ্ঞার প্রার্থনা হইলে আদালত বাদির ঐ বন্ধকী সম্পত্তি উদ্ধার করিবার সকল স্বত্ব রহিত হইবার চূড়ান্ত আজ্ঞা করিবেন ও আবশ্যক হইলে প্রতিবাদিকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইবেন।

বিক্রয়ের আজ্ঞার প্রার্থনা হইলে, আদালত আজ্ঞা করিবেন যে উক্ত সম্পত্তি কিম্বা তাহার যথোচিত অংশ বিক্রীত হয় এবং বিক্রয়ের উৎপন্ন বিক্রয়ের খরচ বাদ দিয়া আদালতে প্রদত্ত হয় ও প্রতিবাদির পাওনা শোধ করিতে প্রযোজিত হয় এবং অবশিষ্ট যাহা থাকে তাহা বাদিকে কি তৎগ্রহণের স্বত্ববান অন্য ব্যক্তিকে দেওয়া হয়।

এই ধারাক্রমে আজ্ঞা করা গেলে, বাদির উদ্ধার করিবার স্বত্ব ও প্রতিভূ উভয়ই নির্লুপ্ত হইবে।

পরন্তু বিশিষ্ট কারণ দর্শান গেলে ৫৬ ধারাক্রমে অবধারিত প্রাপ্য টাকা দিবার তারিখ আদালত সময়েং পিছাইয়া দিতে পারিবেন।

সময় বাড়াইয়া দিবার ক্ষমতার কথা।

উদ্ধার করণ ও উদ্ধার করণের স্বত্ব রহিতহইবার বিধি।

৫৮ ধারা। ক্রমান্বয়ে এক ঋণের পর অন্য ঋণের নিমিত্ত সম্পত্তি ক্রমিক নানা বন্ধক গ্রহীতাদের নিকট বন্ধক রাখা গেলে, মধ্যবর্ত্তি কোন গ্রহীতা আপনার পূর্ব্ব বন্ধকগ্রহীতাদের স্বার্থ ক্রয় করণার্থ ও আপনার পশ্চাৎ বন্ধক গ্রহীতাদের ও বন্ধক দাতার ঐ সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব রহিত করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

মধ্যবর্ত্তি বন্ধকগ্রহীতার উদ্ধার করিবার ও উদ্ধার করণের স্বত্ব রহিত করিবার ক্ষমতার কথা।

খরচা।

৫৯ ধারা। এই অধ্যায়মতে সম্পত্তি উদ্ধার বা আদালতের দ্বারা বিক্রয় করা গেলে, বন্ধকগ্রহীতাকে যত টাকা দিতে হইবে, ইহা চূড়ান্তরূপে নিষ্পত্তি করণ সময়ে, যদি বন্ধকগ্রহীতার আচরণহেতুক তাঁহার খরচা পাইবার স্বত্ব অগ্রাহ্য না হইয়া থাকে, তবে সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব রহিত হইবার বা উদ্ধার বা বিক্রয় করণের ডিক্রীর পরে টাকা না দেওয়ার সময় পর্য্যন্ত তাঁহার মোকদ্দমার উপযুক্ত যত খরচ লাগে, আদালত বন্ধকী ঋণের সঙ্গে তাহা সংযোগ করিয়া দিবেন।

ডিক্রীর পর বন্ধকগ্রহীতার খরচার কথা।

সম্পত্তির উপর পূর্ব্ববন্ধকের দায় থাকিলে তাহা বিক্রয় করণ বিষয়ক বিধি।

৬০ ধারা। এই অধ্যায়মতে যে সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা হয়, সেই সম্পত্তির উপর যদি তৎপূর্ব্ব বন্ধকের দায় থাকে, তবে আদালত সেই পূর্ব্ব বন্ধকগ্রহীতার অনুমতি লইয়া ও বিক্রীত সম্পত্তিতে পূর্ব্ব বন্ধকগ্রহীতার যে স্বার্থ ছিল

সম্পত্তির উপর পূর্ব্ববন্ধকের দায় থাকিলে তাহা বিক্রয় করণের কথা।

gagee the same interest in the proceeds of the sale as he had in the property sold

Application of proceeds

61 Such proceeds shall be brought into court and applied as follows —

first, in payment of all expenses incident to the sale or properly incurred in any attempted sale,

secondly, if the property has been sold free from any prior mortgage, in payment of whatever is due on account of such mortgage,

thirdly, in payment of all interest due on account of the mortgage in consequence whereof the sale was directed, and of the costs of the suit in which the decree directing the sale was made,

fourthly, in payment of the principal money due on account of that mortgage, and

fifthly, the residue (if any) shall be paid to the person proving himself to be interested in the property sold, or if there be more such persons than one, then to such persons according to their respective interests or upon their joint receipt

Anomalous Mortgages

62 In the case of a mortgage not coming within any of the definitions contained in section twenty-one, the rights and liabilities of the parties shall be determined by their contract as evidenced in the mortgage deed, and, so far as such contract does not extend, by local usage Provided that, in the absence of an express contract to the contrary, the mortgaged property shall be deemed to be the only security for payment of the mortgage money

Mortgages not described in section 21

Charges

63 If by any assurance other than a mortgage-deed, or by any will, or under the provisions of this or any other Act, or by operation of law, certain immovable property of one person is made security for the payment of certain money to another, the latter person is said to have a charge on the property, and all the provisions hereinbefore applied to a mortgagor shall, so far as may be, apply to the owner of such property, and all the provisions hereinbefore applied to a mortgagee instituting a suit for the sale of the mortgaged property shall, so far as may be, apply to the person having such charge

Charges.

The delivery by a debtor to the creditor or his agent, of documents of title relating to property, with intent to create a security thereon, shall be deemed to create a charge on such property in favour of the creditor for the amount of the debt.

Effect of deposit of title-deeds

[*Government Gazette,* 15*th April* 1879]

বিক্রয়োৎপন্ন টাকাতেও তাঁহার প্রতি সেই স্বার্থ প্রদান করিয়া, পূর্ব্ব বন্ধকের দায় ব্যতীত সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

৬১ ধারা। ঐ বিক্রয়োৎপন্ন টাকা আদালতে আনা যাইবে ও এইং প্রকারে তাহার প্রয়োগ হইবে,।

বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগের কথা।

প্রথম, বিক্রয় করণের নৈমিত্তিক সকল খরচ ও বিক্রয় করণের উদ্যোগে উপযুক্ত যে খরচহয় তাহার শোধ হইবে।

দ্বিতীয়, যদি পূর্ব্ব কোন বন্ধকের দায়ব্যতীত সম্পত্তি বিক্রয় হইয়া থাকে, তবে ঐ বন্ধকক্রমে যতপ্রাপ্য থাকে তাহা শোধ করা যাইবে।

তৃতীয়, যে বন্ধকহেতু বিক্রয়ের আজ্ঞা হইল তজ্জন্যে যত সুদ প্রাপ্য থাকে ঐ সুদ, ও যে, মোকদ্দমায় বিক্রয় করণের আজ্ঞাসূচক ডিক্রী হইল সেই মোকদ্দমার খরচ শোধ হইবে।

চতুর্থ, উক্ত বন্ধকহেতুক মূল ঋণের যত টাকা প্রাপ্য হয় তাহা শোধ করা যাইবে, ও

পঞ্চম, ফাজিল থাকিলে বিক্রীত সম্পত্তিতে যে ব্যক্তি স্বীয় স্বার্থের প্রমাণ করেন তাঁহাকে দেওয়া যাইবে, কিম্বা তদ্রূপ একের অধিক ব্যক্তি থাকিলে ঐ সম্পত্তিতে তাঁহাদের প্রত্যেক জনের স্বার্থানুসারে কি তাঁহাদের সাধারণ রসীদ লইয়া তাঁহাদিগকে দেওয়া যাইবে।

বিভিন্ন প্রকৃতিক বন্ধকের বিধি।

৬২ ধারা। ২১ ধারার অন্তর্গত কোন লক্ষণের অনুযায়ী বন্ধক না হইলে বন্ধকীপত্রে যে চুক্তির প্রমাণ পাওয়া যায় সেই চুক্তিক্রমে এবং যে স্থলের প্রতি উক্ত চুক্তি বর্ত্তে না সে স্থলে দেশাচারক্রমে উভয় পক্ষের স্বত্ব ও দায় নির্দ্ধারিত হইবে, কিন্তু ভাবান্তরের স্পষ্ট চুক্তি না থাকিলে, বন্ধকী সম্পত্তিমাত্র বন্ধকী ঋণ পরিশোধের প্রতিভূস্বরূপ জ্ঞান করা যাইবে।

২১ ধারায় যে বন্ধকের বর্ণনা নাই তাহার কথা।

দায়ের বিধি।

৬৩ ধারা। বন্ধকীপত্রভিন্ন কোন নিবন্ধপত্র দ্বারা কিম্বা উইলদ্বারা কিম্বা এই বা অন্য কোন আইনের বিধানক্রমে কিম্বা ব্যবস্থার বলে এক ব্যক্তির স্থাবর সম্পত্তি অন্য ব্যক্তির নিকট টাকা দিবার প্রতিভূ স্বরূপ রাখা গেলে, ঐ সম্পত্তির উপর শেষোক্ত ব্যক্তির দায় আছে এমত বলা যায় ও পূর্ব্বলিখিত যে সকল বিধান বন্ধকদাতার প্রতি বর্ত্তে তাহা ঐ সম্পত্তির স্বামির প্রতি বর্ত্তিবে ও বন্ধকী সম্পত্তি বিক্রয় করণার্থ মোকদ্দমা উপস্থিত কারী বন্ধকগ্রহীতার প্রতি পূর্ব্বলিখিত যে সকল বিধান বর্ত্তে তাহা দায়প্রাপ্ত ব্যক্তির প্রতি যত দূর সম্ভব বর্ত্তিবে।

দায়ের কথা।

খাতক কোন সম্পত্তি প্রতিভূ করিবার অভিপ্রায়ে তৎসংক্রান্ত অধিকারপত্র মহাজন কি অধিকার পত্র গচ্ছিত করিবার ফল। তাহার কর্ম্মকারককে সমর্পণ করিলে, ঋণের টাকার নিমিত্ত মহাজনের অনুকূলে উক্ত সম্পত্তির উপর দায় বর্ত্তান হইল বলিয়া জ্ঞান করা যাইবে।

Nothing in this section applies to the charge of a trustee on the trust-property for expenses properly incurred in the execution of his trust

64 Where a person is or becomes absolutely entitled to immoveable property, of a charge or other incumbrance on which he is also the owner, the charge or incumbrance shall be extinguished, unless he declares, by express words or necessary implication, that it shall continue to subsist, or unless such continuance would be for his benefit

Extinguishment of charge.

CHAPTER V

Of Leases of Immoveable Property

65 In the absence of a contract or local usage to the contrary, the lessor and the lessee of immoveable property, as against one another, respectively possess the rights and are subject to the liabilities mentioned in the sixteen rules next following or such of them as are applicable to the property leased —

Rights and liabilities of lessor and lessee

(*a*) The lessor is bound on the lessee's request to put him in possession of the property leased

(*b*) The lessor shall be deemed to contract with the lessee that the latter paying the rent reserved by the lease and performing the contracts binding on the lessee may hold the property leased during the time limited by the lease without interruption by the lessor or his transferees, or any person lawfully claiming through him or them

(*c*) The lessee is entitled to the enjoyment of all easements annexed to the property leased at the time when the lease was made until the lease determines or such easements are extinguished, whichever event first happens

(*d*.) The lessee is bound to keep, and on the termination of the lease to restore, the property leased in as good condition as it was in at the time when he was put in possession, subject only to reasonable wear and tear, and to allow the lessor and his agents, at all reasonable times during the term, to enter into the property leased and inspect the condition thereof, and to give or leave notice of any defect in such condition and to make good all such defects within three months after such notice has been given or left

(*e*) If during the continuance of the lease any accession is made to the property leased, such accession (subject to the law relating to alluvion for the time being in force) shall be deemed to be comprised in the lease

নিয়মিতরূপে ন্যাসের কার্য্য নির্ব্বাহের ব্যয় নিমিত্ত ন্যস্ত সম্পত্তির উপর ন্যাসধারী যে দায় বর্ত্তায়, এই ধারার কোন কথা তাহার প্রতি খাটিবে না।

৬৪ ধারা। কোন ব্যক্তি যে স্থাবর সম্পত্তির উপর দায়ের কি অন্য দাবীর স্বামী হন, সেই স্থাবর সম্পত্তিতে তাঁহার স্বত্ব থাকিলে কিম্বা তিনি চূড়ান্তরূপে স্বত্ববান হইলে, উক্ত দায় কি দাবী প্রবল থাকিবে কিম্বা উক্তরূপ প্রবল থাকা তাঁহার পক্ষে হিতকর, তিনি স্পষ্ট বাক্যে কি উহ্য ভাবে নির্দ্দেশ না করিলে সেই দায় বা দাবী লুপ্ত হইবে।

দায় লোপ হইবার কথা।

৬ ষষ্ঠ অধ্যায়।

স্থাবর সম্পত্তির পাট্টা বিষয়ক বিধি।

৬৫ ধারা। বিপরীত ভাবের চুক্তিপত্র বা দেশাচার না থাকিলে, স্থাবর সম্পত্তির পাট্টাদাতা ও পাট্টাদার পরস্পরের বিপক্ষে নিম্নলিখিত ১৬ বিধির উল্লিখিত স্বত্ব ও দায়, কিম্বা তন্মধ্যে যেং স্বত্ব ও দায় পাট্টাই সম্পত্তির প্রতি বর্ত্তে, তাহা প্রাপ্ত হন,

পাট্টাদাতার ও পাট্টা দারের স্বত্বের ও দায়ের কথা।

(ক) পাট্টাদার অনুরোধ করিলে পাট্টাদাতার ঐ পাট্টাই সম্পত্তি পাট্টাদারের অধিকার করাইয়া দিতে হইবে।

(খ) পাট্টার নিরূপিত মিয়াদের মধ্যে পাট্টাদার পাট্টার নির্দ্দিষ্ট খাজানা যত দিন দিতে থাকেন ও আপনার চুক্তিমতে যত দিন কর্ম্ম করেন তত দিন পাট্টাদাতার কি তাঁহার স্বত্বগ্রহীতার কি তাঁহার কি তাঁহাদের দ্বারা আইনমত কোন দাওয়াদারের স্থানে বাধা না পাইয়া, সম্পত্তি ভোগ করিতে পারিবেন, পাট্টাদাতা এমত চুক্তি করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

(গ) যে সময় পাট্টা করা যায় তৎকালে পাট্টাই সম্পত্তিতে যে সকল স্বাচ্ছন্দ্য ভোগস্বত্ব সংযুক্ত থাকে, পাট্টার মিয়াদ গত বা উক্ত স্বাচ্ছন্দ ভোগ স্বত্ব বিলুপ্ত (যেটাই প্রথম হউক না কেন) না হইলে, পাট্টাদার সেং সকল স্বাচ্ছন্দ্যভোগস্বত্ব ভোগের অধিকারী।

(ঘ) পাট্টাদারের আবশ্যক যে, সম্পত্তি যে অবস্থায় তাঁহার অধিকারে দেওয়া যায় সেই অবস্থায় তাহা রাখেন, ও পাট্টার মিয়াদ ফুরাইলে, নিয়ত ব্যবহারের দ্বারা সম্পত্তির যেরূপ ক্ষয় পাওয়া সঙ্গত তাহা না ধরিয়া, সেই অবস্থায় সম্পত্তি ফিরাইয়া দেন। এবং মিয়াদের মধ্যে যুক্তিসঙ্গত যে কোন সময়ে পাট্টাদাতা কি তাঁহার কর্ম্ম কারককে পাট্টাই সম্পত্তির মধ্যে প্রবেশ করিয়া তাহার অবস্থা দেখিতে, ও অবস্থারকোন দোষ দেখিলে ঐবিষয়ের নোটিস দিতে কি রাখিয়া যাইতে দেন এবং উক্ত নোটিস দিলে কি রাখিয়া গেলে তিন মাসের মধ্যে উক্ত দোষ সংশোধন করেন।

(ঙ) যদি পাট্টা বলবৎ থাকিবার সময় পাট্টাই সম্পত্তির বৃদ্ধি হয়, পয়স্তী সম্বন্ধে যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার নিয়মাধীনে উক্ত বর্দ্ধিতাংশ পাট্টাই সম্পত্তির অন্তর্গত বলিয়া জ্ঞান করা যাইবে।

(*f*) If by fire, tempest or flood, or violence of an army or of a mob, or other superior force, any part of the property leased be wholly destroyed or rendered substantially unfit for the purposes for which it was let, the lease shall be void as to that part, and any rent or fine payable under the lease shall proportionately abate, and a proportionate part of any fine paid by the lessee shall be returned by the lessor

If the injury be occasioned by the wrongful act or default of either party, such party shall not be entitled to avail himself of the benefit of this provision

(*g*) If the lessor neglects to make, within a reasonable time after notice, repairs which he is bound to make to the property leased, the lessee may make the same himself, and deduct the expense of such repairs with interest from the rent, or otherwise recover it from the lessor

(*h*) If the lessor neglects to make any payment which he is bound to make, and which, if not made by him, is recoverable from the lessee or against the property leased, the lessee may make such payment himself, and deduct it from his rent, or otherwise recover it from the lessor

(*i*) Every lessee who becomes aware of any proceeding to recover the property leased or any part thereof, or of any encroachment made upon, or any interference with, the lessor's rights concerning such property, is bound to give notice thereof to the lessor with reasonable diligence, and, in default of so doing, he is liable to make compensation to the lessor for any loss or expenses occasioned by such omission

(*j*) The lessee may use the property leased and its products (if any) as a reasonable owner would use them, but he must not use the property for a purpose other than that for which it was leased, or fell timber, pull down or damage houses, open mines or quarries, or commit any other act which is destructive or permanently injurious thereto.

The prohibition in this clause does not apply to mines which were open when the lease was granted

(*k*) No lessee shall, without the lessor's consent, erect on the property leased any permanent structure, except for agricultural purposes, and no such lessee who erects thereon any building, engine or machinery for agricultural purposes shall remove the same without first giving to the lessor or his agent one month's previous notice in

(চ) অগ্নি কি ঝড় কি বন্যা কিম্বা সৈন্য দলের কি জনতার কি অন্য প্রবল শক্তির হাঙ্গামাদ্বারা যদি পাট্টাই সম্পত্তির কোন অংশ সম্পূর্ণরূপে নষ্ট হইয়া যায়, কিম্বা যে কার্য্যের নিমিত্ত পাট্টা দেওয়া যায় সেই কার্য্যের উপযুক্ত আর না থাকে, তবে সেই অংশ বিষয়ে পাট্টা ব্যর্থ হইবে ও পাট্টামতে যে খাজানা কি পণ দেওয়া উচিত তাহাও তদনুসারে কমিয়া যাইবে ও পাট্টাদার যে পণ দিলেন সেই ধারানুসারে পাট্টাদাতা তাহা ফিরাইয়া দিবেন।

যদি কোন এক পক্ষের অন্যায় কার্য্য বা কর্ত্তব্যের ত্রুটি দ্বারা ঐ অপকার হইয়া থাকে তবে সেই পক্ষ এই বিধান জন্য উপকার পাইবার স্বত্ত্ববান নহেন।

(ছ) পাট্টাদাতার পাট্টাই সম্পত্তিবিষয়ক যে২ মেরামত করা কর্ত্তব্য, নোটিস পাইবার পর যুক্তি সঙ্গত সময়ের মধ্যে তাহা করিতে উপেক্ষা করিলে, পাট্টাদার আপনি তাহা করিয়া খাজানা হইতে সুদসমেত সেই মেরামতী খরচ কাটিয়া লইতে কিম্বা অন্য প্রকারে পাট্টাদাতার স্থানে আদায় করিয়া লইতে পারিবেন।

(জ) পাট্টাদাতা যে টাকা দেওয়া কর্ত্তব্য তাহা না দেওয় গেলে যদি পাট্টাদারের স্থানে বা পাট্টাই সম্পত্তি হইতে তাহ আদায় করিয়া লওয়া যাইতে পারে, তবে তিনি ঐ টাকা দিতে উপেক্ষা করিলে, পাট্টাদার আপনি তাহা দিয়া খাজানা হইতে কাটিয়া লইতে কিম্বা অন্য প্রকারে পাট্টাদাতার স্থানে আদায় করিয়া লইতে পারিবেন।

(ঝ) পাট্টাদারকে যে সম্পত্তি পাট্টা করিয়া দেওয় গেল, অন্য ব্যক্তির দ্বারা সেই সম্পত্তি কি তাহার কোন অংশ লইবার কার্য্যানুষ্ঠান হইতেছে অথবা অন্য ব্যক্তি পাট্টাই সম্পত্তির কোন স্থান অতিক্রম করিতেছে কিম্বা ঐ সম্পত্তি সম্পর্কে পাট্টাদাতার কোন স্বত্বে হস্তক্ষেপ করিতেছে এই মর্ম্মের সন্ধান জানিতে পাইলে পাট্টাদার যুক্তিসঙ্গত যত্ন করিয়া পাট্টাদাতাকে সেই কথার নোটিস দিবেন। তাঁহার এই কার্য্য করিতে ত্রুটি হইলে সেই ত্রুটিপ্রযুক্ত পাট্টাদাতার যে হানি কি খরচ হয়, তাঁহার প্রতি সেই হানি কি খরচের দায় বার্ত্তিতে পারিবে।

(ঞ) ভোগ সম্বন্ধীয় সকল কার্য্যপক্ষে পাট্টাদার জ্ঞানবান কোন স্বামির ন্যায় পাট্টাই সম্পত্তির ও তদুৎপন্ন দ্রব্য থাকিলে তাহার ব্যবহার করিতে পারিবেন। কিন্তু যে অভিপ্রায়ে পাট্টা দেওয়া যায় তাদ্ভিন্ন অন্য কোন রূপে উক্ত সম্পত্তির ব্যবহার করিতে পারিবেন না কিম্বা বাহাদুরী কাষ্ঠের বৃক্ষচ্ছেদন করিতে কি ঘর ভাঙ্গিয়া ফেলিতে বা তাহার হানি করিতে কি খনি খুঁড়িতে কি যাহাতে সম্পত্তির বিনাশ সাধন কি চিরকালীন ক্ষতি হয় এরূপ কার্য্য করিতে পারিবেন না।

পাট্টা দিবার সময়ে যে সকল খনি খুলা ছিল তৎপ্রতি এই প্রকরণের নিষেধ বর্ত্তে না।

(ট) পাট্টাদার পাট্টাদাতার অনুমতি না পাইলে, কেবল কৃষিকার্য্যের নিমিত্ত ছাড়া অন্য কোন কারণে কোন স্থায়ি বিষয় গাঁথাইবেন না ও সেই পাট্টাদার কৃষিকার্য্যের নিমিত্ত ঐ সম্পত্তিতে পাকা গাঁথনি করিলে কি কল কি যন্ত্রাদি বসাইলে পর তাহা উঠাইয়া লইতে চাহিলে, এক মাস থাকিতে পাট্টাদাতার কিম্বা তাঁহার স্বপক্ষ কর্ম্মকারকের নামে লিখিয়া আপনার ঐ কল্পনা না জানাইলে তাহা উঠাইয়া লইবেন না। জানাইলে,

writing of his intention so to do, and thereupon the lessor or his agent may elect to purchase the thing so proposed to be removed, and the lessee's right to remove the same shall thereby cease and the same shall belong to the lessor, and the value thereof shall in case of dispute be ascertained and determined by two referees, one to be chosen by each party, or by an umpire to be named by such referees, and shall be paid or allowed in account by the lessor

(*l*) Subject to the provisions of clause (*k*), the lessee has a right to remove, at any time during his possession of the property leased, all things which he has affixed to the soil but he is liable to make compensation to the lessor for all damage caused to the property by such removal

(*m*) On the determination of the lease, the lessee is bound to put the lessor into possession of the property leased

(*n*) When a lease of uncertain duration determines by any means except the fault of the lessee he or his legal representative is entitled to all the crops planted or sown by the lessee and growing upon the property leased for the season current when the lease determines, and to free ingress and egress to reap and carry them

(*o*) If the lessor transfers the property leased or any part thereof, or any part of his interest therein, the transferee shall possess all the rights and, if the lessee so elects, be subject to all the liabilities of the lessor as to the property or part transferred so long as he is the owner of it, but the lessor shall not by reason only of such transfer cease to be subject to any of the liabilities imposed upon him by the lease, unless the lessee elects to treat the transferree as the person liable to him Provided that the transferee is not entitled to arrears of rent due before the transfer, and that if the lessee pay rent to the lessor without having reason to believe that such transfer has been made, the lessee shall not be liable to pay such rent over again to the transferee

Where only a part of the property leased is transferred by the lessor, he may determine what proportion of the rent reserved by the lease is payable in respect of the part so transferred

(*p*) The lessee may transfer, absolutely or by way of mortgage, the whole or any part of his interest in the property leased, and any transferee of such interest or part may again transfer it The lessee shall not, by reason of such transfer, cease to be subject to any of the

উক্ত যে দ্রব্য উঠাইয়া লইবার প্রস্তাব হয় পাট্টাদাতা কি তাঁহার সপক্ষকর্ম্মকারক তাহা ক্রয় করা স্থির করিতে পারিবেন। তাহা হইলে পাট্টাদারের সেই দ্রব্য উঠাইয়া লইবার স্বত্ব লোপ হইবে, ও সেই দ্রব্য পাট্টাদাতারই হইবে। ঐ দ্রব্যের মূল্য বিষয়ে বিবাদ হইলে তাহা দুই জন মধ্যস্থের দ্বারা নিশ্চিত মতে জানিয়া নির্দ্ধারণ করা যাইবে, ঐ মধ্যস্থদের এক২ জনকে এক২ পক্ষ মনোনীত করিবেন, কিম্বা ঐ মধ্যস্থেরা যে প্রমাণ পুরুষের নাম করেন তাঁহার দ্বারা ঐ মূল্য নিরূপণ করা যাইবে। ও পাট্টাদাতা সেই মূল্য দিবেন কিম্বা হিসাবে তাহা ধরিয়া লইবেন।

(ঠ) পাট্টাদার যে সকল বস্তু ভূমিতে সংলগ্ন করেন ঐ পাট্টাই সম্পত্তি তাঁহার অধিকারে থাকিবার কালের মধ্যে কোন সময়ে (ট) প্রকরণের বিধান প্রবল মানিয়া তাঁহার সেই সকল বস্তু উঠাইয়া লইবার স্বত্ব আছে। কিন্তু উঠাইয়া লওয়াতে সম্পত্তির হানি হইলে পাট্টাদাতার নিকট সেই হানি পূরণের দায়ী হইবেন।

(ড) পাট্টার মিয়াদ ফুরাইলে, পাট্টাদারের সেই পাট্টাই সম্পত্তিতে পাট্টাদাতার অধিকার করাইয়া দিতে হইবে।

(ঢ) পাট্টাদারের দোষভিন্ন কোন কারণে অনির্দ্দিষ্ট মিয়াদের পাট্টা ফুরাইলে, ঐ পাট্টাদারের রোপণ করা বা বোনা যে ফসল ঐ পাট্টা বহিত হইবার প্রচলিত ঋতুতে পাট্টাই ভূমিতে থাকে, তিনি বা তাঁহার বৈধস্থলাভিষিক্ত ব্যক্তি সেই ফসল পাইবার, ও তাহা কাটিয়া লইয়া যাইবার নিমিত্ত ভূমিতে গতিবিধি করিবার স্বত্ববান।

(ণ) পাট্টাদাতা ঐ পাট্টাই সম্পত্তি কি তাহার কোন অংশ কিম্বা তন্মধ্যে আপনার কোন স্বার্থ হস্তান্তর করিয়া দিলে, হস্তান্তরক্রমে গ্রহীতা যত দিন ঐ সম্পত্তির কিম্বা তাহার হস্তান্তরিত অংশের স্বামী হন তত দিন তৎসম্পর্কে পাট্টাদাতার সকল স্বত্ব প্রাপ্ত হইবেন ও পাট্টাদার ইচ্ছা করিলে, পাট্টাদাতার সকল দায়েরও দায়ী হইবেন। কিন্তু পাট্টার দ্বারা পাট্টাদাতার উপর যে সকল দায় বর্ত্তিয়াছে, ঐ সম্পত্তি হস্তান্তর করিয়াছেন এই মাত্র বলিয়া তন্মধ্যের কোন দায় হইতে মুক্ত হইবেন না কিন্তু পাট্টাদার ইচ্ছা করিলে হস্তান্তরক্রমে গ্রহীতাকে আপনার নিকট দায়ী বলিয়া কার্য্য করিতে পারিবেন। পরন্তু হস্তান্তর করিবার পূর্ব্বে যে খাজানা বাকী পড়ে উক্ত গ্রহীতা তাহা পাইবার অধিকারী নহেন, ও তদ্রূপ হস্তান্তর যে করা গেল এমত জ্ঞান করিবার কারণ না থাকিতে যদি পাট্টাদার পাট্টাদাতাকে খাজানা দিয়া থাকেন তবে তিনি হস্তান্তরক্রমে গ্রহীতাকে আবার সেই খাজানা দিবার দায়ী নহেন।

পাট্টাদাতা পাট্টাই সম্পত্তির অংশমাত্র হস্তান্তর করিয়া দিলে, ঐ হস্তান্তরীকৃত অংশের নিমিত্ত পাট্টার নির্দ্ধারিত খাজানার যে অংশ দেয় হয়, তিনি তাহা নির্ণয় করিতে পারিবেন।

(ত) সম্পত্তিতে পাট্টাদারের যে স্বার্থ থাকে তাহার সমুদয় কি কোন অংশ ঐ পাট্টাদার সম্যক প্রকারে বা বন্ধকক্রমে হস্তান্তর করিতে স্বত্ববান আছেন, ও হস্তান্তরক্রমে সেই স্বার্থের বা তদংশের গ্রহীতা তাহা পুনর্ব্বার হস্তান্তর করিতে পারিবেন। পাট্টাসক্রান্ত যেং দায় আছে পাট্টাদার হস্তান্তর করণপ্রযুক্ত তন্মধ্যের কোন

liabilities attaching to the lease, unless the lessor elects to treat the transferee as the person subject to such liabilities Subject as aforesaid, each successive transferee, so long as he is entitled to the property leased, possesses all the rights, and is subject to all the liabilities, of the lessee as such

Nothing in this section shall be deemed to authorize a tenant having a right of occupancy, the farmer of an estate in respect of which default has been made in paying revenue, or the lessee of an estate under the management of a Court of Wards, to assign his interest as such tenant, farmer or lessee

Disclosures required from lessor and lessee.

66 The following omissions are fraudulent —

(*a*) an omission of the lessor of immoveable property to disclose to the lessee any defect therein of which the former is, and the latter is not, aware, and which the latter could not with ordinary care discover,

(*b*) an omission of the lessee of immoveable property to disclose to the lessor any fact as to the nature or extent of the lessor's interest therein, of which the lessee is, and the lessor is not, aware, and which increases the value of such interest

Lessee before entry

67 A tenancy begins when the lessee enters, under the lease, into possession of the property leased, and until he so enters, he cannot sue for compensation for an unlawful entry thereon

Duration of certain leases in absence of written contract or local usage

68 In the absence of a contract in writing or local usage to the contrary, a lease of immoveable property for purposes of cultivation shall be a lease from year to year terminable, on the part of either lessor or lessee, by six months' notice expiring with the end of a year of the tenancy, and a lease of immoveable property for any other purpose shall be a lease from month to month, terminable, on the part of either lessor or lessee, by fifteen days' notice expiring with the end of a month of the tenancy

Every notice under this section must be in writing signed by or on behalf of the party giving it, and tendered or delivered to the party who is intended to be bound by it, or affixed on a conspicuous part of the property.

দাবহইতে মুক্ত হইবেন না। কিন্তু পাট্টাদাতা ইচ্ছা করিলে হস্তান্তরক্রমে গ্রহীতাকে সেই দায়ের দায়ী বলিয়া তাহার সঙ্গে কার্য্য করিতে পারিবেন। পূর্ব্বোক্ত বিধি প্রবল মানিয়া ঐ পাট্টাই সম্পত্তি ক্রমান্বয়ে যাঁহাদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যায় তাঁহারা পাট্টাদারের সকল স্বত্ব প্রাপ্ত হন ও তাঁহার সকলদায়ে দায়ী হন।

দখলী স্বত্ব বিশিষ্ট প্রজাকে কি যে মহালের রাজস্ব দিতে ত্রুটি হইয়াছে তাহার ইজারদারকে কি কোর্ট অব ওয়ার্ডসের তত্ত্বাধীন ইস্টেটের পাট্টাদারকে এই ধারার কোন কথাক্রমে উক্ত প্রজা, কি ইজারদার কি পাট্টাদারস্বরূপ আপনার স্বার্থ অন্যের প্রতি নিরূপণ করিবার মতা যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

পাট্টাদাতার ও পাট্টাদারের যাহা২ প্রকাশ করিতে হইবে তাহার কথা।

৬৬ ধারা। এই২ ত্রুটি প্রতারণামূলক জ্ঞান করা যাইবে,

(ক) পাট্টাদাতার জ্ঞাত কিন্তু পাট্টাদারের অজ্ঞাত যে দোষ পাট্টাদার সামান্য যত্নে আবিষ্কার করিতে পারেন না স্থাবর সম্পত্তির পাট্টাদাতার সেই দোষ পাট্টাদারের নিকটে প্রকাশ করিতে ত্রুটি।

(খ) পাট্টাদাতার স্বার্থের প্রকৃতি কি পরিমাণসূচক যে বৃত্তান্ত পাট্টাদারের জ্ঞাত কিন্তু পাট্টাদাতার অজ্ঞাত এবং যাহাতে উক্ত স্বার্থের মূল্য বৃদ্ধি হয় স্থাবর সম্পত্তির পাট্টাদারের সেই বৃত্তান্ত পাট্টাদাতার নিকটে প্রকাশ করিতে ত্রুটি।

অধিকার করণের পূর্ব্বে পাট্টাদার বিষয়ক কথা।

৬৭ ধারা। পাট্টাদার যে সময়ে পাট্টাক্রমে পাট্টাই সম্পত্তির অধিকার করেন সেই সময়াবধি তাহার প্রজাত্বের আরম্ভ হয়, ও যত দিন তদ্রূপ অধিকার না করেন ততদিন ঐ ভূমিতে অবৈধ প্রবেশ করণাপরাধ হেতুক হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

নিয়মপত্রের কি দেশাচারের অভাবে কোন২ পাট্টার মিয়াদের কথা।

৬৮ ধারা। যদি তদ্বিপরীত চুক্তি পত্র কিম্বা দেশাচার না থাকে তবে কৃষি করণের জন্যে সম্পত্তির যে পাট্টা দেওয়া যায় তাহা বৎসর২ চলিবে, ও পাট্টাদাতার কি পাট্টাদারের পক্ষ হইতে ছয় মাসের নোটিস দিয়া তাহা রহিত করা যাইতে পারিবে, সেই ছয় মাসের শেষ যেন ভূমি ভোগের বৎসরের শেষের সঙ্গে মিলে। ও অন্য কোন কার্য্যের জন্যে সম্পত্তির যে পাট্টা দেয়া ও যায় তাহা মাসে২ চলিবে ও পাট্টাদাতার কি পাট্টাদারের পক্ষহইতে পঞ্চদশ দিন থাকিতে নোটিস দিয়া তাহা রহিত করা যাইতে পারিবে, সেই পঞ্চদশ দিনের শেষ যেন সম্পত্তি ভোগের কোন মাসের শেষের সঙ্গে মিলে।

যে পক্ষ এই ধারামতে নোটিস দেন তিনি কিম্বা তৎপক্ষে অন্য ব্যক্তি ঐ নোটিস লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলে, তদ্দ্বারা যে ব্যক্তিকে বদ্ধ করিবার কল্পনা থাকে তাঁহাকে দেওয়া যাইবে, বা দিবার প্রস্তাব হইবে, কিম্বা সম্পত্তির কোন প্রকাশ স্থানে তাহা লাগাইয়া দেওয়া যাইবে।

69 Where the time limited by a lease of immoveable property is expressed as commencing from a particular day, in computing that time such day shall be excluded Where no day of commencement is named, the time so limited begins from the making of the lease

Exclusion of day on which term commences

Where the time so limited is a year or a number of years, in the absence of an express agreement to the contrary, the lease shall last during the whole anniversary of the day from which such time commences

Duration of lease for a year

Where the time so limited is expressed to be determinable before its expiration at the option of the parties or one of them, the lessee, in the absence of an express agreement to the contrary, shall have such option

Option to determine lease

70 A lease of immoveable property determines—

Determination of lease

(*a*) by efflux of the time limited thereby

(*b*) where such time is limited conditionally on the happening of some event—by the happening of such event

(*c*) where the lessor can only alienate for his own life the property leased—by the death of the lessor

(*d*) where the lessor holds the property leased for the term of the life of another person—by the death of such person

(*e*) on the expiration of a notice to determine the lease duly given in pursuance of a power therein contained

(*f*) in case the interests of the lessee and the lessor in the whole of the property leased become vested at the same time in one person in the same right

(*g*) by express surrender, that is to say, in case the lessee yields up his interest under the lease to the lessor, by mutual agreement between them

(*h*) by implied surrender, that is to say, in case the lessee accepts from the lessor a new lease of the property leased, to take effect during the continuance of the existing lease

(*i*) by forfeiture, that is to say, (1) in case the lessee breaks an express condition which provides that, on breach thereof, the lessor may re-enter, or the lease shall become void, or (2) in case the lessee renounces his character as such by setting up a title in a third person or by claiming title in himself, and in either case the lessor or his transferee does some act evidencing his intention to determine the lease

৬৯ ধারা। পাট্টার নির্দ্ধারিত মিয়াদ নির্দ্ধারিত দিনাবধি প্রচলিত হইবে বলিয়া ব্যক্ত থাকিলে, ঐ মিয়াদের হিসাব করিতে গেলে সেই দিন ধরিতে হইবে না। মিয়াদ আরম্ভ হইবার কোন দিন নির্দ্দিষ্ট না থাকিলে পাট্টা করিবার সময়াবধি সেই মিয়াদ চলিবে।

মিয়াদ যে দিনাবধি চলিবে সেই দিন ধরিতে না হইবার কথা।

যদি এক কি কএক বৎসর মিয়াদ চলে, তবে প্রকারান্তরের স্পষ্ট নিয়ম না থাকিলে ঐ মিয়াদ যে দিনাবধি চলে পাট্টা সেই বা সেই২ বৎসরের অবসানের পর দিনের সম্পূর্ণ দিনও প্রবল থাকিবে।

এক বৎসর মিয়াদের কথা।

কোন এক পক্ষের স্বেচ্ছামতে মিয়াদ রহিত হইতে পারিবার কথা ব্যক্ত থাকিলে ও ইহার বিপরীত স্পষ্ট নিয়ম না থাকিলে, পাট্টাদারের স্বেচ্ছামতে সেই মিয়াদ রহিত হইতে পারিবে।

পাট্টা স্বেচ্ছামতে রহিত হইবার কথা।

৭০ ধারা। পাট্টা এই২ প্রকারে রহিত হইতে পারিবে,—

মিয়াদ রহিত হওন বিষয়ক কথা।

(ক) পাট্টার নিরূপিত মিয়াদ গত হইলে,

(খ) যে স্থলে উক্ত মিয়াদের অন্ত কোন ঘটনাসাপেক্ষ হয় ঐ ঘটনা ঘটিলে,

(গ) যে স্থলে পাট্টাদাতা পাট্টাই সম্পত্তি কেবল স্বীয় জীবিত কাল পর্য্যন্ত হস্তান্তর করিতে পারেন, সে স্থলে তাঁহার মৃত্যু হইলে,

(ঘ) যে স্থলে পাট্টাদাতা পাট্টাই সম্পত্তি অন্য কোন ব্যক্তির জীবিত কাল পর্য্যন্ত ভোগ করেন, সেস্থলে ঐ অন্য ব্যক্তির মৃত্যু হইলে,

(ঙ) পাট্টার অন্তর্গত ক্ষমতা বলে পাট্টা রহিত করিবার নিমিত্ত নিয়মিতরূপে প্রদত্ত নোটিসের মিয়াদ গত হইলে,

(চ) সমুদয় পাট্টাই সম্পত্তিতে পাট্টাদাতার ও পাট্টাদারের স্বার্থ একই সময়ে একই স্বত্বে একই ব্যক্তির প্রতি বর্ত্তিলে,

(ছ) স্পষ্ট কথা দ্বারা ত্যাগ করা গেলে, অর্থাৎ পরস্পর সম্মতিক্রমে পাট্টাদার স্বীয় পাট্টাই স্বার্থ পাট্টাদাতাকে সমর্পণ করিলে,

(জ) ভাবতঃ ত্যাগ করা গেলে, অর্থাৎ পাট্টাদার পাট্টাদাতার স্থানে পাট্টাই সম্পত্তির নূতন পাট্টা গ্রহণ করিলে ও বর্ত্তমান পাট্টা চলন থাকিতেই সেই নূতন পাট্টা চলিতে লাগিলে,

(ঝ) দণ্ডক্রমে অর্থাৎ (১) পাট্টার কোন নিয়ম ভঙ্গ হইলে পাট্টাদাতা সম্পত্তি পুনর্গ্রহণ করিবেন কিম্বা পাট্টা ব্যর্থ হইবে এই মর্ম্মের স্পষ্ট নিয়ম থাকিলে ও পাট্টাদার সেই নিয়ম ভঙ্গ করিলে, কিম্বা (২) পাট্টাদার তৃতীয় ব্যক্তির পক্ষে অধিকার তুলিয়া কিম্বা আপনি অধিকারের দাওয়া করিয়া আপনার পাট্টাদারী পদ ত্যাগ করিলে, এবং উভয়ত্র পাট্টাদাতা কি তাঁহার স্বত্ব গ্রহীতা পাট্টা রহিত করিবার অভিপ্রায়সূচক কোন কার্য্য করিলে,

(*j*) on the expiration of a notice to quit or of intention to quit the property leased duly given, by one party to the other.

71. A forfeiture under section seventy, clause (*i*), is waived by acceptance of rent which has become due since the forfeiture, or by distress for such rent, or by any other act on the part of the lessor showing an intention to treat the lease as subsisting:

Waiver of forfeiture

Provided that the lessor is aware that the forfeiture has been incurred:

Provided also that, where rent is accepted after the institution of a suit to eject the lessee on the ground of forfeiture, such acceptance is not a waiver.

72. A notice given by the lessor under section seventy, clause (*j*), is waived, with the express or implied consent of the lessee, by acceptance of rent which has become due since the expiration of the notice, or by distress for such rent, or by duly giving to the lessee a second notice to quit, or by any other act on the part of the lessor showing an intention to treat the lease as subsisting.

Waiver of notice to quit

73. Where a lease of immoveable property has determined by forfeiture for non-payment of rent and the lessor sues to eject the lessee, if, at the hearing of the suit, the lessee pays or tenders to the lessor the rent in arrear, together with interest thereon and his full costs of the suit, or gives such security as the Court thinks sufficient for making such payment within fifteen days, the Court may, in lieu of making a decree for ejectment, pass an order relieving the lessee against the forfeiture, and thereupon the lessee shall hold the property leased as if the forfeiture had not occurred.

Relief against forfeiture for non-payment of rent

Nothing in this section applies to suits under Act No. X of 1859, or Bengal Act No. VIII of 1869.

74. The surrender, express or implied, of a lease of immoveable property does not prejudice an under-lease of the property or any part thereof previously granted by the lessee but, unless the surrender is made for the purpose of obtaining a new lease, the rent payable by, and the contracts binding on, the under-lessee shall be respectively payable to, and enforceable by, the lessor.

Effect of surrender and forfeiture on under-leases

The forfeiture of such a lease annuls all such under-leases.

[*Government Gazette*, 15*th April* 1879.]

(ঞ) এক পক্ষ অন্য পক্ষকে নিয়মমতে সম্পত্তি হইতে উঠিয়া যাইবার কি উঠিয়া যাইবার অভিপ্রায়ের নোটিস দিলে ঐ নোটিসের মিয়াদ গত হইলে।

৭১ ধারা। ৭০ ধারার (ঝ) প্রকরণমতে দণ্ডক্রমে পাট্টা রহিত হইলে পর যে খাজানা দেনা পড়ে তাহা গ্রহণ করা গেলে, কিম্বা ঐ খাজানার নিমিত্ত ক্রোক করা গেলে কিম্বা পাট্টাদাতার অন্য যে কার্য্য দ্বারা পাট্টা প্রবল থাকিবার ন্যায় কার্য্য হইবার অভিপ্রায় দৃষ্ট হয় এমত কার্য্য করা গেলে, সেই দণ্ড অন্যথা করা হয়।

দণ্ড অন্যথা করণের কথা।

কিন্তু দণ্ড যে হইয়াছে ইহা পাট্টাদাতার জানা চাই,

আর দণ্ডক্রমে পাট্টাদারকে উঠাইয়া দিবার মোকদ্দমা উপস্থিত করিবার পরে খাজানা গ্রহণ করা গেলে উক্ত গ্রহণ দ্বারা দণ্ড অন্যথা করা হইবে না।

৭২ ধারা। ৭০ ধারার (ঞ) প্রকরণমতে পাট্টাদাতা নোটিস দিলে পর যে খাজানা দেনা পড়ে তাহা গ্রহণ করা গেলে, কিম্বা ঐ খাজানার নিমিত্ত ক্রোক করা গেলে কিম্বা নিয়মমতে পাট্টাদারকে উঠিয়া যাইবার দ্বিতীয় নোটিস দেওয়া গেলে, কিম্বা পাট্টাদাতার অন্য যে কার্য্য দ্বারা পাট্টা প্রবল থাকিবার ন্যায় কার্য্য হইবার অভিপ্রায় দৃষ্ট হয় এমত কার্য্য করা গেলে, স্পষ্টতঃ কি ভাবতঃ পাট্টাদারের সম্মতিক্রমে, উক্ত নোটিস অন্যথা করা হয়।

উঠিয়া যাইবার নোটিস অন্যথা করণের কথা।

৭৩ ধারা। খাজানা না দেওয়াপ্রযুক্ত দণ্ডস্বরূপ স্থাবর সম্পত্তির পাট্টা রহিত করা গেলেও পাট্টাদাতা পাট্টাদারকে উঠাইয়া দিবার মোকদ্দমা উপস্থিত করিলে, যদি মোকদ্দমা শ্রবণ সময়ে পাট্টাদার বাকী খাজানা ও তাহার উপর সুদ ও মোকদ্দমার সম্পূর্ণ খরচা পাট্টাদাতাকে দেন বা দিতে চাহেন কিম্বা আদালত যাহা প্রচুর বোধ করেন পনের দিনের মধ্যে সেই টাকা দিবার এমত জামীন দেন, তাহা হইলে আদালত পাট্টাদারকে উঠাইয়া দিবার ডিক্রী না করিয়া ঐ দণ্ড হইতে তাঁহাকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে ঐ পাট্টা রহিত হইবার যোগ্য না হইবার মত পাট্টাদার ঐ পাট্টাই সম্পত্তি ভোগ করিবেন।

খাজানা না দিবার দণ্ড হইতে মুক্তির কথা।

এই ধারার কোন কথা ১৮৫৯ সালের ১০ আইন কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনমত কোন মোকদ্দমার প্রতি খাটে না।

৭৪ ধারা। স্পষ্টতঃ কি ভাবতঃ কোন স্থাবর সম্পত্তির পাট্টা ত্যাগ করিলে, পাট্টাদার পূর্ব্বোক্ত সম্পত্তির কি তদংশের যে পেটাও পাট্টা দিয়াছিল তাহার কোন বিঘ্ন হইবে না, কিন্তু নূতন পাট্টা লইবার অভিপ্রায়ে পাট্টা ত্যাগ করা না গেলে, পেটাও পাট্টাদার যে খাজানা দিতে ও যে নিয়ম পালন করিতে আবদ্ধ পাট্টাদাতা সেই খাজানা লইতে ও সেই নিয়ম পালন করাইতে পারিবেন।

পেটাওপাট্টাসম্বন্ধে পাট্টা ত্যাগ কি দণ্ডের ফলের কথা।

উক্ত সমুদয় বা তাহার কোন অংশ দ্রব্যে যাঁহাদের দাওয়া থাকে তাঁহারা নিম্নে স্বাক্ষরকারির আফিসে ১৮৭৯ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ সোমবার পূর্ব্বাহ্ন ১১ ঘণ্টার সময়ে স্বয়ং বা মোক্তার-দ্বারা উপস্থিত হইয়া তাহাতে আপনং দাওয়া স্থাপন করিবেন।

সম্পত্তির তালিকা।

	টাকা।
২টী রৌপ্য পাত্র অর্থাৎ বালকদের শিবলিঙ্গ নির্ব্বিঘ্নে রাখিবার নিমিত্ত আভরণস্বরূপ মূল্য	৩৮৵
থর্পীর নামক এক খান স্বর্ণালঙ্কার, মূল্য . ..	৩২৸৶০
তায়াৎনামক ১ স্বর্ণপটী অলঙ্কার, মূল্য	১৪৶০
মোট ...	৮৫৸

সি, জে, ক্রষ্টওয়াইট, একটিং কালেক্টর
মান্দ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত বেল্লারী জিলা।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।—নিম্নলিখিত বিজ্ঞাপন সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

ভারতবর্ষীয় গোঁপ্তধন বিষয়ক ১৮৭৮ সালের ৬ আইনের ৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, তানজোর জিলার অন্তর্গত মন্নারগোডী তালুকের তাইপুর থেমপাথিতে শ্রীনিবাস আয়েনগার নামক একজন মিরাসীদার ১৮৭৮ সালের ১৪ ডিসেম্বরে ২৬৷৷ টাকা মূল্যের নিম্নলিখিত দ্রব্যাদি প্রাপ্ত হইয়াছে।

উক্ত সমুদয় বা তাহার কোন অংশ দ্রব্যে যাঁহাদের দাওয়া থাকে উক্ত আইনের বিধানানুসারে উক্ত বিষয়ের অনুসন্ধান ও নিষ্পত্তি হইবার জন্যে তাঁহারা ১৮৭৯ সালের আগষ্ট মাসের ১৫ তারিখে তানজোরের কালেক্টর সাহেবের সম্মুখে স্বয়ং বা মোক্তার দ্বারা উপস্থিত হইবেন।

দ্রব্যের তালিকা।

নম্বর।	বিবরণ		ওজন	মূল্য।
১	স্বর্ণকটিবন্ধ	৭/১০	বীরগুণ্টে	৮৸০
৩	স্বর্ণাঙ্গুরী .	[illegible]	ঐ	.. ১২৴৬
১	ঐ থলী ..	[illegible]	ঐ	... ৩৴৬
১	ঐ মুদ্রা .. .	[illegible]	ঐ	.. ২৷৹
১	পিত্তলের পাত্রমধ্যে সীসা সুদ্ধ উক্ত সকল দ্রব্য . .		..	... ৴০

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরণর সাহেবের আজ্ঞাক্রমে।

এফ, ওয়েবষ্টর, কালেক্টর,
মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত তানজোর জিলা।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২২ আপ্রিল।—১৮৭৮ সালের ৭ আইনের বিধানমতে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে তিন কেতা রক্ষিত বন রাখিবার প্রস্তাব ও উক্ত আইনের বিধানমতে বনের বন্দোবস্ত করণের কর্তৃপক্ষের পদে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিশ্যনরের নিয়োগ বিষয়ক ১৮৭৮ সালের ১৮ নম্বর যে জ্ঞাপন-পত্র ১৮৭৮ সালের জুন মাসের ৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তদনুক্রমে উক্ত আইনের ৪ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের অন্তর্গত নিম্নলিখিত সীমার মধ্যবর্ত্তী নিম্নলিখিত প্রদেশ উক্ত আইনের বিধানমতে রক্ষিত বন হইবার প্রস্তাব করা গেল।

৪।—রিখিয়ঙ্গ নামক প্রস্তাবিত বনভূমির সীমা।

রিখিয়ঙ্গ নদী ও তাহার প্রতিপোষক নদী দিয়া যেং ভূমির জল নির্গত হয় তাহার সীমা এইং,—

উত্তর সীমা।—৩ নং সৈংলং পর্ব্বত হইতে রেখা উত্থিত হইয়া রিখিয়ঙ্গ নদীর পোষক সেলো-খেরঙ্গ হইতে সুবলঙ্গ উপত্যকা পৃথককারি পর্ব্বত শ্রেণীর সঙ্গেং বেলাসুয়া পর্ব্বত শ্রেণী পর্য্যন্ত যায়, তথাহইতে দক্ষিণ পশ্চিম মুখে রিখিয়ঙ্গ উপত্যকা পার হইয়া রিখিয়ঙ্গ ও কাপটাই উপত্যকার মধ্যগত জল ক্ষেপি ভূমির নিকট আলেসরী পর্ব্বত পর্য্যন্ত যায়।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭৯। ২৯ আপ্রিল।]

East.—The long ridge called Ringtong and Weyboungtong, from Saichal Hill, No 3, to the frontier, at the head of the Peekheong

South.—The frontier line of the Chittagong Hill Tracts separating the valleys of the Rinkheong and Peekheong.

West.—The watershed between the Rinkheong valley on the one side, and the Sungoo and Kaptai valleys on the other, and running south from Alaisurri Hill through Pharohtong, Pyramid Hill, and Polytai, to where it meets the frontier line a little south of the point marked Ramakritong.

V —Boundaries of the proposed Sungoo Reserve.

The area drained by the Sungoo river and its tributaries south of a line running east and west across that river at the mouth of the Modagrikheong

2 The Lieutenant-Governor appoints the Deputy Commissioner of the Chittagong Hill Tracts to be the Forest Settlement Officer, under the provisions of Chapter II of the said Act VII of 1878, to enquire into and determine the existence, nature, and extent of any rights alleged to exist in favour of any person in or over any land comprised within the boundaries specified above, or in or over any forest produce to be found therein (not being rights for the surrender of which compensation has already been awarded in the course of proceedings already taken under Act VII of 1865), and to deal with the same as by law provided

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION.

The 16th April 1879 —In the exercise of the powers conferred on him by section 3, Act II (B C) of 1879, the Lieutenant-Governor is pleased to extend the provisions of Act IV (B.C) of 1871, as amended by Act II (B C) of 1879, to the towns named below, with effect from 1st July 1879 —

(1) The town of Gyà, in the district of Gya

(2) The town of Deoghur, in the district of the Sonthal Pergunnahs

The limits within which the Act shall be in force shall be conterminous with the municipal limits of these towns respectively

D BARBOUR,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th April 1879.—In supersession of all previous notifications, the Lieutenant-Governor is pleased to appoint the following gentlemen to be Commissioners of the Barripore Municipality, in the district of the 24-Pergunnahs —

1 Baboo Nob n Kristo Nag, Head Clerk, Sub-Divisional Office'
2 „ Rajendro Nath Mookerjee, Sub-Inspector of Police, Barripore.
3 „ Ram Narain Sein, Native Doctor.
4 „ Prosonno Coomar Banerjee, Zemindar.
5 „ Tara Churn Banerjee, ditto.
6 „ Khettro Mohun Roy Chowdry, ditto.
7. „ Debendro Coomar Roy Chowdry, ditto.
8 „ Nim Narain Mitter, Talookdar.
9 „ Nibarun Chunder Mitter, ditto.
10. „ Rajnarian Dutt, Zemindar
11. „ Rajkisto Banerjee, ditto
12. „ Bhojokisto Banerjee, Talookdar.
13 „ Shibsharn Pattack, Head Clerk, Sub-Registrar's Office.
14 „ Ishan Chunder Dutt, Chowkdar.
15. „ Syed Kazi Mahomed Alli, ditto.

D. BARBOUR,
Offg. Secy to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th April* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, রামপুর বোয়ালিয়া মুনিসিপালিটীর সীমার অন্তর্গত নিম্নলিখিত পথ উক্ত আইনের কার্য্যহইতে বহির্ভূত করিয়া রাজসাহী জিলার পথকর কমিটীর কর্তৃত্বাধীনে তাহা অর্পণ করিলেন।

নাটোর অবধি রামপুর বোয়ালিয়ার রাজকীয় কার্য্যালয় পর্য্যন্ত উক্ত পথের যে অংশ গৌস উগজা দত্ত ভারতীর বাটীর উত্তর—পশ্চিম কোণহইতে বোয়ালিয়ার পোলীস থানা ও রায় গিরীশচন্দ্র লাহিড়ী বাহাদুরের বাটী ও বড় কুঠী ও রাজসাহীর কালেজ দিয়া রাজকীয় কাছারী পর্য্যন্ত যায় সেই অংশ।

ডি বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগণা জিলার অন্তর্গত পঞ্চান্নগ্রাম ইস্টেটের ৬ খণ্ডের F উপখণ্ডের ৭২ নং যোতে কালিঘাটস্থ হাজরা পুষ্করিণীর নিকট নর্দ্দমা প্রস্তুত করণার্থে কলিকাতার শাখানগর মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কালিঘাট গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ১৩।।৳ ছটাক পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা সদানন্দ বন্দ্যোপাধ্যায়ের ভূমি ও হাজরা পুষ্করিণী, পূর্ব্ব সীমা হাজরা পুষ্করিণী ও কালীমোহন সরকারের ভূমি, দক্ষিণ সীমা মহিমচন্দ্র হালদারের ভূমি, পশ্চিম সীমা সদানন্দ বন্দ্যোপাধ্যায়ের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

ডি, বারবর
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বরিশাল মুনিসিপালিটীর মধ্যে মুসলমানদের কবর স্থানের জন্যে বরিশাল মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বাকরগঞ্জ জিলার অন্তর্গত বাগুরা মৌজায় ন্যূনাধিক ৩৮৪৸/১ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কালিবাড়ী বর্দ্ধিত পথ, দক্ষিণ সীমা ফজিল চাপরাসীর বাটী, পূর্ব্ব সীমা মেহকমেছা খানমের ভূমি, ও পশ্চিম সীমা রায় ব্রজগোপের বাটী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৫১২ A নম্বর।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।—রঙ্গপুরের অন্তর্গত নেলফামারির আডিশ্যনল মুনসেফ শ্রীযুক্ত বাবু কেদারনাথ রায়কে উক্ত জিলার সদর মুনসেফীহইতে ত্রিহুতে প্রেরণ, ও তথাকার সদর মুনসেফীর দ্বিতীয় মুনসেফের পদে তাঁহার নিয়োগ বিষয়ক ১৮৭৯ সালের ২৫ ফেব্রুয়ারির আজ্ঞা রহিত করা গেল।

দিনাজপুরের দ্বিতীয় সদর মুনসেফ শ্রীযুক্ত বাবু কালীকুমার বসু, বি, এল, ত্রিহুতে প্রেরিত হইয়া তথাকার সদর মুনসেফীর মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।—বাকরগঞ্জ জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্টহইতে শ্রীযুক্ত বাবু নরনারায়ণ রায়ের ও মাধব নারায়ণ রায়ের নাম উঠাইয়া দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ আপ্রিল।]

The 8th April 1879 —Baboo Dinanath Sen, Assistant Inspector of Schools, Chittagong Division, is appointed to be an Honorary Magistrate for the Sudder Bench in the district of Chittagong, and is vested with the powers of a Magistrate of the Third Class

Baboo Joshoda Lal Roy, Landholder and Merchant, is appointed to be an Honorary Magistrate for the Manickgunge Sub Divisional Bench, in the district of Dacca, and is vested with the powers of a Magistrate of the Third Class

The 16th April 1879 —Baboo Poorno Chunder Banerjee is appointed to act as Moonsif of Pursah, in the district of Sarun, during the absence on leave, of Baboo Brojo Mohun Persad, or until further orders

The 18th April 1879 —Baboo Joduputty Banerjee, Additional Moonsif, Comillah, Tipperah, on leave, is transferred temporarily to Busseerhaut, in the 24 Pergunnahs, during the absence, on leave, of Baboo Khetter Mohun Mookerjee, or until further orders, with effect from the date on which he joined that appointment

Mr A W Mackie, Officiating Joint-Magistrate and Deputy Collector, Backergunge, is vested with powers under Sections 417 and 521 of the Criminal Procedure Code

The 19th April 1879 —Baboo Bhobotosh Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Bankoora, is vested with the powers of a Magistrate of the First Class, and with powers under Section 521 of the Criminal Procedure Code

The 21st April 1879 —Baboo Gogan Chunder Banerjee, Officiating Sub-Deputy Collector, Hazareebagh, is vested with the powers of a Magistrate of the Third Class

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 8th April* 1879 —Baboo Brijo Mohun Pershad, Moonsif of Pursah, in the district of Sarun, has been allowed privilege leave of absence for three months, under note 1, section 31 of the Civil Leave Code, with effect from the 7th April 1879, or from such date as he may avail himself of it

Baboo Ambica Churn Ghose, a Moonsif of Diamond Harbour, in the district of the 24-Pergunnahs, having rejoined his post on the 14th April 1879, the unexpired portion of the leave granted to him in Notification No 1248, of the 25th February 1879, at page 175, Part I of the *Calcutta Gazette* of 26th February 1879, is hereby cancelled

The 10th April 1879 —Baboo Khetter Mohun Mookerjee, a Moonsif of Busseerhaut, in the district of the 24-Pergunnahs, has been allowed leave of absence for a month, under section 9, Supplement F of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

The 21st April 1879 —Baboo Gokool Chund, Moonsif of Kudba, in the district of Purneah, has been allowed leave of absence for six months, under section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that already granted to him by notification of the 14th January 1879, at page 58, Part I of the *Calcutta Gazette* of the 22nd February 1879

Baboo Nilmadhub Roy, a Moonsif of Manickgunge, in the district of Dacca, has been allowed leave of absence for one month, under note 1, section 31 of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

A MACKENZIE,
Secy. to the Govt of Bengal

NOTIFICATION

The 9th April 1879 —It is hereby notified for general information that, under the provisions of section 269 of the Code of Civil Procedure (Act X of 1877), the Lieutenant-Governor has passed the following rules for the maintenance and custody, while under attachment, of live stock and other moveable property above the value of 20 rupees —

I The attaching officer shall give the debtor, or, in his absence, any present adult member of his family, the option of having the attached property kept on his premises or in some other place in the village, on condition that a suitable place for its safe custody be provided by him

II If no such suitable place be provided, the officer shall remove the property to the Court at the decree-holder's expense In the event of the decree-holder failing to provide the necessary funds, the attachment shall be withdrawn.

[*Government Gazette*, 29*th April* 1879]

পূর্ব্ব সীমা।—৩ নং সৈচল পর্ব্বত অবধি পীখেরজের শিরঃ স্থানের সম্মুখ পর্য্যন্ত রিজটোজ ও ওয়েরৌজ টোজ নামক দীর্ঘ পর্ব্বত শ্রেণী।

দক্ষিণ সীমা।—রিঙ্খিবজ ও পীখেয়জ উপত্যকা পৃথককারি চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের সীমান্ত স্থানের রেখা।

পশ্চিম সীমা।—এক দিগে রিঙ্খিরজ উপত্যকা ও অন্য দিগে সজু ও কাপাটাই উপত্যকা এই দুয়ের মধ্যগত জলক্ষেপি ভূমি, উক্ত ভূমি আটেলমুয়ী পর্ব্বত হইতে কারো টাঙ্গ ও পিরামিড পর্ব্বত ও পোলাইতের মধ্য দিয়া গিয়া, রামক্রিটোঙ্গ চিহ্নিত বিশেষ স্থানের কিঞ্চিৎ দক্ষিণ যে স্থানে সীমান্ত স্থানের রেখায় মিল সেই স্থান পর্য্যন্ত যায়।

৫।—সজুনামক প্রস্তাবিত বন ভূমির সীমা।

মোদগ্রিখেয়জের মুখে সজু নদীর উপর দিয়া পূর্ব্ব ও পশ্চিম দিক গামি রেখার দক্ষিণে সজু ও তাহার পোষক নদী দিয়া যেং ভূমির জল নির্গত হয় তাহা।

২। ১৮৫৭ সালের ৭ আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্যক্রমে কোন স্বত্ব ত্যাগ হওয়াতে তাহার খেসারত দেওয়া গেলে, সেই স্থল ভিন্ন উক্ত সীমার অন্তর্গত কোন ভূমিতে কিম্বা সেই ভূমির বনোৎপন্ন কোন দ্রব্যে স্বত্ব আছে বলিয়া কোন ব্যক্তির পক্ষে কথিত হইলে সেই স্বত্ব ও তাহার ভার ও পরিমাণের অনুসন্ধান লওন পূর্ব্বক তাহা নির্ণয় করণার্থে তাহা লইয়া আইনঅনুসারে কার্য্য করিবার নিমিত্তে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশর ডেপুটী কমিশানর সাহেবকে ১৮৭৮ সালের ৭ আইনের ২ অধ্যায়ের বিধানমতে বনের বন্দোবস্তী কার্য্যকারক বলিয়া নিযুক্ত করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৬ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের ৩ ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনমতে সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের বিধান ১৮৭৯ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত নগরে ব্যাপ্ত করিলেন।

(১) গয়া জিলার অন্তর্গত গয়া নগরে।

(২) সাঁওতাল পরগনার জিলার অন্তর্গত দেবগড়ে।

উক্ত আইন যে সীমার মধ্যে প্রবল হইবে তাহা ঐ২ নগরের মুনিসিপল সীমার সহিত মিলিবে।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বের সকল আপনপত্র রহিত করিয়া, নিম্নলিখিত মহাশয় দিগকে ২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর মুনিসিপালিটীর কমিশানরের পদে নিযুক্ত করিলেন।

১। মহকুমার আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ নাগ।
২। বারুইপুরের পোলীসের সব-ইনস্পেক্টর শ্রীযুত বাবু রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
৩। নেটিব ডাক্তর শ্রীযুত বাবু রামনারায়ণ সেন।
৪। জমীদার শ্রীযুত বাবু প্রসন্ন কুমার বন্দ্যোপাধ্যায়।
৫। ,, ,, ,, তারাচরণ বন্দ্যোপাধ্যায়।
৬। ,, ,, ,, ক্ষেত্রমোহন রায় চৌধুরী।
৭। ,, ,, ,, দেবেন্দ্র কুমার রায় চৌধুরী।
৮। তালুকদার ,, ,, নিমনারায়ণ মিত্র।
৯। ,, ,, ,, নিবারণ চন্দ্র মিত্র।
১০। জমীদার ,, ,, রাজনারায়ণ দত্ত।
১১। ,, ,, রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।
১২। তালুকদার ,, ,, ভজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।
১৩। সব রেজিষ্ট্রারের আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু শিব হরি পাঠক।
১৪। চৌকীদার শ্রীযুত বাবু উমানাথ চন্দ্র দত্ত।
১৫। ঐ ,, সৈয়দ কাজি মহম্মদ আলি।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ আপ্রিল।]

NOTIFICATION.

The 21st April 1879.—It is hereby notified for general information that, in the exercise of the powers vested in him by Section 32 of Act V (B C.) of 1876, the Lieutenant-Governor is pleased to exclude the following road, situated within the limits of the Rampore Beauleah Municipality, from the operation of the said Act, and to authorise the transfer of the road to the charge of the Road Cess Committee of the district of Rajshahye —

So much of the road from Nattore to the public offices at Rampore Beauleah as runs from the north-west corner of Gosain Gunga Dutta Bharati's house to the public cutcherries *viâ* the Beauleah police-station, Rai Greesh Chunder Lahiri Bahadoor's house, the Burrah Kotee, and the Rajshahye College

D Barbour,
Offg Secy to the Govt of Bengal.

DECLARATION

The 19th April 1879 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Municipality of the Suburbs of Calcutta for a public purpose, viz for constructing a drain near Hazrah tank in Kalighat, in holding No 72, Sub-Division E, Division VI, of estate Punchanagram, in district 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 cottahs 8¼ chittacks of standard measurement, is required within the aforesaid village of Kalighat It is bounded on the north by land belonging to Sudanund Banerjee and the Hazrah tank, on the east by the Hazrah tank and land belonging to Kalli Mohan Sircar, on the south by land belonging to Mohima Chandra Haldar, on the west by land belonging to Sudanund Banerjee

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

D Barbour,
Offg Secy to the Govt of Bengal

DECLARATION

The 19th April 1879 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Burrisal Municipality for a public purpose, viz for providing a Mahomedan burial ground within the Municipality of Burrisal, it is hereby declared that for the above purpose a piece of land in mouzah Bagura, in the district of Backergunge, measuring, more or less, 3 beeghas 19 cottahs and 14½ chittacks, is required It is bounded on the north by the Kalibaree Extension road, south by Fazil Chaprassi's premises, east by Meharunnissa Khanam's land, a d west by Ray Chundra Gope's premises

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

D Barbour,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT.

No 2562A

The 4th April 1879 —The orders of the 24th February 1879, transferring Baboo Kedar Nath Roy, Additional Moonsif of Nelphamaree, in Rungpore, and of the Sudder Moonsifee of that district, to Tirhoot, and appointing him to be Second Moonsif of the Sudder Moonsifee of that place, are cancelled.

Baboo Kali Coomar Bose, B L, Second Sudder Moonsif of Dinagepore, is transferred to Tirhoot, and is appointed to be Moonsif of the Sudder Moonsifee of that place

The 5th April 1879 —The names of Baboo Nar Narayan Roy and Madhub Narayan Roy are removed from the list of Honorary Magistrates of the district of Backergunge.

[*Government Gazette*, 29*th April* 1879.]

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—চট্টগ্রাম খণ্ডের স্কুল সমূহের আসিষ্টান্ট ইনস্পেক্টর শ্রীযুত বাবু দীননাথ সেন, চট্টগ্রাম জিলার সদর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা হইলেন।

ভূম্যধিকারী ও সওদাগর শ্রীযুত বাবু যশোদা লাল রায় ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জ মুহকুমার বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৬ আপ্রিল।—শ্রীযুত বাবু ব্রজমোহন প্রসাদের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় সারণ জিলার অন্তর্গত পরসার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ত্রিপুরার অন্তর্গত কমিল্লার আডিশনেল মুনসেফ শ্রীযুত বাবু যদুপতি বন্দ্যোপাধ্যায় যে তারিখে ২৪ পরগনার অন্তর্গত বশীরহাটে কর্ম্ম গ্রহণ করেন তদবধি কিয়ৎকালের নিমিত্তে তথায় প্রেরিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

বাকরগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, ডবলিউ, মেকাই সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪১৭ ও ৫২১ ধারামত ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু জয়তোষ বন্দ্যোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫২১ ধারামত ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।—হাজারীবাগের একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গগনচন্দ্র বন্দ্যোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৯ সাল ৮ আপ্রিল। সারণ জিলার অন্তর্গত পরসার মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন প্রসাদ ১৮৭৯ সালের ৭ আপ্রিল অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ মন্তব্য মতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছীর মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ ঘোষ ১৮৭৯ সালের ১৪ আপ্রিলে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করাতে ১৮৭৯ সালের ৪ মার্চের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১৭১ পৃষ্ঠায় ১৮৭৯ সালের ২৫ ফেব্রুয়ারির ১২৪৮নং জ্ঞাপনপত্রমতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৯ সাল ১০ আপ্রিল।—২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।—পুরুলিয়া জিলার অন্তর্গত কসবার মুনসেফ শ্রীযুত গোকুল চাঁদ বাবু ১৮৭৯ সালের ২৮ জানুয়ারির বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬৯ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ১৪ জানুয়ারির জ্ঞাপনপত্রক্রমে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ মন্তব্যমতে এক মাসের ছুটী পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৯ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের ১০ আইনের ২৬৯ ধারার বিধানমতে ২০৲ টাকার অধিক মূল্যের পশুপক্ষ্যাদি ও অন্য অস্থাবর সম্পত্তি ক্রোকী অবস্থায় থাকিবার কালে তাহার আহারাদির ও রক্ষণাবেক্ষণের নিম্নলিখিত বিধি প্রচার করিলেন।

১। ক্রোককারি আমলা, খাতককে কিম্বা তাঁহার অনুপস্থানে তাঁহার পরিবারস্থ তৎকালে উপস্থিত বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ক্রোক করা সম্পত্তি তাঁহার বাটীতে কিম্বা গ্রামের অন্য কোন স্থানে এই নিয়মে রাখিতে দিবেন যে, তিনি এমত স্থান নিরূপণ করেন যেন তথায় তাহার তছরুপাত না হয়।

২। উক্তরূপ স্থান নিরূপণ করা না গেলে, সেই আমলা ডিক্রীদারের খরচে সেই সম্পত্তি আদালতে লইয়া যাইবেন। ডিক্রীদার প্রয়োজনীয় খরচা দিতে না পারিলে সেই ক্রোক উঠাইয়া লওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ আপ্রিল।]

III Whenever attached property is kept at the place where it is attached, the officer shall forthwith report the fact to the Court, and shall, with his report, forward an accurate list of the property seized, such that the Court may thereon at once issue the proclamation of sale prescribed by section 287

IV If the debtor shall give his consent in writing to the sale of the property without awaiting the expiry of the term prescribed in section 290, the officer shall receive the same and forward it without delay to the Court for its orders.

V When property is removed to the Court, it shall be kept by the Nazir on his own sole responsibility in such place as may be approved by the Court If the property cannot, from its nature or bulk, be conveniently kept in the Court premises, or in the personal custody of the Nazir, he may, subject to approval by the Court, make such arrangements for its safe custody under his own supervision as may be most convenient and economical, and the Court may fix the remuneration to be allowed to the persons, not being officers of the Court, in whose custody the property is kept

VI When property remains at the place where it is attached in the custody of the attaching officer, and any person other than the judgment debtor shall claim the same or any part of it, the officer shall nevertheless, unless the decree-holder desires to withdraw the attachment of the property so claimed, remain in possession, and shall direct the claimant to prefer his claim to the Court.

VII. If the decree-holder shall withdraw an attachment, or if it shall be withdrawn under Rule II or Rule IX, the attaching officer shall inform the debtor, or, in his absence, an adult member of his family, that the property is at his disposal

In the absence of any person to take charge of it, or in case the officer shall have had notice of claim by a person other than the judgment-debtor, the officer shall, if the property has been moved from the premises in which it was seized, replace it where it was found at the time of seizure

VIII Whenever live-stock is kept at the place where it has been attached, the judgment-debtor shall be at liberty to undertake the due feeding and tending of it under the supervision of the attaching officer, but the latter shall, if required by the decree holder, and on his paying for the same at a rate to be fixed by the District Judge, and subject to the orders of the Court under whose orders the attachment is made, engage the services of as many persons as may be necessary for the safe custody of it.

IX. In the event of the judgment-debtor failing to feed attached live-stock, the officer shall call upon the decree-holder either to pay for feeding it on the spot or for the expenses attending its removal to the Court. If the decree-holder shall fail to provide for either, the officer shall report the matter to the Court without delay

X When attached live-stock is brought to Court, the Nazir shall be responsible for the safe custody and proper feeding of it, so long as the attachment continues

XI If there be a Government pound in or near the place where the Court is held, the Nazir shall be at liberty to place in it such attached live-stock as can be properly there kept, in which case the pound-keeper will be responsible for the property to the Nazir, and shall receive the same rates for accommodation and maintenance thereof as are paid in respect of impounded cattle of the same description

XII. If there be no pound available, or if, in the opinion of the Court, it be inconvenient to lodge the attached live-stock in the pound, the Nazir may keep it in his own premises, or he may entrust it to any person selected by himself and approved by the Court. The Nazir will in all cases remain responsible for the custody of the property

XIII Each Court shall from time to time fix the rates to be allowed for the custody and maintenance of the various descriptions of live-stock with reference to seasons and local circumstances. The District Judge may make any alteration he deems fit in the rates prescribed by Courts subordinate to him. Where there are two or more Courts in the same place, the rates shall be the same for each Court.

[*Government Gazette*, 29th *April* 1879.]

৩। সম্পত্তি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানেই তাহা রাখা গেলে আমলা সেই কথা আদালতে অবিলম্বে রিপোর্ট করিবেন, ও তাঁহার সেই রিপোর্টের সঙ্গে ক্রোক করা সম্পত্তির শুদ্ধ তালিকা পাঠাইবেন, আদালত তাহাতে যেন ২৮৭ ধারার নির্দিষ্ট নীলামের ঘোষণাপত্র অবিলম্বে দিতে পারেন।

৪। খাতক ২৯০ ধারার নির্দ্দিষ্ট সময় অতীত হইবার অপেক্ষা না করিয়া সম্পত্তি নীলাম করিবার সম্মতি লিখিয়া দিলে সেই আমলা তাহা গ্রহণ করিয়া আদালতের আজ্ঞার নিমিত্তে অবিলম্বে তাহা পাঠাইয়া দিবেন।

৫। সম্পত্তি আদালতে লইয়া গেলে, আদালত যে স্থানে অনুমোদন করেন নাজীর সেই স্থানে আপন ঝুঁকিতে তাহা রাখিবেন। সম্পত্তির প্রকার ও আকার বিবেচনায় আদালত বাটীতে কিম্বা নিজ নাজীরের জিম্মায় সুবিধামতে রাখা যাইতে না পারিলে নাজীর আদালতের অনুমোদনক্রমে স্বীয় তত্ত্বাধীনে অতি সুবিধামতে ও পরিমিতব্যয়ে তাহা নির্ব্বিঘ্নে রাখিবার নিয়ম করিবেন। আদালতের আমলাভিন্ন যাঁহাদের রক্ষণে সম্পত্তি রাখা যায় তাঁহাদের যত বেতন দিতে হইবে আদালত তাহা স্থির করিতে পারিবেন।

৬। সম্পত্তি যে স্থানে ক্রোক করা গেল ক্রোককারি আমলার রক্ষণে তাহা সেই স্থানেই থাকিলে ডিক্রীমত খাতক ভিন্ন কোন ব্যক্তি সেই সম্পত্তি বা তাহার কোন অংশ দাওয়া করিলে ডিক্রীদার উক্ত দাওয়া করা সম্পত্তির ক্রোক উঠাইয়া লইতে ইচ্ছুক না হইলে উক্ত আমলা তাহা অধিকারে রাখিয়া দাওয়াদারকে আদালতে আপন দাওয়া উপস্থিত করিবার আদেশ করিবেন।

৭। ডিক্রীদার ক্রোক উঠাইয়া লইলে কিম্বা এই বিধির ২ ও ৯ ধারামতে ক্রোক উঠাইয়া লওয়া গেলে ক্রোককারি আমলা খাতককে কিম্বা তাঁহার অনুপস্থানে তাঁহার পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে উক্ত সম্পত্তি যে তাহার স্বেচ্ছাধীনে আছে ইহা জানাইবেন।

উক্ত সম্পত্তি জিম্মা করিয়া লইবার কোন ব্যক্তি উপস্থিত না থাকিলে, কিম্বা উক্ত আমলা ডিক্রীমত খাতক ভিন্ন অন্য ব্যক্তির স্থানে দাওয়ার নোটিস পাইলে সম্পত্তি যে বাড়ীতে হস্তগত করা গিয়াছিল তথাহইতে অন্য বাটীতে সরান গেলে হস্তগত করিবার সময়ে যে স্থানে পাওয়া গিয়াছিল উক্ত আমলা পুনরায় তাহা তথায় লইয়া রাখাইবেন।

৮। পশুপক্ষ্যাদি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানেই রাখা গেলে ডিক্রীমত খাতক ক্রোককারি আমলার তত্ত্বাধীনে উপযুক্তমতে তাহার আহারাদি দিবার ও রক্ষা করিবার ভার লইতে পারিবেন, কিন্তু ডিক্রীদার যদি ক্রোককারি আমলাকে আদেশ করেন, তবে জিলার জজ সাহেবের নির্দ্দিষ্ট হারানুসারে ডিক্রীদার সেই খরচ দিলে যে আদালতের আদেশমতে ক্রোক করা যায় তাহার আজ্ঞাধীনে তাহা নির্ব্বিঘ্নে রাখিবার নিমিত্ত যত জনের কর্ম্মের আবশ্যক তত জনকে নিযুক্ত করিতে পারিবেন।

৯। ডিক্রীমত খাতক ক্রোককরা পশুপক্ষ্যাদির আহার দিতে ত্রুটি করিলে ক্রোককারী আমলা ডিক্রীদারকে হয় সেই স্থানে তাহার আহারের টাকা দিবার, না হয় আদালতে তাহা লইয়া যাইবার খরচ দিবার আদেশ করিবেন। ডিক্রীদার তাহার কিছুই না দিলে উক্ত আমলা আদালতে অবিলম্বে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১০। ক্রোক করা পশুপক্ষ্যাদি আদালতে আনা গেলে যত দিন তাহা ক্রোকী অবস্থায় থাকে তত দিন নাজীর তাহার রক্ষণাবেক্ষণের ও উপযুক্তমত আহার দিবার দায়ী হইবেন।

১১। আদালত যে স্থানে আছে সেই স্থানে বা তন্নিকটে সরকারী খোঁয়াড়ি থাকিলে, তথায় ক্রোক করা যত পশ্বাদি উপযুক্তমতে রাখা যাইতে পারে নাজীর তত রাখাইবেন। এমত স্থলে খোঁয়াড়িরক্ষক নাজীরের নিকট উক্ত সম্পত্তির দায়ী হইবেন, ও খোঁয়াড়ে রক্ষ্য যেং জাতীয় পশুর থাকিবার ও আহারের নিমিত্ত যে হারে খরচ পাইয়া থাকেন সেইং জাতীয় পশুর নিমিত্ত সেই হারে খরচ পাইবেন।

১২। খোঁয়াড়ি তথায় পাওয়া না গেলে কিম্বা আদালতের বিবেচনায় ক্রোক করা পশ্বাদি খোঁয়াড়ে রাখার অসুবিধা হইলে নাজীর তাহা লইয়া আপন বাটীতে রাখিতে পারিবেন অথবা তাঁহার মনোনীত ও আদালতের অনুমোদিত কোন ব্যক্তির জিম্মায় রাখিতে পারিবেন। নাজীর সকল স্থলেই উক্ত সম্পত্তি সংরক্ষণের দায়ী থাকিবেন।

১৩। প্রত্যেক আদালত কাল ও স্থানের অবস্থা বিবেচনায় নানা জাতীয় পশুপক্ষ্যাদি জিম্মায় রাখিবার ও তাহার আহারাদি দিবার কত খরচ লাগিবে ইহার হার সময়েং নিরূপণ করিবেন, জিলা জজসাহেব আপন অধীন আদালতের নির্ণীত হারের কোন পরিবর্ত্তন করা উচিত বোধ করিলে তাহা করিতে পারিবেন। এক স্থানে দুই বা তদধিক আদালত থাকিলে প্রত্যেক আদালতের হার সমান হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ আপ্রিল।]

XIV. The officer deputed to attach moveable property should be furnished with a certificate stating the period for which the Court fee required under Rule I, Article 4, Parts II, III, IV of the Court Fee Rules has been paid, and he shall give notice thereof to the judgment-debtor or other person at whose instance he remains in possession at the place of attachment, and if such person shall desire that the property shall remain at that place for a longer period, he shall be bound to pay into Court in advance the further fee as required by Rule IV

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT

The 17th April 1879.

No 97 —*Leave of absence* —Mr F Sills, Executive Engineer, Fourth Grade, attached to the First Calcutta Division, is allowed leave on medical certificate for six months, under Civil Leave Code, Supplement F, section 8

Mr F. Sills is also allowed fourteen days' preparatory leave under the above rules, section 3

The 19th April 1879

No 98 —Mr A H Tyndall, Executive Engineer, Third Grade, attached to the Darjeeling Division, is allowed furlough for twelve months, under Civil Leave Code, Chapter IV, section 12

Mr Tyndall is also allowed preparatory leave for one month under the above Code, Chapter VI, section 24

No 99 — Baboo Prosono Coomar Dumary, Assistant Engineer, Third Grade, attached to the Hazareebagh Division, is allowed privilege leave for two months, under Civil Leave Code, Supplement F, section 12

Baboo Prosono Coomar Dumary availed himself of the above leave from the 9th April 1879, before noon

The 21st April 1879.

No. 100 —*Appointments* —Mr S A Stewart, Executive Engineer, Second Grade, Third Calcutta Division, to officiate as Executive Engineer, Darjeeling Division during the absence, on privilege leave, of Captain G F E S Neill, or until further orders

No 101 —Mr P J. Neuville, Executive Engineer, Third Grade, attached to the Burdwan Division, is appointed to officiate as Executive Engineer of the Third Calcutta Division as a temporary measure, or until further orders

No 102.—*Notifications* —Baboo Radhica Narain Ghose, Assistant Engineer (temporary rank), First Grade, joined the Third Calcutta Division on the 15th April 1879, before noon

No 103 —Baboo Kirth Chunder Chowdry, Assistant Engineer, Second Grade, joined the Circular and Eastern Canals Division on the 15th April 1879, before noon

No 104 —Mr. J S. Carey, Executive Engineer, Fourth Grade, joined the Hazareebagh Division on the 3rd April 1879, before noon

No 105 —*Leave of absence* —Mr J S. Carey, Executive Engineer, Fourth Grade, Hazareebagh Division, is allowed subsidiary leave from the 19th March to the 2nd April 1879 under Chapter VI, section 24 (*b*) of the Civil Leave Code

No 106 —*Notification* —Mr W H. Nightingale, Executive Engineer, Fourth Grade joined the Dinagepore Division on the 2nd April 1879, before noon

No 107 —*Reversions* —The following Officers holding temporary rank will revert to their permanent rank as specified opposite to their names from the 2nd April 1879 —

Mr W Cannon, Assistant Engineer, First Grade, Officiating Executive Engineer, Bhagulpore Division

Mr E S B Pereira, Assistant Engineer, Second Grade, attached to the Dinagepore Division

[*Government Gazette*, 29*th April* 1879]

১৪। অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে যে আমলাকে পাঠান যায় তাঁহাকে সর্টিফিকেট দেওয়া যাইবে, তাহাতে আদালতের ফী বিষয়ক বিধির দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ ভাগের ১ ধারার ৪ প্রকরণমতে যত দিনের নিমিত্ত প্রয়োজনীয় কোর্ট ফী দেওয়া গিয়াছে তাহা লেখা থাকিবে, ও তিনি ডিক্রীমত পাওনাদারকে কিম্বা অন্য যে ব্যক্তির প্রার্থনামতে ক্রোক করিবার স্থানে ক্রোকী দ্রব্য অধিকারে লইয়া থাকেন তাঁহাকে তাহার নোটিস দিবেন, ও সেই ব্যক্তি যদি সেই স্থানে সেই সম্পত্তি আরও অধিক কাল রাখিবার ইচ্ছা করেন তাহা হইলে তিনি ৪ ধারার আদেশমত আরও ফী আদালতে অগ্রিম দিতে বদ্ধ হইবেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

নিযুক্তা বিষয়ক।

১৮৭৯ সাল ১৭ আপ্রিল।

৯৭ নম্বর।—ছুটী।—কলিকাতার প্রথম খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, সিলস সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এফ, সিলস সাহেব উক্ত বিধির ৩ধারামতে প্রস্তুত হওনার্থ চৌদ্দ দিনের ছুটীও পাইলেন।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।

৯৮ নম্বর।—দার্জ্জিলিঙ্গ খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এচ, টিওন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির চতুর্থ অধ্যায়ের ১২ ধারামতে বার মাসের নিয়মিত ছুটী পাইলেন।

শ্রীযুত টিওন সাহেব উক্ত বিধির ষষ্ঠ অধ্যায়ের ২৪ ধারামতে প্রস্তুত হওনার্থে এক মাসের ছুটীও পাইলেন।

৯৯ নম্বর।—হাজারীবাগ খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু প্রসন্ন কুমার ফুলিয়ারী সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার ফুলিয়ারি ১৮৭৯ সালের ৯ আপ্রিলের পূর্ব্বাহ্ন অবধি উক্ত ছুটী গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।

১০০ নম্বর।—নিয়োগ।—কাপ্তান শ্রীযুত জি. এফ, ই, এস, নীল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, কলিকাতার তৃতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব দার্জ্জিলিঙ্গ খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

১০১ নম্বর।—বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, জে, মিউবিল সাহেব কিয়ৎ কালের নিমিত্তে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় কলিকাতার তৃতীয় খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১০২ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর কিয়ৎ কালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু রাধিকানারায়ণ ঘোষ, ১৮৭৯ সালের ১৫ আপ্রিলের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১০৩ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কীর্ত্তিচন্দ্র চৌধুরী ১৮৭৯ সালের ১৫ আপ্রিলের পূর্ব্বাহ্নে নবকুলের ও পূর্ব্ব খাল খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১০৪ নম্বর।—চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, কেরি সাহেব ১৮৭৯ সালের ৩ আপ্রিলের পূর্ব্বাহ্নে হাজারীবাগ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১০৫ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডের চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র, শ্রীযুত জে, এস, কেরি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ষষ্ঠ অধ্যায়ের ২৪ (B) ধারামতে ১৮৭৯ সালের ১৯ মার্চ্চ অবধি ২ আপ্রিল পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১০৬ নম্বর।—বিজ্ঞাপন।—চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ নাইটীংগল সাহেব ১৮৭৯ সালের ২ আপ্রিলের পূর্ব্বাহ্নে দিনাজপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১০৭ নম্বর।—পদে প্রত্যাগমন।—কিয়ৎ কালীন পদধারী নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বে নির্দ্দিষ্ট স্থায়ি পদে ১৮৭৯ সালের ২ আপ্রিল অবধি প্রত্যাগমন করিবেন।

ভাগলপুর খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র ও একটিং একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, কনন সাহেব।

দিনাজপুর খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, এস, বি, পেরিরা সাহেব

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ আপ্রিল।]

(LOCAL COMMUNICATIONS)

The 21st April 1879.

No 108 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction, of a road from Nazirpore to Kaligunge, running through the villages of Nazirpore, Badura Badarpore, Damybhur, Bagirchar, Dewla, Bhaschar, Gazirchar, Kootba, Rujina, and Taltali, in the sub-division of Dakhin Shabazpore, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land 14 miles in length and 80 feet in breadth, measuring more or less 410 bighas 2 chittacks of standard measurement, is required within the aforesaid villages of Nazirpore, Badura, Badarpore, Damybhur, Bagirchar, Dewla, Bhaschar, Gazirchar, Kootba, Rujina, and Taltali.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 109 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for making bricks and constructing a road from Kusba running through the villages of Monyand and Mogra, to the boundary of the British territory towards Agurtolah in thana Kusba, zillah Tipperah, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 9¾ miles in length and from 62 to 150 feet in breadth, is required within the aforesaid villages of Monyand and Mogra

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 111 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a road from Dowlutkhan to Mirzakalu, running through the villages of Betooa, Naldagu Baikantpore, Mirpore, Sarippore, Nischendopore, Malingchar, Utter Ramdebpore, Payerpore, and Saidalia, in the sub-division of Dakhin Shabazpore, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land 11½ miles in length and 80 feet in breadth, measuring more or less 337 beeghas 6 cottahs 1 chittack of standard measurement, is required within the aforesaid villages of Betooa, Naldagu, Baikantpore, Mirpore, Sarippore, Nischendopore, Malingchar, Utter Ramdebpore, Payerpore, and Saidalia

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 112 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for widening the road from Bishenpore to Joyrampore in the villages of Jujghati, Radhanagar, and Joykristopore, pergunnah and thana Bishenpore, zillah Bankoora, it is hereby declared that for the above purpose pieces of land measuring, more or less, 10 cottahs of standard measurement, bounded as below, are required within the aforesaid villages of Jujghati, Radhanagar, and Joykristopore —

Plot No 1 —Bounded on the east and south by the Birai river, west by mouzah Dwarka, and north by Raelpore and Dwarka mouzahs

Plot No 2 —Bounded on the east by the village of Bendra, on the west by the village of Amral, north by the villages of Chuamasina and Joyrampore, and south by the village of Kankila

Plot No 3.—Bounded on the east by the villages of Gurhati and Bhatra, west by the village of Paikpara, north by a khal called Kana Nadi, and south by Josoda Khal

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

A. CADELL, *Major-General*, R E.,

Secy to the Govt of Bengal,

P. W. Dept

[*Government Gazette*, 29*th April* 1879]

(স্থানীয় বর্ত্ম্যাদিবিষয়ক)

১৮৭৯ সাল ২১ আপ্রিল ।

১০৮ নম্বর ।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাবাজপুর মহকুমার মাজিরপুর ও হাতুয়া ও বদরপুর ও দামিভর ও বাগিরচর ও দেওলা ও ভাশচর ও গাজিরচর ও কুডবা ও রজিনা ও তালতলী গ্রামের মধ্যদিয়া মাজিরপুর অবধি কালীগঞ্জ পর্য্যন্ত, পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মাজিরপুর ও হাতুয়া ও বদরপুর ও দামিভর ও বাগিরচর ও দেওলা ও ভাশচর ও গাজিরচর ও কুডবা ও রজিনা ও তালতলী গ্রামে ১৪ মাইল দীর্ঘ ও ৮০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৪১০/ বিঘা ৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

১০৯ নম্বর ।— ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ হাট করিবার জন্য ও ত্রিপুরা জিলার অন্তর্গত কশবা থানার সামিল কশবা হইতে মনিয়ান্দ ও মোগরা গ্রামের মধ্যদিয়া আগর টোলার দিগে ব্রিটিষ রাজ্যের সীমা পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মনিয়ান্দ ও মোগরা গ্রামে ন্যূনাধিক ৯৮ মাইল দীর্ঘ ও ৬২ অবধি ১৫০ ফুট পর্য্যন্ত প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১১৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

১১১ নম্বর ।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাবাজপুর মহকুমার বেতুয়া ও মলদাও ও বৈকুণ্ঠপুর ও মিরপুর ও সবিপপুর ও নিশ্চিন্তপুর ও মলিঙ্গচর ও উত্তর রামদেবপুর ও পেয়রপুর ও সৈদালিয়া গ্রামের মধ্যদিয়া দৈলৎখাঁ অবধি মির্জাকালু পর্য্যন্ত পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বেতুয়া ও মলদাও ও বৈকুণ্ঠপুর ও মিরপুর ও সবিপপুর ও নিশ্চিন্তপুর ও মলিঙ্গচর ও উত্তর রামদেবপুর ও পেয়রপুর ও সৈদালিয়া গ্রামে ১১৪ মাইল দীর্ঘ ও ৮০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৩৩৭।১/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

১১২ নম্বর ।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর পরগনার ও থানার সামিল জয়ঘাটী ও রাধানগর ও জয়কৃষ্ণপুর গ্রামে বিষ্ণুপুর অবধি জয়রামপুর পর্য্যন্ত পথ পরিসর করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত জয়ঘাটী ও রাধানগর ও জয়কৃষ্ণপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ।।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমির সীমা এই,—

১ নং খণ্ডের,—পূর্ব্ব ও দক্ষিণ সীমা বিরৈ নদী, পশ্চিম সীমা দ্বারকা মৌজা, ও উত্তর সীমা রাযেল-পুর ও দ্বারকা মৌজা ।

২ নং খণ্ডের,—পূর্ব্ব সীমা বেত্রাগ্রাম, পশ্চিম সীমা আমরল গ্রাম, উত্তর সীমা চুনামসিনা ও জয়-রামপুর গ্রাম, ও দক্ষিণ সীমা কাঁকিলা গ্রাম ।

৩ নং খণ্ডের,—পূর্ব্ব সীমা গরহাটী ও ভাতরা গ্রাম, পশ্চিম সীমা পাইকপাড়া গ্রাম, উত্তর সীমা কাণা নদী নামে খাল, ও দক্ষিণ সীমা যশোদা খাল ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

এ, কাডেল, মেজর-জেনেরল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ২৯ আপ্রিল ।]

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

Dated 19*th April* 1879.

No 110.—*Leave*.—Mr. R. B. Buckley, Executive Engineer, Fourth Grade, Eastern Sone Division, is granted subsidiary leave for 15 days preparatory to proceeding to Europe on furlough

No. 111.—Mr. F B Pemberton, Executive Engineer, Third Grade, left the Northern Drainage and Embankment Division, and availed himself on the afternoon of the 7th April 1879 of the subsidiary leave granted him in the order, marginally noted

No 99, dated 4th April 1879

No 112.—*Transfer*.—Mr G A G Shawe, Assistant Engineer, Second Grade, is transferred, in the interests of the public service, from the Dehree Workshop Division to the Arrah Division, which he joined on the forenoon of the 10th April 1879

Dated 21*st April* 1879.

No 113.—*Declarations*.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an escape channel from the Jytpur Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 1 mile and 1,200 feet in length and 112 feet in width, and containing 16 acres 2 roods and 16 poles of land, more or less, is required within the villages of Sonpoora and Jyatpur, pergunnah Pawar, in the district of Shahabad

This declaration is made under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 114.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an escape channel from the Belawar Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 1 mile and 4,000 feet in length and averaging from 56 to 96 feet in width, more or less, and containing 16 acres 3 roods and 3 poles of land, more or less, is required within the villages Jamooaon, pergunnah Pawar, and Dehri, pergunnah Arrah, in the district of Shahabad

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 115.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an escape channel from the Becheeaon Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 2,640 feet in length and 60 feet in width, more or less, and containing 3 acres 2 roods and 16 poles of land, is required within the village of Becheeaon, pergunnah Pawar, in, the district of Shahabad

This declaration is made under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 116.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is equired to be taken by Government at the public expense for a public purpose, viz for an rescape channel from the Usnee Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 1,520 feet long and 70 feet wide, and containing 2 acres 3 roods and 35 poles, more or less, is required within the village of Usnee, pergunnah Arrah, in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

Dated 22*nd April* 1879

No. 117.—*Leave*.—Mr R. A Oldham, Executive Engineer, Fourth Grade, is granted subsidiary leave from 21st to 24th April 1879, both days inclusive, preparatory to proceeding to Europe on furlough.

D B. HORN,
Asst Secy, for Joint-Secy to the Govt of Bengal,
in the P. W. Dept, Irrigation Branch

[*Government Gazette,* 29*th April* 1879]

জলসেচন সম্পর্কীয়,

সিবিল সর্বিস বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।

১১০ নম্বর।—ছুটী।—পূর্ব্ব সোণ খণ্ডের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, বি, বকলে সাহেব, নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিবার নিমিত্তে প্রস্তুত হওনার্থে পনের দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১১১ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ বি, পেস্কটম সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে আনুষঙ্গিক ছুটী পান ১৮৭৯ সালের ৭ আপ্রিলের অপরাহ্ণে তাহা গ্রহণ করিয়া উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ড হইতে গমন করিলেন।

১৮৭৯ সালের ৪ আপ্রিলের ৯৯ নং।

১১২ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এ, জি, শা সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ডিহিরী কারখানাখণ্ড হইতে আরা খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৯ সালের ১০ আপ্রিলের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।

১১৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চৈৎপুর জল বিতরণের নালাহইতে জল যাইবার নালা করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টকর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত পওয়ার পরগনার সোণপুরা ও চৈৎপুর গ্রামে প্রায় ১ মাইল ১২৫০ ফুট দীর্ঘ ও ১১২ ফুট প্রস্ত অর্থাৎ ১৬ একর ২ রুড ১৬ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১১৪ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বেলওয়ার জল বিতরণের নালা হইতে জল যাইবার নালা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টে-নেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত পাওয়ার পরগনার জমুয়াওন ও আরা পরগনার ডিহিরী গ্রামে ন্যূনা-ধিক ১ মাইল ৪০০০ ফুট দীর্ঘ ও গড়ে ৫৬ অবধি ৯১ ফুট পর্য্যন্ত প্রস্ত অর্থাৎ ন্যূনাধিক ১৬ একর ৩ রুড ৩ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি। বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী

দ্রষ্টব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা „ „	১০৲
খবরং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ এপ্রিল।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওইন্ বরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

P. J P.—Regr No. 610—1150—28-4-79.

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

TUESDAY, APRIL 29, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৯ আপ্রিল।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

AMENDMENT OF THE LAW REGARDING THE ADMINISTRATION OF NATIVE RELIGIOUS AND CHARITABLE ENDOWMENTS

Dated Calcutta, the 28th October 1878

RESOLUTION—By the Government of Bengal, Revenue Department

THE necessity of amending the law regulating the administration of native religious and charitable endowments has been frequently of late years pressed upon the consideration of this Government and the Government of Madras, and has been fully admitted by the Government of India The only doubt has been as to the precise direction which such fresh legislation should take In order to the better understanding of the issues involved, and with a view to elicit a more general expression of opinion from the native public of Bengal, it is proposed in the following paragraphs to review in some detail the past history of the question.

2. The preamble of Regulation XIX of 1810 set forth that—"Whereas considerable endowments have been granted in land by the preceding Governments of this country and by individuals for the support of mosques, Hindoo temples, colleges, and for other pious and beneficial purposes, and whereas there are grounds to suppose that the produce of such lands is in many instances appropriated, contrary to the intentions of the donors, to the personal use of the individuals in immediate charge and possession of such endowments, and whereas it is an important duty of every Government to provide that all such endowments should be applied according to the real intent and will of the grantor, ... the following rules have been enacted " The Regulation then went on to provide that the general superintendence of all lands granted for the foregoing purposes should be vested in the Board of Revenue and Board of Commissioners in the several districts subject to the control of those Boards respectively. It was declared to be their duty to take care that all endowments of the kind described should be duly appropriated to the purpose for which they were destined, and to prevent any such lands from being converted to private uses or misappropriated To enable the Boards to carry into effect their duties, local agents were appointed in each zillah and made subject to their control. The Collector was always to be *ex-officio* a local agent, and with him were associated such officers in the civil, military, or medical branches of the service as the Governor-General in Council judged expedient (By Act XXXVIII of 1837, the restriction of appointments to these branches of the service was removed) It was made the duty of the local agents to obtain full information regarding *all* endowments of the kind described in the preamble, and to report to the Boards instances of misappropriation, also to ascertain and report the names, together with other particulars, of the (then) *present* trustees, managers, or superintendents of the various institutions, also to report all vacancies and casualties among such persons, with full information of all circumstances, to enable the Boards to judge of the pretensions of the person or persons claiming the trust, particularly information regarding the character of the succession up to date. Where the nomination vested in, or devolved upon, Government, the local agents were to propose a fit person to the Board, who would either appoint him, or make other suitable arrangements Any individual aggrieved by any orders passed by the Boards or local agents with respect to the appropriation of any lands might sue for redress in the civil courts.

3 Such were the provisions of the first law on the subject of religious and charitable endowments in Bengal It will be observed that the regulation only provided for the due administration of *lands* granted for pious uses before the passing of the regulation It took no cognizance of endowments other than land, or of grants made after the date of its passing But as regards landed endowments existing in 1810, the intention was that *all* of them should be brought under the control of the local agents and the Board As a fact, however, in the great majority of districts in Bengal the provisions of the regulation were never put in force. Outside the province of *Orissa*, where the religious endowments were too prominent a feature in the district economy

দেশীয় ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য বিষয়ের কার্য্য নির্ব্বাহার্থ আইনের সংশোধন।

রাজস্ব কার্য্যবিভাগ ভূমির রাজস্ব।

কলিকাতা, ২৮ অক্টোবর ১৮৭৮।

নির্দ্ধারণ।

দেশীয় ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য বিষয়ের কার্য্য নির্ব্বাহার্থ আইনের সংশোধনের আবশ্যকতা বিগত কয়েক বৎসর মধ্যে অনেকবার বলবৎরূপে এই গবর্ণমেণ্ট ও মান্দ্রাজ গবর্ণমেণ্টের বিবেচনা জন্য উপস্থাপিত হইয়াছে এবং ভারতবর্ষীয় গবর্ণমেণ্টও সম্পূর্ণরূপে ইহার প্রয়োজনীয়তা স্বীকার করিয়াছেন। কিন্তু নূতন ব্যবস্থা করিতে হইলে ঠিক কোন্ পথ অবলম্বন করিতে হইবে ইহাই কেবল সন্দেহস্থল রহিয়াছে। এ সম্বন্ধে যে যে প্রশ্ন উত্থাপিত হইতে পারে তাহা ভালকরিয়া বুঝিবার নিমিত্ত, এবং বঙ্গদেশীয় জনসাধারণের অভিপ্রায় বিশেষরূপে অবগত হইবার উদ্দেশে, নিম্নে কথঞ্চিৎ বিস্তারিতরূপে এই বিষয়ের পূর্ব্ববৃত্তান্ত পর্য্যালোচনা করিতে প্রবৃত্ত হওয়া যাইতেছে।

২। ১৮১০ সালের ১৯ আইনে লিখিত আছে যে, যে হেতুক মসজিদ, হিন্দুদেবালয়, ও বিদ্যালয়ের প্রতিপোষণ জন্য এবং অন্যরূপে ধর্ম্মার্থে ও উপকারার্থে এদেশের পূর্ব্ববর্ত্তী শাসন কর্ত্তৃগণ ও কোন কোন ব্যক্তি অনেক ভূসম্পত্তি দান করিয়া গিয়াছেন, এবং যে হেতুক উক্ত দত্ত বস্তুর অব্যবহিত ভার ও অধিকার যে সকল ব্যক্তির উপর বর্ত্তিয়াছে, তাঁহারা অনেক স্থলে দাতার অভিপ্রায়ের বিরুদ্ধে উক্ত ভূমির উপস্বত্ব আপন আপন ব্যবহারে লাগাইতেছেন, এরূপ অনুমান করিবার কারণ রহিয়াছে, এবং যে হেতুক দাতার প্রকৃত অভিপ্রায় ও ইচ্ছানুসারে দত্তবস্তুর প্রয়োগ বিধান করা প্রত্যেক গবর্ণমেণ্টের একটী প্রধান কার্য্য, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।,, অনন্তর আইনে বিধান করা হয় যে পূর্ব্বোক্ত উদ্দেশে প্রদত্ত সমুদয় ভূমির সাধারণ তত্ত্বাবধান ভার রেবিনিউ বোর্ড ও কমিশনরদিগের বোর্ডের শাসনাধীন ভিন্ন ভিন্ন জিলায় উক্ত বোর্ডদ্বয়ের উপর যথাক্রমে বর্ত্তিবে। ইহা তাঁহাদিগের কর্ত্তব্য বলিয়া প্রকাশ করা যায় যে পূর্ব্বোক্ত প্রকার সম্পত্তি সকল যে উদ্দেশে প্রদত্ত হইয়াছে যথার্থ সেই উদ্দেশে তৎসমুদয়ের প্রয়োগ হয় তাঁহারা সাবধান হইয়া দেখিবেন, এবং এরূপ ভূসম্পত্তির ব্যক্তি বিশেষের কার্য্যে প্রয়োগ অথবা তাহার অযথাবিনিয়োগ নিবারণ করিবেন। বোর্ডের কর্ত্তব্য কার্য্যে পরিণত করাইবার নিমিত্ত, প্রত্যেক জিলায় স্থানীয় কর্ম্মকারক নিযুক্ত করিয়া তাঁহাদিগকে তাঁহাদিগের কর্ত্তৃত্বাধীন করা হয়। কালেক্টর সাহেব স্বীয় পদোপলক্ষে সর্ব্বত্র একজন স্থানীয় কর্ম্মকারক হন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর জেনরল সাহেবের বিবেচনায় যেরূপ বিহিত বোধ হয়, তদনুসারে সিবিল সৈন্যসংক্রান্ত ও চিকিৎসা সংক্রান্ত কার্য্যবিভাগের কর্ম্মচারিগণ তাঁহার সহকারী হইবার কথা হয়। (১৮৩৭ সালের ৩৮ আইনের দ্বারা কেবল এই এই কার্য্যবিভাগের লোক নিযুক্ত হইবে, এই নিয়ম রহিত হয়)। হেতুবাদোল্লিখিত প্রকারের সমুদয় দাতব্য সম্পত্তির সম্পূর্ণ বিবরণ সংগ্রহ করা এবং অযথা বিনিয়োগের দৃষ্টান্ত দেখিলে তাহা বোর্ডে জ্ঞাপন করা স্থানীয় কর্ম্মকারকদিগের কর্ত্তব্য বলিয়া পরিগণিত হয়, এবং ইহাও তাঁহাদিগের কর্ত্তব্য বলিয়া স্থির হয় যে ভিন্ন২ আলয়াদির তৎকালে যাঁহারা ন্যাসধারী, কার্য্যনির্ব্বাহক বা তত্ত্বাবধায়ক ছিলেন, অন্যান্য বিবরণসহিত, তাঁহাদিগের নাম নির্ণয় ও জ্ঞাপন করিবেন, এবং এরূপ ব্যক্তিদিগের পদ শূন্য হইলে বা দৈব দুর্ব্বিপাক ঘটিলে, যে ব্যক্তি বা যে সকল ব্যক্তি ন্যাসের দাওয়া করে বোর্ড তাহাদিগের বিষয়ে যাহাতে বিচার করিতে পারেন তজ্জন্য উক্ত পদশূন্যতা বা দৈব ঘটনা জ্ঞাপন করিয়া তৎসঙ্গে সমুদয় অবস্থার সম্পূর্ণ বিবরণ, বিশেষতঃ তৎকাল পর্য্যন্ত উত্তরাধিকারের বিবরণ, পাঠাইবেন। লোকনির্ব্বাচনের ভার গবর্ণমেণ্টের উপর থাকিলে, স্থানীয় কর্ম্মকারকেরা যোগ্য ব্যক্তির নাম বোর্ডে প্রস্তাব করিবেন এবং বোর্ড হয় তাঁহাকে নিযুক্ত করিবেন, নতুবা অন্য উপযুক্ত বন্দোবস্ত করিবেন। বোর্ড বা স্থানীয় কর্ম্মকারকেরা কোন ভূমির বিনিয়োগ সম্বন্ধে যে আদেশ দেন কোন ব্যক্তি তাহাতে অসন্তুষ্ট হইলে দেওয়ানী আদালতে প্রতিকারের জন্য মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

৩। ধর্ম্মার্থে ও পরোপকারার্থে প্রদত্ত সম্পত্তি সম্বন্ধে বঙ্গদেশে প্রথম যে আইন হয় তাহাতে এই এই বিধান ছিল। দৃষ্ট হইবে যে উক্ত ব্যবস্থা বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে "ভূমি" পুণ্য কার্য্য জন্য প্রদত্ত হইয়াছিল, ব্যবস্থায় কেবল তাহারই যথাযোগ্য কার্য্য নির্ব্বাহের বিধান হইয়াছিল। উহাতে ভূমিভিন্ন অন্য দত্ত বস্তুর, অথবা যে সময়ে উহা বিধিবদ্ধ হয় তৎপরবর্ত্তী দানের কোন উল্লেখ নাই। কিন্তু ১৮১০ সালে যে সকল প্রদত্ত ভূসম্পত্তি ছিল, তৎসমুদয়ই যে স্থানীয় কর্ম্মকারকদিগের ও বোর্ডের তত্ত্বাবধানে আসিবে, এরূপ অভিপ্রায় ছিল। যাহা হউক প্রকৃতপক্ষে বাঙ্গালার অধিকাংশ জিলায় উক্ত ব্যবস্থার বিধানগুলি কস্মিন্‌কালে বলবৎ করা হয় নাই। ধর্ম্মার্থে প্রদত্ত সম্পত্তি উড়িষ্যার প্রদেশ সংস্থানের প্রধান লক্ষ্য বলিয়া তথায় সম্পূর্ণরূপে উপেক্ষিত না হইলেও উড়িষ্যার বাহিরে উক্ত ব্যবস্থা বোধ হয় বিংশতি

to be altogether overlooked, the regulation seems to have been applied in less than twenty cases In Orissa itself there were hundreds of endowments that were never brought under the regulation. Indeed a special committee appointed to enquire into the Orissa endowments reported, in respect of the mass of the endowments in that province, that 'the local agents appear to have taken action only where their interference was called for, by the succession to the trust being in dispute between conflicting claimants.'

4 Then, as to the powers which the authorities possessed under Regulation XIX of 1810, it will be observed that they were really in many respects extremely vague It was not stated how the Board were to act in order to prevent misappropriation, or how their orders on the pretensions of claimants, in cases where the right of appointment did not lie with Government, were to be carried into effect The official position of the Boards and of the local agents enabled them doubtless to give effect to their decisions.

5 After 1840, under instructions from the Home Government, the connection of the officers of Government with religious endowments began to be more or less completely severed, and the institutions with their revenues were generally made over to unofficial trustees and managers, Government divesting itself entirely of such powers of nomination as it may have possessed This executive action was, however, admittedly in contravention of the spirit, if not also of the letter, of the law, but it was not until the passing of Act XX of 1863 that the policy involved in it was formally recognized by the Legislature

6 Act XX of 1863 set forth that it was "expedient to relieve the Board of Revenue and the local agents from the duties imposed on them by Regulation XIX of 1810, so far as those duties embraced the superintendence of land granted for the support of mosques or Hindoo temples, and for other religious uses, the appropriation of endowments made for the maintenance of such religious establishments, the repair and preservation of buildings connected therewith, and the appointment of trustees or managers thereof, or involved any connection with the management of such religious establishments" The Act then proceeded to divide religious endowments into two classes—first, those in which, at the time of the passing of the Act, the nomination or appointment of the trustee, manager, or superintendent rested in any way with Government or any public officer, and second, those in which, at the time of the passing of the Act, such nomination or appointment did not in any way vest in Government or any public officer In the case of endowments of the first class, the Act provided for the appointment, once for all, of one or more committees in every division or district to take the place and exercise the powers of the Board of Revenue and local agents The committee was to be appointed from among persons professing the religion with which the endowment was connected, and in accordance with the general wishes of *those interested in the maintenance* of such mosque, temple, or religious establishment The members were appointed for life and removeable only for misconduct or unfitness under the orders of the civil court. Vacancies among the members were to be filled up by election by the "persons interested," the election being managed by the remaining members of the committee If the committee failed to take action, *any person whatever* might apply to the civil court, which was empowered to appoint to the vacancy, or to order the committee to fill it up On the appointment of a committee, the Board or local agents were to hand over to them the property of the endowment.

In the case of endowments of the second class, the local Government was to hand over to the trustee, manager, or superintendent all the property, and the powers of the Board and local agents then ceased and determined. On the occurrence of a vacancy in the office of trustee, if any dispute arose as to succession, *any person interested* might apply to the civil court to appoint a manager to act until some other person established a better claim by suit.

অপেক্ষাও ন্যূন সংখ্যক স্থলে নির্ব্বাচন হইয়াছিল। উড়িষ্যা দেশেও কত শত প্রদত্ত সম্পত্তি ছিল যাহার ব্যবস্থার অধীন করা হয় নাই। এমন কি উড়িষ্যার দত্ত সম্পত্তির বিষয় অনুসন্ধানার্থ নিযুক্ত কমিটী উক্ত প্রদেশের অধিকাংশ দত্ত সম্পত্তি সম্বন্ধে এইরূপ রিপোর্ট করেন যে "ন্যাসের উত্তরাধিকার লইয়া বিরোধী দাওয়াদারদিগের মধ্যে বিবাদ জন্য হস্তক্ষেপ করা আবশ্যক হইলেই কেবল স্থানীয় কর্ম্মকারকেরা কার্য্যক্ষেত্রে উপস্থিত হইয়াছেন, এরূপ প্রতীত হয়"।

৪। ১৮১০ সালের ১৯ আইনক্রমে কর্ত্তৃপক্ষদের যে ক্ষমতা ছিল, পরীক্ষা করিয়া দেখিলে তাহা প্রকৃত পক্ষে অনেক প্রকারে অত্যন্ত অস্পষ্ট বোধ হয়। বোর্ড কিরূপে অযথা নিয়োগ নিবারণ করিবেন এবং নিয়োগ করিবার সম্মতি গবর্ণমেণ্টের না থাকিলে দাওয়াদারদিগের দাওয়া সম্বন্ধে বোর্ডের আদেশ কিরূপে কার্য্যে পরিণত করিতে হইবে, ইহার কোন বিধান ছিল না। তবে বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকদের রাজকীয় পদের গুণে তাঁহারা আপন আপন নিষ্পত্তি যে কার্য্যকর করিতে পারিতেন, ইহাতে সন্দেহ নাই।

৫। ১৮৪০ সালের পরে, ইংলণ্ডের গবর্ণমেণ্টের উপদেশানুসারে ধর্ম্মার্থে প্রদত্ত সম্পত্তির সহিত গবর্ণমেণ্টের কর্ম্মচারিদিগের সংস্রব ক্রমে ক্রমে সম্পূর্ণরূপে রহিত হইতে আরম্ভ হয়, এবং ধর্ম্মালয় ভূমি আয়সহ স্বাধীন ন্যাসধারী ও কার্য্যনির্ব্বাহকদিগের হস্তে সমর্পিত ন্যস্ত হয়, এবং লোক নির্ব্বাচন করিবার যে ক্ষমতা ছিল গবর্ণমেণ্ট তাহা একবারে ত্যাগ করেন। এরূপ কার্য্য তাঁহাদের কর্ত্তব্য বিবেচনা হউক ধর্ম্মের বিরুদ্ধ সন্দেহ নাই, কিন্তু যতকাল ১৮৬৩ সালের ২০ আইন বিধিবদ্ধ হয় নাই ততকাল ব্যবস্থাপকগণ এতদন্তর্গত নীতি নিয়মিতরূপে স্বীকার করেন নাই।

৬। ১৮৬৩ সালের ২০ আইনে প্রকাশ করা যায় যে "রেবিনিউ বোর্ডের ও স্থানীয় কর্ম্মকারকদের প্রতি যে ভারার্পণ হইয়াছে, তাঁহাদের সেই ভারপ্রযুক্ত মসজীদ ও দেবালয়ের ব্যয় পোষণার্থে ও ধর্ম্মসম্বন্ধীয় অন্যান্য কর্ম্মার্থ দত্ত ভূমির তত্ত্বাবধান ও তদ্রূপ ধর্ম্মসম্বন্ধীয় আলয়াদির ব্যয় পোষণার্থে ও তৎসম্পর্কীয় গৃহাদি সংস্করণার্থে ও রক্ষার্থে যে ধনাদি দত্ত হয় তাহার উপযুক্তমতে ব্যয় করণ, ও তদর্থে ন্যাসধারী কি কার্য্যনির্ব্বাহকদিগকে নিযুক্ত করণরূপ যে কার্য্য হয়, কিম্বা তদ্রূপ ধর্ম্মসম্বন্ধীয় আলয়াদির তত্ত্বাবধান সম্পর্কীয় যে কোন কার্য্য করিতে হয় তাহা হইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত।" অনন্তর আইনে ধর্ম্মার্থে প্রদত্ত সম্পত্তি দুই শ্রেণীতে বিভক্ত করা হয়, (১) আইন বিধিবদ্ধ হইবার সময়ে যে সম্পত্তির ন্যাসধারী (ট্রাষ্টি) কার্য্য নির্ব্বাহক, বা তত্ত্বাবধায়ক নির্ব্বাচন বা নিয়োগ কোন সূত্রে গবর্ণমেণ্ট কি কোন সরকারী কর্ম্মচারির হস্তে ছিল, এবং (২) আইন বিধিবদ্ধ হইবার সময়ে যে সম্পত্তি সম্বন্ধে উক্তরূপ নির্ব্বাচন বা নিয়োগ কোন সূত্রে গবর্ণমেণ্ট কি কোন সরকারী কর্ম্মচারির হস্তে ছিল না। আইনে প্রথম শ্রেণীর দত্ত সম্পত্তি সম্বন্ধে, রেবিনিউবোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগের স্থলাভিষিক্ত হইয়া তাহাদিগের ক্ষমতানুযায়ী কার্য্য করিবার নিমিত্ত প্রত্যেক জিলায় ও দেশ খণ্ডে একেবারে এক কি একাধিক কমিটী নিয়োগ করিবার বিধান হয়। যে দত্ত সম্পত্তি যে ধর্ম্মসংক্রান্ত, সেই ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের মধ্য হইতে ও উক্ত মসজীদ, মন্দির, বা ধর্ম্মালয়ের রক্ষার্থে যাহাদের স্বার্থ থাকে তাহাদের সাধারণ অভিমতানুসারে কমিটী নিয়োগ করিতে হইবে। মেম্বরেরা যাবজ্জীবন পদস্থ থাকিবেন এবং কেবল দেওয়ানী আদালতের আদেশানুসারে অসদাচরণ বা অযোগ্যতা জন্য অপসারিত হইতে পারিবেন। কোন মেম্বরের পদশূন্য হইলে, "স্বার্থযুক্ত ব্যক্তিগণ" উক্ত পদের লোক নির্ব্বাচন করিবেন, নির্ব্বাচন কার্য্য কমিটীর অবশিষ্ট মেম্বরদিগের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে। কমিটী ত্রুটি করিলে, যে কোন ব্যক্তি দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন, এবং উক্ত আদালত শূন্যপদে লোক নিয়োগ করিতে পারিবেন, কিম্বা কমিটীর প্রতি লোক নিয়োগ করিবার আদেশ দিতে পারিবেন। কমিটী নিযুক্ত হইলে, তাহাদিগের হস্তে বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকগণ দত্ত সম্পত্তি অর্পণ করিবেন।

দ্বিতীয় শ্রেণীর দত্ত সম্পত্তি সম্বন্ধে, স্থানীয় গবর্ণমেণ্ট ন্যাসধারী কার্য্যনির্ব্বাহক বা তত্ত্বাবধায়কের হস্তে সমস্ত সম্পত্তি দিবেন এবং বোর্ডের ও স্থানীয় কর্ম্মকারকদের যে যে ক্ষমতা রহিত হইয়া গেল সেই সেই ক্ষমতাও দিবেন। ন্যাসধারির পদ শূন্য হওয়াতে উত্তরাধিকার সম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে, "স্বার্থযুক্ত কোন ব্যক্তি" দেওয়ানী আদালতে এই বলিয়া প্রার্থনা করিতে পারিবেন যে যাবৎ অন্য কেহ মোকদ্দমা করিয়া উচ্চতর দাওয়া সংস্থাপন করিতে না পারে, তাবৎ এক জন কার্য্যনির্ব্বাহক নিযুক্ত করা হয়।

Trustees, managers, and superintendents, in both classes of endowments, were bound to keep regular accounts, and committees of endowments of the first class were empowered to call for these at least once a year, and bound to keep accounts themselves *Any person interested* might sue any trustee or member of committee for breach of trust, misfeasance, or neglect of duty, and the civil court might on such suit direct specific performance of any act award damages and costs, and direct the removal of any trustee, superintendent, manager, or member of committee The only restriction upon the conveyance of endowments to the trustees and committees, as the case might be, was contained in section 21 of the Act, which provided that, where endowments were partly for secular and partly for religious uses, the Board of Revenue might retain a portion of the property for application to such secular uses, or make over the lands burdened with a suitable charge on this account payable to the Board and local agents

7 The Act nowhere defined what were to be treated as religious and what as secular uses, and very diverse opinions have been put forward and acted upon in giving effect to it The Commissioner of Orissa, for instance, held in 1864 that there were no endowments in the province that could be said to have been made for *secular* purposes, even those in which charity to the poor was the predominant feature being intimately connected with religious observances, places, or establishments The whole of the endowments in Cuttack were therefore made over absolutely either to trustees or committees, and a similar course was commonly followed elsewhere There can, however, be no doubt that in by far the greater number of endowments the original intention of the donor was to benefit the poor and helpless, though the very nature of the Hindoo's creed, under which morals and religion and law are one, compelled him to consecrate his charity by vowing it in the name of some god It has therefore, on the other hand, been very strongly argued that in abandoning the control of such charitable endowments Government went quite beyond the necessities of the case It is also worthy of notice that, for years before Act XX was actually passed, the policy of Government having been to make over to independent trustees and managers as many endowments as possible, the great majority of existing endowments were on the passing of the Act found in the possession of trustees not nominated by Government, who became at once absolutely invested with the control of the property In the great majority of districts no committees were appointed, indeed they were, outside Orissa, appointed in only the five districts of Dacca, Patna, Jessore, Burdwan, and Moorshedabad, and in Orissa it would seem that no district committee was appointed, though small separate committees were appointed to supervise some of the more important endowments

8 In so far as regards the procedure to be followed after the endowments were made over by the Government, Act XX of 1863 proved from the very outset to be practically inoperative Its defects were thus described by the late Governor of Madras —

(i)—Want of effectual legal provision for compelling trustees to perform their duty The "person interested," deterred partly by the expense and delay of litigation, partly by want of sufficient interest, partly (as it would seem) by dislike to try religious questions in a Christian court, probably also in part by ignorance and misapprehension, never appears, and committees and trustees appropriate the funds absolutely at their own pleasure.

(ii)—The powers and duties of committees are insufficiently defined. The Act describes them vaguely as those which formerly belonged to the Board of Revenue.

(iii)—No effectual provision for supplying vacancies. As regards committees, these are to be supplied by election, and in default by the civil court But no election ever takes place, and no notice of a vacancy is ever given to the court.

উভয় শ্রেণীর দত্ত সম্পত্তির ন্যাসধারী, কার্য্য নির্ব্বাহক ও তত্ত্বাবধায়কদিগের নিয়মিত হিসাব রাখিতে হইবে, এবং প্রথম শ্রেণীর দত্ত সম্পত্তির কমিটী বৎসরে অন্ততঃ একবার ঐ হিসাব চাহিতে পারিবেন ও আপনারাও হিসাব রাখিবেন। "স্বার্থযুক্ত কোন ব্যক্তি" ন্যাসধারী কি কমিটীর মেম্বরের নামে বিশ্বাস ঘাতকতা, অসদাচরণ কি কর্ত্তব্য কর্ম্মে উপেক্ষা জন্য মোকদ্দমা করিতে পারিবেন, এবং দেওয়ানী আদালত এইরূপ মোকদ্দমায় বিশেষ কোন কার্য্য করিবার, ক্ষতিপূরণ ও খরচ দিবার, অথবা কোন ন্যাসধারী তত্ত্বাবধায়ক, কার্য্য নির্ব্বাহক বা কমিটীর মেম্বরকে অপসারিত করিবার আদেশ দিতে পারিবেন। ন্যাসধারী বা স্কুল শেষে, কমিটীর হস্তে দত্ত সম্পত্তি সমর্পণ কালে আইনের ২১ ধারা কেবল কিঞ্চিৎ বাধক হইল। উক্ত ধারায় বিধান হয় যে দত্ত সম্পত্তি অংশত ঐহিক ও অংশত পারত্রিক কার্য্য জন্য হইলে, রেভিনিউ বোর্ড সম্পত্তির কিয়দংশ ঐহিককার্য্য প্রয়োগজন্য রাখিতে পারিবেন কিম্বা বোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগকে এই হিসাবে টাকা দিবার যথা যোগ্য দায়সহিত ভূসম্পত্তি সমর্পণ করিতে পারিবেন।

৭। কিরূপ কার্য্য ঐহিক ও কিরূপ কার্য্য পারত্রিক বলিয়া গণ্য করিতে হইবে, আইনে ইহার লক্ষণ নাই, এবং এতদনুযায়ী কার্য্য করিতে গেলে বিভ্রমক তথ্য পত্র ও অবলম্বিত হইয়াছে। একটী দৃষ্টান্ত এই যে উড়িষ্যার কমিশনর সাহেব ১৮৬৪ সালে বিস্পষ্ট করেন যে ঐহিক কার্য্য সাধনার্থ প্রদত্ত হইয়াছে বলিয়া উক্ত হইতে পারে ঐ প্রদেশে এরূপ কোন দত্তসম্পত্তি নাই, যে যে স্থলে দরিদ্রদিগকে দানই প্রধান অঙ্গ, তাহাও ধর্ম্মসংক্রান্ত কর্ম্ম কাণ্ডের, স্থানের বা কার্য্যের সহিত বিশেষরূপে সংযুক্ত, এনিমিত্ত কটকের সমুদয় দত্ত সম্পত্তি ন্যাসধারীর বা কমিটীর হস্তে একেবারে সমর্পিত হয়, এবং অন্যত্রও সাধারণতঃ এইরূপ কার্য্যপ্রণালী অবলম্বিত হয়। ইহাতে সন্দেহ নাই যে অধিকাংশ দত্ত সম্পত্তি সম্বন্ধে দরিদ্র ও নিঃসহায় ব্যক্তিদিগের উপকার করাই দাতার মুখ্য উদ্দেশ্য ছিল, কিন্তু হিন্দুধর্ম্মের প্রকৃতি ক্রমে নীতি ও ধর্ম্ম ও ব্যবস্থা এক হওয়াতে তিনি কোন দেবতার নামে দান উৎসর্গ করিতে বাধ্য হইয়াছেন। এজন্য অপর পক্ষে, কেহ কেহ তর্ক করেন যে এইরূপ দাতব্য সম্পত্তির তত্ত্বাবধান পরিত্যাগ করিয়া গবর্ণমেণ্ট যত দূর প্রয়োজন ছিল না তত দূর গিয়াছেন। ইহাও উল্লেখ যোগ্য যে ২০ আইন বিধিবদ্ধ হইবার অনেক বৎসরপূর্ব্ব হইতে স্বাধীন ন্যাসধারী ও কার্য্যনির্ব্বাহকদিগের হস্তে যত দত্ত সম্পত্তি সমর্পণ করিতে পারেন তত সমর্পণ করিবার অভিপ্রায় গবর্ণমেণ্টের থাকায় আইন বিধিবদ্ধ হইবার সময়ে অধিকাংশ দত্ত সম্পত্তি গবর্ণমেণ্টের নির্ব্বাচিত নয় এরূপ ন্যাসধারিদিগের অধিকারে ন্যস্ত হয়, এবং তাঁহারা একেবারেই উক্ত সম্পত্তি তত্ত্বাবধানের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হন। অধিকাংশ জিলায় কমিটী নিযুক্ত করা হয় নাই, বস্তুতঃ উড়িষ্যার বাহিরে ঢাকা, পাটনা, যশোহর, বৰ্দ্ধমান ও মুরশদাবাদ কেবল এই পাঁচ জিলায় কমিটী নিযুক্ত হয়, এবং উড়িষ্যায় বোধ হয় ডিষ্ট্রিক্ট কমিটী নিযুক্ত হয় নাই, যদিও প্রধান প্রধান দত্ত সম্পত্তির তত্ত্বাবধান জন্য ক্ষুদ্র২ স্বতন্ত্র কমিটী নিযুক্ত হইয়াছিল।

৮। গবর্ণমেণ্ট দত্ত সম্পত্তি সমর্পণ করিলে পর কিরূপ কার্য্যপ্রণালী অবলম্বিত হইবে, এ সম্বন্ধে ১৮৬৩ সালের ২০ আইন প্রথমহইতেই কার্য্যতঃ অচল হয়। মান্দ্রাজের ভূতপূর্ব্ব গবর্ণর সাহেব আইনের দোষগুলি এই রূপে বর্ণনা করিয়াছেন।—

(১) ন্যাসধারিদিগের কর্ত্তব্য পালন করাইবার নিমিত্ত আইনে কার্য্যকর বিধানের অভাব। "স্বার্থযুক্ত ব্যক্তি" অংশতঃ মোকদ্দমা খরচ ও বিলম্বের ভয়ে, অংশতঃ বিশিষ্ট স্বার্থাভাবে, অংশতঃ বোধ হয় খ্রীষ্টানের আদালতে ধর্ম্মসংক্রান্ত বিবাদ প্রার্থিতে অনিচ্ছায়, সম্ভবতঃ অংশতঃ অজ্ঞানতা ও ভ্রান্তি জন্য, কখনও উপস্থিত হয় না, এবং কমিটী ও ন্যাসধারিরা যদৃচ্ছাক্রমে নিরঙ্কুশভাবে ন্যস্তধনের বিনিয়োগ করেন।

(২) কমিটীদিগের ক্ষমতা ও কর্ত্তব্য স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হয় নাই। যে ক্ষমতা পূর্ব্বে রেবিনিউ বোর্ডের ছিল এই বলিয়া আইনে অস্পষ্ট বর্ণনা আছে।

(৩) পদ শূন্য হইলে লোকনিয়োগ করিবার কার্য্যকর বিধান নাই। কমিটীর সম্পর্কীয় পদ শূন্য হইলে নির্ব্বাচন দ্বারা ও তাহাতে ত্রুটি হইলে দেওয়ানী আদালত দ্বারা লোক নিয়োগের কথা আছে। কিন্তু নির্ব্বাচন কখন হয় না এবং পদ শূন্য হইবার সংবাদ আদালতে দেওয়া হয় না।

(iv)—Committees are unpaid and without any strong interest in the creditable performance of their duties

(v)—The Act makes over one large class of institutions to trustees uncontrolled by any supervising agency whatever.

To these might be added—

(vi)—The committees had no power to raise out of the property belonging to the endowments the expenses necessarily incurred in the performance of their duties, though they were liable to be sued for neglect of such duties.

9 The Commissioner of Orissa reported in 1867 that "in that province committees of management appeared to be apathetic and indifferent, and had taken no action whatever, and the result of the Act had been to leave the entire management of religious endowments, formerly supervised under Regulation XIX of 1810, in the hands of the hereditary or officiating priests and pundahs The revenues of the endowments were squandered or appropriated to private uses, while the services of the temples and charitable distribution of food or alms had been entirely neglected and abused Generally throughout Orissa the management of temples, mutts, and other religious endowments was a scandal, and appeared likely to remain so until there was a stronger and more efficient system of management and supervision than that exercised by the local committees"

10 When Sir Cecil Beadon visited Cuttack in 1866, a deputation of Hindoo gentlemen pressed upon him the necessity of amending the Act, so as to give committees more power over trustees and managers; and in 1867 they submitted formal memorials to Government, praying that the orders of the committees might have given them the effect of decrees of court or awards of arbitration, and be enforced as such, and that the control of committees should be extended to those endowments which had been made over to trustees, and indeed to all endowments in which the public were in any way interested In forwarding these memorials, the Commissioner remarked that had the revenues of the charitable endowments of the province been applied in accordance with the intentions of the grantors, the whole starving population of Orissa might have received the relief and assistance which had then lately been administered at the cost of the State.

11 Under the orders of the Government of India, a commission of three native gentlemen was appointed in February 1868 to enquire into the general condition of religious and charitable endowments in Orissa, and invited to submit proposals for the amendment of the Act The report of this commission was received through the Board of Revenue in August 1869 It left no doubt as to the existence of gross and general misappropriation of the property of the endowments, but the proposals made to remedy these abuses were by no means very clear or complete They are contained in the following paragraphs of the report.—

29 To this end we would suggest the following alterations in the present law In the first place, we would recommend that all institutions and endowments to which Act XX of 1863 apply should be placed under the control of the committee appointed under section 7 of the law, instead of only those specified in section 3, as at present The committee possesses under the law, as it now stands, the same powers as the Board and local agents had under Regulation XIX of 1810—powers which enabled the Board, as above stated, to dispossess trustees of the estates, and put other persons in their stead We only consider it desirable that the committee's powers should be distinctly laid down, instead of being left to be inferred, as they have to be done at present, we would not make their decisions final and unappealable, but would place them exactly in the position of the Board of Revenue in Regulation XIX of 1810, in respect to both powers and responsibilities, that is to say, give them complete jurisdiction over the administration of the institutions, extending to the removal of the trustees, their powers in the matter of appointment being limited to institutions of the kind mentioned in section 3, rendering them at the same time liable to be sued in the civil court, the costs being paid out of the endowment funds, except in those cases in which the court may, for particular

(৪) কমিটীদের বেতন নাই এবং ভাল করিয়া কর্ত্তব্য পালন করিবার কোন বলবৎ স্বার্থ নাই।

(৫) কোন তত্ত্বাবধারক কার্য্যকারকের তত্ত্বাবধান না রাখিয়া আইনে এক প্রকাণ্ড শ্রেণীর আলয়াদি ন্যাসধারিদের হস্তে অর্পিত হইয়াছে।

ইহার উপর এটীও যোগ করা যাইতে পারে,

(৬) কর্ত্তব্য পালন করিতে যে ব্যয়ের প্রয়োজন হইত দত্তসম্পত্তি হইতে সেই ব্যয়ের টাকা উঠাইয়া লইবার ক্ষমতা কমিটীদের ছিল না, যদিও কর্ত্তব্য পালনে উপেক্ষা করিলে তাঁহাদের নামে মোকদ্দমা হইতে পারিত।

৯। ১৮৬৭ সালে উড়িষ্যার কমিশনর সাহেব রিপোর্ট করেন যে, "উক্ত প্রদেশের কার্য্যনির্ব্বাহক কমিটীগুলি নিশ্চেষ্ট ও আসক্তিশূন্য প্রতীতি হয়, এবং তাহারা কোন কার্য্যই করে নাই, এবং আইনের ফল এই হইয়াছে যে, ১৮১০ সালের ১৯ আইন-ক্রমে পূর্ব্বে ধর্ম্মার্থে প্রদত্ত যে সকল সম্পত্তির তত্ত্বাবধান হইত, সে সমুদয়ের কার্য্যনির্ব্বাহকতার সম্পূর্ণরূপে পুত্রপৌত্রানুক্রমিক কিম্বা কার্য্যকারী পুরোহিত বা পাণ্ডাদিগের হস্তে পড়িয়াছে। প্রদত্ত সম্পত্তির উপস্বত্ব হয় অপব্যয়িত হয়, নতুবা ব্যক্তি বিশেষের ব্যবহারে প্রযুক্ত হয়, এবং মন্দিরের পূজাদি ও অন্ন বিতরণ বা দান একেবারে উপেক্ষিত ও অযথারূপে সম্পাদিত হয়। সাধারণতঃ উড়িষ্যার সর্ব্বত্র মন্দির, মঠ বা অন্য ধর্ম্মালয়ের কর্ম্ম নির্ব্বাহ কলঙ্কজনক, এবং স্থানীয় কমিটী গুলি কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধানের যে প্রণালী অনুসারে কার্য্য করেন যত দিন তদপেক্ষা বলবতী ও ফলবতী প্রণালী প্রবর্ত্তিত না হয়, ততদিন বোধ হয় এইরূপই থাকিবে"

১০। ১৮৬৬ সালে যখন শ্রীযুত সার সিসিল বীডন সাহেব কটক গমন করেন, এক দল হিন্দু ভদ্র লোক আইন এপ্রকারে সংশোধন করিবার প্রয়োজন বলিয়া তাঁহাকে বলেন যে ন্যাসধারী ও কার্য্যনির্ব্বাহকদিগের উপরে কমিটীর অধিকতর ক্ষমতা প্রদত্ত হয়, এবং ১৮৬৭ সালে তাঁহারা লিখিত প্রার্থনাপত্র গবর্ণমেণ্টে পাঠাইয়া প্রার্থনা করেন যে কমিটীর আদেশ আদালতের ডিক্রী বা সালীসদিগের নিষ্পত্তির ন্যায় কার্য্যকর হয় ও তদ্রূপে বলবৎ করা যায়, এবং যে সকল দত্ত সম্পত্তি ন্যাসধারীদিগের হস্তে অর্পিত হইয়াছে ও বাস্তবিক যে সকল দত্ত সম্পত্তিতে কোন সূত্রে সাধারণের স্বার্থ আছে সেই সকলের প্রতি কমিটীর তত্ত্বাবধান বর্ত্তায় হয়। এই সকল প্রার্থনাপত্র পাঠাইবার সময়ে কমিশনর সাহেব বলেন যে দাতাদিগের অভিপ্রায়ানুসারে উক্ত প্রদেশের দাতব্য সম্পত্তির প্রয়োগ হইলে উড়িষ্যার নির্ধন ব্যক্তিগণ সংপ্রতি গবর্ণমেণ্টের ব্যয়ে যে উপকার ও সাহায্য প্রাপ্ত হইয়াছে তাহা পাইতে পারিত।

১১। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আদেশানুসারে উড়িষ্যা প্রদেশের ধর্ম্মার্থে ও পরোপকারার্থে প্রদত্ত সম্পত্তির সাধারণ অবস্থার অনুসন্ধান লইবার নিমিত্ত ১৮৬৮ সালের ফেব্রুয়ারি মাসে তিন জন দেশীয় ভদ্রলোক কমিশনস্বরূপ নিযুক্ত হন এবং আইন সংশোধনার্থ প্রস্তাব প্রেরণ করতে অনুরুদ্ধ হন। ১৮৬৯ সালের আগষ্ট মাসে রেবিনিউ বোর্ডের হস্ত দিয়া এই কমিশনের রিপোর্ট পাওয়া যায়। ইহাতে দত্তসম্পত্তির অতিশয় ও সাধারণ অযথা বিনিয়োগের আর সন্দেহ রহিল না, কিন্তু এই অযথা ব্যবহার নিবারণ করিবার নিমিত্ত যে সকল প্রস্তাব করা হয়, সেগুলি অতি স্পষ্ট বা সম্পূর্ণ নহে। সেগুলি রিপোর্টের পশ্চাল্লিখিত পরিচ্ছেদের মধ্যে আছে।

১২। এইনিমিত্ত আমরা বর্ত্তমান আইনে নিম্নলিখিত পরিবর্ত্তন করিতে পরামর্শ দেই। প্রথমতঃ আমাদের পরামর্শ এই যে, যে সকল আলয়াদি ও দত্তসম্পত্তি প্রভৃত ১৮৬৩ সালের ২০ আইন বর্ত্তে এথবকারমত ৩ ধারা নির্দ্দিষ্ট সম্পত্তিমাত্র না হইয়া সে সকল উক্ত আইনের ৭ ধারাক্রমে নিযুক্ত কমিটীর তত্ত্বাবধানে সংস্থাপিত হয়। ১৮১০ সালের ১৯ আইন অনুসারে বোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগের যেরূপ ক্ষমতা ছিল বর্ত্তমান আইন অনুসারে কমিটীর সেই ক্ষমতা আছে। পূর্ব্বে উক্ত হইয়াছে যে এই ক্ষমতাক্রমেই বোর্ড সম্পত্তির ন্যাসধারীদিগকে অধিকারচ্যুত করিয়া তাঁহাদিগের স্থলে অন্য লোক নিযুক্ত করিতেন। কমিটীর ক্ষমতা এক্ষণে যে প্রকারে অনুমান করিয়া লইতে হয়, তৎপরিবর্ত্তে উক্ত ক্ষমতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হয়, ইহা আমরা বাঞ্ছনীয় জ্ঞান করি। আমরা তাঁহাদিগের নিষ্পত্তি চূড়ান্ত ও আপীল শূন্য করিতে চাহি না কিন্তু ১৮১০ সালের ১৯ আইনে রেবিনিউ বোর্ডের ক্ষমতা ও স্বত্ব সম্বন্ধে যে অবস্থা ছিল তাঁহাদিগকে ঠিক সেই অবস্থায় অবস্থাপিত করিতে চাহি, অর্থাৎ উক্ত আলয়াদির কার্য্য নির্ব্বাহের উপর তাঁহাদের সম্পূর্ণ কর্ত্তৃত্ব দাও, যেন তাঁহারা ন্যাসধারীকে পদচ্যুত অপসারিত করিতে পারেন কারণ নিয়মিত বিষয়ে তাঁহাদের ক্ষমতা ও ধারায় নির্দ্দিষ্ট প্রকারের আদালতের অধীন আছে, অথচ তাঁহাদের বিরুদ্ধে আদালতে যে মকদ্দমা হইতে পারে এরূপ বিধান কর এবং কমিটীর অসমতিক্রমে যদি কারণ আদালতকে অন্যরূপ আদেশ না দিলে, মোকদ্দমার খরচ দত্তসম্পত্তির উপস্বত্ব হইতে দেওয়া যাইবে, এরূপ নিয়ম কর। অধিবাসিদিগের প্রার্থনাপত্রে এবিষয়ে যে পরামর্শ আছে তদনুসারে কমিটীর ক্ষমতা এইরূপে নিয়মত

reasons traceable to improper motives on the part of the committee, direct otherwise. Our reasons for so limiting the committee's powers, speaking with reference to the suggestions on the point as contained in the petitions made by the residents, are that it may not always be possible to get men to act on the committee sufficiently intelligent and upright to warrant such large powers being conferred upon it as those proposed by the petitioners Their proceedings might be conducted on the same plan as that upon which those of arbitrators under Act VIII of 1859 are carried on, the civil court giving them, when necessary, such aid as they may stand in need of in the matter of compelling the attendance of witnesses and the production of accounts, and their decisions might be enforced by the civil court like the court's own decrees.

30 The provision of the law as to the appointment of a separate committee for each endowment is, in our opinion, calculated to secure better supervision than what could be exercised by a single divisional or district committee But the plan is open to the objection that it is not likely that persons will be found in all the localities sufficiently qualified to be trusted even with such limited powers as those proposed to be given to such committees. To provide against this, we would recommend the appointment of a central divisional committee, to direct and check the proceedings of local committees The latter, we are inclined to think, might with advantage be made to supply the place of the local agents, and the former that of the Board in Regulation XIX of 1810.

31 We have to offer no suggestions in regard to the mode of appointment and constitution of committees The law on these points, as well as that bearing on the removal of members, filling up vacancies, &c., might unobjectionably be allowed to stand unaltered.

32. We are unwilling to recommend that the members of committees should be paid being persuaded that none worth having on such committees would think of accepting any remuneration for trouble taken in the cause of charity and religion

12. **In forwarding this report, the Board of Revenue remarked as follows :—**

2 The subject is one of much difficulty It appears to the Board that the only really efficient and practical supervision possible at present is that which would be conducted by Government officials. As this, however, is, they presume, out of the question, the remaining alternative is to trust to committees, to whom should be delegated power sufficient to enable them to act, and who should be guaranteed from all risk of loss from any acts done in good faith

3 The recommendations made in the report now submitted are not very clear In paragraph 29 the Committee say—"We would place them (committees) exactly in the position of the Board of Revenue in Regulation XIX of 1810," but this is exactly the position these committees do occupy with regard to one class of endowments, as is admitted in the report. The language of paragraph 7 of Act XX of 1863 is as precise and definite as it can be on this point The real difficulty as regards the powers of local committees under the present law is that Regulation XIX of 1810 did not specify what the powers of the Board were The Board agree with the opinion expressed by the committee, that the extent and nature of the powers exercised should be for the future unmistakeably laid down

4 Again, it is proposed in the report that committees should be "liable to be sued in the civil court, the costs being paid out of the endowment funds" There seem to the Board to be two difficulties in the way of any such plan - first, that the endowment funds are charitable funds, which should not be diverted to litigation, secondly, that the endowment in dispute may possess no funds out of which costs could be paid For example, a mohunt may have been turned out by a committee, and another man put into his place, the funds of the endowment being just sufficient to carry out the purposes of the endowment and support the necessary establishment. Where, in such a case, would be the funds out of which costs should be paid?

5. The plan which commends itself most to the judgment of the Board is that in each division or district, as may be thought most expedient, there should be a central committee, composed of persons whose decisions would carry weight with the public, that under them there should be as many sub-committees as might be required; that to the sub-committees should be entrusted the duty of enquiring into the management of all endowments within a defined circle, with power to call for accounts and to take evidence, that the sub-committees

করিবার যুক্তি এই যে, প্রার্থনাকারিগণ কমিটীকে যে বিস্তীর্ণ ক্ষমতা দিতে বলেন সেরূপ ক্ষমতা যাঁহাদের প্রতি দেওয়া যায় সকল সময়ে কমিটীতে তদ্রূপ বুদ্ধিমান্ ও সৎব্যক্তি না পাওয়া যাইতে পারে। ১৮৫৩ সালের ৬ আইনক্রমে ম্যাজিষ্ট্রেট যে প্রণালীতে কার্য্য করেন, তাঁহারা সেই প্রণালীতে কার্য্য করিতে পারেন। সাক্ষী ও হিসাব উপস্থিত করাইবার নিমিত্ত তাঁহাদের যেরূপ সাহায্যের প্রয়োজন, আবশ্যক হইলে, দেওয়ানী আদালত তাঁহাদিগকে তদ্রূপ সাহায্য করিতে পারেন এবং তাঁহাদের নিষ্পত্তি দেওয়ানী আদালত আপন ডিক্রীর ন্যায় বলবৎ করিতে পারেন।

৩০। আমাদিগের মত এই যে একটি দেশখণ্ডের বা জিলার কমিটীর দ্বারা যেরূপ তত্ত্বাবধান হয়, প্রত্যেক দেবসম্পত্তির জন্য স্বতন্ত্র কমিটী নিযুক্ত করিবার আইনে বিধান করিলে তদপেক্ষা ভাল তত্ত্বাবধান হইবার সম্ভাবনা, কিন্তু এই প্রণালী সম্বন্ধে এই আপত্তি হইতে পারে যে উক্ত কমিটী দিগকে যে প্রকার সীমাবদ্ধ ক্ষমতা দিবার প্রস্তাব হইতেছে তাহাও যাহার প্রতি বিশ্বাস করিয়া দেওয়া যায় সকল স্থানে এমন যোগ্য লোক পাইবার সম্ভাবনা নাই, এই আপত্তি [illegible] আমরা স্থানীয় কমিটীর কার্য্যপ্রণালী নিয়মিত ও পরীক্ষা করিবার নিমিত্ত দেশখণ্ডের একটী কেন্দ্রিক কমিটী নিয়োগের পরামর্শ দিতেছি। আমাদের বোধহয় যে ১৮১০ সালের ১৯ আইনের স্থানীয় কর্মকারকদিগের স্থানে স্থানীয় কমিটী ও বোর্ডের স্থানে দেশ খণ্ডের কমিটী নিয়োগ করিলে সুবিধা আছে।

৩১। কমিটীর নিয়োগপ্রণালী ও সংগঠন সম্বন্ধে আমাদের পরামর্শ দিবার কিছুই নাই, এইং বিষয় সম্বন্ধে ও মেম্বর দিগের অপসারণ শূন্যপদে লোক নিয়োগ প্রভৃতি সম্বন্ধে এক্ষণে যে রূপ ব্যবস্থা আছে, বিনা আপত্তিতে অপরিবর্ত্তিত ভাবে তাহাই রাখা যাইতে পারে।

৩২। কমিটীর মেম্বরদিগকে বেতন দিবার পরামর্শ দিতে আমাদের ইচ্ছা নাই, কারণ আমাদের বিশ্বাস এই যে কমিটীতে থাকিবার উপযুক্ত কেহই পরোপকারার্থে ও ধর্ম্মার্থে পরিশ্রম করিবার বেতন গ্রহণ করিতে চাহিবেন না।

১২। এই রিপোর্ট পাঠাইবার সময়ে রেবিনিউ বোর্ড পশ্চাল্লিখিত মন্তব্য লিপিবদ্ধ করেন।—

২। বিষয়টী অত্যন্ত কঠিন। বোর্ডের প্রতীতি এই যে এক্ষণে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা যে তত্ত্বাবধান করেন তাহাই কেবল প্রকৃত পক্ষে ফলবান্ ও কার্য্যকর হইবার সম্ভাবনা। কিন্তু তাঁহারা অনুমান করেন যে একথা বিবেচনার অতীত সুতরাং কমিটির উপর নির্ভর করাই অবশিষ্ট উপায়ান্তর হইতেছে। কমিটী যাহাতে কার্য্য করিতে পারেন এরূপ উপযুক্ত ক্ষমতা তৎপ্রতি অর্পণ করা উচিত, এবং তাঁহারা সরল অন্তঃকরণে যে সকল কার্য্য করেন তাহাতে [illegible] না হন, এরূপ বিধান করা উচিত।

৩। প্রেরিত রিপোর্টে যে সকল পরামর্শ প্রদত্ত হইয়াছে, সে সকল অতি স্পষ্ট নহে। ২৯ পারিগ্রাফে কমিটী বলেন "১৮১০ সালের ১৯ আইনে রেবিনিউ বোর্ডের যে অবস্থা ছিল আমারা তাহাদিগকে (কমিটীদিগকে) ঠিক সেই অবস্থায় অবস্থাপিত করিতে চাহি"। কিন্তু রিপোর্টেও স্বীকৃত হইয়াছে যে এক শ্রেণীর দত্ত সম্পত্তি সম্বন্ধে, কমিটীদিগের ঠিক এই অবস্থা। 'এতৎসম্বন্ধে তাহা যতদূর নির্দ্দিষ্ট ও স্পষ্ট হইতে পারে ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারায় তাহা তত দূর নির্দ্দিষ্ট ও স্পষ্ট। বর্ত্তমান আইন ক্রমে স্থানীয় কমিটীদিগের ক্ষমতা সম্বন্ধে প্রকৃত বাধক এই যে বোর্ডের কি কি ক্ষমতা ছিল ১৮১০ সালের ১৯ আইনে ইহার নির্দ্দেশ নাই। কমিটীর ব্যক্ত মতের সহিত বোর্ডের ঐকমত্য হইতেছে যে, যে ক্ষমতানুসারে কার্য্য করিতে হইবে তাহার ব্যাপ্তি ও প্রকৃতি ভবিষ্যতের জন্য এক্ষণে নির্দ্ধারিত করিয়া দেওয়া উচিত যেন আর ভ্রান্তি ঘটিতে না পারে।

৪। আবার রিপোর্টে প্রস্তাব আছে যে কমিটীর নামে দেওয়ানী আদালতে মোকদ্দমা হইতে দেওয়া উচিত, ও খরচ দত্তসম্পত্তির উপস্বত্ব হইতে প্রদত্ত হয়। এরূপ কোন প্রণালী সম্বন্ধে বোর্ড দুইটি আপত্তি দেখিতে পান প্রথম এই যে প্রদত্ত সম্পত্তির উপস্বত্ব দাতব্য ধন, সুতরাং তাহা মোকদ্দমা চালাইবার জন্য ব্যয়িত হওয়া উচিত নহে, দ্বিতীয় এই যে দত্তসম্পত্তির এমন ধন না থাকিতে পারে যাহা হইতে খরচ দেওয়া যাইবে। দৃষ্টান্তস্বরূপ মনে কর যে কমিটী একজন মহান্তকে পদচ্যুত করিয়া তৎপদে অন্য এক ব্যক্তিকে নিয়োগ করিয়াছেন, এবং প্রদত্ত সম্পত্তির যে ধন আছে তাহাতে দানের উদ্দেশ্য সাধন ও আবশ্যক কর্ম্মচারিগণের ভরণপোষণ মাত্র হয়। এস্থলে, যে ধন হইতে খরচা দেওয়া যাইবে সে ধন কোথায়?

৫। বোর্ডের বিবেচনায় যে প্রণালী সর্ব্বাপেক্ষা ভাল বলিয়া লাগে সেটী এই।—যেরূপ বিহিত বোধ হয় তদনুসারে প্রত্যেক দেশখণ্ডের বা জিলার একটী কৈন্দ্রিক কমিটী থাকিবে, কমিটীর মেম্বরগণ এরূপ লোক হইবেন যে তাঁহাদের মনোনীতি সাধারণের গ্রাহ্য হইবে। তাহা-দের অধীনে যত সবকমিটী আবশ্যক হয় থাকিবে। নির্দ্দিষ্ট চক্রের মধ্যে যে সকল দত্তসম্পত্তি অবস্থিত তৎসমুদয়ের কার্য্যনির্ব্বাহের অনুসন্ধান লইবার ভার সবকমিটীদিগের হস্তে ন্যস্ত থাকিবে, ও এ সবকমিটী হিসাব চাহিতে ও সাক্ষ্য লইতে পারিবেন। কৈন্দ্রিক কমিটীর নিকটে সব কমিটীরা আপন আপন কার্য্যের রিপোর্ট পাঠাইবেন। আর মহান্তকে পদচ্যুত করিবার, দত্তসম্পত্তির হানিকারীদিগের স্থানে অন্য লোক নিয়োগ করিবার, ও সাধারণতঃ ১৮১০ সালের ১৯ আইন বলে বোর্ডের দণ্ড দিবার যে সকল ক্ষমতা ছিল, বলিয়া অনুমান [illegible] হিসাব না দিলে কিয়ৎপরিমাণ অর্থদণ্ড করা হইত, দণ্ড দিবার সেই সকল ক্ষমতা কৈন্দ্রিক কমিটীর হস্তে থাকিবে।

should report their proceedings to the central committee; that with this latter should rest the power to dismiss the mohunt, to appoint in cases of vacancy according to the custom of the endowment, and generally to exercise all powers of punishment, which, it may be inferred, Regulation XIX of 1810 gave to the Board of Revenue, including the power of finding within a certain limit when accounts are withheld, that any suit in the civil court brought against the central committee should only be entertained on the plaintiff supplying funds for the defence as well as the prosecution, and that costs should only be awarded against the members of such committee when, in the opinion of the court, they had acted in bad faith.

6. It is a question for consideration whether the secretary of the central committee should not be paid a monthly salary, to be levied proportionately from the proceeds of each religious endowment.

7. The Board are aware that many objections may be urged to this proposal, but, in the absence of all Government supervision, they see no alternative between some such plan as now recommended, and the practical freedom, as at present, from all checks over the trustees of religious endowments.

13. The report, with the Board's letter, was laid before the Government of India by Sir. W. Grey with the following remarks :—

2. The investigations of the committee seem conclusively to show that, in the great majority of instances, the funds of the religious and charitable endowments of the province are squandered or misappropriated by the managers or trustees who directly administer them Where the endowments were formerly under the charge of the Agents of the Revenue Board the local committees are, as the law stands, powerless to exercise efficient control, even in the few cases where they are really anxious to interfere; and where the endowments were originally exempt from Government supervision, the trustees are now only the more reckless in their profligacy, as they find themselves no longer singular in their indulgence of it.

3. Accepting the policy of Act XX of 1863 as one from which it is not now open to recede, the Lieutenant-Governor thinks it clear that the Act has failed to give sufficient legal power to the committees in whose hands the control of religious endowments are vested Under Regulation XIX of 1810, the Board of Revenue had, it is true, no more definite power than is now held by the local committees, but, as pointed out in paragraph 27 of the report now forwarded, the Board were, by their official position and the influence of the Collectors, as their local agents, able to exercise a real authority to which the local committees can show no claim. This would appear to have been overlooked when Act XX of 1863 was passed.

4. What seems to be required now, is to strengthen the hands of local committees and to bring under their control endowments of all kinds, whether originally supervised by Government or not, and to create a central committee in each district with very full and absolute powers of control over the local committees, and over the Managers of the various endowments. The proposals made by the Board of Revenue in paragraph 5 of their covering letter have the Lieutenant-Governor's general approval The necessary expenditure incurred by the central committees and sub-committees should be provided rateably from the endowment funds, and the post of secretary to each central committee should have a salary attached to it sufficient to secure the services of a competent and trustworthy man

5 An examination of the tables attached to the Committee's report has led the Lieutenant-Governor to doubt whether, in divesting itself of the Orissa endowments the Board of Revenue has sufficiently attended to the provisions of Section 21 of Act XX of 1863. That section empowered the Board to reserve under its control all endowments or parts of endowments designed for secular uses. It may be inferred from the tables annexed to the report, however, that the transfers of the endowments therein mentioned have been made absolutely and without sufficient enquiry as to the different purposes for which the funds are intended. On this point a reference will be made to the Board of Revenue, and the Lieutenant-Governor would suggest that if the fact should prove to be as above surmised, any amending Act might provide for the rectification of the oversight, and that it should at the same time define what are to be considered 'secular uses' for the purposes of the Act. On this point paragraphs 14 and 20 of the Committee's report deserve consideration.

দেওয়ানী আদালতে কেন্দ্রিক কমিটীর বিরুদ্ধে মোকদ্দমা আনিলে বাদী যদি বাদ ও প্রতিবাদ উভয় চালাইবার টাকা দেন তাহা হইলেই মোকদ্দমা গ্রাহ্য হইবে, এবং উক্ত কমিটীর মেম্বরেরা অসরলভাবে কার্য্য করিয়াছেন আদালতের এইরূপ মত হইলেই কেবল তাঁহাদের বিরুদ্ধে খরচার ডিক্রী হইবে।

৬। প্রত্যেক ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির উপস্বত্ব হইতে হারহারিমতে টাকা লইয়া কেন্দ্রিক কমিটীর সেক্রেটরীর মাসিক বেতন দেওয়া উচিত কি না ইহা বিবেচনার বিষয়।

৭। বোর্ড জানেন যে এই প্রস্তাবের বিরুদ্ধে অনেক আপত্তি উত্থাপিত হইতে পারে। কিন্তু গবর্ণমেণ্টের তত্ত্বাবধান অভাবে, যে প্রণালী সংস্থাপনের পরামর্শ দেওয়া যাইতেছে, হয় সেই প্রণালী অবলম্বন করিতে হইবে, নতুবা ধর্ম্মার্থে দত্তসম্পত্তির ন্যাসধারিদিগকে এখনকার মত কার্য্যতঃ স্বাধীন রাখিতে হইবে।

১৩। শ্রীযুত সার উইলিয়ম গ্রে সাহেব উক্ত রিপোর্ট ও বোর্ডের পত্র পশ্চাল্লিখিত মন্তব্য সমেত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে প্রেরণ করেন।

২। কমিটীর অনুসন্ধান দ্বারা বোধ হয় সিদ্ধান্তরূপে সপ্রমাণ হইয়াছে যে অধিকাংশস্থলে এপ্রদেশের ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য সম্পত্তির ধন যে কার্য্যনির্ব্বাহক বা ন্যাসধারিদিগের হস্তে আছে তাঁহারা তাহার অপব্যয় বা অযথাবিনিয়োগ করেন। যে স্থলে দত্তসম্পত্তি পূর্ব্বে রেবিনিউ বোর্ডের কর্ম্মকারকদের হস্তে ছিল, স্থানীয় কমিটীগুলি যে অল্পসংখ্যক স্থলে হস্তক্ষেপ করিতে যথার্থ অভিলাষী, বর্ত্তমান আইনক্রমে উপযুক্ত তত্ত্বাবধান করিবার ক্ষমতা তাঁহাদিগের নাই, এবং যে সকল দত্তসম্পত্তি প্রথম হইতেই গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে ছিল না, ন্যাসধারিরা এক্ষণে আরও অসবহিতভাবে অপব্যয় করিতেছেন, কারণ তাঁহারা দেখিতেছেন যে কেবল তাঁহারাই এরূপ কার্য্য করিতেছেন না।

৩। ১৮৬৩ সালের ২০ আইনে যে নীতি অবলম্বিত হইয়াছে এক্ষণে তাহা হইতে নিবৃত্ত হইবার পথ নাই ধরিয়া লইয়া, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিবেচনা করেন ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে যে ধর্ম্মার্থে দত্ত সম্পত্তির তত্ত্বাবধান-ভার যে সকল কমিটীর হস্তে ন্যস্ত হইয়াছিল আইনে তাহাদিগকে যথোপযুক্ত বৈধ ক্ষমতা প্রদত্ত হয় নাই। সত্য বটে স্থানীয় কমিটীদের হস্তে এইক্ষণে যে ক্ষমতা আছে, ১৮১০ সালের ১৯ আইনক্রমে রেবিনিউ বোর্ডের তদপেক্ষা নির্দ্দিষ্ট ক্ষমতা ছিল না, কিন্তু প্রেরিত রিপোর্টের ২৭ পরিচ্ছেদে যথার্থই উল্লিখিত হইয়াছে যে বোর্ড আপন পদোপলক্ষে ও স্থানীয় কর্ম্মকারক কালেক্টর সাহেবদের বলে যদ্রূপ প্রকৃত কর্ত্তৃত্ব করিতে সক্ষম ছিলেন স্থানীয়কমিটীরা তাহার কিছুই দেখাইতে পারেন না। যখন ১৮৬৩ সালের ২০ আইন বিধিবদ্ধ হয়, তখন বোধহয় এবিষয় উপেক্ষিত হইয়াছিল।

৪। এক্ষণে বোধ হয় স্থানীয় কমিটীদের ক্ষমতা বৃদ্ধি করা, ও প্রথমে গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে থাকুক বা না থাকুক সর্ব্বপ্রকারের দত্তসম্পত্তি তাঁহাদের তত্ত্বাবধানে আনা, এবং স্থানীয় কমিটীদের উপর ও নানাপ্রকার দত্তসম্পত্তির কার্য্যনির্ব্বাহকদের উপর সম্পূর্ণ ও অবিচ্ছিন্ন ক্ষমতা বিশিষ্ট এক একটি কেন্দ্রিক কমিটী প্রত্যেক জিলায় স্থাপন করা আবশ্যক। রেবিনিউ বোর্ড তাঁহাদের প্রেরণ পত্রের ৫ পরিচ্ছেদে যে সকল প্রস্তাব করিয়াছেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তৎসমুদয় সাধারণতঃ অনুমোদন করেন। কেন্দ্রিক কমিটীর ও সব কমিটীর যে ব্যয় করা আবশ্যক তাহা হারহারিমতে দত্তসম্পত্তির ধন হইতে গৃহীত হইবে, এবং কমিটীর সেক্রেটরীর পদের এরূপ বেতন হওয়া উচিত যেন তৎকার্য্য জন্য উপযুক্ত ও বিশ্বাসী লোক পাওয়া যায়।

৫। কমিটীর রিপোর্টের সহিত যে সকল লতা সংযুক্ত আছে সে সকল পরীক্ষা করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সন্দেহ হইয়াছে যে উড়িষ্যার দত্তসম্পত্তি পরিত্যাগ কালে রেবিনিউ বোর্ড ১৮৬৩ সালের ২০ আইনের ২১ ধারার বিধানের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়াছিলেন কি না। যে সকল দত্তসম্পত্তি বা দত্তসম্পত্তির অংশ ঐহিক কার্য্য জন্য অভিপ্রেত, সেই সকল দত্তসম্পত্তি বা দত্তসম্পত্তির অংশ আপন তত্ত্বাবধানে রাখিবার ক্ষমতা বোর্ড উক্ত ধারাক্রমে প্রাপ্ত হন। কিন্তু রিপোর্ট সংযুক্ত লতাগুলি দেখিয়া অনুমান হয় যে, উক্ত ধনদ্বারা ভিন্ন ২ কি ২ উদ্দেশ্য সাধনের অভিপ্রায় ছিল তাহার ভালরূপ অনুসন্ধান না লইয়াই, লতার উল্লিখিত দত্তসম্পত্তি গুলির একেবারে হস্তান্তর করা হয়। এবিষয়ে রেবিনিউ বোর্ডকে লেখা যাইবে, এবং উপরের অনুমান যথার্থ হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পরামর্শ এই যে আইন সংশোধনকালে এই উপেক্ষা শোধনের বিধান হয়, এবং আইনের অভিপ্রায়ানুসারে কাহাকে "ঐহিক কার্য্য" বলিয়া গণ্য করা যাইবে তাহারও নির্দ্দেশ থাকে। এবিষয়ে কমিটীর রিপোর্টের ১৪ ও ২০ পরিচ্ছেদ বিবেচনা যোগ্য।

6 It will be observed that the report deals only with the Hindoo endowments of the province of Orissa, which are by far the most numerous and important of all the endowments in Bengal Some further enquiry will be made as to the state of things elsewhere, and also as to Mahomedan institutions, but early legislation for the purpose of giving a better protection to the numerous Hindoo endowments in Orissa seems very desirable The principles which may be laid down in regard to them will no doubt be found to be generally applicable The only matter of doubt appears to be whether the expenditure incurred by the committees of Mahomedan endowments can be met from the funds under their control, wuqf being under Mahomedan law inalienable On this point I am to refer you to the papers forwarded with this Government letter No 501, dated 5th February 1869 It will be for the Government of India to determine whether Section 15, Regulation IV of 1793, is a bar to legislation on this matter in the present day It seems probable that enlightened Mahomedans would not now object to such a proposal, and the best way perhaps to meet the difficulty would be to vest by law the committees with the powers of Mutawali for certain specific purposes

7 I am to add that the Lieutenant-Governor apprehends that, though the proposed legislation would not in any way contravene Act XX of 1863, being indeed rather the complement of that law, yet as it would technically be considered an amendment of the Act, it would be beyond the competence of the local legislature

14 In accordance with the undertaking given in paragraph 5 of the foregoing quotation, the Board of Revenue were asked to submit a return showing all the endowments—Hindoo, Mahomedan, Jain, or other—in the Lower Provinces, whether such had been under the control of the Board under Regulation XIX of 1810 or not, with careful specification of the uses to which they had been appropriated It was represented, however, that the number of endowments which had been left entirely free of Government control was so vast that the preparation of anything like a complete return would require a special agency and occupy many months, and by subsequent orders the enquiry was restricted to the case of endowments of which cognizance had been taken under Regulation XIX of 1810 The result of this enquiry was to show (as has been already noted) that, outside Orissa, only about 16 endowments had ever been brought under that regulation Even in Orissa it appeared that comparatively few of the endowments had ever been controlled under that law, and what the Commissioner and the native commission, who were again consulted, urged was that, in any amendment of the law, it should be made to include all endowments not of a strictly family and hereditary character and designed for the benefit of individuals only

15 The native commission took this opportunity to submit a supplementary report with the draft of a Bill for giving effect to their revised proposals The Bill is printed as appendix A to this resolution

In explanation of the principal provisions of the Bill, the commission remarked—

18 Next, as to the agency by which the administration of the endowments is to be controlled Whatever may be our views regarding the policy of Government in disconnecting itself with institutions of the kind under notice (we have already expressed ourselves clearly on the point, *vide* paragraph 19 of our previous report), it is, we are afraid, looking to Section 22, Act XX of 1863, vain to expect that Government should recede from such policy and re-assume the superintendence of the endowments If this be so, the agency provided for by Act XX of 1863 is best calculated to answer the purpose Instead of there being, however, only local committees, one for each institution, and such local committees taking the place and exercising the powers of both the Board of Revenue and the local agents in Regulation XIX of 1810, as laid down in Section 7, Act XX of 1863, there should be a central committee for the division, which should take the place and exercise the powers of the Board in respect of all the institutions in the division, the local committees performing the functions of the local agents, each with regard to the particular institution placed under it Our reason for recommending such a double system as this is that, on the one hand, the requisite number of persons sufficiently qualified to be entrusted with the powers which ought to vest in the local committees, supposing there is to be no central committee, can hardly be expected to be found anywhere except at the divisional or district head-quarters, and that, on the other hand, a

৬। দৃষ্ট হইবে যে রিপোর্টে কেবল উড়িষ্যা প্রদেশের হিন্দু দত্তসম্পত্তির কথাই আছে, এই গুলি বাঙ্গালার সমুদয় দত্ত সম্পত্তির মধ্যে সংখ্যা ও প্রয়োজন সম্বন্ধে সর্ব্বশ্রেষ্ঠ। অন্য স্থানের অবস্থা ও মুসলমান ধর্ম্মালয়াদি সম্বন্ধে আরও কিছু অনুসন্ধান লওয়া যাইবে, কিন্তু উড়িষ্যার,বহুসংখ্যক হিন্দু দত্ত সম্পত্তির সংরক্ষণার্থে শীঘ্রই ব্যবস্থা করা বাঞ্ছনীয় বোধ হয় তাহাদিগের সম্বন্ধে যে সকল নিয়ম অবলম্বন করা যায়, নিঃসন্দেহ সেই সকল সাধারণতঃ প্রয়োগ করা যাইতে পারিবে। সন্দেহের বিষয় কেবল এই দেখা যায় যে মুসলমান ধর্ম্মসক্রান্ত দত্তসম্পত্তি সম্বন্ধীয় কমিবটীব ।র তাঁহাদের তত্ত্বাধীন ধন হইতে করা যাইবে কি না, কারণ বকফ মুসলমান ব্যবস্থাক্রমে হস্তান্তর যোগ্য নহে। এবিষয়ে ১৮৬৯ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের এই গবর্ণমেণ্টের ৫০১ নং পত্র সংযুক্ত কাগজপত্রের প্রতি আপনি দৃষ্টি করিবেন। ১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারা এক্ষণে এবিষয়ের ব্যবস্থা করিবার বাধা হইবে কি না, ইহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট নির্ণয় করিবেন। ইহ সম্ভব বোধ হয় যে সুশিক্ষিত মুসলমানেরা এক্ষণে এ প্রস্তাবে আপত্তি করিবেন না, এব আইন দ্বারা কমিটীগুলিকে কোনং উদ্দেশ্য সাধনার্থ মাতোয়ালির ক্ষমতা প্রদান করাই বোধ হয় আপত্তি খণ্ডনের সর্ব্বোৎকৃষ্ট উপায়।

৭। আমার এইস্থলে বলিতে হইতেছে শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব আশঙ্কা করেন যে যদিও প্রস্তাবিত ব্যবস্থা কোনক্রমে ১৮৬৩ সালের ২০ আইনের বিরুদ্ধ হইবে না, বরং উক্ত আইনের অভাব পূরণ করিবে, তথাপি যখন এটি উক্ত আইনের সংশোধন বলিয়া গণ্য হইবে, ইহা স্থানীয় ব্যবস্থাপক সভার ক্ষমতার অতীত।

১৪। পূর্ব্বোদ্ধৃত পত্রের ৫ পরিচ্ছেদের অঙ্গীকৃত কার্য্যানুষ্ঠানক্রমে, রেবিনিউ বোর্ডের নিকটে, ১৮১০ সালের ১৯ আইনবলে বোর্ডের তত্ত্বাবধানে থাকুক বা না থাকুক, হিন্দু, মুসলমান, জৈন, বা অপর, সমুদয় নিম্নপ্রদেশস্থ দত্তসম্পত্তির একখানি বিবরণপত্র চাহা যায় ও তাহাতে তৎসমুদয়ের যে যে কার্য্যে বিনিয়োগ হইয়াছে সাবধানে নির্দ্দেশ করিবার কথা থাকে। কিন্তু এরূপ বর্ণনা পাওয়া যায় যে, একেবারে গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে যে সকল দত্তসম্পত্তি ছিলনা সে সকলের সংখ্যা এত অধিক যে সম্পূর্ণ বিবরণপত্র প্রস্তুত করিতে হইলে বিশেষ কর্ম্মকারকদল নিযুক্ত করিতে হইবে এবং উক্ত কার্য্যে অনেক মাস গত হইবে, এবং পরবর্ত্তী আদেশক্রমে ১৮১০ সালের ১৯ আইন বলে যে সকল দত্তসম্পত্তি লইয়া কার্য্য হয় অনুসন্ধান কেবল তৎপ্রতি আবদ্ধ হয়। পূর্ব্বেই বলা হইয়াছে উক্ত অনুসন্ধানের ফল এই দেখা যায় যে উড়িষ্যার বাহিরে কেবল ১৬ টী দত্তসম্পত্তি ঐ আইনের অধীনে আনা হয়। এমন কি, দৃষ্ট হয় যে, উড়িষ্যাতেও অত্যল্প সংখ্যক দত্তসম্পত্তির উক্ত আইনক্রমে তত্ত্বাবধান হইয়া ছিল, এবং আবার পরামর্শ চাহিলে, কমিশ্যনর সাহেব ও দেশীয় কমিশ্যান দৃঢ়রূপে বলেন যে আইন সংশোধন করিতে হইলে, যে দত্তসম্পত্তিগুলি সম্পূর্ণরূপে কৌলিক ও পুরুষানুক্রমিক ও কেবল ব্যক্তি বিশেষের উপকার জন্য উদ্দিষ্ট তদ্ভিন্ন সমুদয় দত্তসম্পত্তি গ্রহণ করা উচিত।

১৫। দেশীয় কমিশ্যান এই সুযোগে একটী অতিরিক্ত রিপোর্ট ও আপনাদের সংশোধিত প্রস্তাবানুযায়ী এক খণ্ড পাণ্ডুলিপি পাঠান। এই নিদ্ধারণের A চিহ্নিত পরিশিষ্টরূপে উক্ত পাণ্ডুলিপি মুদ্রিত হইল।

পাণ্ডুলিপির প্রধান বিধানগুলির ব্যাখ্যায়, কমিশ্যান বলেন—

১৮। দত্তসম্পত্তির কার্য্যনির্ব্বাহ যে কর্ম্মকারকদিগের তত্ত্বাবধানে রাখা যাইবে এক্ষণে তৎসম্বন্ধীয় কথা উপস্থিত হইতেছে। এই প্রকারের আলয়াদির সহিত গবর্ণমেণ্টের সংস্রব রহিত করিবার নীতি সম্বন্ধে আমাদের যেরূপ মতই হউক না কেন (এবিষয়ে আমাদের মত আমরা স্পষ্টরূপেই প্রকাশ করিয়াছি, আম দের পূর্ব্ব রিপোর্টের ১৯ পরিচ্ছেদ দেখ।), ১৮৬৩ সালের ২০ আইনের ২২ ধারার প্রতি দৃষ্টি করিয়া আমাদের আশঙ্কা হয় যে উক্ত নীতি পরিত্যাগ করিয়া দত্তসম্পত্তির তত্ত্বাবধান যে গবর্ণমেণ্ট পুনর্ব্বার হস্তে লইবেন, এরূপ আশা করা বৃথা। এরূপ হইলে ১৮৬৩ সালের ২০ আইনে যে প্রকারের কর্ম্মকারকের বিধান আছে অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত তাহাই সর্ব্বোৎকৃষ্ট। কিন্তু প্রত্যেক আলয়ের জন্য কেবল এক একটী স্থানীয় কমিটী এবং উক্ত কমিটী ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারার বিধান ক্রমে ১৮১০ সালের ১৯ আইনের রেবিনিউ বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকদের স্থান প্রাপ্ত হইয়া তাহাদের ক্ষমতানুযায়ী কার্য্যকারী না হইয়া, প্রত্যেক দেশখণ্ডের জন্য একটী কৈন্দ্রিক কমিটী থাকা উচিত, উক্ত কমিটী ঐ খণ্ডের সমুদয় আলয়াদি সম্বন্ধে বোর্ডের স্থান অধিকার করিবে ও তদীয় ক্ষমতানুসারে কার্য্য করিবে, এবং এক একটী স্থানীয় কমিটীর অধীনে যে বিশেষ আলয় রাখা যায়, তৎসম্বন্ধে স্থানীয় কমিটী স্থানীয় কর্ম্মকারকদের কার্য্য করিবে। এরূপ দ্বিভাগাপন্ন প্রণালী সংস্থাপনের পরামর্শ দিবার যুক্তি এই যে, একপক্ষে কৈন্দ্রিক কমিটী না থাকিলে, স্থানীয় কমিটীদের হস্তে যে রূপ ক্ষমতা দিতে হয় তদ্রূপ ক্ষমতা পাইবার যোগ্য আবশ্যক সংখ্যক ব্যক্তি দেশখণ্ডের কি জিলার সদর ভিন্ন আর কোন স্থানে পাইবার আশা করা যায় না, এবং অপরপক্ষে, দেশখণ্ডের কি জিলার সদরে একমাত্র কমিটী বসিয়া উক্ত দেশখণ্ডের কি জিলার সমুদয় আলয়াদির তত্ত্বাবধান

single committee sitting at the divisional or district station could but ill control the management of all the institutions in the division or district, situated as they are in different parts of the country, some of them far distant from such stations We prefer a divisional to a district central committee, as well with a view to complete centralization as in order to secure uniformity of system throughout the division in all matters connected with the institutions

19 Now as regards the powers of the central committee. We do not propose that it should have larger powers of supervision and control than those contemplated by Act XX of 1863, which are the same as the Board of Revenue possessed under Regulation XIX of 1810 It is simply necessary to supply what is obviously an omission in the previous laws, viz a clear definition of such powers This we have done in detail in Appendix I The only part of these powers which may seem sufficiently important to demand an explanation here, is the authority proposed to be given to the committee to remove trustees, and generally to confirm their appointment, and, in the case of the institutions of the kind specified in Section 3, Act XX of 1863, to nominate them itself It can hardly be said that our proposition goes ahead of Regulation XIX of 1810, which, though it did not expressly confer such authority upon the Board, evidently intended to do so by implication, as will appear from the portions of the law already quoted above We are not singular in putting the construction we do upon them There are instances of trustees having been removed by the authorities, and that not only in the case of the institutions which would come under Section 3, Act XX of 1863, to show that the law was always so interpreted Indeed, it is hard to conceive how the authorities could without exercising such powers, to quote the words of the Regulation again, "take care that the endowments were appropriated to the purposes for which they were intended" or " prevent misappropriation " If, therefore, the committee is to be expected to accomplish the same end, it follows that they must have the same powers

20 We are conscious that, allowing due weight to the considerations we have above set forth, powers of removal, &c , are large powers to confer upon any person or body of persons, and the more so upon a quasi-judicial body such as the central committee is proposed to be. We have accordingly taken care to recommend the same safeguards as Regulation XIX of 1810 provided,—safeguards which we consider amply sufficient not only against intentional abuse of power, but also against errors of judgment The parties aggrieved by the committee's proceedings have the right to sue it in the civil court, and the civil court has the power not only to upset the committee's orders, but also to award costs and damages against the committee, should it see good reasons to do so If, notwithstanding such provisions as these, calculated, as they are, almost to ensure uprightness and carefulness on the part of the committee, a few evils should arise, and we do not pretend to predict the contrary, they can only be looked upon as necessary evils

21 The powers which we would give the local committees have also been set forth in the appendix above referred to These are just sufficient to enable them to perform the duties we would impose upon them, which are much the same as those which devolved upon the local agents under Regulation XIX of 1810

22 We further think it necessary that the committees, both central and local, should be recognized as representatives as well of the endowers as of the persons interested in the endowments, as such interest is defined in Section 15, Act XX of 1863, and as such should be authorized to institute proceedings in the courts Such a provision is specially called forth by the necessity which, notwithstanding the supervision and control provided for, may arise, perhaps not unfrequently, for resorting to the courts for the purpose of recovering land or other property improperly transferred, or of preventing the transfer of such property It is not that in recommending the provision we desire to provide against speculative contingencies Alienations of endowment lands by the trustees, either under some pretence or other, or without any assigned cause, and sales of such lands by the civil courts in execution of decrees for debts against the trustees, have, especially of late, been rather frequent than otherwise, a result which we think to be due, though secondarily—the primary cause being of course the exceptionable conduct of the trustees—to the absence of any representative body, such as we have proposed, which would and could dispute the right of the trustees to alienate trust property, or contest the liability of such property to sale for their debts

ভার্ন করিয়া করিতে পারে না, কারণ ঐ জালদাদি দেশের না না অংশে সদর মোকাম হইতে বহুদূরবর্তী। আমরা জিলার অপেক্ষা দেশখণ্ডের কৈন্দ্রিক কমিটী ভাল জ্ঞান করি, কারণ ইহাতে উক্ত মসয়াদি সম্বন্ধীয় সকল বিষয়ে সমস্ত দেশখণ্ডে সম্পূর্ণ এককৈন্দ্রিকতা ও কার্য্যপ্রণালীর সমতা সংস্থাপিত হয়।

১৯। এক্ষণে কৈন্দ্রিক কমিটীর ক্ষমতার কথা বলা যাইতেছে। ১৮৬৩ সালের ২০ আইনে যে তত্ত্বাবধান ও কর্তৃত্বের ক্ষমতা প্রদানের অভিপ্রায় ছিল ও যাহা ১৮১০ সালের ১৯ আইন অনুযায়ী বোর্ডের ক্ষমতার অনুরূপ, আমরা তদপেক্ষা অধিক ক্ষমতা দিবার প্রস্তাব করি না। পূর্ব্ব পূর্ব্ব আইনের বেশী স্পষ্টতঃ ত্রুটী বলিয়া জ্ঞান হয়, কেবল সইটীর সংশোধন করা, অর্থাৎ উক্ত ক্ষমতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করা আবশ্যক হইতেছে। আমরা I চিহ্নিত পরিশিষ্টে ইহা বিস্তারিতরূপে করিয়াছি। উক্ত ক্ষমতার কেবল এক অংশ বিশেষ গুরুতর বলিয়া এস্থলে ব্যাখ্যা করা আবশ্যক বোধ হয়। ন্যাসধারিদিগকে পদচ্যুত করিবার, ও সাধারণত তাহাদের নিয়োগ স্থিরতর করিবার এবং ১৮৬৩ সালের ২০ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট আবশ্যক হইলে স্বয়ং তাহাদিগকে নির্ব্বাচন করিবার ক্ষমতা কমিটীকে দিবার প্রস্তাব করা গিয়াছে। আমাদের প্রস্তাব যে ১৮১০ সালের ১৯ আইন ছাড়াইয়া উঠিয়াছে বলা দুষ্কর কারণ ঐ আইনে যদিও বোর্ডের প্রতি স্পষ্টত উক্ত ক্ষমতা প্রদত্ত হয় নাই তথাপি আইনের যে যে অংশ আমরা উদ্ধৃত করিয়াছি তদ্দৃষ্টে প্রতীতি হইবে যে উহ্যভাবে তদ্রূপ ক্ষমতা প্রদানের স্পষ্ট অভিপ্রায় ছিল। আমরাই কেবল এরূপ অর্থ করিতেছি না। কর্তৃপক্ষেরা ন্যাসধারিদিগকে পদচ্যুত করিয়াছেন এরূপ দৃষ্টান্ত পাওয়া যায়, এবং যে স্থলে ১৮৬৩ সালের ২০ আইনের ৩ ধারা খাটিত কেবল সেই স্থলেই এরূপ দৃষ্ট হয় এমন নহে, সুতরাং জানা যাইতেছে যে আবহমান কাল আইনের এইরূপ অর্থ হইয়া আসিতেছে। বস্তুতঃ কর্তৃপক্ষেরা এপ্রকার ক্ষমতানুসারে কার্য্য না করিয়া কিরূপে আইনের কথাক্রমে "সাবধানে দেখিবেন যে, যে উদ্দেশ্য সাধনার্থে অভিপ্রেত সেই উদ্দেশ্য সাধনার্থে দত্তসম্পত্তির প্রয়োগ হয় অথবা "অযথা বিনিয়োগ নিবারণ করিবেন। সুতরাং কমিটী উক্ত উদ্দেশ্য সাধন করিবেন আশা করিতে হইলে তাঁহাদের সেই ক্ষমতা থাকা আবশ্যক।

২০। আমরা যে সকল বিষয় বিবেচনা করিবার কথা বলিয়াছি তাহার প্রকৃত গুরুত্ব অনুভব করিয়া কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতি এবং কৈন্দ্রিক কমিটী যেরূপ করিবার প্রস্তাব হইতেছে বিশেষ তদ্রূপ বিচারকভাবাপন্ন ব্যক্তিবর্গের প্রতি পদচ্যুত করণ প্রভৃতির ক্ষমতা অর্পণ করা যে বাস্তবিক অত্যধিক ক্ষমতাদান ইহা আমরা স্বীকার করি। সুতরাং ১৮১০ সালের ১৯ আইনে শঙ্কা নিবারণের যে সকল উপায়ের বিধান ছিল আমরাও সেই সকল উপায় অবলম্বন করিতে পরামর্শ দিয়াছি। আমাদের বিবেচনা এই যে এই সকল উপায়ে কেবল ইচ্ছাপূর্ব্বক ক্ষমতার কুব্যবহারের নহে বিচারের ভ্রান্তিরও সংশোধন হইবে। কমিটীর কার্য্যে কোন পক্ষ অসন্তুষ্ট হইলে তাঁহার দেওয়ানী আদালতে মোকদ্দমা করিবার স্বত্ব থাকিতেছে কমিটীর আদেশ অন্যথা করিবার ক্ষমতা যে কেবল দেওয়ানী আদালতের থাকিতেছে এমন নহে, যুক্তিসঙ্গত কারণ দেখিলে কমিটীর বিরুদ্ধে খরচা ও ক্ষতিপূরণের ডিক্রী করিবারও ক্ষমতা থাকিতেছে এই সকল বিধান দ্বারা কমিটীর সততা ও সাবধানতা রক্ষা হইবার সম্ভাবনা সত্ত্বেও, যদি কোন দোষ দেখা যায় এবং এরূপ ঘটিবে না ঈদৃশ ভবিষ্যদ্বাণী করিবার শক্তি আমাদের নাই, তাহা হইলে উক্ত দোষগুলি অবশ্যম্ভাবী জ্ঞান করিতে হইবে।

২১। স্থানীয় কমিটীদিগকে আমরা কি ক্ষমতা দিতে চাই, তাহাও পূর্ব্বোল্লিখিত পরিশিষ্টে বিবৃত হইয়াছে। আমরা স্বয়ং তাঁহাদের প্রতি যে কর্ত্তব্যভার অর্পণ করিতেছি সেই কর্ত্তব্য সম্পাদনার্থে তাঁহাদের তদ্রূপ ক্ষমতা থাকা আবশ্যক এবং ১৮১০ সালের ১৯ আইনক্রমে স্থানীয় কর্ম্মকারকদিগের যে ক্ষমতা ছিল উহা তাহারই অনুরূপ।

২২। অধিকন্তু কৈন্দ্রিক ও স্থানীয় কমিটী দাতার স্বত্বাভিষিক্ত ও ১৮৬৩ সালের ২০ আইনের ১৫ ধারার স্বার্থের যে লক্ষণ আছে তদনুসারে দত্তসম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তিদিগের স্বত্বাভিষিক্ত বলিয়া গণ্য হয়, এবং উক্তভাবে আদালতে কার্য্যানুষ্ঠান করিবার ক্ষমতা প্রাপ্ত হয় ইহা আমরা আবশ্যক বিবেচনা করি। তত্ত্বাবধানের ও কর্তৃত্বের বিধান সত্ত্বেও যে কখন কখন অযথাভাবে হস্তান্তরীকৃত ভূমি বা অন্য সম্পত্তির পুনঃপ্রাপ্তিজন্য অথবা উক্ত সম্পত্তির হস্তান্তরীকরণ নিবারণ জন্য আদালতে যাইবার প্রয়োজন হয়, তাহাতেই ঈদৃশ বিধান করিবার বিশেষ আবশ্যকতা দৃষ্ট হয়। এরূপ বিধানের পরামর্শ দিয়া আমরা কল্পিত ঘটনা সম্বন্ধে বিধান করিতেছি না। কেমন রূপ ছলক্রমে কিম্বা কোন কারণ নির্দ্দেশ না করিয়া, ন্যাসধারিদের দ্বারা দত্ত সম্পত্তির হস্তান্তরীকরণ এবং ন্যাসধারিদের বিরুদ্ধে ঋণের ডিক্রী জারীক্রমে দেওয়ানী আদালত কর্তৃক উক্তরূপ ভূমির বিক্রয় বরং সংপ্রতি বাড়িয়াছে। ইহার মুখ্য কারণ ন্যাসধারিদিগের অসদাচরণ হইলেও ন্যাসধারিদের ন্যস্ত সম্পত্তি হস্তান্তরীকরণের যত্নের অথবা তাহাদের ঋণ জন্য উক্ত সম্পত্তির বিক্রয় যোগ্যতার প্রতিবাদ করে, এরূপ আমাদের প্রস্তাবানুযায়ী প্রতিনিধি ব্যক্তিবর্গের অভাব আমাদের বিবেচনায় গৌণ কারণ বলিয়া প্রতীত হয়।

23 The mode in which the committees are to conduct their proceedings and execute the orders has likewise been described in the appendix. The rules of procedure have been drawn upon the model of those which generally regulate the proceedings of arbitrators, and the orders of the committee have been proposed to be carried into effect, when necessary, by the civil court in the same manner as its own decrees are executed.

24 The rules we have proposed relating to the mode of appointment and constitution of the committees, the removal of the members, filling up vacancies, &c., have been taken almost verbatim from those contained in the points in Act XX of 1863, the slight alterations made being rendered necessary by the double agency recommended. The general terms used in Section 8 of that law, respecting the religious persuasions of the persons to be selected as members, need not be adopted in the case of the central committees, which might unobjectionably be composed of persons of only the Hindu and Mahomedan persuasions, inasmuch as all the endowments belong to one or the other of these two religions, Jain or any other similar persuasion being a sect of the Hindu religion rather than a different persuasion. The number and extent of the Hindu endowments being by far the greater, the majority of the members should, in our opinion, be of the Hindu persuasion. As to ascertaining the general wishes of the persons interested, as provided for in the same section, the measure is almost impracticable in the case of the central committee, and even if it were otherwise, we do not quite see the utility of making such a provision, considering that there do not exist such an intelligent public as the law would pre-suppose. The provision in Section 8 has remained almost a dead letter.

25 In order to enable the central and local committees to meet the expenses incidental to the performance of their functions, we have proposed that they should be authorized to raise funds by proportionate assessments on the incomes of the several institutions under their superintendence, and that, in the event of the trustees or managers failing to pay their respective quotas, the committees should have power to assume the direct management of the endowment property for the purpose of realizing the same.

26 As regards the power the civil court is to have, we do not purpose to take away any of those which it possessed either under Regulation XIX of 1810 or Act XX of 1863, or in the least to limit them, as will appear from the general provision we have inserted on the point in the appendix. We have thought it proper further to recommend that Sections 14 to 20, Act XX of 1863, be retained with slight alterations.

27 Now, as to the extent of the operation of the amended law. The proposed Act should, in our opinion, be the general endowment law applicable to all endowments of the kind under consideration, though no institution should be considered as coming within its operation until an order of Government shall have specially extended it to the same.

16 The Board of Revenue approved generally of the proposals of the commission. They were not, however, submitted at this time (January 1871) to the Government of India, partly because the information given with respect to some considerable endowments was very incomplete, and partly because intimation was received from that Government that they had decided to invite the opinions of other Governments and Administrations before taking action to amend Act XX of 1863. The question became also to some extent complicated by another suggestion made by the Commissioner of Orissa in connection with the Pooree Lodging-house Bill, that the Government might meet the practical necessities of Orissa by levying a fixed percentage upon all pilgrim endowments, to be spent by Government for the benefit of the pilgrims. The Commissioner was even sanguine that he could induce the muthdars to make voluntary annual contributions for this purpose, and he was allowed to try. The attempt seems to have been a failure, and the papers connected with the whole subject of endowments were then apparently allowed to lie by.

17 Attention was again drawn to them on the receipt of a circular from the Government of India, dated the 16th November 1871, enquiring what the practice was in Bengal as to the alienation of endowments to meet the debts of their temporary trustee or manager. The replies to this circular from local officers went to show that, while the rule of law is clear enough as to the illegality of alienation of trust property either in sales under decrees against the trustee personally or by voluntary transfers, they are in practice by no

২৩। কমিটী কি প্রকার কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন ও কিরূপে আপনাদের আদেশ জারী করিবেন তাহাও উক্ত পরিশিষ্টে বর্ণিত হইয়াছে। সালীসদিগের কার্য্যপ্রণালী যে নিয়মে চলে তাহাই আদর্শ করিয়া কার্য্যপ্রণালীর নিয়মাবলী প্রস্তুত করা গিয়াছে, এবং দেওয়ানী আদালত যেরূপে আপন ডিক্রী জারী করেন, আবশ্যক হইলে কমিটীর আদেশও তদ্রূপে বলবৎ করিবেন, এই প্রকার প্রস্তাব করা হইয়াছে।

২৪। কমিটীর নিয়োগ প্রণালী ও সংগঠন, মেম্বরদিগের পদচ্যুতকরণ, শূন্য পদের নিয়োগ, প্রভৃতি সম্বন্ধে যে সকল বিধির প্রস্তাব করিয়াছি সেই সকল প্রায় কথায় ২ ১৮৬৩ সালের ২০ আইন হইতে গৃহীত, দ্বিপ্রকারের কার্য্যকারক নিয়োগের পরামর্শ দেওয়াতে কেবল অল্প অল্প পরিবর্ত্তন করা আবশ্যক হইয়াছে। যে সকল ব্যক্তি মেম্বরস্বরূপ নির্ব্বাচিত হইবেন তাঁহাদের ধর্ম্মসম্বন্ধে উক্ত আইনের ৮ ধারায় যে সাধারণ শব্দ ব্যবহৃত হইয়াছে কৈন্দ্রিক কমিটীর সম্বন্ধে তাহা অবলম্বন করিবার প্রয়োজন নাই। উক্ত কমিটী বিনা আপত্তিতে হিন্দু ও মুসলমান ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের দ্বারা সংগঠিত হইতে পারে, জৈন বা তদ্রূপ অন্য ধর্ম্ম হিন্দু ধর্ম্মের শাখামাত্র, বিভিন্ন ধর্ম্ম নহে। হিন্দু প্রদত্ত সম্পত্তির সংখ্যা ও বিস্তার সর্ব্বাপেক্ষা অধিক এজন্য আমাদের মতে অধিকাংশ মেম্বরই হিন্দু ধর্ম্মাবলম্বী হওয়া উচিত। উক্ত ধারার বিধানে যে স্বার্থযুক্ত ব্যক্তিদিগের সাধারণ অভিপ্রায় নির্ণয় করিবার কথা আছে কৈন্দ্রিক কমিটী সম্বন্ধে তদ্রূপ করা অসম্ভব, এবং তাহা না হইলেও আইনে যাদৃশ বুদ্ধিমান সর্ব্বসাধারণের অস্তিত্ব অনুমিত হইয়াছে তদভাবে আমরা এপ্রকার বিধান করিবার কিছু উপকার দেখিতে পাই না। ৮ ধারার বিধান একাল পর্য্যন্ত প্রায় অচল রহিয়াছে।

২৫। কৈন্দ্রিক ও স্থানীয় কমিটী দিগকে কর্ত্তব্যপালনার্থ ব্যয় বহন করিতে সমর্থ করিবার নিমিত্ত আমরা প্রস্তাব করিয়াছি যে, তাহাদের তত্ত্বাবধানে যে সকল আলয়াদি থাকে তৎসমুদয়ের আয় হইতে হারহারিমতে টাকা তুলিয়া লইবার ক্ষমতা তাহাদের থাকিবে এবং ন্যাসধারী বা কার্য্য নির্ব্বাহক অংশমত টাকা দিতে ত্রুটি করিলে উক্ত টাকা আদায় করিবার নিমিত্ত কমিটী সাক্ষাৎ সম্বন্ধে উক্ত দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহ ভার গ্রহণ করিতে পারিবেন।

২৬। আমরা উক্ত পরিশিষ্টে এতৎসম্বন্ধে যে সাধারণ বিধান করিয়াছি তদ্দৃষ্টে প্রতীত হইবে যে ১৮১০ সালের ১৯ আইন ক্রমে অথবা ১৮৬৩ সালের ২০ আইন ক্রমে দেওয়ানী আদালতের যে ক্ষমতা ছিল তাহা কমাইতে বা কোন রূপে সীমাবদ্ধ করিতে আমাদের মানস নাই। অধিকন্তু ১৮৬৩ সালের ২০ আইনের ১৪ হইতে ২০ ধারা পর্য্যন্ত ধারাগুলি অল্প পরিবর্ত্তন করিয়া রাখিবার পরামর্শ দেওয়া আমরা বিহিত জ্ঞান করিয়াছি।

২৭। সংশোধিত আইনের ব্যাপ্তি সম্বন্ধে এক্ষণে কিছু বলা যাইতেছে। যে প্রকার দেবত্রসম্পত্তির বিষয়ে বিবেচনা হইতেছে আমাদের মতে প্রস্তাবিত আইন তৎসমুদয়ের প্রতি বর্ত্তিবার দত্ত সম্পত্তি বিষয়ক সাধারণ আইন হওয়া উচিত, কিন্তু গবর্ণমেণ্ট আদেশ দিয়া বিশেষ রূপে কোন আলয়াদির প্রতি না বর্ত্তাইলে তাহা এই আইনের কার্য্যাধীন বলিয়া গণ্য হইবে না।

১৬। রেবিনিউ বোর্ড সাধারণতঃ কমিশনরের প্রস্তাবের অনুমোদন করিলেন। কিন্তু উক্ত প্রস্তাবগুলি তৎকালে (১৮৭১ সালের জানুয়ারি মাসে) ইণ্ডিয়া গবর্ণমেণ্টে পাঠান হইল না। ইহার এক আংশিক কারণ এই যে, কতকগুলি বৃহৎ দত্তসম্পত্তির বিবরণ অতি অসম্পূর্ণ ছিল, এবং অপর আংশিক কারণ এই যে উক্ত গবর্ণমেণ্ট হইতে সংবাদ পাওয়া গেল যে ১৮৬৩ সালের ২০ আইন সংশোধন করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে অন্য গবর্ণমেণ্ট ও শাসন কর্ত্তাদিগের মত গ্রহণ করা অবধারিত হইয়াছে। পুরীর বাসাঘর বিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধে এই সময়ে উড়িষ্যার কমিশনর সাহেব পরামর্শ দেন যে যাত্রিদিগের উপকারার্থ ব্যয় করিবার জন্য যাত্রিদিগের নিমিত্ত প্রদত্ত সম্পত্তি হইতে গবর্ণমেণ্ট শতকরা নির্দ্ধারিত কয়েক টাকা করিয়া লইলে, উড়িষ্যার ব্যবহারিক প্রয়োজন সংসাধিত হইতে পারে, ইহাতেও কিয়ৎ পরিমাণে উপস্থিত প্রশ্নের জটিলতা বৃদ্ধি হয়। কমিশনর সাহেবের এরূপও আশা ছিল যে তিনি বুঝাইয়া দিলে মঠধারিরা এতদুদ্দেশে ইচ্ছাপূর্ব্বক বার্ষিক চাঁদা দিবেন, এবং তিনি এরূপ চেষ্টা করিতে অনুমতি পান। বোধ হয় চেষ্টা ফলবতী হয় নাই, এবং প্রতীতি হয় যে তদবধি দত্ত সম্পত্তি সম্বন্ধীয় কাগজপত্র পড়িয়া থাকে।

১৭। কিয়ৎকালীন ন্যাসধারী কি কার্য্য নির্ব্বাহকের ঋণ পরিশোধার্থে দত্তসম্পত্তির হস্তান্তরীকরণ সম্বন্ধে বঙ্গদেশে কি রীতি প্রচলিত, ইহার অনুসন্ধানসূচক ১৮৭৪ সালের ১৬ নবেম্বর তারিখের ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সরকুলর পাইয়া উক্ত কাগজপত্রের প্রতি আবার মনোযোগ পড়ে। স্থানীয় কার্য্যকারকদের নিকট হইতে এই সরকুলরের যে উত্তর পাওয়া যায়, তাহাতে প্রকাশ হয় যে নিজ ন্যাসধারির বিরুদ্ধে ডিক্রীক্রমে বিক্রয় দ্বারা অথবা ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর দ্বারা ন্যাস্ত সম্পত্তির হস্তান্তরীকরণের অবৈধতা সম্বন্ধে আইনের বিধি স্পষ্ট হইলেও, উত্তমর্ণ ও অধমর্ণের মধ্যে যোগ থাকাতে, কার্য্যতঃ এরূপ বিক্রয় বা হস্তান্তর কোনক্রমে অসাধারণ নহে, এবং উড়িষ্যায় নিয়মিত রূপে প্রায় হস্তান্তর হইয়া আসিয়াছে। এবিষয়ে বোর্ডের রিপোর্ট ভারতবর্ষীয় গবর্ণমেণ্টে পাঠাইতে গিয়া, শ্রীযুত স্যর রিচার্ড টেম্পল সাহেব ঐ সুযোগে ১৮৬৩ সালের ২০ আইনের সংশোধনের আবশ্যকতা উক্ত গবর্ণমেণ্টকে আবার বলবৎরূপে প্রদর্শন করেন, এবং এতৎসম্বন্ধীয় সমুদয় আধুনিক চিঠিপত্র প্রেরণ করিয়া ১৮৭০ সালে দেশীয় কাম

means uncommon, owing to collusion between creditors and debtors, and in Orissa have come to be regularly recognized In submitting to the Government of India the Board's report upon this matter, Sir Richard Temple took the opportunity of pressing again upon that Government the necessity of amending Act XX of 1863, and, forwarding the whole of the more recent correspondence, drew attention to the draft Act submitted by the native commission in 1870, which seemed, he thought, calculated to meet the object in view

18 In reply to this the Government of India, on the 23rd March 1876, forwarded a copy of a correspondence with the Government of Madras regarding the amendment of Act XX of 1863 The conclusions come to by the Government of India are embodied in the following paragraphs of their letter, No 306, dated the 29th February 1876, to the Government of Madras —

2 The Government of India agree with the Government of Madras that Act XX of 1863 has failed to prevent malversation of the endowments dealt with under its provisions, and that fresh legislation in the matter is necessary

3 It must be understood, however, that the policy of which the Act of 1863 is the expression should, as far as possible, be maintained, and in this view it appears to the Government of India that there is more probability of a successful solution of the question in the scheme propounded by Sir William Robinson in his minute of the 10th October 1874 than in any other scheme that has yet been devised His proposals involve no direct interference in the administration of the endowments by the European officers of the Government, but provide that the duty should be entrusted to a strong Native Board exclusively devoted to the work, and armed with full powers to enquire into and obtain redress for abuses of their authority by the local managers of the trusts

4 It is doubtful whether it will be possible to appoint in the districts efficient local committees, unless the European element be included in them, but, as suggested by Sir W Robinson, there would seem to be no difficulty in providing for the effective discharge of most of the duties which would be assigned to district committees by the appointment of inspectors acting under the orders of the Central Board For the work to be done thoroughly, the members of the Board and their staff must be well paid, and there seems to be no reason why their salaries should not be defrayed from the funds of the endowments It will probably be better that the members should be appointed and removed by the Government, as any system of election for the first or future members of the Board would not be likely to answer well

5 The appointment and removal of trustees might be vested in the Central Board, subject to rules to be approved by His Excellency the Governor in Council It does not seem necessary to fix the number of trustees for each endowment, this must vary according to the nature and previous history of the trust

6 There would seem to be no objection to provide for the application of the surplus funds of the endowments to useful public purposes, such as the establishment of a school for general education, or of a scholarship, or the construction of some beneficial local work

7 I am to take this opportunity of acknowledging your letter No 59,* dated 12th January 1875, relative to the sale of certain villages under judicial decrees for debts due by the manager of the property, notwithstanding that the estate had been held on a rent-free tenure for charitable purposes In the opinion of the Government of India, provision should be made for the protection from alienation, under decrees of courts, of inams granted for religious or charitable purposes

* To the Department of Revenue, Agriculture, and Commerce

8 I am to request that, with the permission of His Excellency the Governor in Council, a Bill, based upon the above suggestions, supplemented and modified according as local experience may suggest, may be submitted to the Government of India for sanction under Section 43 of the Indian Councils Act and for transmission to the Secretary of State Steps will then be taken here at the proper time to repeal Act XX of 1863, as far as the Madras Presidency is concerned, so as to remove the objection under Section 42 of the Indian Councils Act as to the competency of His Excellency the Governor's Council to deal with this subject I am also to request that the fullest information available may be supplied as to the actual

হাদের প্রেরিত পাণ্ডুলিপির প্রতি এই বলিয়া মনোযোগ আকর্ষণ করেন যে উহা তাঁহার বিবেচনায় উদ্দেশ্য সিদ্ধির উপযোগী বোধ হয়।

১৮। ইহার উত্তরে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ১৮৬৩ সালের ২০ আইনের সংশোধন সম্বন্ধে মান্দ্রাজ গবর্ণমেণ্টের সহিত যে চিঠিপত্র চালাইয়াছিলেন তাহার এক খণ্ড প্রতিলিপি ১৮৭৬ সালের ২৩ মার্চ তারিখে প্রেরণ করেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যে যে সিদ্ধান্তে উপনীত হন মান্দ্রাজ গবর্ণমেণ্টের নামে ৮৭৬ সালের ২৯ ফেব্রুয়ারি তারিখের ৩০৬ নং পত্রের পশ্চাল্লিখিত পরিচ্ছেদে সে সমুদয় প্রদত্ত হয়।

২। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মান্দ্রাজ গবর্ণমেণ্টের সহিত স্বীকার করেন যে, ১৮৬৩ সালের ২০ আইনক্রমে যে সকল দত্তসম্পত্তি লইয়া কার্য্য করা হইয়াছে উক্ত আইনে সে সকল সম্পত্তির অযথা বিনিয়োগ নিবারণ হয় নাই, এবং এবিষয়ে নূতন ব্যবস্থা করা আবশ্যক।

৩। কিন্তু বুঝিতে হইবে যে, ১৮৬৩ সালের ২০ আইন যে নীতির বিধান, যতদূর সম্ভব, তাহা রক্ষা করিতে হইবে এবং এনিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রতীতি এই যে শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেব ১৮৭৭ সালের ১০ অক্টোবর তারিখের মিনিটে যে প্রণালীর প্রস্তাব করেন এপর্য্যন্ত কল্পিত অন্য সমুদয় প্রণালী অপেক্ষা তাহাই প্রশ্নমীমাংসা সম্বন্ধে কার্য্যকর হইবার সম্ভাবনা। তাঁহার প্রস্তাবানুসারে গবর্ণমেণ্টের ইউরোপীয় কর্ম্মচারিদের সাক্ষাৎসম্বন্ধে দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহে হস্তক্ষেপ করিতে হয় না, কিন্তু বিধান আছে যে কেবল উক্ত কার্য্যে নিযুক্ত ও ন্যাসধর স্থানীয় কার্য্য নির্ব্বাহকেরা ক্ষমতার কুব্যবহার করিলে তাহার অনুসন্ধান লইয়া প্রতিবিধান করিবার সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত প্রবল দেশীয় বোর্ডের প্রতি কর্ত্তব্য ভার অর্পিত হয়।

৪। ইউরোপীয় ভাগ না লইলে জিলায় জিলায় কার্য্যকর স্থানীয় কমিটী নিয়োগ করা সম্ভব কি না সন্দেহ, কিন্তু শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেব যেরূপ পরামর্শ দেন, জিলার কমিটীদের প্রতি যে সকল কর্ত্তব্য ভার অর্পিত হইবার কথা কৈন্দ্রিক বোর্ডের আজ্ঞাধীন পরিদর্শক নিয়োগ করিয়া উক্ত কর্ত্তব্য সম্পাদনের বিধান করা কঠিন বোধ হয় না। কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিতে হইলে বোর্ডের মেম্বরদিগকে ও তাহাদের কর্ম্মচারিদিগকে ভাল বেতন দেওয়া আবশ্যক এবং দত্ত সম্পত্তির ধন হইতে তাহাদের বেতন কেন প্রদত্ত হইবে না ইহার কোন যুক্তি দেখা যায় না। গবর্ণমেণ্ট মেম্বরদিগকে নিযুক্ত ও পদচ্যুত করিবেন বোধ হয় এইরূপ করাই ভাল, কারণ, বোর্ডের প্রথম বা ভবিষ্যৎ মেম্বর নির্ব্বাচনের কোন রূপ প্রণালী যে কার্য্যকর হইবে ইহা সম্ভব নহে।

৫। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেবের অনুমোদিত বিধির নিয়মাধীনে, ন্যাসধারিদিগের নিয়োগ ও পদচ্যুতি কৈন্দ্রিক বোর্ডের হস্তে থাকিতে পারিবে। এক একটী দত্ত সম্পত্তির কতজন ন্যাসধারী থাকিবে নির্দ্ধারিত করিবার, বোধ হয় প্রয়োজন নাই। ন্যাসের প্রকৃতি ও পূর্ব্ব বৃত্তান্ত অনুসারে এতৎসম্বন্ধে প্রভেদ হইবে।

৬। সাধারণ শিক্ষাবিষয়ক বিদ্যালয় বা ছাত্রবৃত্তি স্থাপন, উপকার জনক স্থানীয় নির্ম্মাণ কার্য্য প্রভৃতি সাধারণ হিতকর উদ্দেশ্য সাধনার্থ দত্ত সম্পত্তির উদ্বৃত্ত ধনের প্রয়োগ বিধান করিবার কোন আপত্তি দেখা যায় না।

৭। পরোপকারার্থ নিষ্কর ভূমিরূপে মহান্তের ভোগ সত্ত্বেও, সম্পত্তির কার্য্য নির্ব্বাহকের ঋণজন্য আদালতের ডিক্রীক্রমে কএকটি গ্রাম বিক্রয়সম্বন্ধে আপনার ১৮৭৫ সালের ১২ জানুয়ারি তারিখের ৫১ নং * পত্রের এই সুযোগে প্রাপ্তি স্বীকার করিতেছি। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মত এই যে ধর্ম্মার্থে বা পরোপকারার্থে প্রদত্ত ইনাম আদালতের ডিক্রীক্রমে হস্তান্তরিত হইতে না পারিবার বিধান করা উচিত।

৮। আমি অনুরোধ করিতেছি যে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেবের অনুমতি লইয়া উপরোক্ত পরামর্শ স্থানীয় অভিজ্ঞতানুসারে পরিবর্দ্ধিত ও পরিবর্ত্তিত করিয়া তন্মূলক একটি পাণ্ডুলিপি ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইনের ৪৩ ধারাক্রমে অনুমোদন জন্য ও ষ্টেট সেক্রেটরি সাহেবের সমীপে প্রেরণ জন্য ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট পাঠান হয়। তাহা হইলে এখানে যথা সময়ে মান্দ্রাজসম্বন্ধে ১৮৬৩ সালের ২০ আইন রহিত করিবার উপায় অবলম্বিত হইবে, এবং এইরূপে ভারতবর্ষীয় সভাবিষয়ক আইনের ৪২ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেবের এবিষয় কার্য্যশক্তি সম্বন্ধে আপত্তির খণ্ডন হইবে। আমি আরও অনুরোধ করিতেছি যে দত্তসম্পত্তির ধনের অযথাবিনিয়োগ সম্বন্ধে প্রকৃত বৃত্তান্তের যতদূর পূর্ণ বিবরণ পাওয়া যায় তাহা প্রদত্ত হয়। মান্দ্রাজ রেবিনিউ বোর্ডের ১৮৭৪ সালের ১৮ জুলাই তারিখের কার্য্য বিবরণে যে সকল শব্দের প্রয়োগ আছে তাহাতে এইরূপ আভাস পাওয়া যায়, যে বোর্ডের

---

*রাজস্ব কৃষি ও বাণিজ্য বিভাগের প্রতি।

facts of the misappropriation of the funds of the endowments. It is gathered from some expressions used in the proceedings of the Madras Board of Revenue, dated the 18th July 1874, that the Board and the Government had before them specific instances of misappropriation which were regarded as affording strong confirmation of the opinion on which the recommendation in favour of fresh legislation was founded, but the papers showing this have not been sent up

19 The minute by Sir W. Robinson, to which allusion is made in the foregoing extract, proposed to follow, in dealing with these endowments, the model of the English Charitable Trusts Acts of 1853, 1855, and 1860. His views are set out in the following paragraphs of his minute —

Following, *mutatis mutandis*, the model proposed (Charitable Trusts Acts of 1853, 1855, and 1860), the first step to be taken is that Government appoint and continue to appoint as vacancies occur three or more well salaried Commissioners of Religious Endowments, who with a Secretary, likewise appointed by Government, should constitute a Board to enquire into the condition and management of all religious endowments throughout the Presidency I do not think that the retention of this degree of patronage would contravene the principle of perfect neutrality, which should characterise all Government action The patronage should be exercised with the advice of the Board when once formed, and is simply, as it appears to me, a necessary guarantee for character and qualification And in a country where religious factions affect men's minds, as it does here, I think that the Government must thus far act the part of a daysman between them

N B —In England two of the Commissioners (and the Secretary I believe) must be lawyers of standing and I am disposed to suggest similar qualifications here I should at all events endeavour at the outset to place an English Barrister of standing on the Board for obvious reasons

N B —I should be inclined to extend their powers of inquiry, &c, to all charities for whatever object existing

N B —The correspondence shows how difficult is the question between the two sects of Vishnuvites and the various creeds amongst the Shivavites and other shades of belief which prevail in various parts of the country

The Board should receive all requisite legal powers to enable them to execute their function most effectively—including that of placing independent persons in a position to ascertain accurately the income and miscellaneous receipts (*e g* from pilgrim offerings and the like) of any institution into the affairs of which their inquiries may extend—under penalties for delays and obstruction whencesoever arising, which shall be sufficiently deterrent and prompt The action of the Board should be of a summary but *quasi*-judicial character, and all their proceedings and the reports of the local committees and Inspectors should be published for general information

N B —The restriction in respect to examination of persons who claim or hold property adversely to the charity under inquiry, contained in section 16 of Charity Trust Act of 1853, has proved most inconvenient, and should be avoided in the proposed law

N B —In England these are, I believe, annually laid before Parliament Here it might be sufficient to publish them periodically with appendices

The registration of all religious endowments in the office of the Board—with full particulars of every kind—within a specified period by their respective trustees or managers should be made compulsory And all trustees and persons acting in the management of any institution within the purview of the law should be obliged—under severe penalties—to submit, if required by the Board, a provisional budget estimate of receipts and expenditure for the following year for such orders as may be advisable, and at the close of the year to send in a statement of all receipts and disbursements for official audit by the Board.

The Board should be required to institute progressive inquiry into the management of all institutions within the scope of their functions, and, where not satisfied with the existing administration of the funds, &c, of any of them, to draw up—after disposing of objections and suggestions of parties interested in the charity—a scheme for the management of the institution and its funds, for the acceptance of those concerned (if willing to accept such proposals), or for submission to the courts of law for ratification or modification as the case may be—and the Board should be empowered to modify or obtain the modification of such schemes from time to time as may be found expedient Wherever the scheme of the Board is unopposed their orders should be final, and perhaps considerable powers of provisional approval and execution of their order might be conceded to them even when there is a show of opposition (as in England) under the more recent extension of the Charity Commissioners Law (1860)

ও গবর্ণমেণ্টের সম্মুখে অযথাবিনিয়োগের নির্দ্দিষ্ট দৃষ্টান্ত ছিল এবং তদ্দ্বারা নূতন ব্যবস্থানুকূল পরামর্শ যে মত মূলক তাহা বিলক্ষণ সমর্থন হইয়াছিল বলিয়া বিবেচনা হয়, কিন্তু যে সকল কাগজ পত্রে ইহা দেখা যায় সে সকল প্রেরিত হয় নাই

১৯। পূর্ব্বোল্লিখিত লিপিতে শ্রীযুত সার উইলিয়ম রবিন্সান সাহেবের যে মিনিটের উল্লেখ আছে তাহাতে ইংলণ্ডের পরোপকারার্থ ন্যাসবিষয়ক ১৮৫৩,১৮৫৫ ও ১৮৬০ সালের আইন আদর্শ করিয়া দত্ত সম্পত্তি সম্বন্ধে বিধান করিবার প্রস্তাব ছিল। তাঁহার মিনিটের পাশ্চাল্লিখিত পরিচ্ছেদে তাঁহার মত বিবৃত আছে।

প্রস্তাবিত (আদর্শ দাতব্য ন্যাস বিষয়ক ১৮৫৩, ১৮৫৫ ও ১৮৬০ সালের আইন) ক্রমে অবিকল চলিয়া প্রথমতঃ এই উপায় অবলম্বন করা উচিত যে গবর্ণমেণ্ট উচ্চ বেতনে ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তি সম্বন্ধীয় তিন জন বা তদধিক কমিশ্যনর নিযুক্ত করুন এবং যেমন পদ শূন্য হয় তেমনি নিযুক্ত করিতে থাকুন। ইঁহারা গবর্ণমেণ্টের নিযুক্ত সম্পাদকসহ প্রেসিডেন্সির সমুদয় ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির অবস্থা ও কার্য-নির্ব্বাহের অনুসন্ধান লইবার বোর্ড হইবেন। গবর্ণমেণ্টের কার্য্যে যে রূপ সম্পূর্ণ নিরপেক্ষতা থাকা উচিত, এরূপ নিয়োগ ক্ষমতা হস্তে রাখিলে যে সে নিয়মের ব্যতিক্রম হইবে আমি এমন বিবেচনা করি না। বোর্ড একবার সংগঠিত হইলে তাঁহাদের পরামর্শানুসারেই উক্তনিয়োগক্ষমতানুযায়ী কার্য্য হইবে, এবং আমার বোধ হয় যে এরূপ ক্ষমতা সচ্চরিত্র ও সদগুণের প্রয়োজনীয় প্রতিভূস্বরূপ হইবে। এবং এদেশে ধর্ম্মসংক্রান্ত দলাদলিতে লোকের মনে যেরূপ বিকার ঘটে, তাহাতে আমার বিবেচনা হয় যে গবর্ণমেণ্টের তাহাদের মধ্যে মধ্যস্থ পদে থাকা আবশ্যক।

টীকা। ইংলণ্ডে দুই জন কমিশ্যনর ও আমার বিশ্বাস এই যে সম্পাদকও সম্ভ্রান্ত ব্যবহারাজীবী হওয়া আবশ্যক এবং এখানেও তাদৃশ গুণসম্পন্ন ব্যক্তিদের নিয়োগ আমার পরামর্শ, অন্ততঃ প্রথমে এক জন সম্ভ্রান্ত ইংরেজ ব্যারিষ্টার বোর্ডেরাখিতে চেষ্টাকরিবার স্পষ্ট যুক্তি দেখিতে পাই।

টীকা। যে কোন উদ্দেশ্য জন্য হউক না যত দাতব্য সম্পত্তি আছে, তৎসমুদয়ের প্রতি তাঁহাদের অনুসন্ধান প্রভৃতি লইবার ক্ষমতা বর্তান আমার বাসনা।

টীকা।—দেশের ভিন্ন২ ভাগে যে দুই বৈষ্ণব সম্প্রদায় বিবিধ শৈবমত ও অন্য ধর্ম্মভেদ প্রবল আছে, তাহাদের মধ্যে বিবাদ কিরূপ ঘোরতর এতৎসম্বন্ধীয় চিঠিপত্রে দেখা যায়।

ভাল করিয়া যাহাতে তাঁহারা স্বকর্ত্তব্য সম্পাদন করিতে পারেন এজন্য বোর্ডের আবশ্যক ক্ষমতা পাওয়া উচিত যে আলয়াদির বিষয় তাঁহাদের অনুসন্ধান স্থল হয়, সে আলয়াদির আয় ও (যাত্রিদের দানাদি হইতে) বিবিধ প্রাপ্তি কত ইহা ঠিক২ নিরূপণ করিবার নিমিত্ত তাঁহারা ঐ ক্ষমতানুসারে কোন স্থানে কোন ব্যক্তিকে রাখিতে পারিবেন, এবং যে স্থলে বিলম্ব বা বাধা ঘটে, তাঁহারা যথাযোগ্য নিবারক ও সত্বর দণ্ড দিতে পারিবেন। সরাসরি বিচার প্রণালীমতে বোর্ডের কার্য্য হওয়া উচিত, এবং তাঁহাদের কার্য্যপ্রদর্শক সমুদয় কাগজপত্র ও স্থানীয় কমিটি ও পরিদর্শকদিগের রিপোর্ট গুলি সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা উচিত।

টীকা।—যে দাতব্য সম্পত্তির অনুসন্ধান লওয়া যাইতেছে তদ্বিরুদ্ধে যে সকল ব্যক্তি সম্পত্তির দাওয়া কি ভোগ করে, ১৮৫৩ সালের দাতব্য ন্যাসধারী বিষয়ক আইনের ১৬ ধারাক্রমে তাহাদের পরীক্ষা সম্বন্ধে বাধা অত্যন্ত অসুবিধাজনক হইয়াছে, এবং প্রস্তাবিত আইনে এটি বাদ দিতে হইবে।

টীকা।—আমার বিশ্বাস এই যে ইংলণ্ডে এসকল বৎসর২ পার্লেমেণ্টে দিতে হয়। এখানে নিয়মিত কালান্তর পরিশিষ্টসহ প্রকাশ করিলেই যথেষ্ট হইবে।

বোর্ডের কার্য্যালয়ে নির্দ্দিষ্ট সময় মধ্যে সর্ব্বপ্রকারের পূর্ণবিবরণ সহিত সমুদয় ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির রেজিষ্টরী ন্যাসধারী কি কার্য্যনির্ব্বাহক অবশ্য২ করিবেন এবং আইনের উদ্দেশ্যানুযায়ী আলয়াদির কার্য্যনির্ব্বাহে যে সকল ন্যাস ধারী বা ব্যক্তি প্রবৃত্ত আছেন, বোর্ড চাহিলে, তাঁহারা আগামি বৎসরের আয়ব্যয়ের একটী আনুমানিক হিসাব বোর্ডের পরামর্শসিদ্ধ আদেশ জন্য পাঠাইবেন, এবং বৎসরের শেষে অডিটের নিমিত্ত বোর্ডের নিকটে এক খণ্ড আয় ব্যয়ের বিবরণ পত্র প্রেরণ করিবেন। এরূপ না করিলে গুরুতর দণ্ড যোগ্য হইবেন।

যে সমুদয় আলয়াদি বোর্ডের কার্য্যাধ্যক্ষতার অন্তবর্ত্তী হইবে বোর্ড তৎসমুদয়ের কার্য্য নির্ব্বাহ সম্বন্ধে ক্রমে২ অনুসন্ধান লইতে আদিষ্ট হইবেন, এবং কোন আলয়াদির ধন সম্পর্কীয় বর্ত্তমান কার্য্যপ্রণালী দেখিয়া সন্তুষ্ট না হইলে, যে সকল ব্যক্তির উক্ত দাতব্য সম্পত্তিতে স্বার্থ আছে তাহাদের, আপত্তি ও পরামর্শ খণ্ডন করিয়া ঐ আলয়াদি ও তাহার ধান সম্বন্ধে কার্য্য নির্ব্বাহের একটী প্রণালী উক্ত সম্পর্কযুক্ত ব্যক্তিদের গ্রহণার্থে (তাঁহারা এরূপ প্রস্তাব গ্রহণে সম্মত হইলে) অথবা অনুমোদন বা স্থল বিশেষে পরিবর্ত্তন নিমিত্ত আদালতে প্রেরণার্থে স্থির করিবেন, এবং সময়ে২ যেরূপ আবশ্যক বোধ হয় তদ্রূপে উক্ত প্রণালী পরিবর্ত্তন করিবার বা পরিবর্ত্তিত করিয়া লইবার ক্ষমতা বোর্ডকে দিতে হইবে। বোর্ডের কার্য্যপ্রণালী সম্বন্ধে আপত্তি না হইলে তাঁহাদের আদেশ চূড়ান্ত হইবে, এবং ১৮৬০ সালে দাতব্য কমিশ্যনরদের সম্বন্ধীয় আইনের ব্যাপ্তিস্থল বৃদ্ধি করিয়া ইংলণ্ডে যেরূপ বিধান করা হইয়াছে কিঞ্চিৎ আপত্তির ভাব দৃষ্ট হইলেও কিয়ৎকালের জন্য অনুমোদন কি আদেশ জারী করিবার বিশেষ ক্ষমতা বোর্ডকে দেওয়া যাইতে পারিবে।

Most of the provisions of the Charity Trust Law of England respecting the powers of the Board are applicable and will prove useful The principle of section 16 (application for opinion and advice, and indemnity for acts on such advice) might be extended so as to constitute the Commissioners arbitrators and referees in all matters of doubt and dispute, and to make the provisional order valid, unless reversed by competent judicial courts The powers given in section 17 and sections 19 to 28 might, with suitable modification, be exercised with advantage by the Commissioners to be appointed under the proposed law

Sections 17, 19, 20—Authorisation of suits
Section 21—Sanction of leases, &c, and repairs
Section 22—Removal of officers.
Sections 23 to 27—Compromises, exchanges, &c

I am satisfied that it would be highly beneficial to constitute the Board—under stringent provisions for the faithful execution of the trust—Official Trustees of Endowment Lands, in the manner provided in sections 47 to 50 of Charity Trust Act, 1853, and Official Trustees for the investment of all surplus funds, &c, and for the management of any funds which may be voluntarily transferred to them by persons acting in management of religious and charitable endowments

Having constituted a Central Board, it becomes necessary to provide them with the means of local information and investigation, and with agency for fulfilling the requirements of the law Most of those who have written on the subject have recommended the retention of the District Committees constituted under Act XX of 1863, and some would even extend the system and form "Local Fund Circle" Committees I entertain the gravest doubts of the utility and expediency of these numerous permanent local vestries, and I think that the papers sufficiently prove that their constitution has neither been operative nor judicious, and that their action has been too often factious, meddlesome, and irritating I should therefore greatly prefer the English system of inspectors, who under the orders of the Board *pro re natâ* would take up the investigation of each institution in its town for final disposal by competent authority.

20 The Madras Government appointed a committee to draft a Bill for regulating the control of Hindoo religious endowments upon the basis of the plan suggested by Sir W Robinson A copy of the Bill drawn up by that committee was received from that Government, and is printed as appendix B to this resolution It was referred to the Board of Revenue and the Commissioner of Orissa for report The Commissioner is of opinion that a Bill framed upon the model of the Madras Bill would be well suited to the circumstances of Orissa and the other provinces of Bengal, provided that its scope were enlarged to cover secular as well as religious endowments He objects to the appointment of a European barrister upon the committee, and would leave the Government to select the committee and chairman, providing only that three out of four members be Hindoos The Board also express themselves in favour of the general outline of the Bill as applicable to the circumstances of Orissa But it is manifest that it is impossible to leave entirely out of sight in Bengal the Mahomedan endowments, and it is doubtful whether the very elaborate machinery of the Madras Bill is really necessary It may be that some more simple modification and strengthening of the provisions of Act XX of 1863, as suggested by the Native Commission in 1870, would meet all requirements.

21. The Lieutenant-Governor has therefore decided to refer the whole question in this full and detailed manner for the consideration of the British Indian Association, the Mahomedan Literary Society, and the National Mahomedan Association, and of such other native associations and individuals as Commissioners and district officers may think it desirable to consult The opinions received through district officers should be carefully digested by Commissioners and forwarded to Government through the Board of Revenue with such further remarks and suggestions as the Board may find to be required.

By order of the Lieutenant-Governor of Bengal

A MACKENZIE,
Secy. to the Govt. Bengal

ইংলণ্ডের দাতব্য ন্যাস বিষয়ক আইনের অধিকাংশ বিধান বোর্ডের ক্ষমতা সম্বন্ধে প্রয়োগযোগ্য ও উপকারী হইবে।

১৭, ১৯, ২০ ধারা।—মোকদ্দমা করিবার ক্ষমতাদান।

২১ ধারা।—ভোগাস্বত্ব পত্র প্রভৃতি ও মেরামতের অনুমোদন।

২২।—ধারা কার্য্যকারকদের পদচ্যুত করণ।

২৩ হইতে ২৭ ধারাপর্য্যন্ত।—রক্ষা, বিনিময় ইত্যাদি।

১৬ ধারার নিয়মের (অর্থাৎমত ও উপদেশজন্য প্রার্থনা ও উক্ত উপদেশানুযায়ি কার্য্য জন্য ক্ষতি নিষ্কৃতির) ব্যাপ্তিস্থল বৃদ্ধি করিয়া সন্দেহ ও বিবাদের স্থলে কমিশ্যনরদিগকে সালীস ও মধ্যস্থ করা যাইতে পারে, এবং বিচারসম্পর্কীয় উপযুক্ত আদালত দ্বারা রহিত করা না গেলে তাঁহাদের ক্রিয়ৎকালীন আদেশ সিদ্ধ করা যাইতে পারে। ১৭ ধারায় ও ১৯ হইতে ২৮ ধারা পর্য্যন্ত যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উপযুক্ত পরিবর্ত্তন সহকারে প্রস্তাবিত আইনক্রমে নিযুক্ত কমিশ্যনরগণ তদনুসারে কার্য্য করিলে সুবিধা আছে।

আমার বিশ্বাস এই যে বিশ্বস্তভাবে ন্যাসের কার্য্য সম্পাদনের কঠোর নিয়মাধীনে বোর্ডকে ১৮৫৩ সালের দাতব্য ন্যাস বিষয়ক আইনের ৪৭, ৪৮, ৪৯, ও ৫০ ধারার বিধানানুরূপ দত্ত সম্পত্তির রাজকীয় ন্যাসধারী, এবং উক্ত ধনাদির বিন্যাসার্থ এবং ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য বিষয়ের কার্য্য নির্ব্বাহে নিযুক্ত ব্যক্তিরা ইচ্ছাপূর্ব্বক যে ধন তাঁহাদের হস্তে অর্প করেন তাহার কার্য্য নির্ব্বাহার্থ রাজকীয় ন্যাসধারী করিলে অনেক উপকার আছে।

কৈন্দ্রিক বোর্ড সংস্থাপিত হইলে পর, তাঁহারা যাহাতে স্থানীয় সংবাদ ও অনুসন্ধান লইতে পারেন তাহার উপায় বিধান করা এবং আইনের আদেশ যাহাতে পালন করিতে পারেন তজ্জন্য কর্ম্মকারক নিযোগ করা আবশ্যক। এতদ্বিষয়ক অধিকাংশ লেখকই ১৮৬৩ সালের ২০আইনমতে সংস্থাপিত ডিষ্ট্রিক্ট কমিটী রাখিতে পরামর্শ দেন এবং কেহ২ এই কার্য্যপ্রণালী বর্দ্ধিত করিয়া "স্থানীয় কওচক্র" কমিটী করিতে চাহেন। ঈদৃশ বহুসংখ্যক স্থায়ী স্থানীয় পঞ্চায়তের উপকারিতা ও হিতকারিতা সম্বন্ধে আমার গুরুতর সন্দেহ আছে, এবং আমার বিবেচনায় কাগজপত্রে যথেষ্ট প্রমাণ আছে যে তাহাদের সংগঠন কার্য্যকর কি সদ্বিবেচনাত্মক নহে, এবং তাহাদের কার্য্য অনেক সময়ে সাম্প্রদায়ি অনধিকার চর্চ্চামূলক ও বিরক্তিকর। এজন্য আমি ইংলণ্ডীয় পরিদর্শক প্রণালী অপেক্ষাকৃত অনেক ভাল জ্ঞান করি উপযুক্ত কর্তৃপক্ষ যাহাতে চূড়ান্ত নিষ্পত্তি করিতে পারেন তজ্জন্য উক্ত পরিদর্শকগণ বোর্ডের আজ্ঞাধীনে প্রয়োজন মতে যে নগরে যে আলয়াদি আছে সেই নগরে যাইয়া সেই আলয়াদির অনুসন্ধান লইবেন।

২০। শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেবের প্রণালী অবলম্বন করিয়া হিন্দু ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির তত্ত্বাবধান বিষয়ক আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করিবার নিমিত্ত মান্দ্রাজ গবর্ণমেণ্ট একটি কমিটি নিযুক্ত করেন। উক্ত কমিটী যে পাণ্ডুলিপি প্রস্তুত করেন, তাহার এক খণ্ড উক্ত গবর্ণমেণ্টের নিকট হইতে পাওয়া গিয়াছে, এবং তাহা এই নির্দ্ধারণের B চিহ্নিত পরিশিষ্টে ছাপা হইল। এতৎসম্বন্ধে রিপোর্ট করিবার জন্য এই পাণ্ডুলিপি রেবেনিউ বোর্ড ও উড়িষ্যার কমিশ্যনর সাহেবের প্রতি অর্পিত হয়। কমিশ্যনর সাহেবের মত এই যে মান্দ্রাজের পাণ্ডুলিপি আদর্শ করিয়া আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করিলে, তাহা উড়িষ্যা ও বাঙ্গালার অন্য প্রদেশের অবস্থানুযায়ী হইবে, কিন্তু আইনের উদ্দেশ্য বর্দ্ধিত করিয়া ঐহিক পারত্রিক উভয় প্রকার দত্ত সম্পত্তি গ্রহণ করিতে হইবে। কমিটীতে একজন ইউরোপীয় বারিষ্টার নিয়োগ করিতে তাঁহার আপত্তি আছে, এবং তাঁহার ইচ্ছা যে গবর্ণমেণ্ট কমিটী ও সভাপতি নির্ব্বাচন করেন, কিন্তু সভ্যদের চারিজন মধ্যে তিন জন হিন্দু হন। কিন্তু স্পষ্ট দৃষ্ট হইতেছে যে বাঙ্গালা দেশে মুসলমান দত্ত সম্পত্তি একেবারে দৃষ্টিবহির্ভূত করা অসম্ভব, এবং মান্দ্রাজের পাণ্ডুলিপিতে যে অতি কৌশলময় কার্য্যপ্রণালী কল্পিত হইয়াছে তাহার বাস্তবিক প্রয়োজন আছে কিনা সন্দেহ। ১৮৭০ সালের দেশীয় কমিশ্যন যেরূপ পরামর্শ দেন, হয়ত ১৮৬৩ সালের ২০ আইনের বিধানের তদ্রূপ সরল পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন দ্বারা সমুদয় প্রয়োজন সিদ্ধ হইবে।

২১। এ নিমিত্ত শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব অবধারিত করিয়াছেন যে ব্রিটিষ ইণ্ডিয়ান সভা, মুসলমান সাহিত্য সভা, জাতীয় মুসলমান সভা, এবং কমিশনর ও জিলার কার্য্যকারকগণ অন্য যে সকল দেশীয় সভা বা ব্যক্তিদিগের সহিত পরামর্শ করা বাঞ্ছনীয় জ্ঞান করেন, তাঁহাদের হস্তে এইরূপ পূর্ণ বিবরণ সহ এই প্রশ্ন অর্পিত হয়। জিলার কার্য্যকারকদিগের দ্বারা যে সকল মত পান, কমিশ্যনর সাহেবেরা সাবধানে সে সকলের সারসংগ্রহ করিয়া রেবিনিউ বোর্ড দিয়া গবর্ণমেণ্টে পাঠাইবেন, এবং বোর্ড তৎসহ আর যে মন্তব্য ও পরামর্শ দেওয়া আবশ্যক বোধ করেন তাহাও দিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশে,

এ, ম্যাকেঞ্জি,

বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

APPENDIX A.

An Act to amend Act XX of 1863

1. Act XX of 1863, except section 22, and except in so far as it repealed other laws, and also except as regards acts done under the said Act, is hereby repealed

2 This Act shall be called "the General Religious Endowment Act," and may be extended to any Hindoo or Mahomedan religious endowment by an order of the local Government published in the *Official Gazette*

3 The word "endowment" shall include grants in land or money as well as offerings and presents of whatever description which have been made, or may hereafter be made for whatever purposes by any person to any temple, mosque, or other religious establishment or institution, together with land or other property purchased with the surplus profits of such lands, or with such money, offerings, or presents, and shall also signify such temple, mosque, or other religious establishment or institution itself

4 The word "manager" shall include every person who, under the designation of trustee, superintendent, mutwalie, darogah, mahunt, udhicaree, or under any other designation whatever, has or may have the charge and administration of an endowment entrusted to him.

5 The word "civil court" and "court" shall mean the principal court of original civil jurisdiction in the district

6 The local Government shall once for all appoint a committee consisting of five or seven persons in every division, to be called "the Central Endowment Committee"

7 The local Government shall also once for all appoint sub-committees, one for each endowment, consisting of three or more persons to be called "the Local Endowment Committee," except where there exist committees of management under section 7, Act XX of 1863, which committees shall, after the passing of this Act, be called "Local Endowment Committees" within the meaning of this Act

8 The central endowment committee shall be the chief controlling authority in the division, and the local endowment committees shall act in subordination to it

9 It will be the duty of the central endowment committee to superintend and control the management of the endowment, and to take care that the endowments are appropriated to the purposes intended by the endowers, and to no other

10 It will be the duty of the local endowment committee to superintend and control the management of the endowment under its charge according to such rules as may be prescribed for that purpose by the central endowment committee, and to carry into effect all directions which the central endowment committee may give to it in connection with the said endowment, and it shall be the duty of each member of the local endowment committee to visit the endowment at least once a year

11 It will be the further duty of the local endowment committee to report to the central endowment committee any instance of mismanagement or misappropriation of endowment misconduct of managers, and the occurrence of vacancies in the office of manager, with full information of all circumstances connected with the mode of succession in vogue in each case, and in the cases in which the power of appointing the successor is vested by this Act in the central endowment committee, to propose a fit person for the office of manager

12 The members of the central endowment committee shall be selected by Government from among persons residing in the division under the following restrictions, viz if the total number of the members be five, three shall be Hindoos and two Mahomedans, and if the total number be seven, four shall be Hindoos and three Mahomedans

13 The members of the local endowment committee shall be appointed from among persons professing the religion for the purposes of which the endowment was founded, or is now maintained, and in accordance, so far as can be ascertained, with the general wishes of those who are interested in the maintenance of such endowment In order to ascertain the general wishes of such persons in respect of such appointment, the local Government may cause an election to be held under such rules (not inconsistent with the provisions of this Act) as shall be framed by such local Government

14 The appointment of the members of both the central and local endowment committees shall be notified in the *Official Gazette*.

A চিহ্নিত পরিশিষ্ট।

১। ১৮৬০ সালের ২০ আইনের, ২২ ধারা ভিন্ন, ও অন্য আইন রহিত করণ বিষয়ে ঐ আইনের যত দূর সম্পর্ক থাকে তদ্ভিন্ন, ও উক্ত আইনক্রমে যে যে কার্য্য করা গিয়াছে তৎসম্বন্ধীয় ব্যাপার ভিন্ন, ঐ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

২। এই আইন "ধর্ম্ম সংক্রান্ত দত্ত সম্পত্তি বিষয়ক সাধারণ আইন" নামে খ্যাত হইবে, এবং রাজকীয় গেজেট আদেশপত্র প্রকাশ করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট এই আইন কোন হিন্দু কি মুসলমান ধর্ম্ম সংক্রান্ত দত্তসম্পত্তির প্রতি বর্ত্তাইতে পারিবেন।

৩। কোন ব্যক্তি কোন মন্দির কি মসজিদ কি অন্য ধর্ম্মশালা কি ধর্ম্মালয়ে যে কোন উদ্দেশে যে ভূমি কি অর্থ কোন প্রকারের নৈবেদ্য ও উপহার দান করিয়াছেন কি ভবিষ্যতে করিবেন এবং উক্ত ভূমির উদ্বৃত্ত উপস্বত্ব হইতে অথবা উক্ত অর্থ কি নৈবেদ্য কি উপহার হইতে যে ভূমি কি অন্য সম্পত্তি ক্রীত হয়, "দত্ত সম্পত্তি" শব্দে তৎসমুদয় বুঝাইবে, এবং উক্ত মন্দির কি মসজিদ কি ধর্ম্মশালা কি ধর্ম্মালয়ও বুঝাইবে।

৪। যে কোন ব্যক্তি ন্যাসধারী কি তত্ত্বাবধায়ক কি মাতোয়ালী কি দারোগা কি মহান্ত কি অধিকারী কি অন্য কোন নামে তদীয় হস্তে ন্যস্ত দত্তসম্পত্তির কর্তৃত্ব কি অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইয়াছেন কি পাইতে পারেন, "কার্য্যনির্ব্বাহক" শব্দে তাঁহাকে বুঝাইবে।

৫। "দেওয়ানী আদালত" ও 'আদালত" শব্দে জিলার আদ্য দেওয়ানী বিচারাধিপত্য প্রাপ্ত প্রধান আদালত বুঝাইবে।

৬। স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক দেশখণ্ডে একেবারে "কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী" নামে এক একটি কমিটী নিযুক্ত করিবেন, কমিটীতে পাঁচ কি সাত ব্যক্তি থাকিবেন।

৭। স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেকে দত্ত সম্পত্তির জন্য একেবারে এক একটী সব-কমিটী নিযুক্ত করিবেন। ঐ কমিটী "স্থানীয় দত্ত সম্পত্তি বিষয়ক কমিটী" নামে খ্যাত হইবেন ও তাহাতে তিন কি তদধিক ব্যক্তি থাকিবেন। কিন্তু যেখানে ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারামতে কার্য্যনির্ব্বাহক কমিটী আছে, উক্ত কমিটী এই আইন বিধিবদ্ধ হইলে পর এই আইনের অভিপ্রায়ানুযায়ী "স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটী" বলিয়া অভিহিত হইবেন।

৮। কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী দেশখণ্ডের প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ হইবেন, এবং স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী সমূহ তদধীনে কার্য্য করিবেন।

৯। দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহের প্রতি দৃষ্টিরাখা ও তাহার তত্ত্বাবধান করা, এবং অন্যরূপে না হইয়া দাতার অভিপ্রায়ানুসারে দত্ত সম্পত্তির বিনিয়োগ হয় ইহা সাবধানে দেখা কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কর্ত্তব্য হইবে।

১০। কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটীর প্রণীত বিধিক্রমে স্বীয় কর্তৃত্বাধীন দত্তসম্পত্তির কার্য্য নির্ব্বাহের প্রতি দৃষ্টি রাখা ও তাহার তত্ত্বাবধান করা, এবং উক্ত দত্তসম্পত্তি সম্বন্ধে কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী যে যে আজ্ঞা করেন তাহা ফলবতী করা স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটীর কর্ত্তব্য হইবে, এবং স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রত্যেক মেম্বরের কর্ত্তব্য হইবে যে প্রতি বৎসর অন্ততঃ একবার দত্তসম্পত্তি দেখেন।

১১। দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহের ত্রুটি কিম্বা অযথা বিনিয়োগ, ও কার্য্যনির্ব্বাহকদের অসদাচরণ ও কার্য্য নির্ব্বাহকের পদ শূন্য হইলে সেই ঘটনা কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটীতে রিপোর্ট করা স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর আর একটী কার্য্য হইবে। শেষোক্ত স্থলে যেখানে উত্তরাধিকারের যে প্রথা আছে তদ্বিষয়ক পূর্ণ বিবরণ পাঠাইতে হইবে, এবং উত্তরাধিকারী নিযোগ করিবার ক্ষমতা এই আইনমতে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রতি অর্পিত থাকিলে, কার্য্যনির্ব্বাহকের পদের নিমিত্ত যোগ্য ব্যক্তির নাম পাঠাইতে হইবে।

১২। দেশখণ্ড নিবাসি ব্যক্তি বর্গের মধ্যহইতে গবর্ণমেণ্ট এই২ নিয়মাধীনে কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীর মেম্বর নিযুক্ত করিবেন, অর্থাৎ, মেম্বর মোট পাঁচ জন হইলে, তিন জন হিন্দু ও দুই জন মুসলমান হইবে, এবং মেম্বর মোট সাতজন হইলে, চারিজন হিন্দু ও তিন জন মুসলমান হইবে।

১৩। যে ধর্ম্মের নিমিত্ত প্রথম সম্পত্তি প্রদত্ত হয় কি এক্ষণে রক্ষিত হইতেছে, সেই ধর্ম্মাবলম্বী ব্যক্তিদের মধ্যে হইতে এবং উক্ত সম্পত্তি রক্ষণার্থে যাঁহাদের স্বার্থ আছে যত দূর জানা যায় তাঁহাদের সাধারণ ইচ্ছানুসারে, স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বর নিযুক্ত করা যাইবে। উক্ত নিয়োগ সম্বন্ধে উক্ত ব্যক্তিদের সাধারণ ইচ্ছা জানিবার নিমিত্ত, এই আইনের বিধান সঙ্গত যে বিধি স্থানীয় গবর্ণমেণ্ট প্রণয়ন করেন তদনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট লোক নির্ব্বাচন করাইতে পারিবেন।

১৪। কৈন্দ্রিক ও স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরের নিয়োগ রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

15 Every member, whether of the central endowment committee or of the local endowment committee, shall hold office for life, unless removed for misconduct, unfitness, or gross neglect of duty, and no such member shall be removed except by an order of the civil court

16 Whenever any vacancy shall occur among the members whether of the central endowment committee or of the local endowment committee, a new member shall be elected to fill the vacancy by the remaining members of the committee

17 No member, whether of the central endowment committee or of the local endowment committee, shall be capable of being or shall act also as a manager, except when an attachment shall have been made for the realization of sums assessed and remaing unpaid as hereinafter provided for in sections 28 and 29

18 The central endowment committee shall have power to prescribe rules for the management of the endowments by the managers not inconsistent with the intentions of the endowers, whether expressed or implied, or with the provisions of this Act, and also for the superintendence of such management by the local endowment committees, and it will be the duty of the managers and local endowment committees to act up respectively to such rules.

19 It shall be the duty of the managers to keep regular accounts of the actual receipts from every source of income, and of the actual disbursements, and the central endowment committee and local endowment committee shall have power to call for and examine such accounts, and the managers shall be bound to submit their accounts to the said committees whenever called upon to do so

20 The members of the central endowment committee shall be allowed access to all such public records as they may desire to see for the purpose of ascertaining any matters connected with endowments

21 Any member of the central endowment committee shall have power to enter the premises of endowments for the purpose of making enquiries, provided there be no objection to his doing so on the score of his religion or caste

22 The members of the local endowment committees shall have power to enter the premises of the particular endowment under their charge for the purpose of making enquiries

23 The central endowment committee shall have power to examine witnesses on matters under enquiry before them, and may administer oath or solemn affirmation to such witnesses

24 The central endowment committee may apply to the civil court for the issue of summonses to witnesses whom it may desire to examine, and who may not attend at its requisition, and the civil court shall, upon such application being made, summons such witnesses to appear before the central endowment committee All the rules in force for the time being in the civil court, relative to the summonsing of witnesses, their attendance, diet allowance and discharge, shall apply to the summonsing of witnesses on the application of the central endowment committee

25 In the event of the office of manager being vacant in the case of endowments which may at the time of the passing of this Act be under the control of committees appointed under section 7, Act XX of 1863, the central endowment committee shall have power to appoint a fit person to the office, having due regard to the nature and conditions of the endowment, and in all other cases the succession to the office, either by election or otherwise, shall be subject to the confirmation of the central endowment committee

26 The central endowment committee shall have power to remove managers for misconduct, mismanagement, or misappropriation of endowment.

27 The central endowment committee may move the civil court to execute its orders, and the civil court shall, on receipt of the committee's application, issue process of execution. The rules for the time being in force relative to the execution of the court's own decrees, and resistance of its processes, shall apply to the execution issued under this section, except that no claims preferred by any parties shall be allowed to bar or defer such execution

28 The central endowment committee shall have power to raise sums to form a fund to be called the "General Endowment Fund" from the several endowments under their control for the purpose of paying the salary of its establishment, and generally for carrying out the purposes of this Act, assessing each endowment in proportion to its estimated income When it shall have determined the total probable expenditures on the said accounts for a given year, and the amount to be levied from each endowment, it shall notify the assessments to the

১৫। অসদাচরণ কি অযোগ্যতা কিংবা গুরুতর কর্ত্তব্যাবহেলন নিবন্ধন পদচ্যুত না হইলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর প্রত্যেক মেম্বর যাবজ্জীবন পদস্থ থাকিবেন, এবং দেওয়ানী আদালতের আদেশ বিনা কোন মেম্বর পদচ্যুত হইবেন না।

১৬। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কোন মেম্বরের পদ শূন্য হইলে, কমিটীর অন্য মেম্বরেরা শূন্য পদ পূরণার্থ নূতন মেম্বর নির্ব্বাচিত করিয়া লইবেন।

১৭। ২৮ ও ২৯ ধারার বিধানক্রমে ধার্য্য ও অনাদায়ী টাকা আদায় করিবার নিমিত্ত ক্রোক করা না গেলে কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর কোন মেম্বর কার্য্য নির্ব্বাহক হইতে কি কার্য্য নির্ব্বাহকের কর্ম্ম করিতে পারিবেন না।

১৮। কার্য্য নির্ব্বাহক কর্ত্তৃক দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহার্থে এবং স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী কর্ত্তৃক উক্ত কার্য্যনির্ব্বাহের তত্ত্বাবধানার্থে দাতার, ব্যক্ত কি উহ্য, অভিপ্রায়ের ও এই আইনের বিধানের বিরুদ্ধ নহে এরূপ বিধি প্রণয়নের ক্ষমতা কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীর থাকিবে, এবং উক্ত বিধি-মতে কার্য্য করা কার্য্যনির্ব্বাহকদের ও স্থানীয় দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীদের কর্ত্তব্য হইবে।

১৯। আয়ের প্রত্যেক উপায় হইতে যত টাকা প্রকৃতপক্ষে পাওয়া যায় ও প্রকৃত পক্ষে যত খরচ হয়, কার্য্যনির্ব্বাহক তাহার নিয়মিত হিসাব রাখিবেন, এবং কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী ও স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটী উক্ত হিসাব চাহিয়া লইতে ও পরীক্ষা করিতে পারিবেন, এবং উক্ত কমিটীরা চাহিলে কার্য্যনির্ব্বাহকেরা উক্ত হিসাব পাঠাইতে বাধ্য থাকিবেন।

২০। দত্তসম্পত্তি সংক্রান্ত কোন বিষয় নির্ণয় করণার্থ কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা কোনরূপ সরকারী কাগজপত্র দেখিতে চাহিলে তাহা দেখিতে পাইবেন।

২১। ধর্ম্ম বা জাতি সম্পর্কীয় আপত্তি না থাকিলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর যে কোন মেম্বর অনুসন্ধান লইবার নিমিত্ত দত্তসম্পত্তির গৃহবাটিকাদিতে প্রবেশ করিতে পারিবেন।

২২। স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা অনুসন্ধান লইবার নিমিত্ত আপনাদের কর্ত্তৃত্বাধীন দত্তসম্পত্তি বিশেষের গৃহবাটিকাদিতে প্রবেশ করিতে পারিবেন।

২৩। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী যে যে বিষয়ের অনুসন্ধান লন তৎসম্বন্ধে সাক্ষিদিগকে পরীক্ষা করিতে পারিবেন, এবং উক্ত সাক্ষিদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে পারিবেন।

২৪। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী যে সাক্ষিদিগকে পরীক্ষা করিতে চাহেন, তাঁহারা তাঁহাদের আদেশে উপস্থিত না হইলে, কমিটী তাহাদের নামে সমন বাহির করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন এবং তদ্রূপ প্রার্থনা করা গেলে, দেওয়ানী আদালত ঐ কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর সম্মুখে উপস্থিত হইবার নিমিত্ত উক্ত সাক্ষিদিগকে সমন দিবেন। সাক্ষিদিগকে সমন দিবার ও তাহাদের উপস্থিতির ও খোরাকীর ও ছাড়িয়া দিবার সম্বন্ধে দেওয়ানী আদালতে যৎকালে যে যে বিধি চলিত থাকে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রার্থনামতে সাক্ষিদিগকে সমন দিবার প্রতি তৎসমুদয় বর্ত্তিবে।

২৫। এই আইন যৎকালে বিধিবদ্ধ হয় তৎকালে ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারামতে নিযুক্ত কমিটীর কর্ত্তৃত্বাধীনে যে দত্তসম্পত্তি থাকে তাহার কার্য্যনির্ব্বাহকের পদ শূন্য হইলে, দত্তসম্পত্তির প্রকৃতি ও অবস্থার প্রতি সমুচিত দৃষ্টি রাখিয়া কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী তৎপদে যোগ্য ব্যক্তি নিযুক্ত করিতে পারিবেন, এবং অন্য স্থলে নির্ব্বাচন দ্বারা কি অন্য রূপে পদের যে উত্তরাধিকার ঘটে, তাহা কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর দৃঢ় করণাধীন থাকিবে।

২৬। কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী অসদাচরণ, অযথাভাবে কার্য্যনির্ব্বাহ ও দত্ত সম্পত্তির অযথা বিনিয়োগ জন্য কার্য্যনির্ব্বাহকদিগকে পদচ্যুত করিতে পারিবেন।

২৭। কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটী আপনাদের আদেশ জারী করাইবার নিমিত্ত দেওয়ানী আদালতের নিকটে প্রার্থনা করিতে পারিবেন এবং কমিটীর প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে দেওয়ানী আদালত জারী করিবার পরওয়ানা বাহির করিবেন। আদালতের স্বীয় ডিক্রীর জারী সম্বন্ধে ও স্বীয় পরওয়ানা জারীর বাধা সম্বন্ধে যৎকালে যে বিধি চলিত থাকে তাহা এই ধারামতে আদেশ জারীর প্রতি বর্ত্তিবে। কিন্তু কোন পক্ষ কোন দাওয়া উপস্থিত করিলে তাহাতে আদেশ জারীর বাধা কি বিলম্ব হইবে না।

২৮। আপন সেরেস্তার বেতন দিবার নিমিত্ত, ও সাধারণতঃ আইনের উদ্দেশ্য সাধনার্থ, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী আপনাদের কর্ত্তৃত্বাধীন ভিন্ন ভিন্ন দত্তসম্পত্তি হইতে প্রত্যেকটীর আনুমানিক আয় অনুসারে হারাহারিমতে টাকা তুলিয়া "সাধারণ দত্তসম্পত্তি বিষয়ক ফণ্ড" নামে একটী ফণ্ড করিতে পারিবেন। কমিটী কোন নির্দ্দিষ্ট বৎসরে ঐ ঐ বিষয়ে সম্ভাবিত মোট কত ব্যয় হইবে, ও প্রত্যেক দত্তসম্পত্তি হইতে কত লইতে হইবে, ইহা স্থির করিলে পর, কার্য্যনির্ব্বাহকদিগকে ধার্য্য টাকার নোটিস দিবেন ও নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপন২ দেয় টাকা দিতে আদেশ করিবেন। উক্ত সময়মধ্যে

managers, and call upon them to pay their respective quotas within a certain time to be specified in the notice. In the event of a manager failing to pay the amount due from him within the said time and on its being proved to the satisfaction of the committee that such manager has actually had the notice, and that he is in a position to pay, which circumstances shall be duly enquired into, the committee may attach and assume the direct management of the whole or any portion of the landed property belonging to the endowment concerned, until the amount unpaid by the manager shall have been realised from the proceeds of such land. Provided that no assessment shall be made nor any attachment take place except in accordance with a decision arrived at by the committee at a general meeting specially convened for the purpose.

29 The central endowment committee shall also have power to raise funds for the purpose of instituting or defending suits in the civil court, or instituting proceedings in the criminal or revenue court, or any other public offices. The funds required shall be levied from the endowment in the interests of which the suit, action, or proceeding shall have to be instituted or defended, and may be realized in the manner laid down in the last preceding section for the realization of the sums constituting the "General Endowment Fund" provided that no assessment shall be made nor any attachment take place except in accordance with a decision arrived at by the committee at a general meeting specially convened for the purpose

30 The central endowment committee and local endowment committees shall have power to institute and defend suits in the civil court, or institute other proceedings in the civil, criminal, or revenue courts, and other public offices, in the interests of the endowments, and shall, in the exercise of this power, be recognized by the said courts and offices as representatives of the endowers and also of persons interested in the endowments, except as against persons actually interested in the endowments

31 The central endowment committee shall, for the purpose of transacting business, meet at least four times during the calendar year.

32 The members of the central endowment committee shall select a duly qualified person, who shall not be a Government servant, to act as Secretary The Secretary so selected shall draw such monthly salary as the committee shall determine

33 The central endowment committee shall perform the duties and exercise the powers laid down in this Act, except those provided for in sections 28 and 29, either at a full meeting or at a meeting at which not less than three of its members shall have attended, provided that in the latter case, if the matter to be disposed of relate to a Mahomedan endowment, no decision shall be passed unless at least two of the members present are Mahomedans, and if the matter to be disposed of relate to a Hindoo endowment, unless at least two of the members present are Hindoos The decision of the majority of the members shall be the decision of the committee, and in the event of the votes being equally divided, the member presiding shall have a casting vote

34 The members present at every meeting of the central endowment committee shall select one from among themselves to act as president of that meeting The proceedings, including the examination of witnesses, shall be reduced to writing, and after the matter under enquiry shall have been fully discussed, each member present shall record his decision and sign it, and the decision finally arrived at in the manner laid down in the last preceding section, shall be recorded by the secretary and signed by all the members present.

35 The proceedings of the local endowment committee, including the statements of witnesses examined, shall likewise be reduced to writing, and the opinion of each individual member shall be separately recorded The proceedings and opinions shall in every case be forwarded in original to the central endowment committee.

36 No enquiry shall be conducted, nor any report made by the local endowment committee except at a full meeting or if the committee shall have been composed of more than three members, at a meeting at which at least three members shall have attended The central endowment committee shall, on application, render the local endowment committee such assistance as may enable the latter duly to enquire into and report upon the matters which it may have to investigate.

কার্য্যনির্ব্বাহক উঁহার স্থানে প্রাপ্য টাকা না দিলে, এবং কার্য্যনির্ব্বাহক প্রকৃতপক্ষে নোটিস পাইয়াছেন ও টাকা দিতে পারিতেন অনুসন্ধান দ্বারা হৃদ্বোধমতে কমিটী এরূপ প্রমাণ পাইলে, যাবৎ কার্য্যনির্ব্বাহকের অনাদায়ী টাকা ভূমির উৎপন্ন হইতে আদায় না হয় উক্ত দত্তসম্পত্তি সংক্রান্ত সমুদয় ভূসম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিয়া সাক্ষাৎ সম্বন্ধে তাহার কার্য্য নির্ব্বাহ ভার গ্রহণ করিতে পারিবেন। কিন্তু তজ্জন্য বিশেষ রূপে আহূত সাধারণ সভাতে কমিটী নিষ্পত্তি না করিলে কোন টাকা ধার্য্য করা হইবে না ও ক্রোক করা যাইবে না।

২৯। এতদ্ব্যতীত কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত কি প্রতিবাদ করণার্থ, কিম্বা ফৌজদারী কি রাজস্ব বিষয়ক আদালতে কিম্বা অন্য সরকারী কার্য্যালয়ে মোকদ্দমা ঘটিত কার্য্যানুষ্ঠান করণার্থ টাকা তুলিতে পারিবেন। যে দত্ত সম্পত্তির স্বার্থ নিমিত্ত মোকদ্দমা কি কার্য্য কি কার্য্যানুষ্ঠান উপস্থিত কি প্রতিবাদ করা যায় সেই সম্পত্তি হইতে ঐ টাকা তুলা যাইবে, এবং পূর্ব্ব ধারাক্রমে যে প্রকারে "সাধারণ দত্তসম্পত্তি বিষয়ক ফণ্ডের" টাকা আদায় করা যায় ঐ টাকাও সেই প্রকারে আদায় করা যাইবে। কিন্তু তজ্জন্য বিশেষ রূপে আহূত সাধারণ সভাতে কমিটী নিষ্পত্তি না করিলে কোন টাকা ধার্য্য করা হইবে না ও ক্রোক করা যাইবে না।

৩০। কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী ও স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটী দত্তসম্পত্তির স্বার্থ সাধনোদ্দেশে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত ও প্রতিবাদ করিতে, কিম্বা দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্ব বিষয়ক আদালতে, ও অন্য সরকারী কার্য্যালয়ে অন্য কোন কার্য্যানুষ্ঠান উপস্থিত করিতে পারিবেন, এবং দত্তসম্পত্তিতে প্রকৃত পক্ষে স্বার্থযুক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে না হইলে, এই ক্ষমতানুসারে কার্য্য করিয়া উক্ত আদালতে ও কার্য্যালয়ে দাতার ও দত্তসম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তিবর্গের স্থলাভিষিক্ত বলিয়া গণ্য হইবেন।

৩১। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী ইংরাজী পঞ্জিকানুযায়ী বৎসর মধ্যে কার্য্যনির্ব্বাহার্থ অন্ততঃ চারি বার সমবেত হইবেন।

৩২। গবর্ণমেণ্টের কর্ম্মচারী নহে এরূপ একজন যোগ্য ব্যক্তিকে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা সম্পাদকের কর্ম্ম করিবার নিমিত্ত নির্ব্বাচিত করিবেন। কমিটী যেরূপ স্থির করেন, উক্তরূপ নির্ব্বাচিত সম্পাদক তদ্রূপ মাসিক বেতন পাইবেন।

৩৩। ২৮ ও ২৯ ধারার বিধানস্থল ভিন্ন, পূর্ণ সভা না হইলে কি সভায় অন্যূন তিনজন মেম্বর উপস্থিত না থাকিলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী এই আইনমত কর্ত্তব্য সম্পাদন ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন না। কিন্তু অন্যূন তিনজন উপস্থিত থাকিলে, যদি মুসলমান দত্ত সম্পত্তি সংক্রান্ত বিষয় লইয়া কার্য্য করিতে হয়, উপস্থিত মেম্বরদের মধ্যে অন্যূন দুই জন মুসলমান না হইলে, এবং যদি হিন্দুদত্ত সম্পত্তি সংক্রান্ত বিষয় লইয়া কার্য্য করিতে হয়, উপস্থিত মেম্বরদের মধ্যে অন্যূন দুই জন হিন্দু না হইলে, কোন নিষ্পত্তি করা যাইবে না। অধিকাংশ মেম্বরদের নিষ্পত্তি সভার নিষ্পত্তি বলিয়া গণ্য হইবে, এবং উভয় পক্ষে সমান সংখ্যক মেম্বরের একমত হইলে, সভাপতি যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

৩৪। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রতি সভায় উপস্থিত মেম্বরেরা আপনাদিগের মধ্য হইতে এক জনকে সেই সভার সভাপতির কার্য্য করিতে মনোনীত করিবেন। সাক্ষিদের পরীক্ষা সমেত সমুদয় কার্য্য লিপিবদ্ধ করা যাইবে, এবং অনুসন্ধানের বিষয় লইয়া সম্পূর্ণরূপ তর্কাবতর্ক হইলে পর যে সকল মেম্বর উপস্থিত থাকেন তাঁহারা প্রত্যেকে আপনং নিষ্পত্তি লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, এবং পূর্ব্ব ধারায় নির্দ্দিষ্ট প্রকারে শেষ যে নিষ্পত্তি হয়, তাহা সম্পাদক লিপিবদ্ধ করিবেন ও যে সমুদয় মেম্বর উপস্থিত থাকেন তাহাতে সকলে স্বাক্ষর করিবেন।

৩৫। গৃহীত সাক্ষিদিগের সাক্ষ্য সমেত স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কার্য্যও লিপিবদ্ধ করা যাইবে, এবং প্রত্যেক মেম্বর স্বতন্ত্ররূপে আপনার মত লিখিবেন। প্রত্যেক স্থলে কার্য্যপ্রণালী ও মত সম্বন্ধীয় মূল কাগজপত্র কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর নিকট পাঠাইতে হইবে।

৩৬। পূর্ণসভা না হইলে, অথবা যদি কমিটীতে তিন জনের অধিক মেম্বর থাকেন, সভায় অন্যূন তিন জন মেম্বর উপস্থিত না থাকিলে, স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী কোন অনুসন্ধান লইবেন না কি রিপোর্ট করিবেন না। স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর যে সকল বিষয়ের অনুসন্ধান লইতে হয় যাহাতে নিয়মিতরূপে তদ্বিষয়ের অনুসন্ধান লইয়া রিপোর্ট করিতে পারেন তজ্জন্য স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রার্থনামতে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী তাহার সাহায্য করিবেন।

37 Whoever shall resist either the central endowment committee or the local endowment committee in the execution of its duty, or in the doing of any act which it is authorized to do by this Act, shall be held as having resisted a public servant in the execution of his duty

38 The civil court shall have power to try the merits of all acts done and all orders passed either by the central endowment committee or the local endowment committee, in regular suits instituted by parties who may feel aggrieved by them, whether they be managers or persons interested in the endowments, and to adjudicate upon all matters connected with the endowments It may require the production of any documents, papers, accounts, proceedings either in the possession of the managers, the central endowment committee, or local endowment committee

39. Any person or persons interested in any endowment or the trusts relating thereto may, without joining as plaintiff any of the other persons interested therein, sue before the civil court the manager of such endowment or the member of any committee appointed under this Act or Act XX of 1863 for any misfeasance, breach of trust, or neglect of duty committed by such manager or member of such committee, in respect of the endowment, and the civil court may direct the specific performance of any act by such manager or member of a committee and may decree damages and costs against the manager or member of a committee (in the latter case such damages and costs shall be paid out of the estate unless the court shall see reason to direct otherwise) and may also direct the removal of such manager or member of a committee

40 The interest required in order to entitle a person to sue under the last preceding section need not be a pecuniary or a direct or immediate interest, or such an interest as would entitled the person suing to take any part in the management or superintendence of the endowment, any person having a right of attendance, or having been in the habit of attending at the performance of the worship or service of any mosque, temple, or religious establishment, or of partaking in the benefit of any distribution of alms, shall be deemed to be a person interested within the meaning of this Act

41 In any suit or proceeding instituted under this Act, it shall be lawful for the court before which such suit or proceeding is pending, to order any matter in difference in such suits to be referred for decision to one or more arbitrators Whenever any such order shall be made, the provisions of Chapter VI of the Code of Civil Procedure shall in all respects apply to such order and arbitration in the same manner as if such order had been made on the application of the parties under section 312 of the said Code

42 Nothing in the last preceding section shall prevent the parties from applying to the court, or the court from making the order of reference under the said section 312 of the said Code of Civil Procedure

43 No suit shall be entertained under this Act without a preliminary application being first made to the court for leave to institute such suit The application may be made upon unstamped paper The court, on the perusal of the application, shall determine whether there are sufficient *primâ facie* grounds for the institution of a suit, and if in the judgment of the court there are such grounds, leave shall be given for its institution In calculating the costs at the termination of the suit, the stamp duty on the preliminary application shall be estimated, and shall be added to the costs of the suit. If the court shall be of opinion that the suit has been for the benefit of the endowment, and that no party to the suit is in fault, the court may order costs, or such portion as it may consider just, to be paid out of the estate If, on the contrary, the court shall find that the cause of action originated in improper motives on the part of the party cast, it may direct that the costs and damages if any, shall be paid by such party.

৩৭। কোন ব্যক্তি কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কিম্বা স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কর্ত্তব্য পালনের কিম্বা এই আইনপ্রদত্ত ক্ষমতানুযায়ী কার্য্যসম্পাদনের বাধা দিলে, তিনি রাজকীয় কার্য্যকারকের কার্য্যসম্পাদনের বাধা দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

৩৮। দত্তসম্পত্তির কার্য্যনির্ব্বাহক হউক কি উক্ত সম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তি হউক কোন ব্যক্তি-কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কার্য্যে ও আদেশে অসন্তুষ্ট হইয়া নিয়মিতরূপে মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমায় দেওয়ানী আদালত উক্ত কার্য্য ও আদেশের গুণাগুণ বিচার করিতে ও দত্তসম্পত্তি সংক্রান্ত সমুদয় বিষয়ের নিষ্পত্তি করিতে পারিবেন। আদালত কার্য্যনির্ব্বাহকের কি কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর হস্তস্থিত যে কোন দলীল কি কাগজ পত্র কি হিসাব কি কার্য্যের নথী উপস্থিত করিতে আদেশ দিতে পারিবেন।

৩৯। কোন দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কি এই আইন কি ১৮৬৩ সালের ২০ আইনক্রমে নিযুক্ত কোন কমিটীর মেম্বর ঐ সম্পত্তি সম্বন্ধে কোন রূপ অসদাচরণ কি বিশ্বাস ঘাতকতা কি কর্ত্তব্যাবহেলন করিলে, উক্ত দত্তসম্পত্তিতে কি তৎসংক্রান্ত ন্যাসে স্বার্থযুক্ত কোন ব্যক্তি কি ব্যক্তিবর্গ, অন্য স্বার্থযুক্ত ব্যক্তিদিগের সহিত বাদিভাবে একত্র না হইয়া, দেওয়ানী আদালতে উক্ত কার্য্যনির্ব্বাহকের কি মেম্বরের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং দেওয়ানী আদালত উক্ত কার্য্যনির্ব্বাহককে কি কমিটীর মেম্বরকে নির্দ্দিষ্ট কোন কার্য্য করিবার আদেশ করিতে পারিবেন ও উক্ত কার্য্যনির্ব্বাহকের কি কমিটীর মেম্বরের বিরুদ্ধে ক্ষতিপূরণ ও খরচার ডিক্রী করিতে পারিবেন (শেষোক্ত স্থলে আদালত অন্যরূপ আদেশ করা যুক্তি সিদ্ধ বিবেচনা না করিলে উক্ত সম্পত্তি হইতে ক্ষতিপূরণের ও খরচার টাকা দেওয়া যাইবে) ও উক্ত কার্য্যনির্ব্বাহককে কি কমিটীর মেম্বরকে পদচ্যুত করিবার আদেশ দিতে পারিবেন।

৪০। যে স্বার্থ থাকিলে কোন ব্যক্তি পূর্ব্ব ধারাক্রমে মোকদ্দমা করিতে অধিকারী হন, সেই স্বার্থ অর্থসম্পর্কীয় কি সাক্ষাৎ কি অব্যবহিত স্বার্থ হইবে, অথবা এরূপ স্বার্থ হইবে যে তদ্বলে মোকদ্দমাকারী ব্যক্তি দত্তসম্পত্তির কার্য্য নির্ব্বাহ কি তত্ত্বাবধান কার্য্যের অংশ গ্রহণ করিতে পারিবেন, ইহা প্রয়োজনীয় নহে। কোন মসজিদে কি দেবালয়ে কি অন্য ধর্ম্মালয়াদিতে ভজনা কি সেবা সময়ে যে কোন ব্যক্তির উপস্থিত থাকিবার অধিকার কি রীতি আছে, কিম্বা কোন দান বিতরণ কালে যাহার কিছু উপকার হইয়া থাকে, সেই ব্যক্তিকে এই আইনের অভিপ্রায়ানুসারে স্বার্থযুক্ত ব্যক্তি বলিয়া জ্ঞান করা যাইবে।

৪১। যে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য এই আইনমতে উপস্থিত করা যায়, সেই মোকদ্দমা প্রভৃতি যে আদালতে উপস্থিত থাকে, সেই আদালত ঐ মোকদ্দমা সংক্রান্ত বিবাদীয় কোন বিষয় এক কি তদধিক মধ্যস্থের নিষ্পত্তি নিমিত্ত অর্পণ করিবার আদেশ দিতে পারিবেন। যদি তদ্রূপ আদেশ করা যায়, তবে দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১২ ধারামতে পক্ষদের প্রার্থনানুসারে আদেশ করা গেলে তৎপ্রতি ঐ আইনের ৬ অধ্যায়ের বিধান যেরূপ বর্ত্তে তদ্রূপে সেই আদেশ ও সালীসি কার্য্যের প্রতি বর্ত্তিবে।

৪২। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের উক্ত ৩১২ ধারামতে অর্পণ করিবার আদেশ জন্য পক্ষদের আদালতের নিকটে প্রার্থনা করিবার কিম্বা আদালতের তদ্রূপ আদেশ করিবার কোন বাধা পূর্ব্বধারার কোন কথাক্রমে হইবে না।

৪৩। এই আইনক্রমে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে উক্ত মোকদ্দমা উপস্থিত করিবার নিমিত্ত প্রথমতঃ আদালতের অনুমতি প্রার্থনা করা না গেলে ঐ মোকদ্দমা গ্রাহ্য হইবে না। সেই প্রার্থনাপত্র সাদা কাগজে লেখা যাইতে পারিবে। আদালত ঐ প্রার্থনাপত্র পাঠ করিয়া মোকদ্দমা উপস্থিত করিবার উপযুক্ত হেতু আপাততঃ আছে কি না ইহা নির্দ্ধারিত করিবেন। যদি আদালতের বিবেচনামতে তদ্রূপ হেতু থাকে তবে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওয়া যাইবে। মোকদ্দমা সমাপ্ত হইলে যখন খরচার হিসাব করা যাইবে, তখন প্রথম প্রার্থনাপত্রে ইষ্টাম্পের যত মাসুল হইতে পারে তাহার হিসাব হইয়া মোকদ্দমার খরচার সঙ্গে লেখা যাইবে। যদি আদালত বোধ করেন যে দত্ত সম্পত্তির উপকারার্থে মোকদ্দমা করা হইয়াছে, ও মোকদ্দমার কোন পক্ষের দোষ নাই, তবে আদালত সেই খরচা, কিম্বা তাহার যে অংশ ন্যায্য বোধ করেন, ঐ সম্পত্তি হইতে দিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু যদি আদালত স্থির করেন যে পরাজিত পক্ষের অসদভিপ্রায় হইতে মোকদ্দমার হেতুর উৎপত্তি হইয়াছে আদালত আদেশ করিতে পারিবেন যে উক্ত পক্ষ সেই খরচাও, ক্ষতি পূরণ করিতে হইলে, সেই ক্ষতি পূরণের টাকা দিবেন।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

P J P—Regr No 610—1100—28 1 79

Numb. 2075 ২০৭৫ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 6, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৬ মে।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT

ERRATUM

In the Notification of the Legislative Department published in the *Gazette of India* of 12th April 1879, *for* " No 8" *read* " No 11 "

D FITZPATRICK,
Secy to the Govt of India

HOME DEPARTMENT

ESTABLISHMENTS

The 23rd April 1879

No 280 —Mr F Clarke received charge of the Office of Administrator-General of Bengal from Mr F S Collis on the afternoon of the 7th instant

The 25th April 1879

No 287 —Mr G H M Ricketts, C B, is permitted to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 19th ultimo

EXAMINATIONS

The 24th April 1879

No 34 —Mr W Hoey, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Persian, has been presented with the authorized donation of Rs 2,000

No 35 —Mr H M Durand, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Persian, has been presented with the authorized donation of Rs 2,000

No 36 —Mr H A D Phillips, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Oorya, has been presented with the authorized donation of Rs 1,000

O. BERNARD,
Offg Secy to the Govt of India.

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

অশুদ্ধ শোধন।

১৮৭৯ সালের ১২ এপ্রিলের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে ব্যবস্থাপন কার্য্যবিভাগের বিজ্ঞাপনে "৮ নম্বর" এই কথার পরিবর্ত্তে "১১ নম্বর" পাঠ করিতে হইবে।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিবিলিয়ান বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা ১৮৭৯ সাল ২৩ এপ্রিল।

২৮০ নম্বর।—শ্রীযুক্ত এস, ক্লার্ক সাহেব শ্রীযুক্ত এফ, এস, কলিন্স সাহেবের স্থানে এই মাসের ৭ তারিখের অপরাহ্নে বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ২৫ এপ্রিল।

২৮১ নম্বর।—শ্রীযুক্ত জি, এচ, এম, রিকেটস সাহেব গত মাসের ৯ তারিখ অবধি শ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

পরীক্ষা বিষয়ক।

১৮৭৯ সাল ২৪ এপ্রিল।

৩৪ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুক্ত ডবলিউ, হোয়ে সাহেব পারস্য ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৩৫ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুক্ত এস, এম, ডুবাও সাহেব পারস্য ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৩৬ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুক্ত এস, এ, ডি, ফিলিপস সাহেব উড়িয়া ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 6, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৬ মে।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের মন্তব্য, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 2747A

GENERAL —*The 19th April* 1879 —Baboo Rakhaldas Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, on special duty under the Board of Revenue, is transferred to the Sudder Station of the Jessore district

The 22nd April 1879 —Mr R H Greaves, Officiating Joint-Magistrate and Deputy Collector, Gya, is allowed furlough for eight months, under section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for ten days, under section 24 (*a*) of the Code, with effect from the 18th instant

The 23rd April 1879 —Mr C T Buckland, a Member of the Board of Revenue, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo, or such date as he may avail himself of it

Mr R L Mangles, v c , Commissioner of the Presidency Division, is appointed to act as a Member of the Board of Revenue during the absence, on leave, of Mr C T Buckland, or until further orders

Mr Mangles is also appointed to act as President of the Committee for the management of the Zoological Gardens, Alipore, during Mr Buckland's absence

Mr F B Peacock, Commissioner of Dacca, is appointed to act as Commissioner of the Presidency Division during the absence, on deputation, of Mr R L Mangles, or until further orders

Mr F H Pellew is re-appointed to act as Commissioner of Dacca during the absence, on deputation, of Mr F B Peacock, or until further orders

Mr J F Browne, District and Sessions Judge, Patna, is allowed leave for two months and fifteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

Mr J F Stevens, Joint-Magistrate and Deputy Collector, Dacca, on leave is appointed to act as District and Sessions Judge, Patna, during the absence, on leave, of Mr J F Browne or until further orders

The 24th April 1879 —Mr H P P [illegible] Assistant Magistrate and Collector, Khoolna, Jessore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may be relieved

Moulvi Syed O[illegible], Deputy Magistrate and Deputy Collector, on leave, is appointed to have charge of the Khoolna division of the Jessore district during the absence, on leave, of Mr H P P [illegible], or until further orders

Baboo Gouri Sunder Biswas, Deputy Magistrate and Deputy Collector, was employed at Nattore, in Rajshahye, from the 10th December 1878 to the 15th January 1879

The 25th April 1879 Major R C Money, Deputy Commissioner Julpigoree, having returned from furlough on the 1st instant, is allowed subsidiary leave from that date to the 15th idem, to enable him to rejoin his appointment

Mr D B Allen, Assistant Magistrate and Collector, in charge of the Jehanabad division of the Gya district, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land required for a protective embankment at Armal, in the district of Gya

Baboo [illegible] Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is vested with the [illegible] powers under Section 87 of Act VII (B C) of 1870

The 28th April 1879 —Mr J G Charles, Officiating Chief Presidency Magistrate and Judge of the Marine Court, Calcutta, is allowed subsidiary leave for two days under section 24 (*a*) of the Civil Leave Code

The 29th April 1879 —Mr H. L Harrison, Secretary to the Board of Revenue, is appointed to act, until further orders, as Secretary to the Government of Bengal in the Financial Department, *vice* Mr D M. Barbour.

[*Government Gazette*, 6th *May* 1879]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

২৭৪৭A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—রেবিনিউ বোর্ডের অধীনে বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাখালদাস হালদার, যশোহর জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ২২ আপ্রিল।—গয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আর, এচ, গ্রীবস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে আট মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (A) ধারামতে এই মাসের ১৮ তারিখ অবধি দশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৩ আপ্রিল।—রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত সি, টি বকল্যাণ্ড সাহেব আগামি মে মাসের ১ তারিখ অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত সি, টি, বকল্যাণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজধানী খণ্ডের কমিশ্যনর শ্রীযুত আর এল, মাঙ্গেলস ডি, সি, সাহেব রেবিনিউ বোর্ডের মেম্বরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বকল্যাণ্ড সাহেবের অনুপস্থিতি কালে শ্রীযুত মাঙ্গেলস সাহেব আলিপুরের পশু পক্ষ্যাদি প্রদর্শনার্থ উদ্যানের কার্য্য নির্ব্বাহক কমিটীর সভাপতির কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত আর এল মাঙ্গেলস সাহেবের অনুপস্থিতি কাল অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকা খণ্ডের কমিশ্যনর শ্রীযুত এফ, বি, পীকক সাহেব রাজধানী খণ্ডের কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, বি, পীকক সাহেবের অনুপস্থিতি কাল, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত এফ এচ, পেলু সাহেব ঢাকার কমিশ্যনরের কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

পাটনা ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, এফ ব্রৌন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, এফ, ব্রৌন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটী প্রাপ্ত গোদার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এফ, ষ্টীবন্স সাহেব পাটনার ডিষ্ট্রিক্ট ও সেসন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—যশোহরের অন্তর্গত খুলনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ পি, পিটর্সন সাহেব যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের নিয়মে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এচ, পি, পিটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটী প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ অবীউল্লা যশোহর জিলার অন্তর্গত খুলনা মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গৌরীশঙ্কর মিত্র, ১৮৭৮ সালের ১০ ডিসেম্বর অবধি ১৮৭৯ সালের ১৫ জানুয়ারি পর্য্যন্ত রাজশাহীর অন্তর্গত নাটোরে নিযুক্ত ছিলেন।

১৮৭৯ সাল ২৫ আপ্রিল।—অপাইণ্ড ডুয়ার ডেপুটী কমিশনর মেজর শ্রীযুত আর, সি, মনি সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ১ তারিখে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিতে পারিবার নিমিত্তে উক্ত তারিখ অবধি এক মাস ১৫ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

গয়া জিলার অন্তর্গত জাহানাবাদ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডি, বি, অ্যালেন সাহেব ঐ জিলার অন্তর্গত আর্ম্মল রক্ষার্থ বাঁধের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বর মুখোপাধ্যায়, ১৮৭৬ সালের সালের বঙ্গদেশ ৭ আইনের ৮৭ ধারামতে আপীলী মোকদ্দমার বিচার করিবার বিশেষ ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৮ আপ্রিল।—কলিকাতার একটিং প্রধান প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ও মাইনর আদালতের জজ শ্রীযুত জে, জি, চার্লস সাহেব সিবিল কার্য্যকারকের ছুটীর বিধির ২৪ (a) ধারামতে দুই দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—শ্রীযুত ডি, এম বারবর সাহেবের পরিবর্ত্তে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী শ্রীযুত এচ, এল, হ্যারিসন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, জেনারেল ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৬ মে।]

POLICE.—*The 16th April* 1879.—Inspector Ameer Khan, of the Durbhunga district, is promoted from the Third to the Second Grade of Inspectors, *vice* Inspector Peary Lall Chatterjee, resigned. The promotion will have effect from the 1st instant.

The 26th April 1879.—Mr. D. J. Poole, Assistant Superintendent of Police, reported his departure from India on furlough on the 5th instant.

The 28th April 1879.—Mr. W. D. Pratt, District Superintendent of Police, reported his departure from India on furlough on the 8th instant.

The 29th April 1879.—The following acting promotions in the Police Department are sanctioned with effect from the dates mentioned, in supersession of those notified in the *Calcutta Gazette* of the 2nd instant:—

To act in the First Grade of District Superintendents.—

Lieutenant-Colonel C. T. Hitchins, from the 21st March 1879.

To act in the Second Grade of District Superintendents.—

Mr. A. H. Giles, from the 6th March 1879.
" H. W. J. Bamber, from the 21st March 1879.

To act in the Third Grade of District Superintendents.—

Mr. J. M. E. Gouldsbury, } from the 6th March 1879.
" A. Blair, }
" W. H. Cornish, from the 21st March 1879.

To act in the Fourth Grade of District Superintendents.—

Mr. J. B. Goad, } from the 6th March 1879.
" W. B. Maxwell, }
" H. G. Wilkins, from the 21st March 1879.

Mr. J. F. Needham, Assistant Superintendent of Police, acted in the First Grade of Assistant Superintendents of Police from the date on which he was relieved of his appointment as Officiating District Superintendent of Police, Backergunge, to the date on which he joined his appointment as Officiating District Superintendent of Police, Chittagong Hill Tracts.

ECCLESIASTICAL.—*The 24th April* 1879.—Under Section 7 of Act XV of 1872, the Rev. Mathoora Nath Bose, B.A., is appointed to be a Marriage Registrar at Gopalgunge, in Fureedpore. Mr. Bose is also authorized, under clause 5, section 5 of the said Act, to grant certificates of marriage between persons who are Native Christians.

The 28th April 1879.—Baboo Probhoodin Misser is authorized, under clause 5, section 5 of Act XV of 1872, to grant certificates of marriage between Native Christians.

কিন্তু কালেক্টর মহাল ক্রোক করিতে পারিবেন।

25 The exemption from sale for arrears of revenue given by section 24 shall only apply to cases in which a written notice of the fact that the estate is the sole property of one or more minors, and entitled to such exemption, has been served on the Collector before the sale

When exemption from sale for arrears of revenue applies

২৫ ধারা। ২৪ ধারায় যে বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় না হইবার মুক্তিদান হইয়াছে ঐ মহাল এক কি তদধিক অপ্রাপ্তবয়স্ক ভিন্ন অন্যের সম্পত্তি নয় ও তজ্জন্য তদ্রূপ মুক্তিদানযোগ্য, কালেক্টর সাহেবকে এই কথার লিখিত নোটিস বিক্রয়ের পূর্ব্বে দেওয়া না গেলে, ঐ মুক্তি বর্ত্তিবে না।

বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় হইতে মুক্ত থাকিবার বিধান যে স্থলে বর্ত্তে।

26 When an estate has been farmed under the provisions of section 24, the proceeds of such farm shall be paid to the Collector, and the Collector, after deducting the amount of the claims of the Government for revenue and other public demands and the charges of management, shall either pay the proceeds to the person authorized to receive them for the proprietor, or shall dispose of them in any of the modes mentioned in section 45 or in section 46

Application of proceeds of farmed estate

২৬ ধারা। মহাল ২৪ ধারার বিধানমতে ইজারা দেওয়া গেলে, ঐ ইজারার টাকা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে। গবর্ণমেন্টের রাজস্ব ও অন্য রাজকীয় প্রাপ্য ও কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধীয় খরচের টাকা রাখিয়া কালেক্টর সাহেব ভূস্বামির নিমিত্ত টাকা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে অবশিষ্ট টাকা দিবেন, কিম্বা ৪৫ কি ৪৬ ধারার নির্দিষ্ট কোন এক প্রকারে ঐ টাকার প্রয়োগ করিবেন।

মহাল ইজারা দেওয়া গেলে তাহার উপস্বত্ব প্রয়োগের কথা।

PART IV

Ascertainment of Disqualification

27 Whenever any Collector has reason to believe that any person residing in his district, or being the proprietor of an estate borne on the revenue roll of his district, should be declared or adjudged to be a disqualified proprietor under section 5, he shall make such enquiry as he may deem necessary, and if satisfied that such person should be so declared or adjudged, shall make a report of the same to the Court,

Collector to make enquiry and report as to disqualified proprietors.

and the Court shall, on receipt of such report, make such order consistent with this Act as may seem to it expedient.

চতুর্থ খণ্ড।

অযোগ্যতা নির্ণয় করিবার বিধি।

২৭ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ জিলা নিবাসী কিম্বা ঐ জিলার তৌজিভুক্ত কোন মহালের অধিকারী কোন ব্যক্তিকে ৫ ধারামতে অযোগ্য ভূস্বামী বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি যদ্রূপ আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইবেন, এবং উক্ত ব্যক্তি সম্বন্ধে তদ্রূপ নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত বুঝিলে কোর্টে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন,

অযোগ্য ভূস্বামিদের সম্বন্ধে কালেক্টর সাহেব অনুসন্ধান লইয়া রিপোর্ট করিবেন।

এবং উক্ত রিপোর্ট পাইয়া কোর্ট যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ এই আইনের সঙ্গত আজ্ঞা করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৩ মে।]

28 Nothing in section 27 shall prevent the Court or the Local Government from putting the provisions of this Act in force without any report from the Collector

Power to enforce provisions of Act without report

29 Whenever any Collector receives information that the sole proprietor of an estate which is borne on the revenue roll of his district has died,

Proceedings on death of a proprietor whose heirs are disqualified

or that the sole proprietor of any estate has died within his district,

and such Collector has reason to believe that the heirs of such proprietor should be declared or adjudged to be disqualified under section 6, he may take such steps and make such orders for the safety and preservation of the movable property of such heirs, and of all deeds, documents, or papers relating to the property of such heirs, as to him may seem fit

Such Collector may call upon any other Collector in whose jurisdiction any such movable property, or any such deeds, documents, or papers may be, to take charge of the same, and thereupon such other Collector shall have the same powers with respect to such property, deeds, documents, and papers within his district as are conferred by this section on the first-mentioned Collector.

If the property is not afterwards taken under the charge of the Court, all expenses incurred by a Collector acting under this section shall be recoverable as a demand under Bengal Act VII of 1868, or any similar law for the time being in force, from the property which would be liable for the debts of the deceased proprietor

30 A Collector acting under the last preceding section may direct that any person who has the custody of a minor heir of any such deceased proprietor shall produce such minor before such Collector or before any other Collector on a day fixed, and the Collector before whom the minor is so produced may make such order for the temporary custody and protection of such minor as to him may seem fit

Production of minor proprietor and order for his temporary custody

If the minor is a female, she shall not be brought into the presence of the Collector, but the Collector may take such steps for her identification as he may think fit

[*Government Gazette*, 13*th May* 18 9]

২৮ ধারা। কালেক্টর সাহেবের রিপোর্ট না পাইয়াও কোর্ট কি স্থানীয় গবর্ণমেন্ট এই আইনের বিধান প্রবল করিতে গেলে, ২৭ ধারার কোন কথায় তাহার বাধা হইবে না।

রিপোর্ট বিনা আইনের বিধান প্রবল করিতে পারিবার ক্ষমতার কথা।

২৯ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ সম্বাদ পান যে ঐ জিলার তৌজিভুক্ত কোন মহালের একমাত্র ভূস্বামির মৃত্যু হইয়াছে কিম্বা কোন মহালের একমাত্র ভূস্বামী ঐ জিলার মধ্যে মরিয়াছেন,

যাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য এরূপ ভূস্বামির মৃত্যু হইলে কর্ত্তব্য প্রণালীর কথা।

এবং উক্ত কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে উক্ত ভূস্বামির উত্তরাধিকারিদিগকে ৫ ধারামতে অযোগ্য বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি উক্ত উত্তরাধিকারিদিগের অস্থাবর সম্পত্তি ও তাহাদের সম্পত্তি সম্পর্কীয় সমুদয় দলীল ও লিপি ও কাগজপত্র নিরাপদে রক্ষা করিবার নিমিত্ত যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ উপায় অবলম্বন ও আজ্ঞা প্রদান করিতে পারিবেন।

অন্য যে কালেক্টর সাহেবের এলাকার মধ্যে উক্তরূপ যে কোন অস্থাবর সম্পত্তি কি দলীল কি লিপি কি কাগজপত্র থাকে পূর্ব্বোক্ত কালেক্টর সেই কালেক্টর সাহেবকে তৎ সমুদয়ের রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে আদেশ করিতে পারিবেন, এবং তাহা করিলে ঐ অন্য কালেক্টর সাহেব উক্ত সম্পত্তি ও দলীল ও লিপি ও কাগজপত্র সম্বন্ধে আপন জিলার মধ্যে প্রথমোল্লিখিত কালেক্টর সাহেবের ন্যায় এই ধারানুযায়ী ক্ষমতা প্রাপ্ত হইবেন।

ঐ সম্পত্তি পরে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে গ্রহণ করা না গেলে, এই ধারামতে কার্য্য করিয়া কালেক্টর সাহেব যে সমস্ত খরচ করেন, তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনক্রমে কি তদ্রূপ যে কোন আইন তৎকালে চলিত থাকে তৎক্রমে প্রাপ্য টাকা যে রূপে আদায় করা যায় তদ্রূপে মৃতভূস্বামির ঋণের জন্য দায়ী সম্পত্তি হইতে আদায় করা যাইবে।

৩০ ধারা। পূর্ব্ব ধারামত কার্য্য করিয়া কালেক্টর সাহেব আদেশ করিতে পারেন যে উক্ত মৃত ভূস্বামির কোন অপ্রাপ্তবয়স্ক উত্তরাধিকারী যে ব্যক্তির আশ্রয়ে আছেন সেই ব্যক্তি নির্দ্দিষ্ট দিনে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তাঁহার কি অন্য কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করিবেন, এবং যে কালেক্টর সাহেবের সম্মুখে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তদ্রূপ উপস্থিত করা যায় তিনি ঐ অপ্রাপ্তবয়স্কের কিয়ৎকালীন আশ্রয় ও রক্ষণাবেক্ষণ সম্বন্ধে যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

অপ্রাপ্তবয়স্ক ভূস্বামিকে উপস্থিত করিবার ও তাহার কিয়ৎ কালীন আশ্রয় সম্বন্ধে আজ্ঞা করিবার কথা।

অপ্রাপ্তবয়স্ক স্ত্রীলোক হইলে, তাহাকে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করা যাইবে না, কিন্তু তাঁহার স্বরূপতা নির্ণয় জন্য কালেক্টর সাহেব যে উপায় অবলম্বন করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

31 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be of unsound mind and incapable of managing his affairs, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply, in pursuance of the provisions of Act XXXV of 1858, to the Civil Court of the district within the jurisdiction of which such proprietor may reside

Enquiry in case of lunatics

32 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be incapable of managing his property on the ground of some physical defect or infirmity other than unsoundness of mind, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the district within which such person may be residing, and upon such Collector so applying, such Civil Court shall enquire into and determine the question as to the alleged incapacity

Civil Court to make enquiry regarding disqualification on ground of physical defect or infirmity

33 If a sole proprietor of an estate who is resident within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal, or resident beyond the territories administered by the Lieutenant-Governor of Bengal, shall be reported by a Collector to be incapable of managing his property by reason of some physical defect or infirmity other than unsoundness of mind, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the 24-Pergunnahs, or to such other Civil Court as the Lieutenant-Governor, on application made to him by the Collector in that behalf, may determine

Proceedings in case of physical defect or infirmity when proprietor in jurisdiction of High Court

Such Civil Court shall thereupon enquire into and determine the question as to the alleged incapacity

34 When any enquiry is instituted by a Civil Court under section 32 or section 33, such Court shall, for the purposes of making such enquiry, have the powers conferred, and proceed in the manner

Powers of Civil Court when enquiry is instituted under section 32 or 33.

৩১ ধারা। কোন মহালের যে একমাত্র ভূম্যধিকারী হাইকোর্টের নিয়মিত আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করেন না, তাঁহাকে কোন কালেক্টর সাহেব ক্ষিপ্তমন ও স্বীয় বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া রিপোর্ট করিলে, কোর্ট ঐ রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিয়োগ করেন তাঁহাকে, যে জিলার দেওয়ানী আদালতের এলাকার মধ্যে উক্ত ভূম্যধিকারীর বাস, সেই আদালতে ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন।

ক্ষিপ্তমনা হইলে অনুসন্ধানের কথা।

৩২ ধারা। হাইকোর্টের নিয়মিত আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূম্যধিকারী মানসিক বিকৃতিভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর সাহেব এরূপ রিপোর্ট করিলে, কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিযুক্ত করেন তাঁহাকে, উক্ত ভূম্যধিকারী যে জিলায় বাস করেন সেই জিলার প্রধান দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন এবং উক্ত কালেক্টর তদ্রূপে দরখাস্ত করিলে, উক্ত দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

দেওয়ানী আদালত স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক অযোগ্যতার অনুসন্ধান লইবেন।

৩৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাইকোর্টের আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসী কিম্বা বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের বহির্ভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূম্যধিকারী মানসিক বিকৃতিভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর সাহেব এরূপ রিপোর্ট করিলে কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টরকে নিযুক্ত করেন তাঁহাকে চব্বিশ পরগনার প্রধান দেওয়ানী আদালতে অথবা কালেক্টর সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে প্রার্থনা করিলে তিনি অন্য যে দেওয়ানী আদালত নির্দ্দেশ করেন সেই আদালতে, প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন।

হাইকোর্টের এলাকাধীন স্থানবাসী ভূম্যধিকারির স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হইলে কার্য্য প্রণালীর কথা।

তাহা হইলে সেই দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

৩৪ ধারা। ৩২ কি ৩৩ ধারামতে দেওয়ানী আদালত কোন অনুসন্ধানের কার্য্যানুষ্ঠান করিলে ১৮৫৮ সালের ৩৫ আইনমতে যে অনুসন্ধান লইবার আদেশ আছে তদর্থে ঐ আইনক্রমে যেং ক্ষমতা বর্ত্তে ও যেং বিধানমতে কার্য্য করিবার নিয়ম থাকে, উক্ত

৩২ কি ৩৩ ধারামতে অনুসন্ধানের অনুষ্ঠান হইলে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

prescribed, by Act XXXV of 1858 with respect to the enquiries directed to be made by the said Act

The Civil Court shall transmit to the Court of Wards a copy of the order made on each such enquiry, and the Court of Wards shall thereupon, in case the proprietor has been found by the Civil Court to be incapable as aforesaid, make such order, consistent with this Act, as it shall think fit

The Civil Court shall have, with reference to proprietors who have been adjudged to be incapable as aforesaid, the same powers as are conferred on a Civil Court by section 21 of Act XXXV of 1858, with reference to persons adjudged to be of unsound mind and incapable of managing their affairs

---

PART V

PROCEDURE AFTER ASCERTAINMENT OF DISQUALIFICATION

Order declaring estate under charge of Court

35 Whenever the Court has determined to take the person or property of a disqualified proprietor under its charge, whether in accordance with an order of the Civil Court or otherwise the Court shall make an order declaring the fact and directing that possession be taken of such person and property or of such property on behalf of the Court, and the Court shall be held to be in charge of such property from the time when possession shall have been so taken

Collector to take possession of movable property

36 As soon as conveniently may be after an order is made under the provisions of section 35, the Collector of every district within which any part of the ward's property may be situated, or some person authorized in writing by him in that behalf, shall take possession of all accounts, papers, and movable property of the ward, and place under proper custody such portion thereof as he may think necessary

And such Collector, or some person authorized as aforesaid, may, in case he has reason to believe that any such account, paper, or property is in any room, box, or receptacle within any house in the actual possession of the ward, break open the same for the purpose of searching for such account, paper, or property

Additional powers of Collector

37 Such Collector may also order all persons in the employ of the ward, or all persons who were in the employ of the

দেওয়ানী আদালত উক্ত অনুসন্ধান কার্য্যের নিমিত্ত সেইং ক্ষমতা পাইবেন ও সেইং বিধানমতে কার্য্য করিবেন।

তদ্রূপ প্রত্যেক অনুসন্ধানের পর যে আজ্ঞা করা যায়, দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসের নিকট সেই আদেশের প্রতিলিপি পাঠাইবেন। তাহা হইলে, যদি দেওয়ানী আদালত ভূস্বামিকে পূর্ব্বোক্তমতে অক্ষম বলিয়া নির্ণয় করিয়া থাকেন, কোর্ট অব ওয়ার্ডস এই আইনসঙ্গত যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিবেন।

যে সকল ব্যক্তি নিজ২ মন ও স্বীয় বিষয়ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে, সেই সকল ব্যক্তির সম্বন্ধে ১৮৫৮ সালের ৩৫ আইনের ২১ ধারামতে দেওয়ানী আদালতের প্রতি যেং ক্ষমতা অর্পিত হইয়াছে, পূর্ব্বোক্তমতে যে সকল ভূস্বামী অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে তাহাদের সম্বন্ধে দেওয়ানী আদালতের সেইং ক্ষমতা থাকিবে।

পঞ্চম খণ্ড।

অযোগ্যতা নির্ণয় হইলে পর কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন হইল ইহার নির্দ্দেশসূচক আজ্ঞার কথা।

৩৫ ধারা। দেওয়ানী আদালতের আজ্ঞানুসারে কিম্বা অন্যক্রমে, কোর্ট অযোগ্য ভূস্বামির কি তাহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে কৃতসংকল্প হইলে, তন্নির্দ্দেশসূচক আজ্ঞা করিয়া আদেশ দিবেন যে কোর্টের পক্ষ হইতে উক্ত ব্যক্তির ও সম্পত্তির কি উক্ত সম্পত্তির অধিকার গ্রহণ করা যায় এবং অধিকার গ্রহণ করা হইলে তৎকালাবধি উক্ত সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন বলিয়া জ্ঞান করা যাইবে।

কালেক্টর সাহেবের অস্থাবর সম্পত্তির অধিকার গ্রহণ করিবেন।

৩৬ ধারা। ৩৫ ধারার বিধানমতে আজ্ঞা করা গেলে পর সুবিধামতে যত শীঘ্র হইতে পারে, ওয়ার্ডের সম্পত্তির কোন অংশ যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব কিম্বা তৎপক্ষে লিখিত অনুমতি ক্রমে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি ওয়ার্ডের সমুদয় হিসাব ও কাগজপত্র ও অস্থাবর সম্পত্তি স্বীয় অধিকারে গ্রহণ করিবেন ও তাহার যে অংশ আবশ্যক জ্ঞান করেন উপযুক্ত সংরক্ষণে রাখিবেন।

এবং ওয়ার্ডের নিজ অধিকারে যে বাটী থাকে উক্ত হিসাব কি কাগজপত্র কি সম্পত্তি সেই বাটীর মধ্য কোন ঘরে কি বাক্সে কি আধারে আছে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখিলে উক্ত হিসাব কি কাগজপত্র কি সম্পত্তি অন্বেষণ করিবার জন্যে ঐ ঘর প্রভৃতি ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

কালেক্টর সাহেবের অতিরিক্ত ক্ষমতার কথা।

৩৭ ধারা। যে সকল ব্যক্তি ওয়ার্ডের কার্য্যে নিযুক্ত থাকেন কিম্বা যে মৃত ভূস্বামির স্থানে ওয়ার্ড স্বীয় সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন সেই ভূস্বামির কার্য্যে

deceased proprietor from whom the ward has derived his property, to attend before him,

and may order any person to deliver up any accounts, papers, or movable property belonging to the ward, or any accounts or papers relating to the ward's property, which the Collector has reason to believe are in such person's possession,

and may order all holders of tenures and under-tenures on such property to produce their titles to such tenures and under-tenures

PART VI

Management and Guardianship

Collector when to be deemed manager

38 If no manager of the property of a ward is appointed by the Court, the Collector of the district in which the greater part of such property is situated, or any other Collector whom the Court may appoint in that behalf, shall be competent to do, under the orders of the Court, anything that might be lawfully done by the manager of such property

Powers of manager

39 Every manager appointed by the Court shall have power to manage all property which may be committed to his charge, to collect the rents of the land entrusted to him, as well as all other money due to the ward, and to grant receipts therefor,

and may, under the orders of the Court, grant or renew such leases and farms as may be necessary for the good management of the property.

General duty of manager

40 Every manager shall manage the property committed to him diligently and faithfully for the benefit of the proprietor, and shall in every respect act to the best of his judgment for the ward's interest as if the property were his own

Specific duties of manager

41 Every manager appointed by the Court shall—

(*a*) have the care of so much of the property of the ward as the Court may direct,

(*b*) give such security (if any) as the Court thinks fit to the Collector duly to account for all such property and for what he shall receive in respect of such property,

(*c*) continue liable to account to the Court, after he has ceased to be manager, for his receipts and disbursements during the period of his management,

যে সকল ব্যক্তি নিযুক্ত ছিলেন উক্ত কালেক্টর সাহেব তাঁহাদিগকে আপনার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন,

এবং কোন ব্যক্তির অধিকারে ওয়ার্ডের কোন হিসাব কি কাগজপত্র কি অস্থাবর সম্পত্তি কিম্বা ওয়ার্ডের সম্পত্তি সম্পর্কীয় কোন হিসাব কি কাগজপত্র আছে কালেক্টর সাহেবের এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে, তিনি উক্ত হিসাব প্রভৃতি দিবার নিমিত্ত ঐ ব্যক্তিকে আজ্ঞা করিতে পারিবেন,

এবং উক্ত সম্পত্তির মধ্যে যাঁহাদের তালুক কি পেটাও তালুক আছে, তাঁহাদের ঐ তালুক ও পেটাও তালুকের আগম সাধক দলিল উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন।

ষষ্ঠ খণ্ড।

কার্য্যাধ্যক্ষতা ও অভিভাবকতার বিধি।

কালেক্টর সাহেবকে যেসময়ে কার্য্যাধ্যক্ষ জ্ঞান করা যাইবে।

৩৮ ধারা। কোর্ট ওয়ার্ডের সম্পত্তির কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করিলে, যে জিলায় উক্ত সম্পত্তির অধিকাংশ থাকে সেই জিলার কালেকটরসাহেব কিম্বা তদর্থে কোর্ট অন্য যে কালেকটর সাহেবকে নিযুক্ত করেন সেই কালেকটর সাহেব উক্ত সম্পত্তির কার্য্যাধ্যক্ষ আইনমতে যাহা কিছু করিতে পারিতেন কোর্টের আজ্ঞাধীনে তৎসমুদয় করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের ক্ষমতার কথা।

৩৯ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ আপন রক্ষণাবেক্ষণাধীন সমুদয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে পারিবেন ও তদায় হস্তে ন্যস্ত ভূমির খাজানা ওয়ার্ডের অন্য পাওনা টাকা আদায় করিতে ও তজ্জন্য রসীদ দিতে পারিবেন,

এবং উক্ত সম্পত্তির উৎকৃষ্টরূপ কার্য্যাধ্যক্ষতা জন্য পাট্টা কি ইজারা দেওয়া কি নূতন করিয়া দেওয়া আবশ্যক হইলে কোর্টের আজ্ঞাধীনে তাহা দিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের সাধারণ কর্ত্তব্যের কথা।

৪০ ধারা। ভূস্বামির লভ্যার্থে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ সযত্নে ও বিশ্বস্তভাবে স্বীয় হস্তে ন্যস্ত সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিবেন, এবং সম্পত্তি নিজের হইলে যত দূর সাধ্য আপন বিবেচনামতে যেরূপ ব্যাপার করিতেন ওয়ার্ডের স্বার্থের জন্য সম্যক্ প্রকারে তদ্রূপ করিবেন।

কার্য্যাধ্যক্ষের বিশেষ কর্ত্তব্যের কথা।

৪১ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ

(ক) ওয়ার্ডের সম্পত্তির যে অংশের তত্ত্বাবধান করিতে কোর্ট আদেশ দেন সেই অংশের তত্ত্বাবধান করিবেন,

(খ) তদ্রূপ সমুদয় সম্পত্তির ও তৎসম্পর্কে যাহা কিছু পাইবেন তাহার নিয়মিতরূপে হিসাব দিবার নিমিত্ত কোর্ট যদ্রূপ (যদি কোন) জামিন দেওয়া উচিত বোধ করেন, তদ্রূপ জামিন দিবেন।

(গ) তাঁহার কার্য্যাধ্যক্ষতা গেলে, কার্য্যাধ্যক্ষতা কালের আয় ব্যয়ের নিকাশ কোর্টে দিবার দায়ী থাকিবেন

(*d*) pass his accounts at such periods and in such form as the Court may direct,

(*e*) pay the balance due from him thereon,

(*f*) apply for the sanction of the Court to any act which may involve the property in expense not previously sanctioned by such Court,

(*g*) sign all papers, deeds, documents, and writings which may be executed by him by virtue of his office,

(*h*) be entitled to such allowance, to be paid out of the property as the Court may think fit, for his care and pains in the execution of his duties,

(*i*) be responsible for any loss occasioned to the property by his wilful default or gross negligence

Sums due recoverable demands

42. Every sum due to the Court from a manager or guardian, or from the sureties of a manager or guardian, shall be recoverable as a demand under Bengal Act VII of 1868, or any similar law for the time being in force

Court may order guardian or manager to make over property

43 The Court may order any past or present manager or guardian, or past or present officer subordinate to a manager or guardian, to deliver up his accounts or any property which may be in his possession within such time as may be fixed by the Court

Application of moneys received by manager

44 All moneys received by the manager shall, in the first instance, be applied as the Court may direct according to circumstances,

in payment of the allowance fixed for the support and education of the ward and his family, and of all charges of management and supervision,

in or towards the discharge of the instalments of Government revenue, and of all cesses and other public demands from time to time due in respect of such property.

Application of surplus

45 Whenever upon the accounts a *bonâ fide* surplus is shewn after making the payments mentioned in section 44, such surplus shall be applied as the Court may direct according to the circumstances of the property concerned—

in liquidation of debts payable by the ward,

in payment of such religious, charitable, and other allowances as were paid out of the proceeds of the property before it came under the

(ঘ) 'কোর্ট যেরূপে আদেশ করেন তদ্রূপ সময়ে ও তদ্রূপ পাঠে আপনার হিসাব নিকাশ করিবেন,

(ঙ) নিকাশ করিয়া তাঁহার কাছে যে বাকী টাকা পাওনা থাকে তাহা দিবেন,

(চ) যে ব্যয়ের জন্য পূর্ব্বে কোর্টের অনুমতি লওয়া যায় নাই, যে কার্য্যে সম্পত্তির সেই ব্যয় হইবে, সেই কার্য্যের নিমিত্ত কোর্টের অনুমতি প্রার্থনা করিবেন ;

(ছ) স্বীয় পদোপলক্ষে যে সকল কাগজপত্র ও দলীল ও নিদর্শনপত্র ও লেখ্য সম্পাদন করেন তাহাতে স্বাক্ষর করিবেন,

(জ) স্বীয় কর্ত্তব্য পালনার্থে যেরূপ যত্ন ও পরিশ্রম করেন তজ্জন্য সম্পত্তি হইতে কোর্ট যত বেতন দেওয়া উচিত বোধ করেন তত বেতন পাইবার স্বত্ববান হইবেন

(ঝ) তাঁহার ইচ্ছাপূর্ব্বক ত্রুটি কি গুরুতর উপেক্ষা বশতঃ সম্পত্তির কোন ক্ষতি হইলে তজ্জন্য দায়ী হইবেন।

পাওনা টাকা প্রাপ্যের ন্যায় আদায় করা যাইবে।

৪২ ধারা। কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের নিকট কিম্বা কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের জামিনদের নিকটে কোর্টের পাওনা প্রত্যেক টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে, কিম্বা তদ্রূপ যে আইন যৎকালে চলিত থাকে সেই আইনমতে প্রাপ্য টাকার ন্যায় আদায় করা যাইবে।

কোর্ট অভিভাবকের কি কার্য্যাধ্যক্ষের প্রতি সম্পত্তি দিবার আজ্ঞা করিতে পারিবেন।

৪৩ ধারা। কোর্ট যে সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে কোন ভূত কি বর্ত্তমান কার্য্যাধ্যক্ষ কি অভিভাবকে কিম্বা কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের অধীন কোন ভূত কি বর্ত্তমান কর্ম্মচারিকে তাঁহার অধিকারস্থিত হিসাব কি কোন সম্পত্তি দিতে হইবে বলিয়া আজ্ঞা করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের প্রাপ্ত টাকা প্রয়োগের কথা।

৪৪ ধারা। কোর্ট অবস্থা বুঝিয়া যেরূপ আদেশ দেন তদনুসারে কার্য্যাধ্যক্ষ সমুদয় প্রাপ্ত টাকা হইতে প্রথমে

ওয়ার্ডের ও তদীয় পরিবারের ভরণপোষণের ও শিক্ষার অবধারিত টাকা ও কার্য্যাধ্যক্ষতার ও তত্ত্বাবধানের সমস্ত খরচ দিবেন; ও

ঐ সম্পত্তির জন্য গবর্ণমেণ্টের রাজস্বের যে যে কিস্তি কি কর কি অন্য রাজকীয় প্রাপ্য সময়ে২ দেনা পড়ে তৎসমুদয় কি তাহার একাংশ দিবেন।

উদ্বৃত্ত টাকা প্রয়োগের কথা।

৪৫ ধারা। ৪৪ ধারার উল্লিখিত সকল টাকা দেওয়া গেলে পর হিসাবমতে প্রকৃত পক্ষে কিছু উদ্বৃত্ত থাকিলে, সম্পত্তির অবস্থা বুঝিয়া কোর্ট যেরূপ আদেশ করেন তদনুসারে নিম্নলিখিতমতে ঐ উদ্বৃত্ত টাকার প্রয়োগ হইবে।

ওয়ার্ডের দেয় ঋণ পরিশোধার্থে,

সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে আসিবার পূর্ব্বে তদুৎপন্ন উপস্বত্ব হইতে যে ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য ও অন্য বৃত্তি প্রদত্ত হইত এবং ওয়ার্ডের পা ববা বক

charge of the Court, and such allowances and donations befitting the position of the ward's family as the Court may authorize to be paid,

in the improvement of the lands or otherwise for the benefit of the ward or his property

Amount expended on improvement not to exceed ten per cent of surplus

Provided that the amount expended on such improvement and for such benefit shall not exceed ten per centum of the said surplus, unless, in the opinion of the Court and the Lieutenant-Governor, it is desirable, for the protection of the lands, or in the interest of the ward or his property, to expend an amount exceeding such percentage

Surplus to be made over to female and major whose property remains under the charge of the Court

Provided also that if the ward is a female of sound mind, who has completed her age of twenty-one years, or a person who has completed his age of twenty-one years, and whose property remains under the charge of the Court with his consent, no part of the surplus shall be expended by the Court otherwise than in the liquidation of debts or in the improvement of the lands or property as aforesaid, and the remainder of the surplus shall be paid to such female or person.

Power to invest surplus

46 If the ward is not a female or person as aforesaid, and if any surplus remains after providing so far as the Court may think fit for the objects mentioned in section 45, the same shall be applied in the purchase of other landed property, or invested at interest on the security of—

promissory notes, debentures, stock, and other securities of the Government of India, or of the United Kingdom of Great Britain and Ireland,

bonds, debentures, and annuities charged by the Imperial Parliament on the revenues of India,

stock or debentures of or shares in railway or other companies, the interest whereon has been guaranteed by the Secretary of State for India in Council,

debentures or other securities for money paid by or on behalf of any municipal body under the authority of any Act of a legislature established in British India,

or such other securities, stocks, or shares, guaranteed by the Government of India or the Government of Bengal as to the Court shall seem fit

পদোপযোগী যে বৃত্তি ও চাঁদা দিতে কোর্ট অনুমতি করেন তৎসমুদয় প্রদানার্থে;

ভূমির উন্নতি সাধনার্থে কি প্রকারান্তরে ওয়ার্ডের কি তদীয় সম্পত্তির উপকারার্থে।

উন্নতি সাধনার্থে উদ্বৃত্ত টাকার উপর শতকরা দশ টাকার অধিক ব্যয় করিতে হইবে না।

কিন্তু তদ্রূপ উন্নতি সাধনার্থে কি উপকারার্থে উক্ত উদ্বৃত্ত টাকার উপর শতকরা ১০ টাকার অধিক ব্যয় করিতে হইবে না। পরন্তু ভূসম্পত্তির রক্ষার্থ কিম্বা ওয়ার্ডের কি তদীয় সম্পত্তির লভ্যার্থ উক্ত শতকরা ১০ টাকার অধিক ব্যয় করা কোর্টের ও শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মতে বাঞ্ছনীয় হইলে, সেই ব্যয় করা যাইতে পারিবে।

যে স্ত্রীলোকের ও প্রাপ্তবয়স্কের সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে, তাঁহাকে উদ্বৃত্ত টাকা দিতে হইবে।

ওয়ার্ড যদি পূর্ণ একুশ বৎসর বয়ঃ প্রাপ্ত সুস্থমনা স্ত্রীলোক হন কিম্বা পূর্ণ একুশ বৎসর বয়ঃ প্রাপ্ত এমন কোন ব্যক্তি হন যাঁহার সম্মতিক্রমে তাঁহার সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে রহিয়াছে, তবে পূর্ব্বোক্ত মতে ঋণ পরিশোধার্থে কিম্বা ভূমির কি সম্পত্তির উন্নতি সাধনার্থে না হইলে কোর্ট উদ্বৃত্ত টাকার কোন অংশ ব্যয় করিবেন না, এবং উদ্বৃত্ত টাকার অবশিষ্ট ভাগ তদ্রূপ স্ত্রীলোককে কি ব্যক্তিকে দিবেন।

উদ্বৃত্ত টাকাতে ভূম্যাদি ক্রয় করিবার ক্ষমতার কথা।

৪৬ ধারা। ওয়ার্ড পূর্ব্বোক্তরূপ স্ত্রীলোক কি ব্যক্তি না হইলে, এবং ৪৫ ধারায় উল্লিখিত উদ্দেশ্য সাধনার্থে কোর্ট যেরূপ বিধান করা উচিত বোধ করেন তাহার খরচ দিয়া কিছু উদ্বৃত্ত থাকিলে, ঐ টাকাতে অন্য ভূসম্পত্তি ক্রয় করা যাইবে, কিম্বা তাহা লইয়া সুদের আশায়

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কিম্বা গ্রেটব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের প্রমিসরি নোট কি ডিবেঞ্চর কি ষ্টাক কি অন্য সিকুরিটী,

কিম্বা শ্রীশ্রীমতী ভারতেশ্বরীর পার্লিয়ামেণ্ট ভারতবর্ষের রাজস্বের উপর যে বাণ্ডের ও ডিবেঞ্চরের ও বার্ষিক বৃত্তির দায় বর্ত্তান তাহা,

কিম্বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব রেলওয়ে কি অন্য কোম্পানির যে ষ্টাকের কি ডিবেঞ্চরের কি শ্যারের সুদের প্রতিভূ হন তাহা,

কিম্বা ব্রিটিষ ভারতবর্ষে সংস্থাপিত ব্যবস্থাপকগণের প্রণীত কোন আইনের বলে কোন মুনিসিপাল সমাজ কর্ত্তৃক কি তৎপক্ষে দত্ত টাকার ডিবেঞ্চর কি অন্য সিকুরিটী,

কিম্বা কোর্ট বিহিত বোধ করিলে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কি বঙ্গদেশের গবর্ণমেণ্ট অন্য যে সিকুরিটীর কি ষ্টাকের কি শ্যারের প্রতিভূ হন, তাহা ক্রয় করা যাইবে

General duty of guardian.

47 A guardian appointed to the care of a ward shall be charged with the custody of the ward, and must look to his maintenance, health, and, if he be a minor, to his education.

Specific duties of guardian.

48 Every guardian appointed by the Court shall—

(*a*) give such security (if any) as the Court thinks fit to the Collector for the due performance of his duty;

(*b*) pass his accounts at such periods and in such form as the Court may direct;

(*c*) pay the balance due from him thereon;

(*d*) continue liable to account to the Court, after he has ceased to be guardian, for his receipts and disbursements during the period of his guardianship;

(*e*) apply for the sanction of the Court to any act which may involve expense not previously sanctioned by the Court;

(*f*) be entitled to such allowance to be paid out of the property of the ward as the Court may think fit for his care and pains in the execution of his duties.

No person to be guardian who can succeed to ward.

49. No person who would be the next legal heir of a ward, or would otherwise be immediately interested in outliving a ward, shall be appointed to be his guardian;

but nothing in this section shall apply to the mother of a ward, or to a testamentary guardian.

Guardian of female ward.

50 If the ward is a female, a female of the same religion shall, except in the case of a testamentary guardian, be appointed guardian, preference being given to female relatives if any such be eligible.

But no guardian shall ordinarily be appointed or continued for a female ward if she has an adult husband.

PART VII.

SUITS.

Manager to be next friend or guardian in suits by or against ward.

51 In every suit brought by or against a ward disqualified under section 5, he shall be therein described as a Ward of Court, and the manager of such ward's property,

অভিভাবকের সাধারণ কর্ত্তব্যের কথা।

৪৭ ধারা। ওয়ার্ডের তত্ত্বাবধারণার্থে নিযুক্ত অভিভাবকের প্রতি ওয়ার্ডের সংরক্ষণের ভার অর্পিত থাকিবে ও তাঁহার ভরণপোষণের ও স্বাস্থ্যের ও, অপ্রাপ্তবয়স্ক হইলে, শিক্ষার প্রতি তাঁহার দৃষ্টি রাখিতে হইবে।

অভিভাবকের বিশেষ কর্ত্তব্যের কথা।

৪৮ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক অভিভাবক

(ক) তাঁহার নিয়মিতরূপ কর্ত্তব্য পালন সম্বন্ধে কোর্ট কালেক্টর সাহেবের নিকটে যেরূপ (যদি কোন) জামিন দেওয়া উচিত বোধ করেন, তদ্রূপ জামিন দিবেন,

(খ) কোর্ট যে সময়ের ও যে পাঠের আদেশ করেন সেই সময়ে ও সেই পাঠে স্বীয় হিসাব নিকাশ করিবেন,

(গ) নিকাশ করিয়া তাঁহার যে বাকী টাকা দেনা হয়, তাহা দিবেন,

(ঘ) অভিভাবকতা শেষ হইলে, অভিভাবকতা কালের আয়ব্যয়ের হিসাবের জন্য কোর্টের নিকটে দায়ী থাকিবেন,

(ঙ) কোর্ট পূর্ব্বে যে ব্যয়ের অনুমতি করেন নাই যে কার্য্যে সেই ব্যয় হয়, সেই কার্য্যজন্য কোর্টের অনুমতি প্রার্থনা করিবেন,

(চ) স্বীয় কর্ত্তব্য পালনার্থে যে যত্ন ও পরিশ্রম করেন তজ্জন্য কোর্ট যত বেতন দেওয়া উচিত বোধ করেন ওয়ার্ডের সম্পত্তি হইতে তত বেতন পাইবার স্বত্ববান হইবেন,

যেব্যক্তি ওয়ার্ডের উত্তরাধিকারী হইতে পারেন তিনি অভিভাবক হইতে পারিবেন না।

৪৯ ধারা। ব্যবস্থাক্রমে যে ব্যক্তি ওয়ার্ডের আসন্ন উত্তরাধিকারী, কিম্বা ওয়ার্ডের উত্তরজীবী হওয়া প্রকারান্তরে যাঁহার সাক্ষাৎ স্বার্থ, এরূপ ব্যক্তি তাঁহার অভিভাবক পদে নিযুক্ত হইবেন না।

কিন্তু ওয়ার্ডের মাতার প্রতি কিম্বা উইল ক্রমে নিরূপিত অভিভাবকের প্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

স্ত্রী জাতীয় ওয়ার্ডের অভিভাবকের কথা।

৫০ ধারা। ওয়ার্ড স্ত্রীলোক হইলে, যদি উইলক্রমে নিরূপিত অভিভাবক না থাকে, তাঁহার সধর্ম্মী কোন স্ত্রীলোক অভিভাবকের পদে নিযুক্ত হইবেন, সসম্পর্কীয় উপযুক্ত স্ত্রীলোক থাকিলে, তাঁহারাই প্রথমে নিযুক্ত হইবার যোগ্য।

কিন্তু স্ত্রীজাতীয় ওয়ার্ডের প্রাপ্তবয়স্ক পতি থাকিলে সাধারণতঃ তাঁহার অভিভাবক নিযুক্ত করা কি রাখা যাইবে না।

সপ্তম খণ্ড।

মোকদ্দমার বিধি।

ওয়ার্ডের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমা হইলে কার্য্যাধ্যক্ষ আসন্ন বন্ধু কি অভিভাবক হইবেন।

৫১ ধারা। ৫ ধারামতে অযোগ্য কোন ওয়ার্ড দ্বারা কি তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ঐ মোকদ্দমায় কোর্টের ওয়ার্ড বলিয়া তাঁহার বর্ণনা লেখা যাইবে, এবং উক্ত ওয়ার্ডের সম্পত্তির

shall be named as next friend or guardian for the suit, and shall in such suit represent such ward, and no other person shall be ordered to sue or be sued as next friend or be named as guardian for the suit by any Civil Court in which such suit may be pending

কার্য্যাধ্যক্ষ ঐ মোকদ্দমা সম্বন্ধে তাঁহার আসন্ন বন্ধু কিম্বা অভিভাবক বলিয়া খ্যাত হইবেন। তিনি উক্ত মোকদ্দমায় ঐ ওয়ার্ডের স্থলাভিষিক্ত হইবেন এবং যে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে তৎকর্ত্তৃক অন্য কোন ব্যক্তি আসন্ন বন্ধুস্বরূপ মোকদ্দমা করিতে কিম্বা মোকদ্দমার প্রতিবাদী হইতে আদিষ্ট হইবেন না কিম্বা সেই মোকদ্দমার অভিভাবক নামে খ্যাত হইবেন না।

52 The Court of Wards may by an order nominate or substitute any other person to be next friend or guardian for any such suit, and upon receiving a copy of any such order of substitution, the Civil Court in which such suit is pending shall substitute the name of the next friend or guardian for the suit so appointed for the name of the manager

Court may substitute another person to be next friend or guardian for the suit

৫২ ধারা। কোর্ট অব ওয়ার্ডস আজ্ঞাপত্র দ্বারা উক্ত কোন মোকদ্দমায় তৎপরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে আসন্ন বন্ধু কি অভিভাবকস্বরূপ মনোনীত কি নিযুক্ত করিতে পারিবেন, এবং মোকদ্দমা যে দেওয়ানী আদালতে উপস্থিত থাকে, সেই আদালত ঐ পরিবর্ত্তন সূচক আজ্ঞাপত্রের প্রতিলিপি প্রাপ্ত হইলে উক্ত কার্য্যাধ্যক্ষের নামের পরিবর্ত্তে মোকদ্দমায় তদ্রূপ নিযুক্ত আসন্ন বন্ধুর কিম্বা অভিভাবকের নাম লিখিবেন।

কোর্ট অন্য ব্যক্তিকে মোকদ্দমা সম্বন্ধে আসন্ন বন্ধু কি অভিভাবক নিযুক্ত করিতে পারিবেন।

53 If in any such suit any Civil Court shall decree any costs against the next friend or guardian for the suit of the ward, the Court of Wards shall cause such costs to be paid out of any property of the ward which for the time being may be in its hands

Payment of costs

৫৩ ধারা। যদি তদ্রূপ কোন মোকদ্দমায় কোন দেওয়ানী আদালত ঐ মোকদ্দমা সম্বন্ধে ওয়ার্ডের আসন্নবন্ধু কি অভিভাবকের বিরুদ্ধে কোন খরচার ডিক্রী করেন, তবে তৎকালে ওয়ার্ডের যে সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের হাতে থাকে কোর্ট তাহা হইতে ঐ খরচা দেওয়াইবেন।

কার্য্যাধ্যক্ষের খরচা দিবার কথা।

54 Every process which may be issued out of any Civil Court against any ward disqualified under section 5 shall be served, through the Collector, upon the next friend or guardian for the suit as aforesaid of such ward

Process against wards to be served through Court

৫৪ ধারা। ৫ ধারামতে অযোগ্য কোন ওয়ার্ডের নামে কোন দেওয়ানী আদালত হইতে পরওয়ানা বাহির হইলে, ঐ ওয়ার্ডের মোকদ্দমায় যিনি পূর্ব্বোক্তমত আসন্নবন্ধু কি অভিভাবক হন, কালেক্টর সাহেবের দ্বারা তাঁহাকে ঐ পরওয়ানা দেওয়া যাইবে।

ওয়ার্ডের নামে পরওয়ানা কোর্টের দ্বারা জারী করিতে হইবে।

55 No suit shall be brought on behalf of any ward, unless the same be authorized by some order of the Court

Suits not to be brought on behalf of wards unless authorized by the Court

৫৫ ধারা। কোর্টের আজ্ঞানুমত না হইলে, তদ্রূপ কোন ওয়ার্ডের পক্ষে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না

কোর্টের অনুমতি না হইলে, ওয়ার্ডের পক্ষে মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

Provided that a manager may authorize a plaint to be filed in order to prevent a suit from being barred by the Law of Limitation, but such suit shall not be afterwards proceeded with except under the sanction of the Court

পরন্তু মিয়াদের আইনক্রমে মোকদ্দমা অচল হইবার বাধা নিবারণার্থে কার্য্যাধ্যক্ষ আবেদনপত্র দাখিল করিবার অনুমতি দিতে পারিবেন, কিন্তু কোর্টের অনুমতি বিনা পরে উক্ত মোকদ্দমা চালান যাইবে না।

Provided also that suits for arrears of rent may be brought on behalf of any ward if authorized by an order of the manager of the landed property on which such rents are due

আর যে ভূসম্পত্তির খাজানা পাওনা থাকে সেই ভূসম্পত্তির কার্য্যাধ্যক্ষের আজ্ঞাক্রমে অনুমতি দেওয়া গেলে ওয়ার্ডের পক্ষে বাকী খাজনার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

56 Nothing contained in this Part shall apply to any suit instituted or pending in the High Court

Saving of suits in the High Court

৫৬ ধারা। হাই কোর্টে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে কি উপস্থিত থাকে, এ খণ্ডের কোন কথা তাহার প্রতি বর্ত্তিবে না।

হাই কোর্টের মোকদ্দমার প্রতি না বর্ত্তিবার কথা।

PART VIII

PENALTIES

57 Any person who refuses to comply with an order of a Collector under section 29, 30, 36, or 37, shall be liable, by order of the Collector, to a fine not exceeding five hundred rupees

Penalty for disobeying certain orders of the Collector

58 Any person who refuses to comply with an order made under section 43 may be punished, by order of the Court, with simple imprisonment and attachment of his property until the order is complied with

Penalty for disobeying orders under section 43

59 Any person who disobeys any lawful order of the Court shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding five hundred rupees, and if he is a manager or guardian appointed by the Court, to a fine not exceeding one thousand rupees

60 Any person who removes a ward whose person is under the charge of the Court from his residence without the leave of the Court shall be liable, by order of the Court, to a fine not exceeding one thousand rupees, or to imprisonment, simple or rigorous, for a term which may extend to six months, or to both

Penalty for removing ward without leave of Court

PART IX

MISCELLANEOUS

61 Wards disqualified under section 5 shall not be competent to create, without the sanction of the Court any charge upon, or interest in, their property or any part thereof

62 No adoption by any ward, and no written or verbal permission to adopt given by any ward shall be valid without the consent of the Lieutenant Governor, obtained either previously or subsequently to such adoption, or to the giving of such permission, on application made to him through the Court, but this prohibition shall not apply to a proprietor who has consented to leave his property under the charge of the Court, as provided in the second clause of section 10

[*Government Gazette*, 1[illegible] *May* 1879]

অষ্টম খণ্ড।

দণ্ডের বিধি।

৫৭ ধারা। কোন ব্যক্তি ২৯ কি ৩০ কি ৩৬ কি ৩৭ ধারামত কালেক্টর সাহেবের আজ্ঞা পালন করিতে অস্বীকার করিলে কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কালেক্টর সাহেবের কোন আজ্ঞা অমান্য করিলে, দণ্ডের কথা।

৫৮ ধারা। কোন ব্যক্তি ৪৩ ধারামত আজ্ঞা পালন করিতে অস্বীকার করিলে যাবৎ আজ্ঞা পালন না করেন, কোর্টের আজ্ঞা ক্রমে তাঁহার সামান্য কারাদণ্ড ও সম্পত্তি ক্রোক হইতে পারিবে।

৪৩ ধারামতে আজ্ঞা অমান্য করিলে দণ্ডের কথা।

৫৯ ধারা। যদি কোন ব্যক্তি কোর্টের বৈধ আজ্ঞা অমান্য করেন, মাজিষ্ট্রেট কর্তৃক অপরাধ নির্ণীত হইলে, তাঁহার পাঁচশত টাকার অনধিক অর্থ দণ্ড, ও তিনি কোর্টের নিযুক্ত কার্য্যাধ্যক্ষ কিম্বা অভিভাবক হইলে, এক হাজার টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোর্টের আজ্ঞা অমান্য করিলে, দণ্ডের কথা।

৬০ ধারা। কোন ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন ওয়ার্ডকে কোর্টের অনুমতি ব্যতিরেকে ঐ ওয়ার্ডের বাসস্থান হইতে স্থানান্তরে লইয়া গেলে, কোর্টের আজ্ঞাক্রমে ঐ ব্যক্তির এক হাজার টাকার অনধিক অর্থদণ্ড ও ছয় মাস পর্য্যন্ত সামান্য কি কঠোর কারাদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে।

কোর্টের অনুমতি বিনা, অভিভাবক ওয়ার্ডকে স্থানান্তর করিলে, দণ্ডের কথা।

নবম খণ্ড।

বিবিধ বিধি।

৬১ ধারা। ৫ ধারামত অযোগ্য ওয়ার্ড, কোর্টের অনুমতি ব্যতিরেক, স্বীয় সম্পত্তির কি তাহার কোন অংশের উপর কোন দায় কি স্বার্থ সৃষ্টি করিতে পারিবেন না।

ওয়ার্ডদের অক্ষমতার কথা।

৬২ ধারা। ওয়ার্ড পোষ্যপুত্র গ্রহণ করিলে কি পোষ্যপুত্র গ্রহণার্থ লিখিত কি বাচনিক অনুমতি দিলেও উক্ত পোষ্যপুত্র গ্রহণের কি অনুমতি প্রদানের পূর্ব্বে বা পরে কোর্টের দ্বারা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট প্রার্থনা করিয়া তাঁহার সম্মতি প্রাপ্ত না হইলে, ঐ পোষ্যপুত্রগ্রহণ কি অনুমতিপ্রদান সিদ্ধ হইবে না। কিন্তু ১০ ধারার দ্বিতীয় প্রকরণের বিধানমতে কোন ভূস্বামী কোর্টের রক্ষণাবেক্ষণে স্বীয় সম্পত্তি রাখিতে সম্মত হইয়া থাকিলে তৎপ্রতি এই নিষেধ বাক্য বর্ত্তিবে না।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি বিনা ওয়ার্ডের পোষ্যপুত্র গ্রহণ অসিদ্ধ।

Arrears of rent how recoverable

63 All arrears of rent due by farmers, under-tenants, and ryots in respect of property under the charge of the Court (whether such rents have become due before or after the Court has taken charge), shall be recoverable as demands under Bengal Act VII of 1868, or any similar Act for the time being in force

The last preceding clause shall not apply to arrears of rent enhanced after issue of notice under section 13 of Act X of 1859, or under section 14 of Bengal Act VIII of 1869, but of which the enhancement has not been agreed to by the person who is liable to pay the same, or has not been confirmed by a competent Court

Procedure when Court's jurisdiction ceases

64 Whenever the Court has determined to release the property of a ward from its charge, it shall make an order that the jurisdiction of the Court over such property shall cease on a date not more than sixty and not less than fifteen days from the date of such order, and copies of such order shall be published as the Court may direct

Powers of Collector in making enquiries

65 A Collector making any enquiry under this Act may exercise any power conferred by the Code of Civil Procedure on a Civil Court for the trial of suits

Appeals

66 An appeal shall lie from every order of a Collector under this Act to the Commissioner of the Division, and from every order of a Commissioner under this Act to the Court

Control of Court

67 All orders or proceedings of the Commissioner and of the Collector under this Act shall be subject to the supervision and control of the Court, and the Court may, if it thinks fit, revise, modify, or reverse any such order or proceeding whether an appeal is presented against such order or proceeding or otherwise

Control of Lieutenant Governor

68 In the exercise of the powers and in the discharge of the duties conferred and imposed respectively on the Court by this Act, the Court shall be guided by such orders and instructions as they may from time to time receive from the Lieutenant Governor

বাকী খাজানা কিরূপে আদায় করিতে হইবে

৬৩ ধারা। কোর্টের রক্ষণাবেক্ষণাধীন সম্পত্তি সম্পর্কীয় বাকী খাজানা ইজারদার ও পেটাও প্রজা ও রায়তদের নিকটে পাওনা থাকিলে, (কোর্টের রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিবার পূর্ব্বে কি পরে যখনই ঐ খাজানা পাওনা হইয়া থাকুক না কেন) ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনক্রমে কিম্বা তদ্রূপ যে আইন যৎকালে বলবৎ থাকে তৎক্রমে প্রাপ্য টাকার ন্যায় ঐ খাজানা আদায় করা যাইবে।

১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারামতে কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ধারামতে নোটিস প্রচার করিয়া খাজানা বৃদ্ধি করা গেলে, কিন্তু যে ব্যক্তির বর্দ্ধিত খাজানা দিতে হইবে সেই ব্যক্তি তাহা দিতে সম্মত না হইলে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতদ্বারা ঐ বর্দ্ধিত খাজানা দৃঢ় করা না গেলে সেই খাজানার বাকীর প্রতি ইহার পূর্ব্ব প্রকরণের কোন কথা বর্ত্তিবে না।

কোর্টের এলাকা না থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

৬৪ ধারা। কোর্ট কোন ওয়ার্ডের সম্পত্তি স্বীয় রক্ষণাবেক্ষণ হইতে মুক্ত করিবার সংকল্প করিলে, এই রূপ আজ্ঞা করিবেন যে আজ্ঞাকরিবার তারিখ অবধি ষাইট দিনের অধিক নহে ও পনের দিনের ন্যূন নহে এই সময়ের মধ্যে কোন তারিখে উক্ত সম্পত্তি কোর্টের এলাকাবহির্ভূত হইবে, এবং কোর্ট যেরূপে আদেশ করেন তদ্রূপে ঐ আজ্ঞা প্রচার করা যাইবে।

অনুসন্ধান লইবার সময়ে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৬৫ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনক্রমে মোকদ্দমার বিচারার্থে দেওয়ানী আদালতের প্রতি যে কোন ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনমত অনুসন্ধান লইবার সময়ে কালেক্টর সাহেব সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

আপীলের কথা।

৬৬ ধারা। এই আইনমত কালেক্টর সাহেবের প্রত্যেক আজ্ঞার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, এবং এই আইনমত কমিশ্যনর সাহেবের আজ্ঞার উপর কোর্টে আপীল হইতে পারিবে।

কোর্টের কর্তৃত্বের কথা।

৬৭ ধারা। এই আইনমতে কমিশ্যনর সাহেবের ও কালেক্টর সাহেবের সমুদয় আজ্ঞা ও কার্য্যানুষ্ঠান কোর্টের তত্ত্বাবধান ও কর্তৃত্বাধীন থাকিবে, এবং কোর্ট উচিত বোধ করিলে, তদ্রূপ কোন আজ্ঞা কি কার্য্যানুষ্ঠানের বিরুদ্ধে আপীল উপস্থিত হউক আর না হউক, ঐ আজ্ঞা কি কার্য্যানুষ্ঠান সংশোধন কি পরিবর্ত্তন কি রহিত করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বের কথা।

৬৮ ধারা। এই আইনক্রমে কোর্টের প্রতি যে ক্ষমতা ও কর্ত্তব্যতার অর্পিত হইল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে সময়ে২ যে রূপ আজ্ঞা ও উপদেশ প্রাপ্ত হন তদনুসারে কোর্ট সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ও সেই কর্ত্তব্য পালন করিবেন।

Power to Court to make rules

69 The Court may make rules consistent with this Act—

(*a*) defining the powers of Commissioners and Collectors respectively when the property of a ward is situated in two or more districts or in two or more divisions,

(*b*) prescribing what reports shall be made from time to time by Collectors and Commissioners on the condition of the ward and his property,

(*c*) prescribing the periods at which and the mode in which accounts shall be submitted by managers and guardians respectively, and the mode in which such accounts shall be audited,

(*d*) regulating the custody of securities and title deeds belonging to the estate or property of a ward,

(*e*) regulating the procedure in appeals from orders of Collectors and Commissioners respectively under this Act,

(*f*) prescribing the procedure to be observed when a property ceases to be under the charge of the Court,

(*g*) and generally for the better fulfilment of the purposes of this Act

The Court may from time to time alter, add to, or repeal, such rules

FREDERICK CLARKE,
Asst. Secy to the Govt of Bengal,
Legislative Department

কোর্টের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৬৯ ধারা। এই ২ কার্য্য জন্য কোর্ট এই আইন সঙ্গত বিধি করিতে পারিবেন,

(ক) ওয়ার্ডের সম্পত্তি দুই কিম্বা তদধিক জিলায় অথবা দুই কিম্বা তদধিক দেশখণ্ডে থাকিলে কালেক্টর সাহেবদের ও কমিশ্যনর সাহেবদের ক্ষমতা নির্দ্ধারণ নিমিত্ত,

(খ) ওয়ার্ডের ও তাঁহার সম্পত্তির অবস্থা সম্বন্ধে সময়ে ২ কালেক্টর সাহেবদের ও কমিশ্যনর সাহেবদের কি কি রিপোর্ট দিতে হইবে, তাহার নির্দ্দেশ নিমিত্ত,

(গ) যে সময়ে ও যে প্রকারে কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকগণ হিসাব পাঠাইবেন, ও যে প্রকারে উক্ত হিসাব নিকাশ করা যাইবে, তাহার নির্দ্দেশ নিমিত্ত,

(ঘ) ওয়ার্ডের সম্পত্তির কি মহালের সিকুরিটীর ও স্বত্ব সম্পর্কীয় দলীলের সংরক্ষণের বিধান নিমিত্ত,

(ঙ) এই আইনমতে কালেক্টর সাহেবের ও কমিশ্যনর সাহেবের আজ্ঞার উপর আপীল করা গেলে, যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, তাহার বিধান নিমিত্ত,

(চ) কোন সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণের বহিভূত হইলে, যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে তাহার নির্দ্দেশ নিমিত্ত,

(ছ) এবং সাধারণত. এই আইনের অভিপ্রায় উৎকৃষ্টতররূপে সিদ্ধ করিবার নিমিত্ত।

কোর্ট সময়ে২ উক্ত বিধি পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন।

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

[*Government Gazette*, 13*th May* 1879]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 13, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৩ মে।

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ খুচরা বিক্রয়ের বাজার দর।

টাকায় যত পাওয়া যায়।

চেনম ও জোয়ার।			রাগী বা মাড়ওয়া ও চীনা।			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			জিলা।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
																		বঙ্গদেশ।
																		পশ্চিমদিকস্থ জিলা।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	
									।২।।	।২	।২।।	২।।০	২।।০	৩৴	।০	।০	৶৯	বর্দ্ধমান।
						।।০	।।০	।৮	।১।	।১	।১।।	১১৴	১১৴	১১৴	৶৯	৶৯	৶৮।।	বাঁকুড়া।
									।২।।	।১	।২।	৫৴	৪।০	৫৴	৶৯	৶৯	৶৮।	বীরভূম।
									৶৮	৶৯।	।২	৪৴	৪৴	৪।।০	৶৯	৶৯	৶৮।।	মেদিনীপুর।
									।১	।১	।১	৩৴	৩৴	৩৴	৶৯	৶৯	৶৯	হুগলী।
													...					যাবড়। *
																		মধ্যস্থলের জিলা।
।৩।৴	।৬					।৪।'	।।০		।১।৮	।১।	।১	১।৪	১।৪	১।৪	৶৮	৶৮	৶৮	কলিকাতা।
									।১।	।১।	।০	২।০	২।০	২৴	৶৯	৶৯	।০	২৪-পরগণা।
									।২।৴	।২।৴	।৩ ৫	৩৴	৩৴	৩৴	৶৯।৶	৶৯।৶	৶৯।৶	নদীয়া।
									।০	।০	।১।	২৸০	২৸০	২৸০	৶৮	৶৮	৶৮।	যশোহর।
									।২।।	।২।।	।৪।	৩৴	৩৴	৩৴	৶৭।।–৶৯।৶	৶৮–।০	৶৮–৶৯	মুরশিদাবাদ।
									৶৯।৶	।১	।২।।	৪।।২	৪।।০	৪।।০	৶৮	৶৮।	৶৮	দিনাজপুর।
									।২	।২	।৫৸	৫–৬৴	৫–৬৴	৫ ৪৴	৶৮	৶৯	৶৮।৶	রাজশাহী।
									৶৭৸০	৶৭৸৶	৶৯৶	২।।৬	২।।৬	২।।৭	৶৭৸৶	৶৭ ৸৶	৶৭।	রঙ্গপুর।
									৶৭।।	৶৬৸	।২	১।।৭।।	১।।৭।।	১।।৭।	৶৭৸৶	৶৮৶	৶৭৸০	বগুড়া।
									।১।	।২	।২	৫৴	৫৴	৫৴	৶৮	৶৮।	৶৮।।	পাবনা।
			।০	।২	।৬	।০	।৪	৷১	৶৬	৶৬	৶৬	৪৴	৪৴	৪৴	৶৪	৶৪।	৶৪	দার্জিলিঙ্গ।
									৶৮	৶৮।৶	৶৮	১।৪	১।।৪	১।৪	৶৭।৴	৶৭৴	৶৭৶	জলপাইগুড়ি।

ছ। মফঃসলের দর এইং।—গম ৶৭ সের অবধি ৶৮ সের পর্য্যন্ত, ভাল চাউল ৶৮ সের অবধি ।৩ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।১ সের অবধি ।৪ সের পর্য্যন্ত ও ছোলা ৶৮ সের অবধি ।০ সের পর্য্যন্ত।

জ। ঐ ঐ ।—গম ।১ সের অবধি ।২। সের পর্য্যন্ত, যব ।৮ সের অবধি ।৯।। সের পর্য্যন্ত, ভাল চাউল ।০ সের অবধি ।২।। সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৩ সের অবধি ।৫ সের পর্য্যন্ত ও ছোলা ।২ সের অবধি ।৪ সের পর্য্যন্ত।

ঝ। রায়গঞ্জে　　রায়গঞ্জে ভাল চাউল ।১ সের, ও সামান্য চাউল ।২ সের।

13 We think that, in order to charge the drawer of a cheque, the holder should only be bound to present it at the bank on which it is drawn before the relation between the drawer and the banker has been altered to the prejudice of the drawer. We have altered section 82 accordingly.

[illegible] section relating to material alterations.

15. We have made some changes in wording and arrangement.

16 The Bill No III and the second report of the Select Committee have been published in English in all the local Gazettes except those for Assam and Rájputána. Publication of the Bill and report in the vernacular has been reported only by the Governments of Madras, Bengal and the North-Western Provinces and Oudh and the Chief Commissioner of the Central Provinces

[*Government Gazette*, 20*th May* 1879]

একটী স্থলভিন্ন এতদ্দেশীয় লোকে ব্যাঙ্কের আদেশক্রমে কার্য্য করিতে আপত্তি করে নাই। সে স্থলটী এই, হুণ্ডি অমান্য হইলে, অধিকারির না কি কর্ত্তব্য এই যে তিনি লেখক কি পৃষ্ঠলিপিকারকের কাছে ব[illegible]রে পূর্ব্বে স্বীকারকারির নিকট উপস্থিত হইবেন। আমরা শুনিয়াছি যে ব্যাঙ্কের ও সম্ভবতঃ এ[illegible] ইউরোপীয় হুণ্ডিক্রেতাদিগের রীতি এই যে বিল অফ এক্সচেঞ্জ সম্বন্ধে ইংলণ্ডের আইনের বিরুদ্ধ কোন দেশাচারদ্বারা বদ্ধ হইবেন না তাঁহারা এই কথা জানাইয়া থাকেন। পাণ্ডুলিপি বর্ত্তমানাকারে বিধিবদ্ধ হইলেও, এই রীতি বৈধ ও অপরিবর্ত্তিত থাকিবে। প্রকারান্তরে যে প্রতিবাদ করিতে পারিতেন, ক্রেতা এতদ্দ্বারা কেবল তাহা পরিত্যাগ করিতে আবদ্ধ হন। কিন্তু হুণ্ডির অপর পক্ষেরাও কার্য্যতঃ তদ্রূপ দেশাচারের কথা তুলিতে পারেন না, কারণ তাঁহারা জানেন যে তদ্রূপ করিলে, যে২ হুণ্ডিতে তাঁহাদের নাম দৃষ্ট হয় ব্যাঙ্ক তাহা ক্রয় করিতে অস্বীকার করিবেন ও তাহা হইলে তাঁহাদের প্রতি লোকের বিশ্বাস বিলুপ্ত হইবে।

৪। পঞ্জাব গবর্ণমেণ্টের প্রস্তাবানুসারে পাণ্ডুলিপির প্রত্যেক অংশ হইতে সম্পূর্ণরূপে হুণ্ডি বর্জ্জন করিলে প্রস্তাবিত ব্যবস্থা অধিক পরিমাণেই কার্য্যে আসিবে না, এবং সম্ভবতঃ পাণ্ডুলিপি উঠাইয়া লইতে হইবে। ভারতবর্ষের আভ্যন্তরিক বাণিজ্য ক্রমে২ যেরূপ ইংলণ্ডীয় মূলধন সাপেক্ষ হইয়া উঠিতেছে, এবং ইংলণ্ডীয় আকারের বিলের ব্যবহার মফঃস্বলে যে রূপ বহুলাংশে বাড়িতেছে, তাহাতে আমাদের বিবেচনা হয় যে পাণ্ডুলিপি উঠাইয়া লইলে অনেক অনিষ্ট হইবে। বাঙ্গালার ও বোম্বাইর উত্তর পশ্চিমাঞ্চলের ও আজমীরের স্থানীয় গবর্ণমেণ্ট পাণ্ডুলিপির অনুকূলে রিপোর্ট করিয়াছেন, কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের চেম্বর অফ কমার্স ও বোম্বাই ব্যাঙ্ক ও কলিকাতার ট্রেডস্ আসোসিয়েসনও তদ্রূপ করিয়াছেন, এবং বাঙ্গাল ব্যাঙ্কের ডাইরেক্টর সাহেবেরা এতৎ পাণ্ডুলিপি প্রস্তুত করণ বিষয়ক শ্রীযুত ফিলিপস্ সাহেবের দক্ষতা সম্বন্ধে সাক্ষ্য প্রদান করিয়াছেন, ইহাতেই আমাদের মতের প্রতিপোষণ হইতেছে।

৫। এক্ষণে পাণ্ডুলিপির বিস্তারিত বিবরণের প্রতি দৃষ্টি করিয়া, আমরা প্রথমতঃ স্পষ্ট বাক্যে ভারতবর্ষীয় নোটচলনবিষয়ক ১৮৭১ সালের আইনের ২১ ধারার বিধান রক্ষা করিয়াছি। ঐ ধারায় চাহিবামাত্র পত্র বাহককে টাকা দিতে হইবে, এরূপ বিল কি পত্র বাহির করিতে সামান্য ব্যক্তিদের প্রতি নিষেধ আছে।

৬। আমরা ১৬ ধারাহইতে "সমুদয় কি তাহার একাংশ" এই২ কথা উঠাইয়া দিয়াছি, কারণ তাহাতে এরূপ বোধ হইতে পারে যে নিদর্শনপত্রের উল্লিখিত টাকার একাংশ দিবার স্পষ্ট আদেশ করিয়া বিশেষ পৃষ্ঠলিপি হইতে পারে।

৭। ২১ ধারা ল৷ কমিশ্যনদের পাণ্ডুলিপি হইতে গৃহীত হইয়াছিল, এবং যে ঋণপত্রে দুই ব্যক্তি স্বাক্ষর করেন ও যাহাতে এরূপ প্রকাশ থাকে যে এক জন বিকল্পে মাত্র দায় স্বীকার করিয়া স্বাক্ষর করিলেন, ঐ ধারায় তদ্রূপ ঋণপত্র সম্বন্ধে বিধান ছিল। আমাদের অত্যন্ত সন্দেহ আছে যে এরূপ রীতিবিরুদ্ধ নিদর্শনপত্র ঋণপত্র কি না এবং এই ও অন্য কারণে ঐ ধারাটী উঠাইয়া দিয়াছি।

৮। আমরা ৩৩ ধারাটীও উঠাইয়া দিয়াছি, কারণ আমাদের বোধ হয় যে ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক আইনে এতদ্বিষয়ের যথোপযুক্ত বিধান আছে, উক্ত কারণেই আমরা ৪৩ ধারার প্রথমার্দ্ধ উঠাইয়া দিয়াছি।

৯। কার্য্যতঃ প্রয়োজনীয় হইবার সম্ভাবনা নাই বলিয়া আমরা ৫৫ ও ৫৬ ধারা উঠাইয়া দিয়াছি। ঐ ২ ধারায় যে বিলের টাকা নির্দ্দিষ্ট ব্যক্তির আজ্ঞাক্রমে কি নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি আজ্ঞাক্রমে দেয়, পৃষ্ঠলিপি না করিয়া কিন্তু স্বত্ব হস্তান্তর করিবার উদ্দেশে সেই বিলের সমর্পণের বিধান ছিল।

১০। যথোপযুক্তরূপে বিষয়টী পূর্ব্বধারার অন্তর্গত বলিয়া আমরা ৫৬ ধারাটী উঠাইয়া দিয়াছি।

১১। পাণ্ডুলিপিতে প্রতিপোষক নিয়ম বিষয়ক কথা থাকা উচিত নহে বিবেচনা করিয়া, আমরা ৬৬ ধারাটী উঠাইয়া দিয়াছি।

১২। টাকাদায়কের বিবেচনা করিবার সময় বিষয়ক ধারাটী (৭৩ এক্ষণে ৬১) আমরা সংশোধন করিয়াছি। এক্ষণে বিধান হইয়াছে যে টাকাদায়ক বিল সাকরিয়া দিবেন কি না এতদ্বিষয়ে বিবেচনা করিবার নিমিত্ত অধিকারী তাঁহাকে সাধারণের ছুটীর অতিরিক্ত ২৪ ঘণ্টা সময় দিতে পারিবেন।

১৩। আমরা বিবেচনা করি যে চ[illegible] কর লেখককে দায়ী করিতে হইলে, যে ব্যাঙ্কের উপর চাক দেওয়া যায় তাহার সহিত লেখকের সম্বন্ধ পরিবর্ত্তিত হইয়া প্রতিকূল হইবার পূর্ব্বে ঐ ব্যাঙ্কে অধিকারী চাক উপস্থিত করিতে বদ্ধ থাকিবেন মাত্র। আমরা ৮২ ধারার এতদনুযায়ী পরিবর্ত্তন করিয়াছি।

১৪। আমরা ৯৭ ধারা হইতে গুরুতর [illegible] উঠাইয়া দিয়াছি।

১৫। আমরা বাক্যের ও বিন্যাসেরও কিছু পরিবর্ত্তন করিয়াছি।

১৬। ৩ নম্বর পাণ্ডুলিপি ও সিলেক্টকমিটির দ্বিতীয় রিপোর্ট আসাম ও রাজপুতানা ভিন্ন সমুদয় স্থানীয় গেজেটে ইংরাজী ভাষায় প্রকাশিত হইয়াছে। দেশীয় ভাষায় পাণ্ডুলিপি ও রিপোর্ট প্রকাশ হইবার রিপোর্ট মান্দ্রাজের ও বঙ্গদেশের ও উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যার গবর্ণমেণ্ট হইতে ও মধ্যপ্রদেশের শ্রীযুত চিফ কমিশ্যনর সাহেবের নিকট হইতে পাওয়া গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

17 With the exception of our hon'ble colleague Mr. Morgan, we think that the Bill might now be passed as amended Mr. Morgan would omit the clause saving local usages as to hundis In other respects he approves of the Bill. We recommend that its further consideration be stayed until the new Law Commission has reported thereon. Meanwhile, we think the Bill, as now amended, should be published with this report in the *Gazette of India*

WHITLEY STOKES.
G. C PAUL.
G. H. P EVANS
F. R. COCKERELL.

CALCUTTA,
The 19th February 1879

Although I think that this Bill is, on the whole, a very good one, I cannot approve of the recognition which it accords to local usages relating to hundis. From a careful consideration of the papers which have been received with reference to the Bill, and from my own experience as regards the existing practice regarding hundis, I do not believe that there are any usages which call for special recognition at the hands of the legislature, and I think that the proposed recognition may put an arm into the hands of those who are dishonestly disposed, which they do not at present possess.

E C. MORGAN.

[*Government Gazette, 20th May* 1879]

১৭। মান্যবর সহযোগী শ্রীযুত মর্গান সাহেব ব্যতীত আমরা সকলে বিবেচনা করি, যে বর্ত্তমান সংশোধিতাকারে পাণ্ডুলিপি বিধিবদ্ধ করা যাইতে পারে। শ্রীযুত মর্গান সাহেব হুণ্ডি সম্বন্ধীয় দেশাচার গ্রহণবিষয়ক প্রকরণটি উঠাইয়া দিতে চাহেন। অন্য সমুদয় বিষয় সম্বন্ধে তিনি পাণ্ডুলিপির অনুমোদন করেন। আমাদের পরামর্শ এই যে যাবৎ নূতন লা কমিশ্যান এতদ্বিষয়ে রিপোর্ট না করেন, এই পাণ্ডুলিপির পুনর্ব্বিবেচনা স্থগিত থাকে। ইতিমধ্যে আমরা বিবেচনা করি যে পাণ্ডুলিপি বর্ত্তমান সংশোধিত আকারে এই রিপোর্ট সহিত ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

কলিকাতা,
১৮৭৯ সাল ১৯ ফেব্রুয়ারি।

হুইটলী ষ্টোক্স,
জি, সি, পল,
জি, এচ, পি, ইবান্স,
এফ, আর, কক্রেল।

যদিও সমুদয় ধরিতে গেলে আমার বিবেচনায় এই পাণ্ডুলিপিটী অত্যুৎকৃষ্ট হইয়াছে, হুণ্ডি সম্বন্ধীয় দেশাচার গ্রাহ্যকরণ বিষয়ে আমি ইহার অনুমোদন করিতে পারি না। এই পাণ্ডুলিপি সম্বন্ধে যে সকল কাগজপত্র পাওয়া গিয়াছে তৎসমুদয় সাবধানে বিবেচনা পূর্ব্বক দেখিয়া এবং হুণ্ডি সম্বন্ধীয় বর্ত্তমান রীতিবিষয়ে আমার যাহা জানা আছে তাহা পর্য্যালোচনা করিয়া, আমার বিশ্বাস এই যে এমন কোন দেশাচার নাই যাহা ব্যবস্থাপকগণের বিশেষরূপে গ্রাহ্য করিতে হয়, এবং আমি বিবেচনা করি যে যে গ্রাহ্য করণের প্রস্তাব হইয়াছে, তাহাতে অসৎপ্রবৃত্তি ব্যক্তিদের হস্তে এরূপ একটী অস্ত্র দেওয়া হইবে যাহা তাহাদের এক্ষণে নাই।

ই, সি, মর্গান।

No. IV.

THE NEGOTIABLE INSTRUMENTS BILL, 1879.

CONTENTS.

৪ নম্বর।

ক্রয়বিক্রয় নিদর্শনপত্র বিষয়ক ১৮৭৯-সালের আইনের পাণ্ডুলিপি।

নির্ঘণ্ট।

SECTIONS.

24. Calculating maturity of bill or note payable so many days after date or sight

25. When day of maturity is a holiday

26. Presumptions as to negotiable instruments

(a) of consideration,
(b) as to date,
(c) as to time of acceptance,
(d) as to time of transfer,
(e) as to order of indorsements,
(f) as to stamp,
(g) that holder is a holder in due course

CHAPTER III

PARTIES TO NOTES, BILLS, AND CHEQUES

27 Capacity to make, &c., promissory notes, &c. Minor

28 Agency

29 Liability of agent signing

30 Liability of legal representative signing

31 Acceptance by several drawees not partners

32 Liability of drawer

33 Liability of drawee of cheque.

34 Liability of maker of note and acceptor of bill.

35 Only drawee can be acceptor except in need or for honor

36 Liability of indorser,

37 Liability of prior parties to holder in due course

38 Maker, drawer, and acceptor principals

39 Prior party a principal in respect of each subsequent party

40 Suretyship

41 Discharge of indorser's liability

42 Estoppel against denying original validity of instrument

43 Estoppel against den[illegible] to indors[illegible]

44 Estoppel against denying signature or capacity of prior party

45 Acceptor bound, although indorsement forged

46 Acceptance of bill drawn in fictitious name

ধারা।

২৪। তারিখের পর কি দেখাইবার পর এত দিনান্ত বিলের কি পত্রের টাকা দেনা পড়িলে যে তারিখে মিয়াদ পূর্ণ হয় তদ্বিষয়ের কথা।

২৫। মিয়াদ পূর্ণ হইবার দিন বন্দের দিন হইলে তদ্বিষয়ক কথা।

২৬। ক্রয় বিক্রেয় নিদর্শনপত্রের বিষয়ে যে অনুমান হইবেক তদ্বিষয়ক কথা।

(ক) উপযুক্ত মূল্যের কথা।
(খ) তারিখ বিষয়ক কথা।
(গ) সাকরাইয়া লইবার সময় বিষয়ক কথা।
(ঘ) হস্তান্তর করণের সময় বিষয়ক কথা।
(ঙ) পৃষ্ঠলিপির ক্রম বিষয়ক কথা।
(চ) ইষ্টাম্প বিষয়ক কথা।
(ছ) ঐ পত্রের অধিকারী যথাক্রমে অধিকারী হওন বিষয়ক কথা।

তৃতীয় অধ্যায়।

ঋণপত্রের ও বিলের ও চ্যাকের নানা পক্ষ বিষয়ক বিধি।

২৭। ঋণপত্র প্রভৃতি করণ প্রভৃতির ক্ষমতার কথা। নাবালগের কথা।

২৮। সপক্ষ কর্মকারকের দ্বারা কার্য্য করণবিষয়ক কথা।

২৯। কর্মকারক স্বাক্ষর করিলে দায়ের কথা।

৩০। বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি স্বাক্ষর করিলে তাঁহার দায়ের কথা।

৩১। যাঁহারা অংশী নহেন এমত অনেকদায়ক সাকরিয়া দিলে তদ্বিষয়ক কথা।

৩২। লেখকের দায়ের কথা।

৩৩। চ্যাকের টাকাদায়কের দায়ের কথা।

৩৪। ঋণপত্রের লেখকের ও বিল স্বীকারকারির দায়ের কথা।

৩৫। প্রয়োজনীয়স্থল কিম্বা সম্মানার্থ ভিন্ন যাহার উপর বিল দেওয়া যায় কেবল তাঁহারই সাকরিয়া দিতে হইবার কথা।

৩৬। পৃষ্ঠলিপিকারকের দায়ের কথা।

৩৭। যথাক্রমে অধিকারির নিকট পূর্ব্ব পক্ষের দায়ের কথা।

৩৮। পত্রকারক ও লেখক ও স্বীকারকারী মুখ্য ঋণী হইবার কথা।

৩৯। পূর্ব্ব পক্ষ পশ্চাৎ পক্ষের নিকট মুখ্য ঋণী হইবার কথা।

৪০। প্রতিভাবের কথা।

৪১। পৃষ্ঠলিপি কারকের দায় রহিত হইবার কথা।

৪২। আসল পত্রের সিদ্ধতা অস্বীকার করণের বাধার কথা।

৪৩। টাকা প্রাপকের পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা [illegible]

৪৪। পূর্ব্ব পক্ষের স্বাক্ষর কি ক্ষমতা অস্বীকার করিবার বাধার কথা।

৪৫। পৃষ্ঠলিপি জাল করা হইলেও স্বীকারকারির টাকা দিতে হইবার কথা।

৪৬। বিল বেনামী লেখা গেলে তাহা সাকরিয়া দিবার কথা।

SECTIONS

47 Party receiving consideration liable to subsequent parties.

48 Party not liable to one from whom no consideration moved.

49 Partial absence or failure of money consideration.

50 Partial failure of consideration not consisting of money

CHAPTER IV.

OF NEGOTIATION.

51. Negotiation by delivery.

52 Negotiation by indorsement.

53 Conversion of indorsement in blank into indorsement in full.

54 Effect of indorsement.

55 Who may negotiate.

56. Indorser who excludes his own liability or makes it conditional.

57 Holder deriving title from holder in due course.

58 Instrument indorsed in blank.

59 Conversion of indorsement in blank into indorsement in full.

60 Indorsement for part of sum due

61 Legal representative cannot by delivery only negotiate instrument indorsed by deceased.

62. Instrument obtained by unlawful means or for unlawful consideration.

63 Instrument acquired after dishonour or when overdue.

Accommodation note or bill.

64. Instrument negotiable till payment or satisfaction.

CHAPTER V

[illegible]

65. Presentment for acceptance.

66. Presentment of promissory note for sight.

67. Drawee's time for deliberation.

68. Presentment for payment.

69 Hours for presentment.

ধারা।

৪৭। কোন ব্যক্তি পত্রের মূল্যস্বরূপ কিছু পাইলে তৎপশ্চাৎ পক্ষের নিকট তাঁহার দায়ী হইবার কথা।

৪৮। যিনি মূল্যস্বরূপ কিছুই না দেন তাঁহার নিকট পক্ষের দায়ী না হইবার কথা।

৪৯। মূল্যস্বরূপ যে টাকা দিতে হইবে তাহার আংশিক অভাব কি অসংস্থান হইলে তদ্বিষয়ক কথা।

৫০। টাকাভিন্ন কোন দ্রব্য মূল্যস্বরূপ হইলে তাহার একাংশ না থাকিবার কথা।

চতুর্থ অধ্যায়।

ক্রয়বিক্রয় বিষয়ক বিধি।

৫১। অর্পণ করিয়া ক্রয় বিক্রয় করণ বিষয়ক কথা।

৫২। পৃষ্ঠলিপি দ্বারা বিক্রয় করণের কথা।

৫৩। পৃষ্ঠলিপিস্বরূপ নামমাত্র লেখা গেলে পর সম্পূর্ণ লিপি লেখার কথা।

৫৪। পৃষ্ঠলিপি লিখনের ফলের কথা।

৫৫। কে২ ক্রয়বিক্রয় করিতে পারেন তদ্বিষয়ক কথা।

৫৬। পৃষ্ঠলিপিকারক আপনার দায় ত্যাগ করিলে কিম্বা নিয়মাধীনে তাহা প্রবল রাখিলে তদ্বিষয়ক কথা।

৫৭। যে ব্যক্তি যথাক্রমে অধিকার পান তাঁহার স্থানে অধিকারী স্বত্ব প্রাপ্ত হইলে তদ্বিষয়ক কথা।

৫৮। নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে নামমাত্র দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

৫৯। পৃষ্ঠে নামমাত্র-স্বাক্ষর থাকিলে তাহার সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিবার কথা।

৬০। প্রাপ্য টাকার অংশমাত্র নিমিত্ত পৃষ্ঠলিপির কথা।

৬১। কোন ব্যক্তি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিয়া মরিলে কেবল অর্পণ করণ দ্বারা তাঁহার বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তির তাহা বিক্রয়াদি করিতে না পারিবার কথা।

৬২। অন্যায়মতে কি অবৈধ মূল্য উপলক্ষে নিদর্শনপত্র পাওয়া গেলে তদ্বিষয়ের কথা।

৬৩। অগ্রাহ্য হইবার কি মিয়াদ গত হইবার পর নিদর্শনপত্র প্রাপ্ত হওয়া গেলে তদ্বিষয়ের কথা।

উপকারার্থ ঋণপত্রের কি বিলের কথা।

৬৪। নিদর্শনপত্রের টাকা যাবৎ না দেওয়া কি শোধ করা যায়, তাহার ক্রয়বিক্রয় হইতে পারিবার কথা।

পঞ্চম অধ্যায়।

উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬৫। সাকারাইয়া লইবার জন্য উপস্থিত করণের কথা।

৬৬। ঋণপত্র দেখাইবার জন্য উপস্থিত করিবার কথা।

৬৭। টাকাদায়কের বিবেচনা করিবার সময়ের কথা।

৬৮। টাকা লইবার জন্য উপস্থিত করিবার কথা।

৬৯। উপস্থিত করিবার ঘণ্টার কথা।

CHAPTER VI. / ষষ্ঠ অধ্যায়।

Of Payment and Interest. / টাকা প্রদান ও সুদবিষয়ক বিধি।

CHAPTER VII. / সপ্তম অধ্যায়।

Of Discharge from liability on Notes, Bills, and Cheques. / খতপত্রের ও বিলের ও চ্যাকের উপর দায়হইতে মুক্তির বিধি।

Sections.

89 Cheque payable to order.

90 Parties not consenting discharged by conditional or limited acceptance

91 Effect of material alteration.
Alteration by indorsee.

92 Acceptor or indorser bound notwithstanding previous alteration

93 Payment of instrument on which alteration is not apparent

CHAPTER VIII.

Of Notice of Dishonour

94 Dishonour by non-acceptance.
95 Dishonour by non-payment
96 By and to whom notice should be given

97 Mode in which notice may be given

98 Party receiving must transmit notice of dishonour
99 Agent for presentment
100 When party to whom notice given is dead.

101 When notice of dishonour is unnecessary

CHAPTER IX.

Of Noting and Protests.

102 Noting
103. Protest
Protest for better security.

104 Contents of protest.

105 Notice of protest.
106 Protest for non-payment after dishonour by non acceptance

CHAPTER X

Of Reasonable Time

107 Reasonable time.
108 Reasonable time for presentment
109 Reasonable time of giving notice of dishonour.
110 Reasonable time for transmitting such notice

CHAPTER XI

Of Acceptance and Payment for Honour

111 Acceptance for honour
112 Acceptance not specifying for whose honour it is made

[*Government Gazette, 20th May* 1879.]

ধারা ।

৮৯ । চ্যাকের টাকা আজ্ঞামতে দিবার নিয়ম থাকিলে তদ্বিষয়ক কথা ।

৯০ । নিয়মাধীনে কি সীমা নির্দ্দেশ করিয়া স্বীকার করা গেলে যে পক্ষেরা সম্মত নহেন তাঁহাদের মুক্ত হইবার কথা ।

৯১ । গুরুতর পরিবর্ত্তনের ফলের কথা ।
পৃষ্ঠলিপিক্রমেপ্রাপক পরিবর্ত্তন করিলে, তদ্বিষয়ক কথা ।

৯২ । পূর্ব্বে পরিবর্ত্তন হইলেও স্বীকারকারির কি পৃষ্ঠলিপিকারকের বদ্ধ থাকিবার কথা ।

৯৩ । নিদর্শনপত্রের পরিবর্ত্তন স্পষ্ট না দেখা গেলে টাকা দিবার কথা ।

অষ্টম অধ্যায় ।

অগ্রাহ্য হইবার নোটিস বিষয়ক বিধি ।

৯৪ । সাকরিয়া না দেওয়াতে অগ্রাহ্য হইবার কথা ।
৯৫ । টাক না দেওযাতে অগ্রাহ্য হইবার কথা ।
৯৬ । যাঁহাকে যাঁহার নোটিস দিতে হইবে তদ্বিষয়ক কথা ।
৯৭ । নোটিস যে প্রকারে দেওয়া যাইতে পারে তদ্বিষয়ের কথা ।
৯৮ । কোন পক্ষ অগ্রাহ্য হইবার নোটিস পাইলে তাহার চালান করিতে হইবার কথা ।
৯৯ । উপস্থিত করণার্থ কর্ম্মকারক বিষয়ক কথা ।
১০০ । যাঁহাকে নোটিস দেওয়া যায় তাঁহার মৃত্যু হইলে তদ্বিষয়ক কথা ।
১০১ । যে স্থলে অগ্রাহ্য হইবার নোটিস অনাবশ্যক তদ্বিষয়ের কথা ।

নবম অধ্যায় ।

নোট ও প্রোটেষ্ট লিখন বিষয়ক বিধি ।

১০২ । নোট লিখিবার কথা ।
১০৩ । প্রোটেষ্টের কথা ।
আরো উত্তম প্রতিভূ প্রাপণার্থে প্রোটেষ্টের কথা ।
১০৪ । প্রোটেষ্টপত্রে যাহা লিখিতে হইবে তদ্বিষয়ক কথা ।
১০৫ । প্রোটেষ্টের নোটিস বিষয়ক কথা ।
১০৬ । সাকরিয়া না দেওয়া প্রযুক্ত অগ্রাহ্য করিবার পর টাকা না দেওয়াতে প্রোটেষ্ট হইবার কথা ।

১০ দশম অধ্যায় ।

যুক্তি সঙ্গত সময় বিষয়ক বিধি ।

১০৭ । যুক্তি সঙ্গত সময়ের কথা ।
১০৮ । উপস্থিত করণের যুক্তি সঙ্গত সময়ের কথা ।
১০৯ । অগ্রাহ্য হইবার নোটিস দিবার যুক্তিসঙ্গত সময়ের কথা ।
১১০ । নোটিস চালান করিবার যুক্তি সঙ্গত সময়ের কথা ।

একাদশ অধ্যায় ।

মান রক্ষার্থে সাকরিয়া দিবার ও টাকা দিবার বিধি ।

১১১ । মানরক্ষার্থে সাকরিয়া দিবার কথা ।
১১২ । যাঁহার মান রক্ষার্থ করা গেল ইহা নির্দ্দেশ না করিয়া সাকরিয়া দিবার কথা ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

No. IV.

A Bill to define and amend the the law relating to Promissory Notes, Bills of Exchange and Cheques

Preamble

WHEREAS it is expedient to define and amend the law relating to Promissory Notes, Bills of Exchange, and Cheques, It is hereby enacted as follows —

CHAPTER I.

PRELIMINARY.

Short title

1. This Act may be called "The Negotiable Instruments Act, 1879"

Local extent

Saving of usages relating to hundis, &c

It extends to the whole of British India; but nothing herein contained affects any local usage relating to any instrument in an oriental language or affects the Indian Paper Currency Act, 1871, section twenty-one

Commencement

And it shall come into force on the first day of January 1880

Repeal of enactments

2 On and from that day the enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column thereof.

Interpretation clause

'Banker'

3 In this Act—

"Banker" includes also persons or a corporation or company acting as bankers,

"Notary Public"

and "Notary Public" includes also any officer appointed by the Governor-General in Council to perform the functions of a Notary Public under this Act

CHAPTER II.

OF NOTES, BILLS AND CHEQUES

Promissory note

4 A promissory note is an instrument in writing (not being a bank note or a currency note) containing an unconditional undertaking, signed by the [illegible] sum of [illegible] to, or to the order of, a cert[illegible] or to the bearer of the instrument

Illustrations

A signs instruments in the following terms —

(*a*) "I promise to pay B or order Rs 500"

(*b*) "I acknowledge myself to be indebted to B in Rs 1,000 to be paid on demand, for value received"

(*c*) "Mr B. I O U Rs 1,000."

৪ নং পাণ্ডুলিপি।

প্রমিসরি নোট বা ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাক বিষয়ক ব্যবস্থা নির্দ্ধারণ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাকবিষয়ক ব্যবস্থা নির্দ্ধারণ ও সংশোধন করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

হুণ্ডী প্রভৃতি বিষয়ক রীতি প্রচলিত রাখিবার কথা।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, কিন্তু এতদ্দেশীয় ভাষায় লিখিত কোন নিদর্শনপত্র বিষয়ে যে দেশাচার প্রচলিত থাকে এই ধারার কোন কথায় তাহার কিম্বা ভারতবর্ষীয় নোট চলনবিষয়ক ১৮৭১ সালের আইনের ২১ ধারার কোনরূপ ব্যতিক্রম হইবে না।

যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।

ও এই আইন ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি প্রবল হইবে।

যেং আইন রহিত করা গেল তাহার কথা।

২ ধারা। উক্ত দিবসাবধি এই আইনসংযুক্ত তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লিখিত হইল, ঐ তফসীলের নামা আইন তত দূর রহিত করা যাইবে।

অর্থকরণের প্রকরণ।

৩ ধারা। এই আইনে,

"ব্যাঙ্কর"

যে ব্যক্তিরা কি সমবায়িত সমাজ কি কোম্পানি ব্যাঙ্করের অর্থাৎ কুঠিয়ালের কর্ম্ম করেন "ব্যাঙ্কর" শব্দে তাঁহাদিগকেও বুঝায়।

"নোটরী পবলিক।"

এই আইনমতে নোটরী পবলিকের যেং কর্ম্ম কর্ত্তব্য সেইং কর্ম্ম করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন "নোটরী পবলিক" শব্দে তাঁহাকেও বুঝায়।

২ দ্বিতীয় অধ্যায়।

ঋণপত্র ও বিল ও চ্যাকবিষয়ক বিধি।

ঋণপত্রের কথা।

৪ ধারা। ব্যাঙ্ক নোট কিম্বা মুদ্রাস্বরূপ চলিত নোট ভিন্ন নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট ব্যাক্তিকে কিম্বা তাঁহার আদেশমতে কিম্বা ঐ [illegible] নিয়ম ভিন্ন নির্দ্দিষ্ট সংখ্যার মুদ্রা দিবার প্রতিজ্ঞা লেখা থাকিলে ও পত্রলেখক তাহাতে স্বাক্ষর করিলে, ঋণপত্র শব্দে সেইপত্র বুঝায়।

উদাহরণ।

অ নামা এইং মর্ম্মেং নিদর্শনপত্রে স্বাক্ষর করেন,—

(ক) বলরামকে কি তাঁহার আদেশমতে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(খ) মূল্য প্রাপ্ত হওয়াতে আমি বলরামের নিকট ১০০০৲ টাকা ঋণী আছি ইহা স্বীকার করিলাম, চাহিবামাত্র দিব।

(গ) ওহে বলরাম, IOU (অর্থাৎ) তোমার ১০০০৲ টাকা ধারি।

(*d*) "I promise to pay B Rs 500 and all other sums which shall be due to him"

(*e*) "I promise to pay B Rs 500, first deducting thereout any money which he may owe me"

(*f*) "I promise to pay B Rs 500 seven days after my marriage with C"

(*g*) "I promise to pay B Rs 500 on D's death, provided D leaves me enough to pay that sum"

(*h*) "I promise to pay B Rs 500 and to deliver to him my black horse on 1st January next"

The instruments respectively marked (*a*) and (*b*) are promissory notes The instruments respectively marked (*c*) (*d*) (*e*), (*f*), (*g*) and (*h*) are not promissory notes

Bill of exchange.

5 A bill of exchange is an instrument in writing containing an unconditional order, signed by the maker, directing a certain person to pay a certain sum of money only to, or to the order of, a certain person, or to the bearer of the instrument

Cheque

6 A cheque is a bill of exchange drawn on a specified banker and not expressed to be payable otherwise than on demand

"Drawer"
"Drawee"

7. The maker of a bill of exchange or cheque is called the "drawer," the person thereby directed to pay is called the "drawee"

"Drawee in case of need

When the bill gives the name of any person in addition to the drawee to be resorted to in case of need, such person is called a "drawee in case of need"

"Acceptor"

After the drawee of a bill has signed his assent upon the bill, or if there are more parts thereof than one, upon one of such parts, and delivered the same, or given notice of such signing to the holder or to some person on his behalf, he is called the "acceptor"

"Acceptor for honour

When acceptance is refused and the bill is protested for non-acceptance and any person accepts it *supra protest* for honour of the drawer or of any one of the indorsers, such person is called an "acceptor for honour"

"Payee

The person named in the instrument, to whom or to whose order the money is by the instrument directed to be paid, is called the "payee"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২০ মে।]

(ঘ) বলরামকে ৫০০ টাকা ও তাঁহার আর যত টাকা পাওনা থাকে তাহা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(ঙ) বলরামকে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম কিন্তু তিনি আমার যত টাকা ধারেন তাহা ঐ টাকা হইতে প্রথমে কাটিয়া লইব।

(চ) চন্দ্রমণির সঙ্গে আমার বিবাহ হইবার সাত দিন পরে বলরামকে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(ছ) আমি যাহাহইতে বলরামকে ৫০০ টাকা দিতে পারিব দিননাথ মরণ সময়ে আমাকে এত টাকা দিয়া গেলে, দিননাথের মরণের পর বলরামকে ৫০০ টাকা দিব।

(জ) আমি আগামি জানুয়ারি মাসের ১ তারিখে বলরামকে ৫০০ টাকা ও আমার কাল ঘোড়া দিতে প্রতিজ্ঞা করিলাম।

ইহার মধ্যে (ক) (খ) চিহ্নিত নিদর্শনপত্র খণপত্র (গ) (ঘ) (ঙ) (চ) (ছ) (জ) চিহ্নিতনিদর্শনপত্র খণপত্র নহে।

বিল অব এক্সচেঞ্জ।

৫ ধারা। নিদর্শনপত্রে নির্দিষ্ট ব্যক্তিকে কিম্বা তাঁহার আদেশমতে কিম্বা ঐ পত্র বাহককে, নির্দিষ্ট কোন ব্যক্তি-প্রতি নিয়ম ভিন্ন নির্দিষ্ট সংখ্যার মুদ্রা দিবার আদেশ থাকিলেও তাহাতে পত্রলেখকের স্বাক্ষর থাকিলে, সেই নিদর্শন পত্র "বিল অব এক্সচেঞ্জ" বলিয়া গণ্য।

চ্যাকের কথা।

৬ ধারা। নির্দিষ্ট কোন ব্যাঙ্করের নামে যে বিল অব এক্সচেঞ্জ লিখিয়া দেওয়া যায় চাহিবামাত্র টাকা দিতে হইবে এই ভিন্ন অন্য নিয়ম না থাকিলে তাহাই চ্যাক বলিয়া গণ্য।

"লেখক"
"দায়ক"

৭ ধারা। যে ব্যক্তি বিল অব এক্সচেঞ্জ কি চ্যাক লিখিয়া দেন, তাঁহাকে "লেখক" ও যাঁহার প্রতি মুদ্রা দিবার আদেশ থাকে তাঁহাকে "দায়ক" বলা যায়।

"প্রয়োজনীয় স্থলে দায়কের কথা।"

উক্ত বিলে টাকা দায়কের নাম ভিন্ন যাঁহার নিকট প্রয়োজনীয় স্থলে টাকা পাওয়া যাইতে পারে এমত অন্য ব্যক্তির নাম লেখা থাকিলে, তাঁহাকে "প্রয়োজনীয় স্থলে দায়ক" বলা যায়।

"স্বীকারকারী"

বিলের মুদ্রাদায়ক ঐ বিলের উপর কিম্বা একের অধিক কেতা বিল থাকিলে এক কেতার উপর স্বয় সম্মতি লিখিয়া স্বাক্ষর করিয়া ঐ বিলের অধিকারিকে, কিম্বা তৎপক্ষ কোন ব্যক্তিকে অর্পণ করিলে কিম্বা তদ্রূপ স্বাক্ষর করিবার নোটিস দিলে তাঁহাকে "স্বীকারকারী" বলা যায়।

"[illegible] রক্ষার্থ স্বীকারকারী"

যদি বিল সাকরিয়া দিবার অসম্মতি হয় ও সাকরিয়া না দেওয়া প্রযুক্ত প্রোটেস্ট লেখা যায় এবং প্রোটেস্ট হইলেও যদি কোন ব্যক্তি বিল লেখকের কিম্বা [illegible]লিপিকারকদের মধ্যে কোন এক জনের [illegible] রক্ষার্থে ঐ বিল সাকরিয়া দেন তবে তাঁহাকে "[illegible] রক্ষার্থ স্বীকারকারী" বলা যায়।

"প্রাপক।"

নিদর্শনপত্রে [illegible] ব্যক্তিকে বা যাঁহার আদেশ মতে ঐ নিদর্শনপত্রক্রমে মুদ্রা দিবার আদেশ থাকে তাঁহাকে "প্রাপক" বলা যায়।

8 The "holder" of a promissory note, bill of exchange or cheque means any person entitled in his own name to the possession thereof, and to receive or recover the amount due thereon from the parties thereto

Holder

Where the note, bill or cheque is lost or destroyed, its holder is the person so entitled at the time of such loss or destruction

9 "Holder in due course" means any person who became the possessor of a promissory note, bill of exchange or cheque if payable to bearer, or the payee or indorsee thereof, if payable to, or to the order of, a payee, for consideration before the amount mentioned in it became payable, and without having sufficient cause to believe that any defect existed in the title of the person from whom he derived his title.

'Holder in due course'

10. "Payment in due course" means payment in accordance with the apparent tenor of the instrument in good faith and without negligence to any person in possession thereof under circumstances which do not afford a reasonable ground for believing that he is not entitled to receive payment of the amount therein mentioned

'Payment in due course'

11 A promissory note, bill of exchange or cheque drawn or made in British India, and made payable in, or drawn upon any person resident in British India shall be deemed to be an inland instrument

Inland instrument

12 Any such instrument not so drawn, made or made payable, shall be deemed to be a foreign instrument

Foreign instrument

13 A "negotiable instrument" means a promissory note, bill of exchange or cheque expressed to be payable to a specified person, or his order, or to the order of a specified person, or to the bearer thereof

Negotiable instrument

14. When a promissory note, bill of exchange or cheque is transferred to any person, so as to constitute that person the holder thereof, the instrument is said to be negotiated

Negotiation

[*Government Gazette*, 20th May 1879]

৮ ধারা। যে ব্যক্তি স্বীয় নামে ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক স্বীয় অধিকারে রাখিবার, ও ঐ পত্র লিখিত ব্যক্তিদের স্থানে ঐ পত্রানুসারে প্রাপ্য টাকা গ্রহণ কি আদায় করিবার স্বত্ব রাখেন, তাঁহাকে ঐ পত্রের "অধিকারী" বলা যায়।

"অধিকারী"

ঐ পত্র কি বিল কি চ্যাক হারান গেলে কি নষ্ট হইলে তাহা হারান যাইবার কি নষ্ট হইবার সময়ে যিনি উক্ত প্রকারে স্বত্ববান ছিলেন তিনই অধিকারী।

৯ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের টাকা ঐ পত্র বাহককে দিতে হইলে পত্রবিকার কিম্বা প্রাপককে কি তাঁহার আদেশমত টাকা দিতে হইলে তল্লিখিত টাকা দেনা পড়িবার পূর্ব্বে যিনি বিনিময়ের মূল্য দিয়া প্রাপক কি পৃষ্ঠলিপিক্রমে প্রাপক হন তিনি, যাঁহার স্থানে স্বত্ব প্রাপ্ত হন তাঁহার স্বত্বে কোন দোষ যে ছিল এমত জ্ঞান করিবার বিশিষ্ট কারণ না জানিলে, "যথাক্রমে অধিকারী" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"যথাক্রমে অধিকারী।"

১০ ধারা। উক্ত নিদর্শনপত্র যাঁহার অধিকারে থাকে সরলভাবে ও শৈথিল্য বিনা ঐ নিদর্শনপত্রের দৃশ্য মর্ম্মানুসারে তাঁহাকে মুদ্রা দেওয়া গেলে, ও যে অবস্থায় দেওয়া যায়, তাহা বচনায় তিনি ঐ নিদর্শনপত্রের উল্লিখিত মুদ্রা প্রাপ্তের স্বত্ববান যে নহেন এমত জ্ঞান করিবার যুক্তিসঙ্গত হেতু না থাকিলে, "যথাক্রমে মুদ্রা প্রদান" শব্দে তদ্রূপ প্রদান বুঝিতে হইবে।

'যথাক্রমে মুদ্রা প্রদান।"

১১ ধারা। যে ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে লেখা কি করা যায় এবং ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে যাহার মুদ্রা দিতে হইবে কথা ব্রিটিষ ভারতবর্ষের মধ্যবাসি কোন ব্যক্তির উপর যাহা দেওয়া যায়, তাহা "দেশীয় নিদর্শনপত্র" বলিয়া জ্ঞান হইবে।

দেশীয় নিদর্শনপত্র

১২ ধারা। যে নিদর্শনপত্র পূর্ব্বোক্তমতে লেখা না করা না যায় বা যাহার মুদ্রা পূর্ব্বোক্তমতে দিতে না হয় তাহা "ভিন্নদেশীয় নিদর্শনপত্র" বলিয়া জ্ঞান হইবে।

ভিন্নদেশীয় নিদর্শনপত্র।

১৩ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের মধ্যে নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি তাঁহার আদেশমতে, কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তির আদেশমতে কিম্বা ঐ পত্রবাহককে, কিম্বা [illegible] ব্যক্তিকে কি ঐ পত্র বাহককে তল্লিখিত মুদ্রা দিবার আদেশ থাকিলে, "ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র" শব্দে সেই ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক বুঝিতে হইবে।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র।

১৪ ধারা। কোন ব্যক্তি যাহাতে ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের অধিকারী হইয়া উঠেন ঐ নিদর্শনপত্র এমত করিয়া হস্তান্তর করিয়া তাঁহাকে দেওয়া গেলে, তাহা বিক্রয় করা গেল বলা যায়।

বিক্রয়।

15 When the maker or holder of a negotiable instrument signs the same, otherwise than as such maker for the purpose of negotiation, on the back or face thereof or on a slip of paper annexed thereto, or so signs for the same purpose a stamped paper intended to be completed as a negotiable instrument, he is said to indorse the same, and is called the "indorser"

Indorsement.

16 If the indorser signs his name only, the indorsement is said to be "in blank," and if he adds a direction to pay the amount mentioned in the instrument to, or to the order of, a specified person, the indorsement is said to be "in full," and the person so specified is called the "indorsee" of the instrument

Indorsement "in blank" and "in full."

"Indorsee"

17 Where an instrument may be construed either as a promissory note or bill of exchange, the holder may at his election treat it as either, and the instrument shall be thenceforward treated accordingly

Ambiguous instruments

18. If the amount undertaken or ordered to be paid is stated differently in figures and in words, the amount stated in words shall be the amount undertaken or ordered to be paid

Where amount is stated differently in figures and words

19 A promissory note or bill of exchange, in which no time for payment is specified, and a cheque are payable on demand

Instruments payable on demand

20 Where a stamped paper, which is intended to be completed as a negotiable instrument, is signed and delivered by a competent person as maker, drawer, acceptor, or indorser, the holder thereof may complete the same by filling up any blanks therein, and the person so signing shall be liable upon such instrument, in the capacity in which he signed the same for any amount which may be specified therein not exceeding the amount covered by the stamp thereon provided that, as between the person delivering and the person receiving the instrument, nothing in excess of the amount intended by them to be paid shall be recovered

Blank stamped instruments

১৫ ধারা। ক্রয়বিক্রয় নিদর্শনপত্র যাহার দ্বারা লেখা যায় ঐ পত্রলেখকস্বরূপ না হইয়া তিনি বা ঐ পত্রের অধিকারী তাহা বিক্রয় করিবার উদ্দেশে তাহার পৃষ্ঠে বা সম্মুখভাগে বা তৎসংযুক্ত এক খণ্ড কাগজে স্বাক্ষর করিলে, কিম্বা যে ইষ্টাম্প কাগজে ক্রয়বিক্রয় নিদর্শনপত্র লিখিয়া দিবার কল্পনা থাকে তাহাতে সেই উদ্দেশে স্বাক্ষর করিলে, তিনি তাহার পৃষ্ঠলিপি করেন বলা যায় ও তাঁহাকে "পৃষ্ঠলিপিকারক" বলা যায়।

পৃষ্ঠলিপির কথা।

১৬ ধারা। পৃষ্ঠলিপিকারক আপন নামমাত্র স্বাক্ষর করিলে, তাহা "নামমাত্রের পৃষ্ঠলিপি" বলা যায়। নিদর্শনপত্রের উল্লিখিত টাকা নির্দ্দিষ্ট কোন ব্যক্তিকে কি তাহার আদেশমতে দিবার আদেশ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলে, তাহা "সম্পূর্ণ পৃষ্ঠলিপি" বলা যায়, ও যে ব্যক্তিকে তদ্রূপে নির্দ্দিষ্ট করা যায় তাঁহাকে ঐ নিদর্শনপত্রের "পৃষ্ঠলিপিক্রমে প্রাপক" বলা যায়

"নামমাত্রের পৃষ্ঠলিপি" ও "সম্পূর্ণ পৃষ্ঠলিপি" করণের কথা।

"পৃষ্ঠলিপিক্রমে প্রাপক।"

১৭ ধারা। কোন নিদর্শনপত্রের ভাব দৃষ্টে যদি ঐ পত্র খানি ঋণপত্র কিম্বা বিল অফ এক্সচেঞ্জ বলিয়া জ্ঞান যাইতে পারে, তবে সেই পত্রের অধিকারী স্বেচ্ছামতে তাহা লইয়া এক বা অন্য পত্রস্বরূপ কার্য্য করিতে পারিবেন, ও তদবধি ঐ পত্র লইয়া তদনুসারে কার্য্য করা যাইবে।

[illegible] নিদর্শনপত্রের কথা।

১৮ ধারা। যে মুদ্রা দিবার প্রতিজ্ঞা কি আদেশ থাকে অঙ্কেতে তাহার এক সংখ্যা ও অক্ষরে অন্য সংখ্যা লেখা থাকিলে, অক্ষরে যে সংখ্যা লেখা আছে তাহাই দিবার প্রতিজ্ঞা কি আদেশ হইল বলিয়া জ্ঞান হইবে।

অঙ্কেতে ও অক্ষরে ভিন্ন২ সংখ্যার মুদ্রা লেখা গেলে, তদ্বিষয়ক কথা।

১৯ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মুদ্রা দিবার সময় নির্দ্ধারিত না থাকিলে তাহার, ও চেকের টাকা চাহিবামাত্র দেয় হইবে।

যে২ নিদর্শনপত্রের টাকা চাহিবামাত্র দিতে হইবে তাহার কথা।

২০ ধারা। যে ইষ্টাম্প কাগজে ক্রয়বিক্রয় নিদর্শনপত্র লিখিয়া দিবার কল্পনা থাকে, ঐ পত্রকারক বা লেখক বা স্বীকারকারী বা পৃষ্ঠলিপিকারক বলিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তি স্বাক্ষর করিয়া তাহা অর্পণ করিলে, ঐ পত্রের যে২ স্থানে ফাঁক থাকে পত্রের অধিকারী তাহাতে লিখিয়া পত্র পূর্ণ করিতে পারিবেন, ও ইষ্টাম্পের মূল্য বিবেচনায় যত টাকার নিদর্শনপত্র হইতে পারে তাহার অনধিক যত টাকা [illegible] লেখা থাকে, ঐ স্বাক্ষরকারী লেখক প্রভৃতি স্বরূপ যে পদোপলক্ষে স্বাক্ষর করেন তদনুসারে তত টাকার দায়ী হইবেন। পরন্তু যে ব্যক্তি ঐ নিদর্শনপত্র করিয়া দেন ও যিনি তাহা গ্রহণ করেন তাঁহাদের মধ্যে যত টাকা দিবার কল্পনা ছিল তদধিক আদায় হইতে পারিবে না।

ইষ্টাম্পযুক্ত শাদা নিদর্শনপত্রের কথা।

Illustration

A stamped paper intended to be completed as a negotiable instrument is made payable to " or order " the holder of such instrument may fill up the blank with his own name, or that of any other person

21 In a promissory note or bill of exchange the expressions "at sight" and "on presentment" mean on demand The expression "after sight" means, in a promissory note, after presentment for sight, and in a bill of exchange, after acceptance or protest for non-acceptance

At sight "
On presentment
' After sight

22 The maturity of a promissory note or bill of exchange is the date at which it falls due

" Maturity

Every promissory note or bill of exchange which is not expressed to be payable on demand, at sight, or on presentment, is at maturity on the third day after the day on which it is expressed to be payable

Days of grace

23 In calculating the date at which a promissory note or bill of exchange, made payable a stated number of months after date or after sight, or after a certain event, is at maturity, the period stated shall be held to terminate on the day of the month which corresponds with the day on which the instrument is dated, or presented for acceptance or sight, or protested for non-acceptance, or the event happens, or, where the instrument is a bill of exchange made payable, a stated number of months after sight and has been accepted for honour, with the day on which it was so accepted. If the month in which the period would terminate has no corresponding day, the period shall be held to terminate on the last day of such month.

Calculating maturity of bill or note payable so many months after date or sight

Illustrations

(a) A negotiable instrument dated 29th January 1878 is made payable at one month after date The instrument is at maturity on the third day after the 28th February 1878

(b) A negotiable instrument dated 30th August 1878 is made payable three months after date The instrument is at maturity on the 3rd December 1878

(c) A promissory note or bill of exchange, dated 31st August 1878, is made payable three months after date The instrument is at maturity on the 3rd December 1878

[*Government Gazette,* 20*th May* 1879]

উদাহরণ।

ইষ্টাম্প কাগজে ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র লিখিয়া দিবার কল্পনা থাকিলে তাহার টাকা "শ্রী কে কি তাঁহার আজ্ঞামতে" দিতে হইবে এইরূপে লেখা হইলে, ঐ পত্রের অধিকারী ঐ ফাঁক স্থানে আপনার কি অন্য কোন ব্যক্তির নাম লিখতে পারিবেন

২১ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মধ্যে "দেখাইবামাত্র" ও 'উপস্থিত করণ সময়ে' এই শব্দ থাকিলে চাহিবা মাত্র বুঝাইবে। "দেখাইবার পর" এই শব্দ ঋণপত্রে থাকিলে, "দেখাইবার জন্যে উপস্থিত করণের পর" বুঝাইবে, ও বিল অফ এক্সচেঞ্জে থাকিলে সাকরিয়া দিবার পর কিম্বা সাকরিয়া না দেওয়াতে প্রোটেষ্ট হইবার পর বুঝাইবে।

"দেখাইবামাত্র।"
উপস্থিত করণ সময়ে।
"দেখাইবার পর।"

২২ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা যে তারিখে দেনা পড়ে তাহাই তাহার মিয়াদ পূর্ণ হইবার দিন।

মিয়াদ পূর্ণ হইবার কথা।

চাহিবামাত্র কি দেখাইবামাত্র কি উপস্থিত করণ সময়ে যাহার টাকা দিতে হইবে এমত ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ ভিন্ন প্রত্যেক ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা যে দিনে দিতে হইবে বলিয়া ব্যক্ত হয়, তাহার পর তৃতীয় দিনে তাহার মিয়াদ পূর্ণ হয়।

রেয়াতের দিনের কথা।

২৩ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের তারিখ অবধি কি তাহা দেখাইবার পর কিম্বা বিশেষ ঘটনার পর নির্দ্দিষ্ট কয়েক মাসান্তর তাহার টাকা দিতে হইলে, সেই পত্রের কি মিয়াদ কোন্ দিনে পূর্ণ হইবে ইহার হিসাব করিতে গেলে, ঐ নিদর্শনপত্র যে মাসের যে তারিখে লেখা যায় বা যে তারিখে সাকরাইবার জন্য বা দেখাইবার নিমিত্ত উপস্থিত করা যায়, বা উক্ত ঘটনা ঘটে, তৎপশ্চাৎ নির্দ্দিষ্ট মাসের সেই তারিখে কিম্বা বিল অফ এক্সচেঞ্জ হইলে ও দেখাইবার পর নির্দ্দিষ্ট কএক মাসান্তর টাকা দিবার নিয়ম থাকিলে ও মানরক্ষার্থে তাহা সাকরিয়া দেওয়া গেলে যে তারিখে সাকরান গেল নির্দ্দিষ্ট ঐ মাসের সেই তারিখে মিয়াদ পূর্ণ হইল বলিয়া জ্ঞান হইবে। যে মাসে ঐ মিয়াদ পূর্ণ হয় সেই মাসের সেই তারিখ না থাকিলে, ঐ মাসের শেষ তারিখে মিয়াদ পূর্ণ হইল বলিয়া জ্ঞান হইবে।

দিনের কি পত্রের তারিখের বা তাহা দেখাইবার পর এত মাসান্তর তাহার টাকা দিতে হইলে, মিয়াদ যে সময়ে পূর্ণ হইবে তদ্বিষয়ের কথা।

উদাহরণ।

(ক) ১৮৭৮ সালের ২৯ জানুয়ারির ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের টাকা ঐ তারিখ অবধি একমাস গত হইলে দেনা পড়িবে। ঐ মিয়াদ ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের পর তৃতীয় দিনে পূর্ণ হয়।

(খ) ১৮৭৮ সালের ৩০ আগষ্টের ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের টাকা ঐ তারিখ অবধি তিন মাসান্তর দেনা পড়িবে। ১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখে নিদর্শনপত্রের মিয়াদ পূর্ণ হয়।

(গ) ১৮৭৮ সালের ৩১ আগষ্টের ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা ঐ তারিখ অবধি তিন মাসান্তর দেনা পড়ে। ১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখে ঐ মিয়াদ পূর্ণ হয়।

24 In calculating the date at which a promissory note or bill of exchange, made payable a certain number of days after date or after sight, or after a certain event, is at maturity, the day of the date, or of presentment for acceptance or sight, or of protest for non-acceptance, or on which the event happens, shall be excluded

Calculating maturity of bill or note payable so many days after date or sight

25. When the day on which a promissory note or bill of exchange is at maturity is a public holiday, the instrument shall be deemed to be due on the next preceding business day

When day of maturity is a holiday

Explanation —The expression "public holiday" includes Sundays, New Year's day, Christmas day if either of such days falls on a Sunday, the next following Monday Good Friday, and any other day declared by the Local Government, by notification in the official Gazette, to be a public holiday

26 Until the contrary is proved, the following presumptions shall be made —

Presumptions as to negotiable instruments

(*a*) that every negotiable instrument was made or drawn for consideration, and that every such instrument, when it has been accepted, indorsed, negotiated or transferred was accepted, indorsed, negotiated or transferred for consideration

of consideration,

(*b*) that every negotiable instrument bearing a date was made or drawn on such date

as to date

(*c*) that every accepted bill of exchange was accepted within a reasonable time after its date and before its maturity

as to time of acceptance

(*d*) that every transfer of a negotiable instrument was made before its maturity

as to time of transfer

(*e*) that the indorsements appearing upon a negotiable instrument were made in the order in which they appear thereon

as to order of indorsements

(*f*) that a lost promissory note, bill of exchange or cheque was duly stamped

as to stamp

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২০ মে।]

২৪ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের তারিখের পর কিম্বা তাহা দেখাইবার কি বিশেষ ব্যাপার ঘটিবার পর নির্দ্দিষ্ট কএক দিনান্তর টাকা দেনা পড়িলে তাহার মিয়াদ যে তারিখে পূর্ণ হয় ইহার হিসাব করিতে গেলে, উক্ত তারিখ কিম্বা সাকরাইয়া লইবার কি দেখাইবার নিমিত্ত উপস্থিত করণের বা উক্ত ব্যাপার ঘটনের তারিখ ধরিতে হইবে না।

তারিখের পর কি দেখাইবার পর এত দিনান্তর দিলের কি পত্রের টাকা দেনা পড়িলে যে তারিখে মিয়াদ পূর্ণ হয় তদ্বিষয়ের কথা।

২৫ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মিয়াদ যে দিনে পূর্ণ হয় তাহা সাধারণের ছুটীর দিন হইলে কার্য্য চলনের তৎপূর্ব্ব দিনে ঐ নিদর্শনপত্রের টাকা দেনা বলিয়া জ্ঞান হইবে।

মিয়াদ পূর্ণহইবার দিন বন্দের দিন হইলে তদ্বিষয়ক কথা।

ব্যাখ্যা।—"সাধারণের ছুটীর দিন" এই কথার মধ্যে রবিবার, ও ইংরেজি নূতন বৎসরের প্রথম দিন, ও কৃষ্টমাস ডে ও ঐ দুইটী দিনের মধ্যে কোনটী রবিবারে পড়িলে, পরবর্ত্তী সোমবার, ও গুডফ্রাইডে, ও স্থানীয় গবর্ণমেন্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যে দিন "সাধারণের ছুটীর" দিন বলিয়া প্রকাশ করেন তাহাও গণ্য।

২৬ ধারা। যাবৎ নিম্নলিখিত অনুমানের বিপরীত প্রমাণ না পাওয়া যায়, এই২ অনুমান করা যাইবে।

ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের বিষয়ে যে অনুমান হইবে তদ্বিষয়ক কথা।

(ক) মূল্য পাইয়া ক্রয়বিক্রেয় নিদর্শনপত্র করা কি লেখা গিয়াছে ও তদ্রূপ নিদর্শনপত্র সাকরিয়া দেওয়া গেলে কি তাহার পৃষ্ঠলিপি করা গেলে ও বিক্রয় কি হস্তান্তর করা গেলে মূল্য পাইয়া তাহা সাকরিয়া দেওয়া ও তাহার পৃষ্ঠলিপি লেখা ও তাহা বিক্রয় কি হস্তান্তর করা গিয়াছে।

উপযুক্ত মূল্যের বিনিময়ের কথা।

(খ) ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রে তারিখ দেওয়া থাকিলে তাহা সেই তারিখে করা কি লেখা গিয়াছে।

তারিখ বিষয়ক কথা।

(গ) বিল অফ এক্সচেঞ্জ সাকরিয়া দেওয়া গেলে ঐ বিলের তারিখের পর ও মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে তাহা সাকরিয়া দেওয়া গিয়াছে।

সাকরাইয়া লইবার সময় বিষয়ক কথা।

(ঘ) ক্রয়বিক্রেয় নিদর্শনপত্র হস্তান্তর করা গেলে মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে হস্তান্তর করা গিয়াছে।

হস্তান্তর করণের সময় বিষয়ক কথা।

(ঙ) ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে যে২ লিপি থাকে তাহা যে ক্রমে আছে সেই ক্রমে [illegible] গিয়াছে।

পৃষ্ঠলিপির ক্রম বিষয়ক কথা।

(চ) বিল অফ এক্সচেঞ্জ কি ঋণপত্র কি চ্যাক হারান গেলে তাহাতে উপযুক্ত ইষ্টাম্প দেওয়া ছিল।

ইষ্টাম্প বিষয়ক কথা।

(g) that the holder of a negotiable instrument is a holder in due course

that holder is a holder in due course

provided, that where the instrument has been obtained from its lawful owner, or from any person in lawful custody thereof by means of an offence or fraud, or has been obtained from the maker or acceptor thereof by means of an offence or fraud, or for unlawful consideration, the burthen of proving that the holder is a hold r in due course lies upon him

CHAPTER III

Parties to Notes, Bills, and Cheques

27 Every person capable of contracting, according to the law to which he is subject, may bind himself and be bound by the making, drawing, acceptance, indorsement, delivery and negotiation of a promissory note, bill of exchange, or cheque

Capacity to make, &c, promissory notes, &c

A minor may draw, indorse, deliver, and negotiate such instruments so as to bind all parties except himself

Minor

Nothing herein contained shall be deemed to empower a corporation to make, indorse, or accept such instruments except in cases in which, under the law for the time being in force, they are so empowered.

28 Every person capable of binding himself or of being bound, as mentioned in section 27, may so bind himself or be bound by a duly authorized agent acting in his name

Agency

A general authority to transact business and to receive and discharge debts does not confer upon an agent the power of accepting or indorsing bills exchange so as to bind his principal

An authority to draw bills of exchange does not of itself import an authority to indorse

29 An agent who signs his name to a promissory note, bill of exchange or cheque, without indicating thereon that he signs as agent, or that he does not intend thereby to incur [illegible] on the instrument, except to those who induced him to sign upon the belief that the principal only would be held liable

Liability of agent signing

(ছ) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের অধিকারী যথাক্রমে অধিকারী আছেন।

ঐ পত্রের অধিকারী যথাক্রমে অধিকারী হওনবিষয়ক কথা।

কিন্তু বৈধ স্বামির স্থানে কিম্বা বৈধমতে যাহার জিম্মায় থাকে তাহার স্থানে, কোন অপরাধ বা প্রতারণা দ্বারা ঐ নিদর্শনপত্র পাওয়া গেলে কিম্বা যিনি ঐ পত্র লেখেন বা সাকরিয়া দেন কোন অপরাধ বা প্রতারণা দ্বারা কিম্বা অবৈধ মূল্য দিয়া ঐ পত্র তাঁহার স্থানে পাওয়া গেলে, ঐ পত্র যাঁহার নিকট থাকে তিনিই যথাক্রমে যে তাহা পাইয়াছেন ইহার প্রমাণ করিবার ভার তাঁহারই প্রতি বর্ত্তিবে।

তৃতীয় অধ্যায়।

ঋণপত্রের ও বিলের ও চ্যাকের নানা পক্ষ বিষয়ক বিধি।

২৭ ধারা। যে ব্যক্তি যে আইনের অধীন হন সেই আইনমতে চুক্তি করিতে সমর্থ হইলে তিনি ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক করিয়া বা লিখিয়া বা সাকরিয়া বা তাহার পৃষ্ঠলিপি লিখিয়া বা অর্পণ বা ক্রয়বিক্রয় করিয়া আপনাকে বদ্ধ করিতে ও তৎক্রমে বদ্ধ হইতে পারিবেন।

ঋণপত্র প্রভৃতি করণ প্রভৃতির ক্ষমতার কথা।

নাবালগ যাহাতে আপনাকে ভিন্ন অন্য সকল পক্ষকে বদ্ধ করেন, এমতে উক্ত প্রকারে নিদর্শনপত্র করিতে ও তাহার পৃষ্ঠে লিখিতে ও অর্পণ ও ক্রয়বিক্রয় করিতে পারিবেন।

নাবালগগের কথা।

যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে সমবায়িত সমাজের উক্তরূপ নিদর্শনপত্র লিখিয়া দিবার বা তাহার পৃষ্ঠলিপি লিখিবার বা সাকরিয়া দিবার ক্ষমতা না থাকিলে এই ধারার কোন কথা দ্বারা সেই ক্ষমতা যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

২৮ ধারা। কোন ব্যক্তি ২৭ ধারামতে আপনাকে বদ্ধ করিতে কিম্বা আপনি বদ্ধ হইতে সক্ষম হইলে, স্বীয় নামে কর্ম্মকারি উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের দ্বারা তদ্রূপে আপনাকে বদ্ধ করিতে বা আপনি বদ্ধ হইতে পারিবেন।

সপক্ষ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করণ বিষয়ক কথা।

কোন ব্যক্তি সপক্ষ কর্ম্মকারককে কার্য্য নির্ব্বাহ করিবার ও ঋণ গ্রহণ ও শোধ করিবার সাধারণ ক্ষমতাপত্র দিলেও তাহার বলে মুনিব যাহাতে বদ্ধ হন ঐ কর্ম্মকারক এমন করিয়া বিল অফ এক্সচেঞ্জ সাকরিয়া দিতে কি তাহার পৃষ্ঠলিপি লিখিতে সক্ষম হইবেন না।

বিল অফ এক্সচেঞ্জ লিখিবার ক্ষমতাপত্র থাকিলেও কেবল তদ্দ্বারা পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা থাকার ভাব বুঝায় না।

২৯ ধারা। অন্যের সপক্ষ কর্ম্মকারক, কর্ম্মকারক স্বরূপ স্বাক্ষর করিতেছেন কিম্বা নিজে কোন দায় স্বীকার করিতে কল্পনা করেন না, এই মর্ম্মের কোন কথা না লিখিয়া ঋণপত্রে কি বিল অফ এক্সচেঞ্জে কি চ্যাকে নাম স্বাক্ষর করিলে, তিনি ঐ নিদর্শনপত্রক্রমে স্বয়ং দায়ী হন। কিন্তু কেবল মুখ্য ব্যক্তি যে দায়ী হইবেন তাঁহার মনে এমত বিশ্বাস জন্মাইয়া যাঁহারা তাঁহাকে স্বাক্ষর করিতে প্রবৃত্তি দেন তাঁহাদের নিকট দায়ী হইবেন না।

কর্ম্মকারক স্বাক্ষর করিলে দায়ের কথা।

30. A legal representative of a deceased person who signs his name to a promissory note, bill of exchange or cheque, is liable personally thereon, unless he expressly limits his liability to the extent of the assets received by him as such

Liability of legal representative signing

31. Where there are several drawees of a bill of exchange who are not partners, each of them can accept it for himself, but none of them can accept it for another without his authority.

Acceptance by several drawees not partners.

32. The drawer of a bill of exchange or cheque is bound, in case of dishonour by the drawee or acceptor thereof, to compensate the holder for any loss or damage caused thereby, provided due notice of dishonour has been given to, or received by, the drawer as hereinafter provided.

Liability of drawer

33. The drawee of a cheque having sufficient funds of the drawer in his hands properly applicable to the payment of such cheque must pay the cheque when duly required so to do, and, in default of such payment, must compensate the drawer for any loss or damage caused by such default

Liability of drawee of cheque

34. In the absence of a contract to the contrary, the maker of a promissory note and the acceptor before maturity of a bill of exchange, are bound to pay the amount thereof at maturity according to the apparent tenor of the note or acceptance respectively, and the acceptor of a bill of exchange, at or after maturity, is bound to pay the amount thereof to the holder on demand.

Liability of maker of note and acceptor of bill

In default of such payment as aforesaid, such maker or acceptor is bound to compensate any party to the note or bill for any loss or damage sustained by him, and caused by such default

The provisions of this section are subject to those of sections 27, 29, 48, 49, 50, 62, 68, 72, 73, and 86

35. No person, except the drawee of a bill of exchange, or all or some of [illegible] several joint drawees, or a person named therein as a drawee in case of need, or an

Only drawee can be acceptor except, in need or for honour

৩০ ধারা। বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি বিল অফ একসচেঞ্জ কি ঋণপত্রে কি চ্যাকে স্বাক্ষর করিলে ঐ স্থলাভিষিক্ত স্বরূপ তাঁহার হাতে যত স্থিত থাকে কেবল তত দূর পর্য্যন্ত আপনার দায়ের সীমা স্পষ্টরূপে অবধারিত না করিলে, তিনি স্বতন্ত্ররূপে স্বয়ং দায়ী হইবেন।

বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি স্বাক্ষর করিলে তাঁহার দায়ের কথা।

৩১ ধারা। যাঁহারা ব্যবসায়ের অংশী নহেন এমত অনেক ব্যক্তির উপর বিল অফ এক্সচেঞ্জ লেখা গেলে, প্রত্যেক জন আপনার নিমিত্ত তাহা সাকরিয়া দিতে পারিবেন কিন্তু তাঁহাদের মধ্যে এক ব্যক্তি অন্যের স্থানে ক্ষমতা না পাইলে তাঁহার নিমিত্ত সাকরিয়া দিতে পারিবেন না।

যাঁহারা অংশী নহেন এমত অনেক দায়ক সাকরিয়া দিলে তদ্বিষয়ক কথা।

৩২ ধারা। বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের দায়ক কি স্বীকারকারী যদি তাহা অগ্রাহ্য করেন, তবে নিম্নলিখিত বিধানমতে ঐ বিলের কি চ্যাকের লেখককে ঐ অগ্রাহ্য হইবার উপযুক্ত নোটিস দেওয়া গেলে কিম্বা তিনি নোটিস পাইলে, তদ্দ্বারা ঐ বিলের কি পত্রের অধিকারির কোন ক্ষতি কি হানি হইলে ঐ বিলের কি চ্যাকের লেখকের সেই ক্ষতি কি হানি পূরণ করিতে হইবে।

টাকালেখকের দায়ের কথা।

৩৩ ধারা। চ্যাক যাঁহার উপর দেওয়া যায়, তিনি যাহা হইতে ন্যায্যমতে ঐ চ্যাকের টাকা দিতে পারেন তাঁহার হাতে এমত উপযুক্ত টাকা থাকিলে, নিয়মমতে আদেশ পাইলে তাঁহার সেই চ্যাকের টাকা দিতে হইবে। না দিলে সেই ত্রুটিদ্বারা ঐ চ্যাকের লেখকের কোন ক্ষতি কি হানি হইলে তাঁহার সেই ক্ষতি কি হানি পূরণ করিতে হইবে।

চ্যাকের টাকাদায়কের দায়ের কথা।

৩৪ ধারা। ভাবান্তরের চুক্তি না হইয়া থাকিলে যিনি ঋণ পত্র লিখিয়া দেন, ও বিল অফ এক্সচেঞ্জের মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে যিনি তাহা সাকরিয়া দেন, তিনি মিয়াদ পূর্ণ হইলে ঐ পত্রের কি সাকরান কথার প্রকাশ ভাবানুসারে তাহার টাকা দিতে বদ্ধ এবং বিলের মিয়াদ পূর্ণ হইলে বা তৎপরে বিল অফ এক্সচেঞ্জ যিনি সাকরিয়া দেন ঐ বিলের অধিকারী চাহিবামাত্র তিনি ঐ বিলের টাকা দিতে বদ্ধ।

ঋণ পত্রের লেখকের ও বিল স্বীকারকারির দায়ের কথা।

৮৮ ধারা। চ্যাকের অধিকারী টাকা লইবার নিমিত্ত তাহা নিয়মমতে উপস্থিত না করিলে ও তদ্দ্বারা চ্যাকলেখকের হানি কি ক্ষতি হইলে ঐ অধিকারির নিকট তিনি দায় হইতে মুক্ত হন।

চ্যাক উচিতমতে উপস্থিত করা না গেলে ও তদ্দ্বারা লেখকের হানি হইলে তদ্বিষয়ক কথা।

89 Where a cheque payable to order purports to be indorsed by or on behalf of the payee, the drawee is discharged by payment in due course

Cheque payable to order

৮৯ ধারা। চ্যাকের টাকা আজ্ঞামতে দিবার নিয়ম থাকিলে, ও টাকা প্রাপকের দ্বারা কি তাঁহার সপক্ষে পৃষ্ঠলিপি লেখা গিয়াছে বলিয়া দৃষ্ট হইলে, টাকাদায়ক যথাক্রমে টাকা দিয়া দায় হইতে মুক্ত হন।

চ্যাকের টাকা আজ্ঞা মতে দিবার নিয়ম থাকিলে তদ্বিষয়ক কথা।

90 If the holder of a bill of exchange acquiesces in a conditional acceptance, or one limited to part of the sum mentioned in the bill, or which substitutes a different place or time for payment, or which, where the drawers are not partners is not signed by all the drawees, all previous parties whose consent is not obtained to such acceptance are discharged as against the holder and those claiming under him

Parties not consenting discharged by conditional or limited acceptance

৯০ ধারা। নিয়ম অবধারণ করিয়া কিম্বা বিল অফ একসচেঞ্জের উল্লিখিত টাকার একাংশ দিবার নিয়মে কিম্বা টাকা দিবার যে সময় ও স্থান নির্দ্দিষ্ট ছিল তাহা পরিবর্ত্তন করিয়া ঐ বিল সাকরান গেলে, কিম্বা লেখকেরা ব্যবসায়ে অংশী না হইলে ও দায়কেরা সকলেই তাহাতে স্বাক্ষর না করিলেও, যদি ঐ বিলের অধিকারী তাহাতে সম্মত হন, তবে তদ্রূপে স্বীকারকরণ বিষয়ে তাঁহার পূর্ব্ব যে সকল পক্ষের সম্মতি লওয়া যায় নাই তাঁহারা ঐ অধিকারির ও তদধীন সকল দাওয়াদারের নিকট দায়হইতে মুক্ত হন।

নিয়মাধীনে কি সীমা নির্দ্দেশ করিয়া স্বীকার করা গেলে যে পক্ষেরা সম্মত নহেন তাঁহাদের মুক্ত হইবার কথা।

91 Save as provided in sections 20, 53, 90, and 120, any material alteration of a negotiable instrument renders the same void as against any one who is a party thereto at the time of making such alteration and does not consent thereto, unless it was made in order to carry out the common intention of the original parties,

Effect of material alteration

৯১ ধারা। ২০, ৫৩, ৯০, ও ১২০ ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের গুরুতর পরিবর্ত্তন হইলে, যদি ঐ পত্রের প্রথম পক্ষদের সাধারণ অভিপ্রায় সফল করিবার উদ্দেশে ঐ রূপ পরিবর্ত্তন করা না যায়, তবে পরিবর্ত্তন করণ সময়ে ঐ পত্রের যে কোন পক্ষ তদ্বিষয়ে সম্মত না হন তাঁহার উপলক্ষে ঐ নিদর্শনপত্র ব্যর্থ হইবে,

গুরুতর পরিবর্ত্তনের ফলের কথা।

and any such alteration if made by an indorsee, discharges his indorser from all liability to him in respect of the consideration thereof

Alteration by indorsee

এবং পৃষ্ঠলিপিক্রমে প্রাপক তদ্রূপ পরিবর্ত্তন করিলে ঐ নিদর্শনপত্রের মূল্য সম্বন্ধে পৃষ্ঠলিপিকারকের যে দায় ছিল তিনি তাহা হইতে মুক্ত হন।

পৃষ্ঠলিপিক্রমে প্রাপক পরিবর্ত্তন করিলে, তদ্বিষয়ক কথা।

The provisions of this section are subject to those of sections 20, 53, 90, and 120

এই ধারার বিধানগুলি ২০ ও ৫৩ ও ৯০ ও ১২০ ধারার বিধানের নিয়মাধীন।

92 An acceptor or indorser of a negotiable instrument is bound by his acceptance or indorsement notwithstanding any previous alteration of the instruments

Acceptor or indorser bound notwithstanding previous alteration

৯২ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র পরিবর্ত্তন করা গেলেও যিনি তৎপশ্চাৎ তাহা সাকরিয়া দেন কি তাহার পৃষ্ঠলিপি করেন তিনি সেই স্বীকার করণে বা পৃষ্ঠলিপিতে বদ্ধ হন।

পূর্ব্বে পরিবর্ত্তন হইলেও স্বীকারকারির কি পৃষ্ঠলিপিকারকের বদ্ধ থাকিবার কথা।

93 Where a promissory note, bill of exchange or cheque has been materially altered, but does not appear to have been so altered,

Payment of instrument on which alteration is not apparent.

৯৩ ধারা। ঋণপত্রের কি বিল অফ একসচেঞ্জের কি চ্যাকের গুরুতর পরিবর্ত্তন করা গেলে ও উক্ত প্রকারে পরিবর্ত্তিত হইয়াছে এমত দেখা না গেলে।

নিদর্শনপত্রের পরিবর্ত্তন স্পষ্ট না দেখা গেলে টাকা দিবার কথা।

or where a cheque is presented for payment which does not at the time of presentation appear to be crossed or to have had a crossing which has been obliterated,

কিম্বা টাকা পাইবার নিমিত্ত চ্যাক উপস্থিত করা গেলে কিন্তু উপস্থিত করণ সময়ে ক্রাস করা যাইবার মত না দেখাইলে কিম্বা ক্রাস করা গেলেও তাহার অক্ষরাদি উঠিয়া গেলে।

payment thereof by a person or banker liable to pay and paying the same according to the apparent tenor thereof at the time of payment and otherwise in due course, shall discharge such person or banker from all liability thereon, and such payment shall not be questioned by reason of the instrument having been altered, or the cheque crossed.

যে ব্যক্তি কি ব্যাঙ্কর তাহার টাকার দায়ী হন টাকা দিবার সময় পত্রের যে ভাব দেখায় তদনুসারে ও যথাক্রমে তাহার টাকা দিলে, তিনি তৎসম্পর্কীয় সকল দায় হইতে মুক্ত হইবেন, এবং নিদর্শনপত্র পরিবর্ত্তন করা গিয়াছে কিম্বা চ্যাক ক্রাস করা গিয়াছে বলিয়া টাকা দিবার কোন প্রতিবাদ করা যাইবে না।

[*Government Gazette*, 20*th May* 1879]

CHAPTER VIII

OF NOTICE OF DISHONOUR.

Dishonour by non-acceptance

94 A bill of exchange is said to be dishonored by non acceptance when the drawee, or one of several drawees not being partners, makes default in acceptance upon being duly required to accept the bill

Where the drawee is incompetent to contract the bill may be treated as dishonoured

Dishonour by non payment

95 A promissory note, bill of exchange or cheque is said to be dishonoured by non-payment when the maker of the note acceptor of the bill, or drawee of the cheque makes default in payment upon being duly required to pay the same

By and to whom notice should be given

96 When a promissory note, bill of exchange or cheque is dishonoured by non acceptance or non-payment, the holder thereof, or some party thereto who remains liable thereon, must give notice that the instrument has been so dishonoured to all other parties whom the holder seeks to make severally liable thereon, and to some one of several parties whom he seeks to make jointly liable thereon

Nothing in this section renders it necessary to give notice to the maker of the dishonoured promissory note, or the drawee or acceptor of the dishonoured bill of exchange or cheque

Mode in which notice may be given

97 Notice of dishonour may be given to a duly authorised agent of the person to whom it is required to be given, or, where he has died, to his legal representative, or, where he has been declared an insolvent, to his assignee, may be oral or written, may, if written, be sent by post, and may be in any form, but it must inform the party to whom it is given, either in express terms or by reasonable intendment, that the instrument has been dishonoured, and in what way, and that he will be held liable thereon, and it must be given within a reasonable time after dishonour, at the place of business, or (in case such party has no place of business) at the residence of the party for whom it is intended

If the notice is sent by post and miscarries, such miscarriage does not render the notice invalid.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২০ মে।]

অষ্টম অধ্যায়।

অগ্রাহ্য হইবার নোটিসবিষয়ক বিধি।

সাকরিয়া না দেওয়াতে অগ্রাহ্য হইবার কথা।

৯৪ ধারা। বিল অফ একসচেঞ্জের টাকা দায়কের নিকট, কিম্বা ব্যবসায়ে অংশিভিন্ন টাকাদায়ক অনেক ব্যক্তির মধ্যে এক ব্যক্তির নিকট, ঐ বিলসাকরিয়া দিতে নিয়মমতে আদেশ হইলে যদি তিনি সাকরিয়া না দেন, তবে সাকরিয়া না দেওয়াতে বিল অগ্রাহ্য হইল বলা যায়।

টাকাদায়ক চুক্তি করিবার সক্ষম না হইলে, অগ্রাহ্য হইবার ন্যায় ঐ বিল লইয়া কার্য্য হইতে পারিবে।

টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইবার কথা।

৯৫ ধারা। ঋণপত্রকারকের কিম্বা বিল অফ একসচেঞ্জের স্বীকারকারির কি চ্যাকের টাকাদায়কের নিকট নিয়মমতে ঐ পত্রের টাকা দিবার আদেশ হইলে যদি না দেন, তবে টাকা না দেওয়াতে ঐ প্রতিজ্ঞাপত্র কি বিল কি চ্যাক অগ্রাহ্য হইল বলা যায়।

যাঁহাকে যাঁহার নোটিস দিতে হইবে তদ্বিষয়ক কথা।

৯৬ ধারা। সাকরিয়া না দেওয়াতে কি টাকা না দেওয়াতে ঋণপত্র কি বিল অফ একসচেঞ্জ কি চ্যাক অগ্রাহ্য হইয়া গেলে, ঐ পত্রের অধিকারী যে সকল পক্ষকে পৃথক২ রূপে দায়ী করিতে চেষ্টা করেন তাঁহাদের সকলকে ও যে২ পক্ষকে যোতায় দায়ী করিতে চেষ্টা করেন তাঁহাদের কোন এক জনকে ঐ অধিকারির কিম্বা যে কোন পক্ষ ঐ পত্রসম্পর্কে দায়ী থাকেন তাঁহার ঐ নিদর্শনপত্র অগ্রাহ্য হওয়ার নোটিস দিতে হইবে।

এই ধারার কোন কথাক্রমে ঐ অগ্রাহ্য করা ঋণপত্রকারককে কিম্বা অগ্রাহ্য করা বিল অফ একসচেঞ্জের কি চ্যাকের টাকাদায়ককে কি স্বীকারকারিকে নোটিস দিবার আবশ্যকতা নাই।

নোটিস যে প্রকারে দেওয়া যাইতে পারে তদ্বিষয়ের কথা।

৯৭ ধারা। যাঁহার প্রতি অগ্রাহ্য হইবার নোটিস দিতে হইবে তাঁহার সপক্ষ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের প্রতি ঐ নোটিস দেওয়া যাইতে পারিবে, কিম্বা তাঁহার মৃত্যু হইলে তাঁহার বৈধ স্থলাভিষিক্তের, কিম্বা তাঁহাকে সম্বলহীন বলিয়া প্রকাশ করা গেলে তাঁহার আসৈনীর প্রতি ঐ নোটিস দেওয়া যাইতে পারিবে। নোটিস বাচনিক বা লিখিত হইতে পারিবে। লিখিত হইলে ডাকযোগে পাঠান যাইতে পারিবে। তাহা লিখিবার কোন পাঠ নিরূপণ নাই, কিন্তু ঐ নোটিস যাঁহাকে দেওয়া যায়, ঐ নিদর্শনপত্র যে অগ্রাহ্য হইয়াছে, ও যে প্রকারে অগ্রাহ্য হইয়াছে, ও তাঁহাকে যে তদ্বিষয়ে দায়ী বলিয়া জ্ঞান করা যাইবে, এই সকল কথা তাঁহাকে স্পষ্ট করিয়া কিম্বা ইঙ্গিতভাবে যাহাতে যুক্তিমত বুঝা যায় এরূপে জানাইতে হইবে, ও যে পক্ষের নিকট দেওয়া যাইবে ঐ পত্র অগ্রাহ্য হইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে তাঁহার কর্ম্মস্থানে, কিম্বা তাঁহার কর্ম্মস্থান না থাকিলে তাঁহার বাসস্থানে ঐ নোটিস দিতে হইবে।

নোটিস ডাকযোগে পাঠান গেলে যদি না পঁহুছে তবে না পঁহুছিবাতে ঐ নোটিস অসিদ্ধ হইবে না।

98 Any party receiving notice of dishonour must, in order to render any prior party liable to himself, transmit it to such party within a reasonable time, unless such party otherwise receives due notice as provided by section 96

Party receiving must transmit notice of dishonour

99 When the instrument is deposited with an agent for presentment, the agent is entitled to the same time to give notice to his principal as if he were the holder giving notice of dishonour, and the principal is entitled to a further like period to give notice of dishonour

Agent for presentment

100 When the party to whom notice of dishonour is despatched is dead, but the party despatching the notice is ignorant of his death, the notice is sufficient

When party to whom notice given is dead

When notice of dishonour is unnecessary

101 No notice of dishonour is necessary—

(*a*) when it is dispensed with by the party entitled thereto,

(*b*) in order to charge the drawer, when he has countermanded payment,

(*c*) when the party charged could not suffer damage for want of notice,

(*d*) when the party entitled to notice cannot after due search be found, or the party bound to give notice is, for any other reason, unable without any fault of his own to give it,

(*e*) to charge the drawers, when the acceptor is also a drawer,

(*f*) in the case of a promissory note which is not negotiable,

(*g*) when the party entitled to notice, knowing the facts, promises unconditionally to pay the amount due on the instrument

---

CHAPTER IX

OF NOTING AND PROTEST

102 When a promissory note or bill of exchange has been dishonoured by non-acceptance or non-payment, the holder may cause such dishonour to be noted by a notary public upon the instrument, or upon a paper attached thereto, or partly upon each

Noting

৯৮ ধারা। কোন পক্ষ অগ্রাহ্য হইবার নোটিস পাইলে, আপনার পূর্ব্ব কোন পক্ষ যদি ৯৬ ধারার বিধানমতে উপযুক্ত নোটিস প্রকারান্তরে না পাইয়া থাকেন, তবে তাঁহাকে আপনার নিকট দায়ী করিবার জন্যে তাঁহার নিকট ঐ পক্ষের ঐ নোটিস চালান করিতে হইবে।

কোন পক্ষ অগ্রাহ্য হইবার নোটিস পাইলে তাঁহার চালান করিতে হইবার কথা।

৯৯ ধারা। ঐ নিদর্শনপত্র উপস্থিত করিবার জন্যে কোন ব্যক্তির সপক্ষ কর্ম্মকারকের নিকট গচ্ছিত থাকিলে ঐ পত্রের অধিকারী হইয়া অগ্রাহ্য হইবার নোটিস দিতে হইলে তাঁহাকে যত সময় দেওয়া যাইত, আপনার মুনিবকে নোটিস দিবার জন্যে তত সময় দেওয়া যাইবে, মুনিবও অগ্রাহ্য হইবার নোটিস দিবার জন্যে আর তত সময় পাইবার স্বত্ববান।

উপস্থিত করণার্থ কর্ম্মকারক বিষয় কথা।

১০০ ধারা। যে পক্ষের নিকট অগ্রাহ্য হইবার নোটিস পাঠান যায় তাঁহার মৃত্যু হইলে, কিন্তু যিনি নোটিস পাঠাইলেন তিনি ঐ পক্ষের মৃত্যুর কথা জ্ঞাত না থাকিলে, ঐ নোটিস প্রচুর হইবে।

যাঁহাকে নোটিস দেওয়া যায় তাঁহার মৃত্যু হইলে তদ্বিষয়ক কথা।

যে স্থলে অগ্রাহ্য হইবার নোটিস অনাবশ্যক তদ্বিষয়ের কথা।

১০১ ধারা। অগ্রাহ্য হইবার নোটিস এই২ স্থলে আবশ্যক নহে,

(ক) যাঁহার সেই নোটিস পাইবার স্বত্ব থাকে তিনি না পাইলেও উপেক্ষা করিলে,

(খ) পত্রলেখক টাকা-দেওয়া নিষেধ করিয়া থাকিলে তাঁহার প্রতি দায় বর্ত্তাইবার নিমিত্ত,

(গ) যাঁহার প্রতি দায় বর্ত্তে নোটিস না পাইলেও তাঁহার হানি হইতে না পারিলে,

(ঘ) যে পক্ষের নোটিস পাইবার স্বত্ব থাকে উপযুক্তমতে অন্বেষণ করা গেলেও তাঁহাকে পাওয়া যাইতে না পারিলে, কিম্বা যে পক্ষের নোটিস দেওয়া কর্ত্তব্য তাঁহার নিজ দোষবিনা কোন কারণে তিনি তাহা দিতে অক্ষম হইলে,

(ঙ) যিনি সাকরিয়া দেন তিনি লেখকদের এক জন হইলে, লেখকদের প্রতি দায় বর্ত্তাইবার নিমিত্ত,

(চ) যে ঋণপত্র ক্রেয়বিক্রেয় নয় এমত পত্র হইলে,

(ছ) যে পক্ষ নোটিস পাইবার স্বত্ববান তিনি বৃত্তান্ত জ্ঞাত হইয়া, নিদর্শনপত্রের উপর দেয় টাকা নিয়মভিন্ন দিতে অঙ্গীকার করিলে।

নবম অধ্যায়।

নোট ও প্রোটেষ্ট লিখন বিষয়ক বিধি।

১০২ ধারা। ঋণপত্র কি বিল অব একস্চেঞ্জ সাকরিয়া না দেওয়াতে কি তাহার টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারী নোটরী পবলিকের দ্বারা ঐ নিদর্শনপত্রের উপর কি তৎসংযুক্ত অন্য কাগজের উপর কিম্বা একাংশ একের অন্যাংশ অন্যের উপরে ঐ অগ্রাহ্য হইবার নোট লেখাইয়া লইতে পারিবেন।

নোট লিখিবার কথা।

Such note must be made within a rea onable time after dishonour, and must specify the date of dishonour, the reason, if any, assigned for such dishonour, or, if the instrument has not been expressly dishonoured, the reason why the holder treats it as dishonoured, and the notary's charges.

Protest.

103 When a promissory note or bill of exchange has been dishonoured by non-acceptance or non-payment, the holder may, within a reasonable time, cause such dishonour to be noted and certified by a notary public Such certificate is called a protest, and in a suit upon the instrument, on proof of the protest, the Court shall presume the fact of dishonour, unless and until such fact is disproved

Protest for better security

When the acceptor of a bill of exchange has become insolvent, or his credit has been publicly impeached, before the maturity of the bill, the holder may, within a reasonable tim , cause a notary public to dem nd better security of the acceptor, and on its being refused may, within a reasonable time, cause such facts to be noted and certified as aforesaid Such certificate is called a protest for be ter security

Contents of protest

104 A protest under section 103 must contain—

(a) either the instrument itself, or a literal transcript of the instrument and of everything written or printed thereupon,

(b) the name of the person for whom and against whom the instrument has been protested,

(c) a statement that payment or acceptance, or better security, as the case may be, has been demanded of such person by the notary public, the terms of his answer, if any, or a statement that he gave no answer, or that he could not be found,

(d) when the note or bill has been dishonoured, the place and time of dishonour, and when better security has been refused, the place and time of refusal,

(e) the subscription of the notary public making the protest,

(f) in the event of an acceptance for honour or of a payment for honour, the name of the person by whom, of the person for whom, and the manner in which, such acceptance or payment was offered and effected.

অগ্রাহ্য হইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ঐ নোট লেখাইতে হইবে, তন্মধ্যে অগ্রাহ্য হইবার তারিখ ও অগ্রাহ্য করণের কোন কারণ দেওয়া গেলে সেই কারণ, ও স্পষ্টরূপে অগ্রাহ্য না হইয়া থাকিলে পত্রের অধিকারী যে কারণে অগ্রাহ্য বলিয়া ঐ নিদর্শনপত্র লইয়া কার্য্য করেন সেই কারণ, ও নোটরীর খরচ, এই২ কথা নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে।

প্রোটেষ্টের কথা।

১০৩ ধারা। ঋণপত্র কি বিল অফ একসচেঞ্জ সাকরিয়া না দেওয়াতে কি তাহার টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারী যুক্তিসঙ্গত সময়ের মধ্যে নোটরী পবলিকের দ্বারা সেই কথার নোট ও সর্টিফিকেট লেখাইয়া লইতে পারিবেন। সেই সর্টিফিকেট প্রোটেষ্ট বলা যায় ও নিদর্শনপত্রের উপর মোকদ্দমা উপস্থিত করা গেলে, বিপরীত প্রমাণ না থাকিলে বা না পাওয়া গেলে, আদালত ঐ সর্টিফিকেট উক্ত পত্র অগ্রাহ্য হইবার প্রমাণ বলিয়া জ্ঞান করিবেন।

আরো উত্তম প্রতিভূ প্রাপণার্থে প্রোটেষ্টের কথা।

বিল অফ একসচেঞ্জের মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে ঐ বিলের স্বীকারকারী যোত্রহীন হইলে, কিম্বা প্রকাশ রূপে তাঁহার বিশ্বস্ততার প্রতি দোষারোপ হইলে, ঐ পত্রের অধিকারী যুক্তিসঙ্গত সময়ের মধ্যে নোটরীপবলিকের দ্বারা স্বীকারকারির স্থানে আরো উত্তম প্রতিভূর দাওযা করিতে পারিবেন। তাহা না দেওয়া গেলে যুক্তি সঙ্গত সময়ের মধ্যে পূর্ব্বোক্তমতে সেই বৃত্তান্তের নোট ও সর্টিফিকেট লেখাইতে পারিবেন। সেই সর্টিফিকেট "আরো উত্তম প্রতিভূর নিমিত্ত প্রোটেষ্ট" বলা যায়।

প্রোটেষ্টপত্রে যাহা লিখিতে হইবে তদ্বিষয়ের কথা।

১০৪ ধারা। ১০৩ ধারামত প্রোটেষ্টপত্রে এই২ বিষয় থাকিবে,—

(ক) নিদর্শনপত্রই, কিম্বা ঐ নিদর্শনপত্রের ও তাহার উপর লেখা কি ছাপা করা প্রত্যেক অক্ষরের প্রতিলিপি,

(খ) যাঁহার সপক্ষে ও যাঁহার বিপক্ষে নিদর্শনপত্রের প্রোটেষ্ট করা যায় তাঁহাদের নাম,

(গ) নোটরী পবলিকের দ্বারা সেই ব্যক্তির নিকট টাকার দাওয়া কিম্বা স্থলবিশেষে সাকরিয়া দিবার কি আরো উত্তম প্রতিভূর দাওয়া হইযাছে এই কথা ও ঐ ব্যক্তি উত্তর দিয়া থাকিলে সেই উত্তরের কথা, কিম্বা তিনি উত্তর দিলেন না কি তাঁহার উদ্দেশ পাওয়া গেল না এই কথা,

(ঘ) ঋণপত্র কি বিল অগ্রাহ্য হইলে অগ্রাহ্য করণের, ও আরো উত্তম প্রতিভূ দিতে অস্বীকার করা থাকিলে অস্বীকার করণের সময় ও স্থান,

(ঙ) যে নোটরী পবলিক প্রোটেষ্টপত্র লিখেন তাঁহার স্বাক্ষর,

(চ) অন্য ব্যক্তি যদি মানরক্ষার্থে সাকরিয়া দেন কি মানরক্ষার্থে টাকা দেন তবে যাঁহার দ্বারা ও যাঁহার নিমিত্তে ও যে প্রকারে সাকরাইয়া দিবার কি টাকা দিবার প্রস্তাব হইল ও ঐ কর্ম সম্পন্ন হইল, এই সকল কথা।

105. When a promissory note or bill of exchange is required by law to be protested, notice of such protest must be given instead of notice of dishonour in the same manner and subject to the same conditions, but the notice may be given by the notary public who makes the protest.

Notice of protest

106 All bills of exchange drawn payable at some other place than the place mentioned as the residence of the drawee, and which are dishonoured by non-acceptance, may, without further presentment to the drawee, be protested for non-payment, in the place specified for payment, unless paid before or at maturity.

Protest for non-payment after dishonour by non-acceptance

CHAPTER X

OF REASONABLE TIME

107. In determining what is a reasonable time for presentment for acceptance or payment, for giving notice of dishonour and for noting, regard shall be had to the nature of the instrument and the usual course of dealing with respect to similar instruments, and in calculating such time, public holidays shall be excluded

Reasonable time

108 Presentment is made within a reasonable time, within the meaning of sections 65, 77, and 78, if it is made on the business day next after that on which the holder received the instrument referred to, or when there is no more delay than is occasioned by the residence of the parties to the instrument in different places.

Reasonable time for presentment

Illustration

A draws on B, resident at Calcutta, a bill of exchange in favour of C payable at sight and sends it to C at Benares C, the day after he receives it, endorses it to D, and despatches it to D at Calcutta D, the day after he receives the bill, presents it for payment The delay which has taken place in presenting the bill is not unreasonable.

109. If the holder and the party to whom notice of dishonour is given carry on business or live (as the case may be) in different places, such notice is given within a reasonable

Reasonable time of giving notice of dishonour

১০৫ ধারা। আইনমতে যদি অঙ্গীকারপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের প্রোটেষ্ট লেখা প্রয়োজন হয়, তবে অগ্রাহ্য হইবার নোটিস যে প্রকারে ও যে নিয়মাধীনে দেওয়া যায় অগ্রাহ্য হওয়ার নোটিসের পরিবর্তে ঐ প্রোটেষ্টের নোটিস সেই প্রকারে ও সেই নিয়মমতে দিতে হইবে, কিন্তু যে নোটরী পবলিক প্রোটেষ্ট লিখিয়া দেন তাঁহার দ্বারা নোটিস দেওয়া যাইতে পারিবে।

প্রোটেষ্টের নোটিস বিষয়ক কথা।

১০৬ ধারা। বিল অফ এক্সচেঞ্জের টাকা দায়কের বাসস্থান বলিয়া উল্লিখিত স্থান ভিন্ন অন্য স্থানে তাহার টাকা দিবার নিয়ম লেখা গেলেও সাকারিয়া না দেওয়া প্রযুক্ত তাহা অগ্রাহ্য হইলে ও মিয়াদ পূর্ণ হইবার সময় বা তৎপূর্ব্বে টাকা দেওয়া না গেলে, টাকাদায়কের নিকট আর উপস্থিত না করিয়া যে স্থানে টাকা দেওয়া যাইবে বলিয়া নির্দ্দিষ্ট ছিল সেই স্থানে টাকা না দেওয়াতে তাহার প্রোটেষ্ট লেখা যাইতে পারিবে।

সাকারিয়া না দেওয়া প্রযুক্ত অগ্রাহ্য হইবার পর টাকা না দেওয়াতে প্রোটেষ্ট হইবার কথা।

দশম অধ্যায়।

যুক্তি সঙ্গত সময় বিষয়ক বিধি।

১০৭ ধারা। সাকারাইয়া লইবার কি টাকা লইবার জন্যে উপস্থিত করিবার ও অগ্রাহ্য হইবার নোটিস দিবার ও নোট লেখাইয়া লইবার যুক্তিসঙ্গত সময় কাহাকে বলে ইহা স্থির করিতে গেলে নিদর্শনপত্রের ভাব, ও সেই প্রকারের নিদর্শনপত্র লইয়া রীতিতে যেরূপে কার্য্য হইয়া থাকে তাহা বিবেচনা করিতে হইবে, ও সেই সময়ের হিসাব করিতে হইলে সাধারণের ছুটীর দিন ধরিতে হইবে না।

যুক্তিসঙ্গত সময়ের কথা।

১০৮ ধারা। অধিকারী যে দিনে ক্রেয়াবিক্রয় নিদর্শনপত্র প্রাপ্ত হন তাহার পর কার্য্য চলনের যে দিন আইসে সেই দিনেই উপস্থিত করিলে, কিম্বা উক্ত নিদর্শনপত্রের উভয় পক্ষের বাসস্থান ভিন্ন২ স্থানে থাকা প্রযুক্ত যে বিলম্ব সম্ভব তদপেক্ষা বিলম্ব না করিলে ঐ পত্র ৬৫ ও ৭৭ ও ৭৮ ধারার অভিপ্রায়ানুসারে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উপস্থিত করা যায়।

উপস্থিত করণের যুক্তিসঙ্গত সময়ের কথা।

উদাহরণ।

দেখাইবামাত্র যে বিল অফ এক্সচেঞ্জের টাকা দিতে হইবে আনন্দ কলিকাতা নিবাসী বলরামের নামে এমত বিল চন্দ্রের সপক্ষে লিখিয়া বারাণসীতে চন্দ্রের নিকট পাঠাইয়া দেন। চন্দ্র তাহা যে দিনে পাইলেন তাহার পর দিনে তাহার পৃষ্ঠে দিননাথের নাম লিখিয়া কলিকাতায় দিননাথের নিকট পাঠাইয়া দেন। দিননাথ যে দিন পাইলেন তাহার পর দিনে টাকা লইবার নিমিত্ত উপস্থিত করেন। ঐ বিল উপস্থিত করণে যে বিলম্ব হইয়াছে তাহা অযুক্ত নয়।

১০৯ ধারা। পত্রের অধিকারী ও অগ্রাহ্য হইবার নোটিস যে পক্ষকে দেওয়া যায় তিনি যদি ভিন্ন২ স্থানে কর্ম্ম চালান কিম্বা (স্থলবিশেষে) বাস করেন তবে অ-

অগ্রাহ্য হইবার নোটিস দিবার যুক্তিসঙ্গত সময়ের কথা।

time if it is despatched by the next post or on the day next after the day of dishonour

If the said parties carry on business or live in the same place, such notice is given within a reasonable time if it is despatched in time to reach its destination on the day next after the day of dishonour

110 A party receiving notice of dishonour, who seeks to enforce his right against a prior party, transmits the notice within a reasonable time if he transmits it within the same time after its receipt as he would have had to give notice if he had been the holder

Reasonable time for transmitting such notice

CHAPTER XI

Of Acceptance and Payment for Honour.

111 When a bill of exchange has been noted or protested for non-acceptance or for better security, any person may, with the consent of the holder, by writing on the bill, accept the same for the honour of any party thereto

Acceptance for honour

112 Where the acceptance does not express for whose honour it is made, it shall be deemed to be made for the honour of the drawer.

Acceptance not specifying for whose honour it is made

113 An acceptor for honour binds himself to all parties subsequent to the party for whose honour he accepts to pay the amount of the bill if the drawee do not, and such party and all prior parties are liable in their respective capacities to compensate the acceptor for honour for all loss or damage sustained by him in consequence of such acceptance

Liability of acceptor for honour

But an acceptor for honour is not liable to the holder of the bill unless it is presented, or (in case the address given by such acceptor on the bill is a place other than the place where the bill is made payable) forwarded for presentment, not later than the day next after the day of its maturity.

114. An acceptor for honour cannot be charged unless the bill has at its maturity been presented to the drawee for payment and has been dishonoured by him, and noted or protested for such dishonour.

When acceptor for honour may be charged.

অগ্রাহ্য হইবার পরেই যে ডাক যায় সেই ডাকযোগে কিম্বা অগ্রাহ্য হইবার দিনের পর দিনেই পাঠান গেলে ঐ নোটিস যুক্তিসঙ্গত সময়ের মধ্যে দেওয়া গেল।

উক্ত দুইপক্ষ ব্যক্তি এক স্থানে কর্ম্ম চালাইলে কি বাস করিলে, ঐ নোটিস যে স্থানে অগ্রাহ্য হইবার পর দিনে লক্ষিত স্থানে পঁহুছে এমত পাঠান গেলে, তাহা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে দেওয়া গেল।

১১০ ধারা। কোন ব্যক্তি পূর্ব্ব কোন পক্ষের বিপক্ষে আপনার স্বত্ব প্রবল করিতে চেষ্টা করিলে, অগ্রাহ্য হইবার নোটিস পাইয়া পত্রের অধিকারী হইলে যে সময়ের মধ্যে তাহার নোটিস দিতে হইত নোটিস পাইলেপর সেই সময়ের মধ্যে তাহা চালান করিলে, তিনি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে চালান করিলেন।

নোটিস চালান করিবার যুক্তিসঙ্গত সময়ের কথা।

একাদশ অধ্যায়।

মান রক্ষার্থে সাকরিয়া দেবার ও টাকা দিবার বিধি।

১১১ ধারা। সকরিয়া না দেওয়া প্রযুক্ত কিম্বা আরো উত্তম প্রতিভূর নিমিত্ত বিল অফ এক্সচেঞ্জ নোট কি প্রোটেষ্ট লেখা গেলে, কোন ব্যক্তি ঐ পত্রের অধিকারির সম্মতি ক্রমে বিলের উপর লিখিয়া তৎসম্পর্কীয় কোন পক্ষের মানরক্ষার্থে তাহা সাকরিয়া দিতে পারিবেন।

মানরক্ষার্থে সাকরিয়া দিবার কথা।

১১২ ধারা। যাঁহার মানরক্ষার নিমিত্ত সাকরিয়া দেওয়া গেল এই কথা ঐ লেখায় স্পষ্ট না থাকিলে, বিল প্রভৃতির লেখকের মানরক্ষার্থে করা গেল বলিয়া জ্ঞান করা যাইবে।

যাহার মান রক্ষার্থ করা গেল ইহা নির্দ্দেশ না করিয়া সাকরিয়া দিবার কথা।

১১৩ ধারা। টাকাদায়ক বিলের টাকা না দিলে, মানরক্ষার্থে স্বীকারকারী যে পক্ষের মান রক্ষার নিমিত্ত টাকা দিতে স্বীকার করেন তাঁহার পশ্চাৎ ঐ পত্র সম্বন্ধীয় সকল পক্ষের নিকট তিনি আপনাকে বদ্ধ করেন। ও তদ্রূপ স্বীকারকরণ প্রযুক্ত তাঁহার হানি কি ক্ষতি হইলে, উক্ত পক্ষ ও তৎপূর্ব্ব সকল পক্ষ আপনার সম্পর্কানুসারে তাঁহার হানি কি ক্ষতি পূরণ করিবার দায়ী হন।

মান রক্ষার্থে স্বীকারকারির দায়ের কথা।

কিন্তু বিলের মিয়াদ যে দিনে পূর্ণ হয় তাহার পর দিনে অগোণে তাহা উপস্থিত করা না গেলে কিম্বা টাকা দিবার যে স্থান বিলে লেখা থাকে ঐ স্বীকারকারী বিলের উপর তদ্ভিন্ন অন্য স্থানের নাম লিখিয়া দিলে) উপস্থিত করিবার নিমিত্ত পাঠান না গেলে, মানরক্ষার্থ সেই স্বীকারকারী ঐ বিলের অধিকারির নিকট দায়ী হন না।

১১৪ ধারা। বিলের মিয়াদ পূর্ণ হইলে টাকা লইবার নিমিত্ত তাহা টাকাদায়কের নিকট উপস্থিত করা না গেলে ও তিনি তাহা অগ্রাহ্য না করিলে ও অগ্রাহ্য হইবার নোট ও প্রোটেষ্ট লেখা না গেলে, মানরক্ষার্থ স্বীকারকারির প্রতি দায় বর্ত্তে না।

মান রক্ষার্থে স্বীকারকারির দায় যে স্থলে বর্ত্তিতে পারে তাহার কথা।

115 When a bill of exchange has been noted or protested for non-payment, any person may pay the same for the honour of any party liable to pay the same, provided that the person so paying has previously declared before a notary public the party for whose honour he pays, and that such declaration has been recorded by such notary public.

Payment for honour

116 Any person so paying is entitled to all the rights, in respect of the bill, of the holder at the time of such payment, and may recover from the party for whose honour he pays all sums so paid, with interest thereon and with all expenses properly incurred in making such payment.

Right of payer for honour

CHAPTER XII

OF COMPENSATION

117 The compensation payable in case of dishonour of a promissory note bill of exchange or cheque, by any party liable to the holder or any indorsee, shall (except in cases provided for by the Code of Civil Procedure, section 532) be determined by the following rules —

Rules as to compensation

(*a*) The holder is entitled to the amount due upon the instrument, together with the expenses properly incurred in presenting, noting and protesting it,

(*b*) When the person charged resides at a place different from that at which the instrument was payable, the holder is entitled to receive such sum at the current rate of exchange between the two places,

(*c*) An indorser who, being liable, has paid the amount due on the same is entitled to the amount so paid with interest at six per centum per annum from the date of payment until tender or realization thereof, together with all expenses caused by the dishonour and payment,

(*d*) When the person charged and such indorser reside at different places, the indorser is entitled to receive such sum at the current rate of exchange between the two places,

(*e*) The party entitled to compensation may draw a bill upon the party liable to compensate him, payable at sight or on demand, for the

১১৫ ধারা। বিল অফ একচেঞ্জের টাকা না দেওয়াতে ঐ বিলের নোট কি প্রোটেষ্ট লেখা গেলে পর কোন ব্যক্তি ঐ বিলের টাকা দায়ী কোন ব্যক্তির মানরক্ষার্থে ঐ টাকা দিতে পারিবেন, কিন্তু এমত স্থলে প্রযোজন যে তিনি যে ব্যক্তির মানরক্ষার নিমিত্ত ঐ টাকা দেন, নোটরী পবলিকের সম্মুখে তাঁহার নাম পূর্ব্বে প্রকাশ করেন ও সেই প্রকাশিত কথা নোটরী পবলিকের দ্বারা লিপিবদ্ধ করা যায়।

মানরক্ষার্থে টাকা দিবার কথা।

১১৬ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে টাকা দিলে ঐ টাকা দিবার সময়ে বিলের অধিকারির সেই বিল সম্পর্কে যে সকল স্বত্ব থাকে তিনিও সেই সকল স্বত্বে স্বত্ববান, ও যাঁহার মানরক্ষার নিমিত্ত টাকা দিলেন তাহার স্থানে সুদসুদ্ধ ও ঐ টাকা দিতে গিয়া তাহার ন্যায্যরূপে যে সকল খরচ লাগিল তাহা সুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন।

মানরক্ষার নিমিত্ত যিনি টাকা দেন তাঁহার স্বত্বের কথা।

দ্বাদশ অধ্যায়।

হানি পূরণ বিষয়ক বিধি।

১১৭ ধারা। ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারির কিম্বা পৃষ্ঠলিপিক্রমে টাকাপ্রাপকের নিকট যে ব্যক্তি দায়ী হন, হানিপূরণ স্বরূপ তাঁহার যত টাকা দিতে হইবে ইহা (দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ৫৩২ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন) নিম্নলিখিত বিধিমতে স্থির করিতে হইবে,—

হানিপূরণ বিষয়ক বিধির কথা।

(ক) নিদর্শনপত্রের উপর যত টাকা দেয় হয় পত্রের অধিকারী তত টাকা এবং ঐ পত্র উপস্থিত করিতে ও নোট ও প্রোটেষ্ট লিখাইতে তাঁহার উচিত যে খরচ লাগিল তাহাও পাইবার স্বত্ববান।

(খ) যে স্থানে নিদর্শনপত্রের টাকা দিবার নিয়ম ছিল, দায় যে ব্যক্তির প্রতি বর্ত্তে তিনি তদ্ভিন্ন স্থানে বাস করিলে, ঐ দুই স্থানের মধ্যে চলিত যে হিসাবে মুদ্রার বিনিময় করা যায়, পত্রের অধিকারী সেই হিসাবে টাকা পাইবার স্বত্ববান।

(গ) পৃষ্ঠলিপিকারক দায়ী হওয়াতে ঐ নিদর্শনপত্রের উপর দেনা টাকা দিলে, তিনি ঐ টাকা দিবার তারিখ অবধি তাহা ফিরিয়া দিবার প্রস্তাব না হওন কি আদায় না করণ পর্য্যন্ত আপনার দত্ত ঐ টাকার উপর বৎসর শতকরা ছয় টাকার হিসাবে সুদসুদ্ধ, ও ঐ পত্র অগ্রাহ্য হওয়াতে ও টাকা দেওয়াতে তাঁহার যত খরচ হয়, তাহা সুদ্ধ ঐ টাকা পাইতে স্বত্ববান।

(ঘ) যে ব্যক্তির প্রতি দায় বর্ত্তে তিনি ও পৃষ্ঠলিপিকারক এই দুই জন যদি ভিন্ন২ স্থানে বাস করেন তবে ঐ দুই স্থানে চলিত যে হিসাবে মুদ্রার বিনিময় করা যায় পৃষ্ঠলিপিকারক সেই হিসাবে ঐ টাকা পাইবার স্বত্ববান।

(ঙ) যে পক্ষ হানিপূরণ পাইবার স্বত্ববান তাঁহার যত খরচ লাগে তাহা সুদ্ধ আপনার পাওনা টাকার নিমিত্তে ঐ হানিপূরণের দায়ী ব্যক্তির উপর বিল

amount due to him together with all expenses properly incurred by him Such bill must be accompanied by the instrument dishonoured and the protest thereof (if any) If such bill is dishonoured, the party dishonouring the same is liable to make compensation thereof in the same manner as in the case of the original bill

দিতে পারিবেন, ও দেখাইবামাত্র বা চাহিবামাত্র ঐ বিলের টাকা দিবার নিয়ম থাকিবে। যে নিদর্শনপত্র অগ্রাহ্য হইয়াছে তাহা এবং প্রোটেষ্ট লেখা গেলে সেই প্রোটেষ্টপত্র ঐ বিলের সঙ্গে দিতে হইবে। যদি সেই বিল অগ্রাহ্য হয় তবে যে ব্যক্তি অগ্রাহ্য করেন তিনি আসল বিলের উপর যে প্রকারে হানিপূরণের দায়ী হইতেন সেই প্রকারে দায়ী হইবেন।

CHAPTER XIII.

Of Crossed Cheques.

ত্রয়োদশ অধ্যায়।

ক্রাস করা চ্যাকবিষয়ক বিধি।

Cheque crossed generally

118. Where a cheque bears across its face an addition of the words "and company" or any abbreviation thereof, between two parallel transverse lines, or of two parallel transverse lines simply, either with or without the words "not negotiable," that addition shall be deemed a crossing, and the cheque shall be deemed to be crossed generally

চ্যাক সাধারণমতে ক্রাস করিবার কথা।

১১৮ ধারা। চ্যাকের উপরে কেরচা ভাবে সমান্তর দুই রেখার মধ্যে "এণ্ড কোম্পানি" এই কথা কিম্বা ইহার সংক্ষেপ কথা লেখা গেলে, কিম্বা তেরাচাভাবে কেবল দুই সমান্তর রেখা থাকিলে ও "বিক্রেয় নয়" এই কথা থাকিলে বা না থাকিলেও সেই কথা বা রেখা লেখাই "ক্রাসিং" বলিয়া জ্ঞান হইবে ও ঐ চ্যাক সাধারণমতে ক্রাস করা গেল বলিয়া জ্ঞান হইবে।

Cheque crossed specially

119 Where a cheque bears across its face an addition of the name of a banker, either with or without the words "not negotiable," that addition shall be deemed a crossing, and the cheque shall be deemed to be crossed specially, and to be crossed to that banker

চ্যাক বিশেষমতে ক্রাস করিবার কথা।

১১৯ ধারা। চ্যাকের উপরে তেরাচাভাবে "বিক্রেয় নয়" এই কথা সহিত বা তদ্ভিন্নও ব্যাঙ্কের নাম থাকিলে, তাহাই ক্রাসিং বলিয়া জ্ঞান হইবে ও চ্যাক বিশেষমতে ক্রাস করা গেল ও ঐ ব্যাঙ্কের পক্ষে ক্রাস করা গেল বলিয়া জ্ঞান হইবে।

Crossing after issue.

120 Where a cheque is uncrossed, the holder may cross it generally or specially

চ্যাক পাইবার পর ক্রাস করিবার কথা।

১২০ ধারা। চ্যাক ক্রাস না করা গেলে, ঐ চ্যাকের অধিকারী তাহা সাধারণ কি বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

Where a cheque is crossed generally, the holder may cross it specially

চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে, অধিকারী তাহা বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

Where a cheque is crossed generally or specially the holder may add the words "not negotiable"

চ্যাক সাধারণ কি বিশেষমতে ক্রাস করা গেলে অধিকারী "বিক্রেয় নয়" এই কথাও সংযোগ করিয়া দিতে পারিবেন।

Where a cheque is crossed specially, the banker to whom it is crossed may again cross it specially to another banker, his Agent, for collection

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেল যে ব্যাঙ্কের নামে তাহা ক্রাস করা যায় তিনি টাকা আদায়ের নিমিত্ত আবার স্বপক্ষ কর্ম্মকারক অন্য ব্যাঙ্কের নামে তাহা বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

Payment of cheque crossed generally

121 Where a cheque is crossed generally, the banker on whom it is drawn shall not pay it otherwise than to a banker

চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে তাহার টাকা দিবার কথা।

১২১ ধারা। চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে, তাহা যে ব্যাঙ্কের উপর দেওয়া যায় তিনি ব্যাঙ্কর ভিন্ন অন্য কাহাকে টাকা দিবেন না।

Payment of cheque crossed specially

Where a cheque is crossed specially, the banker on whom it is drawn shall not pay it otherwise than to the banker to whom it is crossed, or his agent for collection

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেলে টাকা দিবার কথা।

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেলে যে ব্যাঙ্কের উপর দেওয়া যায় তিনি যে ব্যাঙ্কের নামে চ্যাক ক্রাস করিয়া দেওয়া গেল তাঁহাকে কি আদায়ের নিমিত্ত তাঁহার স্বপক্ষ কর্ম্মকারকভিন্ন অন্য কাহাকে টাকা দিবেন না।

122 Where a cheque is crossed specially to more than one banker, except when crossed to an agent for the purpose of collection, the banker on whom it is drawn shall refuse payment thereof

Payment of cheque crossed specially more than once

123 Where the banker on whom a crossed cheque is drawn has paid the same in due course, the banker paying the cheque, and (in case such cheque has come to the hands of the payee) the drawer thereof, shall respectively be entitled to the same rights, and be placed in the same position in all respects, as they would respectively be entitled to and placed in if the amount of the cheque had been paid to and received by the true owner thereof

Payment in due course of crossed cheque

124 Any banker paying a cheque crossed generally otherwise than to a banker, or a cheque crossed specially otherwise than to the banker to whom the same is crossed, or his agent for collection, being a banker, shall be liable to the true owner of the cheque for any loss he may sustain owing to the cheque having been so paid

Payment of crossed cheque out of due course

125 A person taking a cheque crossed generally or specially, bearing in either case the words "not negotiable," shall not have, and shall not be capable of giving, a better title to the cheque than that which the person from whom he took it had

Cheque bearing "not negotiable"

But a banker who has in good faith and without negligence received payment from a customer of a cheque crossed generally or specially to himself shall not, in case the title to the cheque proves defective, incur any liability to the true owner of the cheque by reason only of having received such payment

CHAPTER XIV

OF FOREIGN BILLS

126 Foreign bills of exchange may be drawn in parts, each part being numbered and containing a provision that it shall continue payable only so long as the others remain unpaid All the parts together make a set, but the whole set constitutes only one bill, and is extinguished when one of the parts, if a separate bill would be extinguished

Set of bills

[Government Gazette, 20th May 1879]

১২২ ধারা। টাকা আদায়ের নিমিত্ত কোন ব্যাঙ্করের সপক্ষ কর্ম্মকারকের নামে ক্রাস করিয়া দেওয়া ভিন্ন, যদি দুই কি ততোধিক জন ব্যাঙ্করের নামে বিশেষমতে ক্রাস করিয়া দেওয়া যায়, তবে যে ব্যাঙ্করের উপর দেওয়া গেল তিনি টাকা দিতে অস্বীকার করিবেন।

চ্যাক দুই কি ততোধিক বার বিশেষমতে ক্রাস করা গেলে টাকা দিবার কথা।

১২৩ ধারা। ক্রাস করা চ্যাক যে ব্যাঙ্করের উপর দেওয়া যায় তিনি যথাক্রমে তাহার টাকা দিলে পর চ্যাকের টাকা প্রকৃত স্বামিকে দেওয়া গেলে ও তৎকর্ত্তৃক গৃহীত হইলে ঐ টাকাদাতা ব্যাঙ্করের ও (সেই চ্যাক টাকাপ্রাপকের হস্তগত হইলে) চ্যাক লেখকের যে স্বত্ব ও যে অবস্থা হইত, তাঁহারা সেই স্বত্বের অধিকারী ও সর্ব্বতোভাবে সেই অবস্থাপন্ন হইবেন।

ক্রাস করা চ্যাকের টাকা যথাক্রমে দিবার কথা।

১২৪ ধারা। কোন চ্যাক ব্যাঙ্করের নামে ক্রাস করা না গিয়া প্রকারান্তরে সাধারণমতে ক্রাস করা গেলে কিম্বা ব্যাঙ্করের নামে কিম্বা টাকা আদায়ের নিমিত্ত ব্যাঙ্করস্বরূপ তাঁহার সপক্ষ কর্ম্মকারকের নামে ক্রাস করা না গিয়া প্রকারান্তরে বিশেষমতে ক্রাস করা গেলে, যদি কোন ব্যাঙ্কর তাহার টাকা দিয়া থাকেন, তবে সেই চ্যাকের টাকা তদ্রূপ দেওয়া প্রযুক্ত প্রকৃত স্বামির কোন হানি হইলে সেই হানির জন্য ঐ ব্যাঙ্কর তাঁহার নিকট দায়ী হইবেন।

ক্রাস করা চ্যাকের টাকা অযথাক্রমে দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

১২৫ ধারা। "বিক্রেয় নয়" এই শব্দ দ্বারা কি বিশেষমতে ক্রাস করা কোন চ্যাকে থাকিলে গ্রাহক যাঁহার স্থানে তাহা প্রাপ্ত হন তদপেক্ষা তাঁহার সেই চ্যাকে প্রবল স্বত্ব নাই, ও তিনি প্রবল স্বত্ব প্রদান করিতেও পারিবেন না।

"বিক্রেয় নয়" এই শব্দ চ্যাকে লেখা থাকিলে তদ্বিষয়ক কথা।

কিন্তু যাঁহার সঙ্গে নিত্য কর্ম্ম চলে এমত ব্যক্তির স্থানে ব্যাঙ্কর সাধারণমতে কিম্বা তাঁহার নামে বিশেষমতে ক্রাস করা চ্যাকের টাকা সরলভাবে ও শৈথিল্য ভিন্ন গ্রহণ করিয়া থাকিলে, যদি চ্যাকের প্রতি ঐ অন্য ব্যক্তির স্বত্বের দোষ থাকে তবে ঐ ব্যাঙ্কর কেবল সেই টাকা গ্রহণ প্রযুক্ত ঐ চ্যাকের প্রকৃত স্বামির নিকট কোন দায়গ্রস্ত হন না।

চতুর্দ্দশ অধ্যায়।

ভিন্নদেশীয় বিলবিষয়ক বিধি।

১২৬ ধারা। ভিন্নদেশীয় বিল অংশ অংশ করিয়া পৃথক সেট করিয়া লেখা যাইতে পারিবে। সেটের প্রত্যেক কেতার নম্বর দেওয়া যাইবে ও প্রত্যেকে এই নিয়ম থাকিবে যে এক কেতার টাকা যত দিন না দেওয়া যায় তত দিন অন্য কেতার টাকা দেনা থাকিবে। ঐ সকল কেতার সমষ্টিতে এক সেট হয়, কিন্তু ঐ সকল কেতা মিলে সেট একই বিল হয়, এবং এক কেতা স্বতন্ত্র বিল হইলে যেমন তাহার টাকা শোধ হয় ঐ সেটও তদ্রূপে শোধ যায়।

বিলের সেটের কথা।

Exception.—When a person accepts or indorses different parts of the bill in favour of different persons, he is liable on each part as if it were a separate bill.

127. As between holders in due course of different parts of the same set, he who first acquired title to his part is entitled to the other parts and the money represented by the bill.

Holder of first acquired part entitled to all.

128. Where a drawee in case of need is named in a foreign bill of exchange, the bill is not dishonoured until dishonoured by such drawee.

Drawee in case of need.

129. Foreign bills of exchange must be protested for dishonour when such protest is required by the law of the place where they are drawn.

Protest of foreign bills.

CHAPTER XV.

OF INTERNATIONAL LAW.

130. In the absence of a contract to the contrary, the liability of the maker or drawer of a foreign promissory note, bill of exchange or cheque is regulated in all essential matters by the law of the place where he made the instrument, and the respective liabilities of the acceptor and indorser by the law of the place where the instrument is made payable.

Law governing liability of maker, acceptor or indorser of foreign instrument.

Illustration.

A bill of exchange was drawn by A in California, where the rate of interest is 25 per cent., and accepted by B payable in Washington, where the rate of interest is 6 per cent. The bill is endorsed in British India, and is dishonoured. An action on the bill is brought against B in British India. He is liable to pay interest at the rate of 6 per cent. only; but if A is charged as drawer, A is liable to pay interest at the rate of 25 per cent.

131. Where a promissory note, bill of exchange or cheque is made payable in a different place from that in which it is made or indorsed, the law of the place where it is made payable determines what constitutes dishonour and what notice of dishonour is sufficient.

Law of place of payment governs dishonour.

Illustration.

A bill of exchange drawn and indorsed in British India, but accepted payable in France, is dishonoured. The indorsee causes it to be protested for such dishonour, and gives notice thereof in accordance with the law of France,

বর্জিত কথা।—যদি কোন ব্যক্তি ভিন্ন২ ব্যক্তির পক্ষে ঐ বিলের ভিন্ন২ কেতা স্বীকার করেন কি তাহার পৃষ্ঠলিপি করেন, তবে প্রত্যেক কেতা স্বতন্ত্র বিল হইলে যে রূপে দায়ী হইতেন, সেইরূপে প্রত্যেক কেতার উপর দায়ী হইবেন।

১২৭ ধারা। যাঁহারা যথাক্রমে একই সেটের ভিন্ন২ কেতার অধিকারী হন, তাঁহাদের মধ্যে যিনি স্বীয় কেতার স্বত্বাধিকার প্রথম পান তিনি অন্য সকল কেতা প্রাপণের ও বিলের উল্লিখিত টাকা পাইবারও স্বত্ববান।

যিনি প্রথম এক কেতার স্বত্বাধিকারী হন তাঁহার সমস্ত কেতার স্বত্ববান হইবার কথা।

১২৮ ধারা। ভিন্ন দেশীয় বিল অফ একস্চেঞ্জে যদি প্রয়োজনমত স্থলে অন্য টাকাদায়কের নাম উল্লেখ হয়, তবে সেই অন্য ব্যক্তি অগ্রাহ্য না করিলে তাহা অগ্রাহ্য হয় না।

প্রয়োজনীয় স্থলের টাকাদায়ক বিষয়ক কথা।

১২৯ ধারা। ভিন্ন দেশীয় বিল অফ একস্চেঞ্জ যে স্থানে লেখা যায় সেই স্থানের আইনমতে অগ্রাহ্য হওন প্রযুক্ত প্রোটেষ্ট লিখিবার বিধান থাকিলে, ঐ প্রোটেষ্ট লেখাইতে হইবে।

ভিন্নদেশীয় বিলের প্রোটেষ্ট বিষয়ক কথা।

পঞ্চদশ অধ্যায়।

দেশসাধারণের আইন বিষয়ক বিধি।

১৩০ ধারা। প্রকারান্তরের চুক্তি না থাকিলে, ভিন্ন দেশীয় ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক লেখক বা উৎকারক যে স্থানে ঐ পত্র করেন গুরুতর সকল বিষয়ে সেই স্থানের ব্যবস্থামতে তাঁহার দায়ের বিধান হইবে। ও যে স্থানে ঐ নিদর্শনপত্রের টাকা দেয় হয় সেই স্থানের ব্যবস্থামতে ঐ পত্রের স্বীকারকারির ও পৃষ্ঠলিপিকারকের দায়ের বিধান হইবে।

ভিন্ন দেশীয় নিদর্শনপত্রকারকের কি স্বীকারকারির কি পৃষ্ঠলিপিকারকের দায় সম্পর্কে যে আইন খাটে তদ্বিষয়ক কথা।

উদাহরণ।

ক্যালিফর্নিয়াতে বিল অফ একস্চেঞ্জ লিখা গেল। সেই স্থানে শতকরা ২৫ টাকার হারে সুদ চলে ও ওয়াশিংটন নগরে টাকা দিবার নিয়ম থাকাতে খ তাহা স্বীকার করিলেন। সেই স্থানে শতকরা ৬ টাকার হারে সুদ চলে। ব্রিটিষ ভারতবর্ষে ঐ বিলের পৃষ্ঠলিপি লেখা গেল ও অগ্রাহ্য হইল। ঐ বিলের উপর মোকদ্দমা খের নামে ব্রিটিষ ভারতবর্ষে উপস্থিত করা যায়। এমন স্থলে তিনি কেবল শতকরা ৬ টাকার হারে সুদের দায়ী হন। কিন্তু যদি লেখক বলিয়া কের উপর দায় বর্ত্তায় তবে তিনি শতকরা ২৫ টাকার হারে সুদে দায়ী হইবেন।

১৩১ ধারা। ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক যে স্থানে করা যায় কি যে স্থানে তাহার পৃষ্ঠলিপি লেখা যায়, ঐ পত্রের টাকা তদ্ভিন্ন স্থানে দিবার নিয়ম থাকিলে, যাহা হইলে তাহা অগ্রাহ্য হয় ও অগ্রাহ্য হওনের যে নোটিস প্রচুর হয়, এই কথা, ঐ পত্রের টাকা যে স্থানে দেয় হয় সেই স্থানের আইনমতে স্থির করা যাইবে।

অগ্রাহ্য হইলে টাকা দিবার স্থানবিষয়ক আইন খাটিবার কথা।

উদাহরণ।

কোন বিল অফ এক্সচেঞ্জ ব্রিটিষ ভারতবর্ষে লিখিত হইয়া পৃষ্ঠলিপিও লেখা যায় কিন্তু ফ্রান্সে টাকা দিবার নিয়মে স্বীকার দেওয়া যায়। পরে অগ্রাহ্য হইলে পৃষ্ঠলিপিকৃত ব্যক্তি ফ্রান্সদেশের আইন অনুসারে অগ্রাহ্য হওনপ্রযুক্ত প্রোটেষ্ট লেখা

though not in accordance with the rules herein contained in respect of bills which are not foreign. The notice is sufficient.

Instrument made, &c., out of British India but in accordance with its law.

132. If a negotiable instrument is made, drawn, accepted or indorsed out of British India, but in accordance with the law of British India, the circumstance that any agreement evidenced by such instrument is invalid according to the law of the country wherein it was entered into, does not invalidate any subsequent acceptance or indorsement made thereon in British India.

Presumption as to foreign law.

133. The law of any foreign country regarding promissory notes, bills of exchange and cheques shall be presumed to be the same as that of British India, unless and until the contrary is proved.

SCHEDULE

(a) STATUTES

Year of chapter	Title	Extent of repeal
9 Wm. III, c. 17	An Act for the better payment of inland Bills of Exchange	The whole
3 & 4 Anne, c. 8	An Act for giving like remedy upon promissory notes as is now used upon Bills of Exchange and for the better payment of Inland Bills of Exchange	The whole

(b) ACTS OF THE GOVERNOR-GENERAL IN COUNCIL

No. and year	Title	Extent of repeal
VI of 1840	An Act for the amendment of the law concerning the negotiation of Bills of Exchange	The whole
V of 1866	An Act to amend in certain respects the Commercial Law of British India	Sections 11, 12 & 13
XV of 1874	The Laws Local Extent Act, 1874	The first schedule, so far as relates to Act VI of 1840 and Act V of 1866, sections 11, 12 & 13

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

ইয়া তাহার নোটিশও দেন। কিন্তু যে বিল ভিন্নদেশীয় নয় তদ্বিষয়ক এই আইনের বিধি অনুসারে তাহা করিলেন না। উক্ত নোটিস প্রচুর।

ব্রিটিশ ভারতবর্ষের আইন অনুসারে তদ্দেশের বহির্ভূত স্থানে নিদর্শনপত্র করা গেলে তদ্বিষয়ক কথা।

১৩২ ধারা। যদি ক্রয়বিক্রেয় নিদর্শনপত্র ব্রিটিশ ভারতবর্ষের আইন অনুসারে ব্রিটিস ভারতবর্ষের বহির্ভূত স্থানে করা কি লেখা কি সাকরা কিম্বা দেওয়া যায় কি তাহার পৃষ্ঠলিপি লেখা যায়, তবে ঐ নিদর্শনপত্র দ্বারা যে নিয়মের প্রমাণ হয় তাহা যে দেশে লেখা গিয়াছিল সেই দেশের আইন অনুসারে অসিদ্ধ এই কারণে তৎপশ্চাৎ ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে ঐ পত্র সাকরান কি তাহার পৃষ্ঠলিপি অসিদ্ধ হইবে না।

ভিন্নদেশীয় আইন বিষয়ক অনুমানের কথা।

১৩৩ ধারা। বিপরীত প্রমাণ না থাকিলে বা না দেওয়া গেলে ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাক বিষয়ক ভিন্নদেশের ব্যবস্থা ব্রিটিস ভারতবর্ষের ব্যবস্থার ন্যায় বলিয়া অনুমান হইবে।

তফসীল।

(ক) রাজসভার আইন।

সাল ও অধ্যায়।	নাম।	যতদূর রহিত হইল।
তৃতীয় উইলিয়ম রাজার ৯ বৎ ১৭ অ	দেশীয় বিল অফ একসচেঞ্জের টাকা আদায় করণের সদুপায় করণার্থ আইন।	সম্পূর্ণ।
মহারাণী আনের ৩ ও ৪ বৎ ৮ অ	বিল অফ একসচেঞ্জ সম্বন্ধে এইক্ষণে যে প্রতিকার আছে ঋণপত্রের সম্বন্ধে সেই প্রতিকার খাটাইবার নিমিত্ত ও দেশীয় বিল অফ একসচেঞ্জের টাকা আদায়ের সদুপায় করণার্থ আইন।	সম্পূর্ণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	নাম।	যতদূর রহিত হইল।
১৮৪০ সা ৬ আ	বিল অফ একসচেঞ্জ ক্রয় বিক্রয় করণ বিষয়ক আইন সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৬ সা ৫ আ	ব্রিটিষ ভারতবর্ষের বাণিজ্য বিষয়ক আইনের কোন২ অংশ সংশোধন করণার্থ আইন।	১১, ১২, ১৩ ধারা।
১৮৭৪ সা ১৫ আ	আইনের ব্যাপকতা বিষয়ক আইন।	প্রথম তফসীলের যে২ কথায় ১৮৪০ সালের ৬ আইনের ও ১৮৬৬ সালের ৫ আইনের ১১ ১২ ১৩ ধারার সঙ্গে সম্পর্ক রাখে সেই২ কথা।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

[*Government Gazette 20th May* 1879.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 20, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২০ মে।

PART V

Act of the Bengal Council

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 15th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 6th May 1879, is hereby promulgated for general information —

ACT NO IV OF 1879

An Act to repeal certain sections of Bengal Act IV of 1866, and to provide for the levy of fees upon certain passenger boats and steam ferries

Preamble

WHEREAS it is expedient to repeal certain sections of Bengal Act IV of 1866, and to enable the local Government to levy fees upon passenger-boats and steam ferries plying for passengers, either wholly within, or partly within and partly without, the limits of the Port of Calcutta,

It is enacted as follows —

Repeal of sections 63 to 65 of Calcutta Police Act

1 Sections 63, 64, and 65 of Bengal Act IV of 1866, the Calcutta Police Act, are hereby repealed

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৫ এপ্রেল তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ৬ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া এতদ্দ্বারা সাধারণের অবগতির নিমিত্ত প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৪ আইন।

১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের কএক ধারা রহিত করণার্থ ও কোনং গহনার নৌকা ও খেয়ার ষ্টীমার পোতের উপর ফী আদায় করিবার বিধানার্থ আইন।

হেতুবাদ।

১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের কএক ধারা রহিত করা, এবং যে সকল গহনার নৌকা বা খেয়ার ষ্টীমার পোত সম্পূর্ণরূপে কলিকাতা বন্দরের সীমার মধ্যে, অথবা অংশতঃ মধ্যে ও অংশতঃ বাহিরে, আরোহিদিগকে লইবার জন্য যাতায়াত করে, তৎসমুদয়ের উপর ফী আদায় করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টকে ক্ষমতা প্রদান করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

কলিকাতার পোলীস বিষয়ক আইনের ৬৩ অবধি ৬৫ ধারা পর্য্যন্ত রহিত হইল।

১ ধারা। কলিকাতার পোলীস বিষয়ক ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬৩ ও ৬৪ ও ৬৫ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

2 The local Government may by notification published in the *Calcutta Gazette* from time to time prescribe a scale of fees, annual or other, to be paid by the owners of passenger-boats or steam ferries plying for passengers, either wholly within, or partly within and partly without, the limits of the Port of Calcutta.

Levy of fees on passenger boats

3 Whoever, being the owner of any such passenger-boat or steam ferry, refuses or neglects to pay the fee to which he is liable in accordance with such notification, shall be liable to the penalty provided for disobedience to rules made under section 7 of the Indian Ports Act, 1875

Penalty

4 This Act shall not apply to boats whose voyages ordinarily extend more than thirty miles from the limits of the Port of Calcutta

Application of Act

5 This Act shall come into force on such date as the Lieutenant-Governor of Bengal may direct by notification published as aforesaid

Commencement of Act

W E. H FORSYTH,
Offg Asst Secy to the Govt of Bengal

	From 11th to 15th year	From 16th to 20th year	From 21st to 40th year
24 Perkunnahs west of the Kalindi river	1 to 2 as	2 to 4 as	4 to 8 as
24 Pergunnahs east of the Kalindi river and Jessore	6 pie to 1 an	1 to 2 as	2 to 4 as
Backergunge	2 to 4 as	3 to 6 as	6 to 12 as

III – One-eighth of the entire area leased, as recorded in the lease, shall be cleared and shall be in a state fit for cultivation at the end of the fifth year, reckoning from the date from which the free term of the lease commenced At any time after the expiration of the said year, the Sundarban Commissioner or any person authorized by him may enter upon the land and cause it to be measured for the purpose of ascertaining whether this condition has been fulfilled

Clearance condition

IV —On failure to comply with the above clearing condition the lessee shall forfeit all rights in the land under his existing lease, and the Government shall have the right of immediate re entry. Provided that, if the lessee shall give up the said lease to the Sundarban Commissioner within one month of the date on which notice of such forfeiture shall be given to him, and shall demand a fresh lease, such fresh lease shall be given to him

Forfeiture and re lease

[*Government Gazette, 27th May* 1879.]

পাট্টার নিয়মের কথা।

১। যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের চারিভাগের এক ভাগ অর্থাৎ জলস্রোত, খাড়ী, পুষ্করিণী, পথ, পাট্টাদারের বাঁধ প্রস্তুত করণার্থ প্রয়োজনীয় স্থান, জলবন্ধক, গুণটানিবার পথ প্রভৃতি ও অশোধনীয় পতিত ভূমি বলিয়া কর ধার্য্য হইবার অযোগ্য, ইত্যনুমানে তাহার উপর কস্মিন্ কালে কর ধার্য্য হইবে না।

চারিভাগের এক ভাগ নিষ্কর হইবার কথা।

২। অবশিষ্ট তিন ভাগ দশ বৎসর পর্য্যন্ত নিষ্কর ভোগ করা যাইবে, তাহার পর রেবিনিউ বোর্ড নিম্নলিখিত সীমার মধ্যে যে কর ধার্য্য করিয়া প্রকাশ করেন উক্ত ভূমির সেই কর দিতে হইবে।

কর ধার্য্য করিবার হারের কথা।

কর ধার্য্য করিবার হারের টেবিল।

প্রদেশ।	৮০ বাহাতের বিঘা প্রতি।		
	১১ অবধি ১৫ বৎসর পর্য্যন্ত।	১৬ অবধি ২০ বৎসর পর্য্যন্ত।	২১ অবধি ৪০ বৎসর পর্য্যন্ত।
২৪ পরগনা, কালিন্দীনদীর পশ্চিম দিক্	৴০ অবধি ৶০ পর্য্যন্ত	৶০ অবধি ।০ পর্য্যন্ত	।০ অবধি ॥০ পর্য্যন্ত
২৪ পরগনা, কালিন্দীনদীর পূর্ব্ব দিক ও যশোহর	৶১০ ,, ৴০	৴০ ,, ৶০	৶০ ,, ।০
বাখরগঞ্জ	৶০ ,, ।০	৷৶০ ,, ।৶	।৶ ,, ৸০

৩। পাট্টার লিখিত যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের আট ভাগের এক ভাগ, নিষ্কর কালারম্ভের তারিখ অবধি গণনা করিয়া পঞ্চম বৎসরের শেষে পরিষ্কার ও আবাদের উপযুক্ত করিতে হইবে। উক্ত বৎসর অতীত হইবার পর কোন সময়ে সুন্দরবনের কমিশ্যানর সাহেব বা তাঁহার স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ভূমিতে প্রবেশ করিয়া এই নিয়ম পালন হইয়াছে কি না ইহা নিশ্চয় জানিবার জন্যে উক্ত ভূমি মাপ করাইতে পারিবেন।

পরিষ্কার করিবার নিয়মের কথা।

৪। ভূমি পরিষ্কার করিবার উক্ত নিয়ম পালনের ত্রুটি হইলে বর্ত্তমান পাট্টানুসারে পাট্টাদারের যে স্বত্ব ছিল তাহা রহিত হইয়া তাহাতে অবিলম্বে গবর্ণমেণ্টের পুনরধিকার স্বত্ব জন্মিবে। কিন্তু পাট্টাদার যে তারিখে স্বত্ব রহিত হইবার নোটিস পান সেই তারিখ অবধি এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশ্যনর সাহেবকে যদি উক্ত পাট্টা ফেরৎ দিয়া নূতন পাট্টা পাইবার প্রার্থনা করেন তাহা হইলে, নিম্নলিখিত নিয়-

স্বত্বরহিত হইবার ও পুনর্ব্বার পাট্টা পাইবার কথা।

on the following conditions, namely, that the lessee shall forfeit all claim to continued revenue-free possession of the land, and shall at once pay revenue at the lowest rate fixed in the original lease, and shall continue to pay revenue at such rate for the remaining free term of the lease, and shall also pay revenue at a rate 20 per centum higher than that which was fixed in the original lease for each period up to the termination of the settlement

Final forfeiture and resumption

V —In the event of the lessee failing to demand such lease, and to execute the corresponding agreement, the entire area comprised in the lease shall be resumed by the Government, which shall enter into possession at once, and the lessee shall forfeit all right and interest in the lands, both those which may still be uncleared and those which may have been cleared and brought into cultivation

Instalments

VI —The amount of rent due on the land shall be paid according to the fixed instalments to the Collector of the district

Recovery of arrears of rent

VII —All arrears of revenue due on the land shall be recoverable as arrears of revenue due on temporarily settled estates according to any law for the time being in force

Re settlement after 40 years

VIII —After the expiration of 40 years, reckoning from the date of the original lease, the lot shall be open to re-settlement for a period of 30 years on such terms as the Government shall think fit, provided that the assessment shall not be fixed higher than the rate which would be paid by cultivating ryots in the neighbourhood for land growing the ordinary crops of the country, less 30 per centum to be allowed to the lessee to cover the risks and cost of collection, and to represent his profits The above assessment shall be calculated on the area of the entire area leased, less the one-fourth which is exempted from assessment under article I of these rules

Periodical re settlements

IX —The land shall from time to time be subject to re-survey and re-assessment in accordance with the preceding rule after the expiration of 30 years from any re-settlement

Reservation of rights of way &c

X —The land shall be subject to all existing rights of way and water and other easements, and to any exceptions and reservation

নিয়মাধীনে তাঁহাকে সেই পাট্টা দেওয়া যাইবে, অর্থাৎ উক্ত ভূমিতে পাট্টাদারের নিষ্কর ভোগের সকল দাওয়া রহিত হইবে, ও প্রথম পাট্টার অত্যাল্প যে হার ধার্য্য হইয়াছে তিনি অবিলম্বে সেই হারে রাজস্ব দিবেন, ও নিষ্কর ভোগের অবশিষ্ট কাল পর্য্যন্ত উক্ত হারে রাজস্ব দিতে থাকিবেন, ও বন্দোবস্তের শেষ পর্য্যন্ত প্রত্যেক কালের নিমিত্ত প্রথম পাট্টার যে হার ধার্য্য হইয়াছিল তাহার উপর শতকরা ২০৲ টাকার হারে রাজস্ব দিবেন।

চূড়ান্তরূপে স্বত্ব রহিত বাজেয়াপ্ত করিবার কথা।

৫। পাট্টাদার উক্ত পাট্টা লইতে ত্রুটি করিলে এবং উক্তরূপ এগ্রীমেণ্ট লিখিয়া না দিলে পাট্টায় যত ভূমি লেখা আছে গবর্ণমেণ্ট তাহা সমুদয়ই বাজেয়াপ্ত করিয়া অবিলম্বে দখল করিতে প্রবৃত্ত হইবেন ও যত ভূমি অপরিষ্কৃতাবস্থায় আছে ও যত ভূমি পরিষ্কৃত হইয়া আবাদ করা গিয়াছে তৎসমুদয়ে পাট্টাদারের যে স্বত্ব ও স্বার্থ ছিল তাহা রহিত হইবে।

কিস্তির কথা।

৬। উক্ত ভূমির যত খাজানা পাওনা থাকে তাহা নিরূপিত কিস্তি অনুসারে জিলার কালেক্টর সাহেবের নিকট দিতে হইবে।

বাকী খাজানার আদায় করিবার কথা।

৭। উক্ত ভূমির যত রাজস্ব বাকী পড়ে তাহা কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বাকী রাজস্ব আদায় করণার্থে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে আদায় করা যাইবে।

৪০ বৎসরের পর পুনর্ব্বার বন্দোবস্ত করিবার কথা।

৮। প্রথম পাট্টার তারিখ অবধি গণনা করিয়া চল্লিশ বৎসর অতীত হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মে ত্রিশ বৎসরের নিমিত্ত লাটের পুনঃবন্দোবস্ত করা যাইবে, কিন্তু তন্নিকটবর্ত্তী ভূমির কৃষিকারী রাইয়তেরা এদেশীয় নিয়মিত শস্যোৎপাদনের ভূমির যে হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষায় অধিক হারে খাজানা ধার্য্য করা যাইবে না। তাহাহইতে পাট্টাদারের দায়ের ও খাজানা আদায়ের খরচের ও তাহার লাভের নিমিত্ত শতকরা ত্রিশ টাকা বাদ দেওয়া যাইবে। যত ভূমির পাট্টা দেওয়া গেল সেই সমুদয় ভূমি হিসাব করিয়া উক্ত কর ধার্য্য হইবে, কিন্তু এই বিধির ১ প্রকরণে চারি ভাগের যে এক ভাগ কর হইতে মুক্ত হইয়াছে তাহা ত্যাগ করা যাইবে।

সাময়িক পুনঃবন্দোবস্তের কথা।

৯। পুনঃবন্দোবস্ত করিবার সময় অবধি ত্রিশ বৎসর অতীত হইলে পর, পূর্ব্ব ধারানুসারে সময়ে২ উক্ত ভূমির পুনর্ব্বার জরীপ করা ও তাহার পুনর্ব্বার খাজানা ধার্য্য করা যাইবে।

পথপথপ্রভৃতি রক্ষা করণের কথা।

১০। উক্ত ভূমি পথ ও জল ও অন্য সকল স্বাচ্ছন্দ্য ভোগস্বত্বের নিয়মাধীন থাকিবে ও এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে পাট্টা বিক্রয়ের

which may be particularized in the notice of sale of lease in form B annexed to the rules

XI.—The right of using all streams and channels in any way navigable shall be reserved to the public, as also the use of a tow-path not less than 25 feet in width on each side of every such stream and channel.

Tow path reserved.

XII.—In the event of any boundary dispute arising between the lessee of any lot and the lessee of any adjoining lot already leased under these rules, or which may subsequently be leased, the lessees shall be bound to submit such dispute to the decision of the Commissioner of the Sundarbans. The decision of the Sundarban Commissioner shall be appealable to the Board of Revenue, and the decision of the Board shall be final and binding on the lessees. No lessee under these rules shall have any claim against the Government for compensation or damages in respect of land having been included in his lease which has already been included in some previous lease; but the lessee shall be entitled to proportionate reduction of the assessment in respect of any land covered by his lease which may subsequently be discovered not to have been available for lease.

Boundary dispute.

XIII.—On being put in possession of a lot which has not been previously defined by permanent marks, the lessee shall, except where the boundary runs along a river or well-defined nullah or water-course, within three months, erect masonry pillars or platforms or such other landmarks as may be required, to the satisfaction of the Sundarban Commissioner, at each point where more than two lots or patches of waste or other properties meet, and large earthen mounds at every angle and at intervals of a hundred yards of the boundary line between such masonry pillars or platforms.

Boundary marks.

XIV.—If the lessee neglect to demarcate the lands as prescribed in the preceding rule, the Commissioner of the Sundarbans shall have the right of entry on the lands, and shall erect the landmarks hereinbefore described, and all costs incurred in that behalf, whether the actual costs of the landmarks, or the expenses incurred for clearing any jungle, or for supervision, or travelling expenses, and all charges whatsoever shall be recovered from the lessee by the law in force for the time being for the recovery of Government demands or the recovery of arrears of land revenue, as shall be decided upon by the Commissioner of the Sundarbans.

Neglect of lessee to erect boundary marks.

[*Government Gazette*, 27*th May* 1879.]

নোটিস বিশেষ করিয়া বেং বর্জিত ও রক্ষিত নিয়ম লেখা যাইতে পারে তাহাও নিয়মাধীন হইবে

১১। নৌকা গম্য সকল জলস্রোত ও খালে গমনাগমনের ব্যবহার করিবার স্বত্ব থাকিবে ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

গুণ টানিবার পথ রাখিবার কথা।

১২। এই বিধিমতে পাট্টাপ্রাপ্ত কোন লাটের পাট্টাদারের ও নিকটবর্ত্তী কোন লাটের পাট্টাদারের মধ্যে কিম্বা পরে যাহার পাট্টা দেওয়া যায় তাহার সীমা লইয়া বিবাদ উপস্থিত হইলে, সেই বিবাদ নিষ্পত্ত্যার্থে পাট্টাদারেরা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিকট অর্পণ করিতে বদ্ধ হইবেন। সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্তির উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে, এবং বোর্ডের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও পাট্টাদারেরা তৎপালনে বদ্ধ হইবেন। পূর্ব্বে কোন পাট্টায় যে ভূমি ধরা গিয়াছে এই বিধিমত কোন পাট্টাদারের পাট্টার মধ্যে সেই ভূমি ধরা গেলে তিনি তন্নিমিত্তে গবর্ণমেণ্টের স্থানে ক্ষতি কি হানিপূরণ পাইবার দাওয়া করিতে পারিবেন না, কিন্তু তাঁহার পাট্টায় যত ভূমি লেখা আছে পাট্টা দিবার নিমিত্ত তত ভূমি পাওয়া যায় না পরে প্রকাশ হইলে, তিনি তারতম্যমতে সেই ভূমির খাজানা কম করাইয়া লইবার স্বত্ত্ববান হইবেন।

সীমাবিষয়ক বিবাদের কথা।

১৩। স্থায়ি চিহ্ন দ্বারা যে লাট পূর্ব্বে নির্দ্দিষ্ট হয় নাই সেই লাট দখল দেওয়া গেলে, যে স্থলে নদীর বা উত্তমরূপে নির্দ্দিষ্ট নালার বা জলস্রোতের সঙ্গে২ সীমা চলে তদ্ভিন্ন অন্যস্থলে পাট্টাদার দুই লাট বা পতিত ভূমির যোড়ের স্থলে বা অন্য সম্পত্তি যে স্থলে মিলে তথায় তিন মাসের মধ্যে পাকা স্তম্ভ কি রোয়াক কিম্বা ভূমির অন্য যে চিহ্ন দিবার আদেশ হয় তাহা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সন্তোষজনকরূপে গাঁথাইয়া দিবেন, এবং প্রত্যেক কোণে ও উক্ত পাকা স্তম্ভের বা রোয়াকের মধ্য বর্ত্তি সীমার রেখার এক শত গজ অন্তর মাটির বড় ২ ঢিবি করিয়া দিবেন।

সীমার চিহ্নের কথা।

১৪। পাট্টাদার পূর্ব্ব ধারামতে ভূমির চিহ্ন দিতে শৈথিল্য করিলে, সুন্দরবনের কমিশ্যনর সাহেবের সেই ভূমিতে প্রবেশ করিবার স্বত্ব থাকিবে ও পূর্ব্ব নির্দ্দিষ্টমতে তিনি ভূমির চিহ্ন প্রস্তুত করাইয়া দিবেন, তাহাতে যে খরচ হয় অর্থাৎ ভূমির চিহ্ন দিবার প্রকৃত খরচ বা জঙ্গল পরিষ্কার করিবার খরচ বা তত্ত্বাবধারণের বা গমনাগমনের খরচ ও অন্য যে সকল খরচ হউক গবর্ণমেণ্টের প্রাপ্য টাকা আদায় কিম্বা রাজস্ব আদায় করণপক্ষে যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্ত্যনুসারে তাহা পাট্টাদারের স্থানে আদায় করা যাইবে।

সীমার চিহ্ন নির্ম্মাণ করিতে পাট্টাদারের শৈথিল্যের কথা।

XV—If any land leased under these rules should hereafter be required for any public purpose, such land, whether cultivated or uncultivated, may be resumed by Government on exempting the lessee from payment of the revenue assessed on the area required, and in the case of cultivated land by further payment of the reasonable cost of bringing the land under cultivation, and on payment of reasonable compensation for the value of any building, &c, which may stand on the lands

Land subsequently required for public purpose

Form A
APPLICATION UNDER RULE 4.

To

THE COMMISSIONER OF THE SUNDARBANS.

Dated

SIR,

I APPLY for a plot of waste land in the Sundarbans under the rules for the lease of Sundarban waste lands dated the

, and hereby bind myself to comply with all the requirements of the said rules

2 The estimated area of the land is about bighas of the standard measure of 80 cubits square The land is entirely covered with jungle and unoccupied, and to the best of my information and belief has not been leased out

3 The land is in the Sundarbans of the district, and *is a portion of lot No of Lieutenant Hodges' map* Its boundaries are—

North,

East,

South,

West

4 A rough sketch map of the lands is hereunto annexed

Form B
NOTICE UNDER RULE 17
FORM OF NOTICE OF LEASE OF WASTE LANDS

NOTICE is hereby given that the lease of the land specified in the Schedule hereunto annexed, and of which the plan is open to inspection at the office of the Commissioner of the Sundarbans, has been applied for by , and will be sold at 12 o'clock noon on the of unless meantime the sale is stopped or postponed in consequence of claims or objections under Act XXIII of 1863 (*to provide for the adjudication of claims to waste lands*), or owing to any other cause

2 The lease of the land will be granted subject to the conditions which are specified below, as well as to the general Terms annexed to the rules for the sale of leases of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, dated

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

১৫। এই বিধি মতে কোন ভূমির পাট্টা দেওয়া গেলে পর, সেই ভূমি রাজকার্য্যের নিমিত্তে গ্রহণ করা আবশ্যক হইলে তাহা কর্ষিত হউক বা না হউক যত ভূমির প্রয়োজন পাট্টাদারকে তত ভূমির অবধারিত রাজস্ব দান হইতে মুক্ত করিয়া ও তাহা কর্ষিত ভূমি হইলে আবাদ করিবার যুক্তিসঙ্গত যে খরচ হইয়াছে তাহা দিয়া ও সেই ভূমির উপর যে গৃহাদি থাকে তাহার মূল্যের নিমিত্তে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ করিয়া গবর্ণমেণ্ট সেই ভূমি পুনঃগ্রহণ করিতে পারিবেন।

রাজকার্য্যের নিমিত্তে পরে ভূমির প্রয়োজন হইলে তাহার কথা।

A চিহ্নিত পাঠ।
৪ ধারামত প্রার্থনাপত্র।

সুন্দরবনের শ্রীযুত কমিশ্যনর সাহেব সমীপেষু।

১৮ সাল তাং

সুন্দর বনের পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক ১৮ সালের মাহে তারিখের বিধিমতে আমি সুন্দরবনের এক খণ্ড পতিত ভূমি পাইবার নিমিত্ত প্রার্থনা করিয়া উক্ত বিধির আদেশমতে কার্য্য করিতে এতদ্দ্বারা আপনাকে বদ্ধ করিলাম।

২। উক্ত ভূমি কমিবেশ বর্গ ৮০ হাতের মাপের অনুমান বিঘা হইবে। উক্ত ভূমি সর্ব্বতোভাবে জঙ্গলে পরিপূর্ণ ও কাহার অধিকারে নাই, ও আমার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার পাট্টা দেওয়া যায় নাই।

৩। উক্ত ভূমি জিলার অন্তর্গত সুন্দরবনে আছে এবং লেপ্টেনেণ্ট হজ সাহেবের ম্যাপের নং লাটের একাংশ। তাহার

উত্তর সীমা,

পূর্ব্ব সীমা,

দক্ষিণ সীমা,

পশ্চিম সীমা,

৪। উক্ত ভূমির খসড়া নক্সা এই সঙ্গে গাঁথিয়া দিলাম।

B পাঠ।
১৭ ধারামত নোটিস।

পতিত ভূমির পাট্টার নোটিসের পাঠ।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতৎসহ দত্ত তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্রীঅমুক পাইবার প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮ সালের মাসের তারিখের মধ্যাহ্ন কালে বিক্রীত হইবে।

২। নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮ সালের মাসের তারিখের বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RULES FOR CULTIVATION LEASES OF PLOTS OF WASTE LAND NOT EXCEEDING BEEGHAS 200 IN EXTENT IN THE SUNDARBANS OF THE 24-PERGUNNAHS, JESSORE, AND BACKERGUNGE

In the rules for the lease of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, provision is made for leases of blocks of land not being more than 5,000 beeghas or less than 200 beeghas in area, it is further desired to give every facility to small settlers who may wish to take up and bring under cultivation plots of land of less than 200 beeghas in area, holding the same directly as tenants of the Government With this object the following rules are laid down :—

1 —Cultivators who desire to bring plots of land into cultivation, and to hold the same directly from the Government, will be allowed to do so in the following lots —

24-Pergunnahs —Those parts of the "protected forest" area in which no embankments or other expensive works are required, provided that no lease will be given here without the consent of the Conservator of Forests

Jessore —The ungranted portions of lot 216 and lot 224

Backergunge —Dhullooa, Burgona, Karaibaria, part of Kalamagra, Chota Nishanberia, Aboogunj, Meethagunj

2 —Applications for this purpose should be presented to the Sundarban Commissioner, and should specify—

(1) the name of the applicant and of his father,

(2) his residence,

(3) the area of land required, which must not be in excess of 200 beeghas,

(4) the situation of the land, giving any available landmarks,

(5) its present condition,

(6) that it is at present unoccupied,

(7) whether it is known ever to have been occupied, and, if so, by whom and when, and why it was abandoned

3 —On receipt of such an application, the Sundarban Commissioner shall, if he sees no objection, give to the applicant an authority to take possession by any amalnamah in the annexed form A, guaranteeing a formal lease to the applicant if he shall bring the land under cultivation within two years

4 —If the land or any part of it shall have been brought under cultivation within the term specified, the applicant shall be entitled to a lease of the land so brought under cultivation for 30 years The conditions of the lease will be—

that the land shall be held free of rent for two years from the date of the lease,

that, from the beginning of the third year to the end of the thirtieth year, the lessee shall pay such rents for each period of years as are specified in the lease, which shall be fixed on the cultivated area with reference to the rates ordinarily paid for similar lands in the neighbourhood to grantees and other landholders by their ryots,

that, if available, an area of unreclaimed land, equal to the cultivated area, shall be included in the lease and reserved for cultivation by him,

[*Government Gazette*, 27*th May* 1879]

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনে ২০০/ বিঘার অনধিক পরিমাণের পতিত ভূমি খণ্ডের কৃষি কার্য্যার্থ পাট্টাবিষয়ক বিধি।

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনস্থ পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক বিধিতে ৫০০০/ বিঘার অনধিক বা ২০০/ বিঘার ন্যূন এক২ খণ্ড ভূমির পাট্টা দিবার বিধান করা গিয়াছে। ২০০/ বিঘার কম পরিমাণের এক২ খণ্ড ভূমি লইয়া যাঁহারা আবাদ করাইতে ইচ্ছা করেন ও সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেণ্টের প্রজাস্বরূপ হইয়া সেই ভূমি পাইতে চাহেন তাঁহাদের পক্ষে সুবিধা করা বাঞ্ছনীয়। এই অভিপ্রায়ে নিম্নলিখিত বিধি প্রণয়ন করা গেল।

১।—যে কৃষাকরা ভূমি আবাদ করিতে ও সাক্ষাৎ সম্বন্ধে তাহা গবর্ণমেণ্টের স্থানে পাইতে ইচ্ছা করেন নিম্নলিখিত লাটে তাঁহারা তাহা করিতে অনুমতি পাইবেন,

২৪ পরগনা।—রক্ষিত বন ভূমির যেই অংশ বাঁধ বা অধিক খরচের অন্য কার্য্য করা আবশ্যক না হয় সেই অংশ। কিন্তু বন রক্ষকের সম্মতি বিনা এই স্থানের পাট্টা দেওয়া যাইবে না।

যশোহর।—২১৬ নং লাটের ও ২১৪নং লাটের অনন্তাংশ।

বাকরগঞ্জ।—পটুয়া ও বড়গোনা ও কড়াই বাড়িয়া ও কালামাগবার একাংশ ও ছোট বিশাল বেড়িয়া, ও বাবুগঞ্জ ও চিটাগঞ্জ।

২।—এতদ্বিষয়ের প্রার্থনাপত্র সুন্দরবনের কমিশ্যনর সাহেবের নিকট দিতে হইবে, ও তাহাতে এইং কথা লেখা যাইবে,

(১) প্রার্থকের ও তৎ পিতার নাম।

(২) বাসস্থান।

(৩) প্রার্থিত ভূমির পরিমাণ কিন্তু তাহা ২০০/ বিঘার অধিক হইবে না।

(৪) ভূমি যে স্থানে আছে তাহা, সেই ভূমির সীমানিরূপক যে চিহ্ন পাওয়া যাইতে পারে তাহাও দিতে হইবে।

(৫) ভূমির বর্ত্তমান অবস্থা।

(৬) তাহা এইক্ষণে কাহারো দখলে নাই।

(৭) কোন সময় যে দখল করিয়াছে ইহা জানা আছে কিনা, জানা থাকিলে কে দখল করিয়াছিল ও কোন্ সময়ে ও ত্যাগ করা গেল কেন।

৩।—উক্ত প্রার্থনাপত্র পাইলে সুন্দরবনের কমিশ্যনর সাহেব যদি কোন প্রতিবন্ধক না দেখেন তাহা হইলে তিনি প্রার্থককে এতৎ সংযুক্ত A চিহ্নিত পাঠে কোন আমল নামা দিয়া দখল করিবার ক্ষমতা দিবেন, প্রার্থক দুই বৎসরের মধ্যে ভূমির আবাদ করিলে তাঁহাকে রীতিমত পাট্টা দিবার প্রতিশ্রুতি থাকিবেন।

৪।—সমুদয় ভূমি বা তাহার কোন অংশ নির্দ্দিষ্ট কালের মধ্যে আবাদ করা গেলে, যে ভূমির আবাদ করা গেল প্রার্থক ৩১ বৎসরের নিমিত্ত সেই ভূমির পাট্টা পাইবার স্বত্ববান হইবেন। পাট্টার এইং নিয়ম হইবে যে—

পাট্টার তারিখ অবধি দুই বৎসর ভূমি নিষ্কর ভোগ হইবে।

পাট্টাদার তৃতীয় বৎসরের আরম্ভ অবধি ত্রিংশৎ বৎসরের শেষ পর্য্যন্ত পাট্টার নির্দ্দিষ্ট মত বৎসর অন্তর যে খাজানা লেখা থাকে তাহাই দিবেন, নিকটবর্ত্তী ভূমি প্রাপ্ত ব্যক্তিদিগকে ও অন্য ভূম্যধিকারিদিগকে রায়তেরা তদ্রূপ ভূমির নিমিত্ত নিরানিভক্ত পর যে হারে খাজানা দেন সেই হারানুসারে কর্ষিত উক্ত ভূমির খাজানা ধার্য্য হইবে।

কর্ষিত ভূমির তুল্য পরিমাণের পতিত ভূমি পাওয়া যাইতে পারিলে তাহা পাট্টার মধ্যে ধরা যাইবে ও তৎকর্ত্তৃক আবাদ হইবার নিমিত্ত রাখা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৭ মে।]

that, in addition to the said unreclaimed land, the lessee shall be at liberty to bring under cultivation any quantity of land adjoining his holding which he may find *bonâ fide* unoccupied,

that the lessee's holding shall be liable to measurement at the expiration of the fifth year from the date of the lease, and again from time to time at the expiration of not less than five years from the date of the previous measurement, and that on each occasion all land found to be in his possession under cultivation in excess of the area originally assessed under the lease shall be assessed, but at no higher rates than were imposed on the land originally assessed under the lease,

that, at the end of the thirtieth year, and so at the end of every period of thirty years, the lessee shall be entitled to a fresh lease for a further period of thirty years, the rates of rent being similarly fixed on all lands which may then be found to be in his possession under cultivation, at such rates as are paid in the neighbourhood for similar lands by the ryots of grantees and landholders,

that the tenure shall be heritable and transferable, provided that notice of every transfer shall be given to the Sundarban Commissioner within one month of its occurrence

Provided, however, that no holding shall be divided without the permission of the Sundarban Commissioner.

5.—The Board of Revenue shall, as soon as possible after these rules are issued, prescribe forms in which registers of amalnamahs and of leases granted under these rules shall be kept; and also a form of the lease to be granted under Rule 4.

Amalnamah.

FORM A REFERRED TO IN RULE 3.

Whereas , son of , inhabitant of has applied for the settlement of beeghas or thereabouts of land in the Government estate , within the boundaries roughly set forth hereafter, this amalnamah is given to him, empowering him to take possession of the lands at once, if they be not already in the occupation of others, and to bring them into cultivation within the period of two years or earlier, of which notice in writing is to be given by the said When the lands are cleared, a lease will be granted on the terms and conditions specified below.

(Here enter the conditions as in Rule 4 above.)

Boundaries

North, by

East, by

South, by

West, by

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 27th May* 1879.]

উক্ত পতিত ভূমির অতিরিক্ত পাট্টাদার আপন যোতের লাগাও যত ভূমি প্রকৃত প্রস্তাবে কাহারও দখলে নাই দেখিতে পান সেই সমস্ত ভূমি তিনি আবাদ করিতে পারিবেন।

পাট্টাদারের যোত পাট্টার তারিখ অবধি পঞ্চম বৎসর অতীত হইলে পর পরিমাপণের যোগ্য হইবে, ও পূর্ব্ব পরিমাপণের তারিখ অবধি পাঁচ বৎসর অতীত না হইলে সমস্তের পুনর্ব্বার মাপ করা যাইবে না। পাট্টা অনুসারে প্রথম যত ভূমির উপর কর ধার্য্য হইয়াছে একবার মাপ করিলে তদপেক্ষা অধিক যত ভূমি তাহার দখলে আছে দেখা যায় তাহার উপর কর ধার্য্য করা যাইবে কিন্তু পাট্টামতে ভূমির উপর যে হারে কর ধার্য্য করা গিয়াছে তদপেক্ষা অধিক হারে কর ধার্য্য করা যাইবে না।

ত্রিংশৎ বৎসরের শেষে ও তদনুক্রমিক ত্রিংশৎ বৎসরান্ত পাট্টাদার আর ত্রিশ বৎসরের নূতন পাট্টা পাইবার স্বত্ববান হইবেন। নিকটবর্ত্তি ভূমি প্রাপ্ত ব্যক্তি ও ভূমাধিকারিদিগকে রাযতের তদ্রূপ ভূমির নিমিত্ত যে হারে খাজানা দিয়া থাকে তৎকালে তাঁহার দখলে আবাদী যত ভূমি আছে দেখা যায় তৎসমুদয়ের উপর সেই হারে কর ধার্য্য করা যাইবে।

উক্ত ভূসম্পর্কে পুত্রপৌত্রাদিক্রমে ভোগ্য ও হস্তান্তর যোগ্য হইবে কিন্তু হস্তান্তর করা গেলে এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশনর সাহেবকে তাহার নোটিস দিতে হইবে।

পরন্তু সুন্দরবনের কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা যোত বিভাগ করা যাইবে না।

৫।—এই বিধি প্রচার হইবার পর রেবিনিউ বোর্ড সাধ্যমতে ত্বরায় আমলনামার ও এই বিধি মতে দত্ত পাট্টার যে রেজিষ্টর রাখিতে হইবে তাহার পাঠ এবং ৪ ধারামতে যে পাট্টা দেওয়া যাইবে তাহারও পাঠ নির্দ্দিষ্ট করিবেন।

আমল নামা।

৩ ধারার উল্লিখিত A পাঠ।

অকমুস্থান বাসি অমুকের পুত্র শ্রী

গবর্ণমেণ্টের ইষ্টেটে এতৎপরের খসড়া লিখিত সীমার মধ্যে বিঘা ভূমি বন্দোবস্ত করিয়া লইবার প্রার্থনা করিয়াছেন, উক্ত ভূমি যদি কাহারো দখলে না থাকে তবে অবিলম্বে সেই ভূমি দখল করিবার ও দুই বৎসরের মধ্যে বা অরো শীঘ্র সেই ভূমি আবাদ করিবার (ইহার নিয়ত নোটিস তৎকর্ত্তৃক দাত হইবে) ক্ষমতা সূচক এই আমলনামা তাঁহাকে দেওয়া গেল। ভূমি পরিষ্কার করা গেলে পর নিম্নলিখিত মিয়াদ ও নিয়মে পাট্টা দেওয়া যাইবে।

(পূর্ব্বোক্ত ৪ ধারানুসারে এই স্থানে সকল নিয়ম লেখ।)

সীমা।

উত্তর সীমা,

পূর্ব্ব সীমা,

দক্ষিণ সীমা,

পশ্চিম সীমা,

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৯। ২৭ মে।]

NOTIFICATION

The 6th May 1879.—In substitution of the rules under sections 5 and 13 of the Opium Act, 1878, published in the *Calcutta Gazette* of the 21st and 28th August and 4th September 1878, the following revised rules which have received the sanction of the Governor-General in Council, are hereby published:—

Interpretation clause

I In these Rules, unless there be something repugnant in the subject or context—

(1) "Board" means the Board of Revenue for the Provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal

(2) "Commissioner" means the Commissioner of a Revenue Division

(3) "Collector" includes a Deputy Collector or other Revenue Officer in independent charge of a district and a Superintendent of Excise Revenue·

(4) "Preventive-officer" means any officer of any of the departments mentioned in section 14 of the Opium Act

(5) "Intendant" means any officer in charge of Government opium stores at Calcutta

(6) "Farmer" means a person who has obtained from the Collector a farm under Rule XXXIX or XLIV

(7) "Licensed vendor" means a person who has obtained a license for retail sale under Rules XXXV, XXXVII, XLI, and XLIV

(8) "Retail sale" means the sale of any quantity of opium or intoxicating drugs not exceeding five tolas, and of any quantity of poppy-heads not exceeding five seers

(9) "Opium" means the inspissated juice of the poppy

(10) "Intoxicating drugs" includes madak and chandu, and every preparation and admixture thereof, and kafa, and all other intoxicating or narcotic preparations of opium and of the poppy, but does not include poppy-heads

(11) "Poppy heads" means the dry capsules of the poppy plant

(12) The words "import," "export," and "transport" have the respective meanings assigned to them in the Opium Act, 1878

(13) "Bengal" means the territories administered by the Lieutenant-Governor of Bengal

(14) "India" means the country included within the British frontier lines on the extreme west, north, and east of British India.

II Rules XIV to XXIX apply only to Calcutta, the remaining rules apply to all the territories for the time being subject to the Lieutenant-Governor of Bengal, including Calcutta

Manufacture

III The manufacture of opium, except by the Government or by a cultivator licensed under Act XIII of 1857 for delivery to the Government, and the manufacture of more than five tolas weight of intoxicating drugs without a license from the Collector or a farmer granted under these rules, are prohibited

Possession

IV Except as provided in Rule V—

(1) no person shall have in his possession any opium other than opium purchased from the Government or from a farmer or licensed-vendor

(2) no person, not being a farmer, licensed-vendor, or medical practitioner, shall have in his possession more than five tolas of opium or intoxicating drugs, or more than five seers of poppy-heads.

V Rule IV does not apply to—

(1) travellers and visitors from foreign countries beyond the boundaries of India having in their possession any quantity of opium produced in such foreign territory, or intoxicating drugs prepared therefrom, not exceeding two seers in all for the whole party intended for the personal use of such travellers and visitors or their attendants, and not for sale or barter:

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৬ মে।—আফীমবিষয়ক ১৮৭৮ সালের আইনের ৫ ও ১৩ ধারামতে যে বিধি ১৮৭৮ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায়, তৎপরিবর্ত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিম্নলিখিত সংশোধিত বিধি অনুমোদন করাতে তাহা এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

অর্থ করণের ধারা।

১। এই বিধিতে বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে।

(১) "বোর্ড" শব্দে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যেং দেশ থাকে সেইং দেশের রেবিনিউ বোর্ড বুঝাইবে।

(২) "কমিশ্যনর" শব্দে রাজস্ব সম্পর্কীয় খণ্ডের কমিশ্যনর সাহেবকে বুঝাইবে।

(৩) "কালেক্টর" শব্দে জিলার কার্য্যের আধীন ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টরকে কিম্বা রাজস্বের অন্য কর্ত্তৃপক্ষকে এবং আবকারী রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টকে বুঝাইবে।

(৪) "মাসুল চুরী নিবারণের কার্য্যকারক" শব্দে আফীমবিষয়ক আইনের ১৪ ধারার লিখিত কোন কার্য্যবিভাগের কোন কার্য্যকারককে বুঝাইবে।

(৫) "ইণ্টেণ্ডেণ্ট" (রক্ষক) শব্দে কলিকাতার গবর্ণমেণ্টের আফীম রক্ষাকরণকার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারককে বুঝাইবে।

(৬) "ইজারদার" শব্দে যে ব্যক্তি এই বিধির ৩৯ ও ৪৪ ধারামতে কালেক্টর সাহেবের স্থানে ইজার লন তাঁহাকে বুঝাইবে।

(৭) "লাইসেন্স প্রাপ্ত বিক্রেতা" শব্দে যে ব্যক্তি এই বিধির ৩৫ ও ৩৭ ও ৪১ ও ৪৪ ধারামতে খুচরা বিক্রয় করিবার লাইসেন্স পান তাঁহাকে বুঝাইবে।

(৮) "খুচরা বিক্রয়" শব্দে পাঁচ তোলার অনধিক আফীম কি মাদকদ্রব্য ও পাঁচসেরের অনধিক পোস্তের ঢেঁড়ি বিক্রয় করণ বুঝাইবে।

(৯) "আফীম" শব্দে পোস্তের গাঢ়রস বুঝাইবে।

(১০) "মাদক দ্রব্য" শব্দে মাদক ও চণ্ডু ও তৎপ্রস্তুত ও তন্মিশ্রিত দ্রব্য ও কাফা এবং আফীমে ও পোস্তে প্রস্তুত অন্য সকল মাদক ও নেশাজনক দ্রব্য বুঝাইবে। কিন্তু ইহার মধ্যে ঢেঁড়ি গণ্য নয়।

(১১) "ঢেঁড়ি" শব্দে পোস্ত গাছের শুষ্ক ফল বুঝাইবে।

(১২) "আফীম বিষয়ক ১৮৭৮ সালের আইনে" "আমদানী" "রপ্তানী" ও "চালান" করা শব্দের যে অর্থ করা গিয়াছে এই বিধিতেও তাহার সেই অর্থ বর্ত্তিবে।

(১৩) "বঙ্গদেশ" শব্দে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশ বুঝাইবে।

(১৪) "ভারতবর্ষ" শব্দে ব্রিটিষ ভারতবর্ষের অতি পশ্চিম ও উত্তর ও পূর্ব্ব ব্রিটিষ সীমাঞ্চলের রেখার মধ্যগত দেশ বুঝাইবে।

২। ১৪ হইতে ২৯ ধারা কেবল কলিকাতায় বর্ত্তে, অবশিষ্ট সকল ধারা কলিকাতা সুদ্ধ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যেং দেশ থাকে সেইং দেশে বর্ত্তিবে।

প্রস্তুত করিবার কথা।

৩। গবর্ণমেণ্ট কিম্বা গবর্ণমেণ্টে দিবার নিমিত্তে ১৮৫৭ সালের ১৩ আইনমতে লাইসেন্স প্রাপ্ত কৃষক ভিন্ন অন্য ব্যক্তি আফীন প্রস্তুত করিতে পারিবে না এবং কোন ব্যক্তি কালেক্টর সাহেবের অথবা ইজারদারের স্থানে এই বিধিমত লাইসেন্স না পাইলে ৫ পাঁচ তোলার অধিক পরিমাণের মাদক দ্রব্য প্রস্তুত করিতে পারিবে না।

* অধিকারে রাখিবার কথা।

৪। ৫ ধারার নিয়ম ভিন্ন,—

(১) কোন ব্যক্তি গবর্ণমেণ্টের কিম্বা ইজারদারের স্থানে কিম্বা লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতার স্থানে যে আফীম ক্রয় করেন তদ্ভিন্ন আফীম স্বীয় অধিকারে রাখিবেন না।

(২) ইজারদার কি লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতা কি চিকিৎসক না হইলে কোন ব্যক্তি পাঁচ তোলার অধিক আফীম কি মাদকদ্রব্য কিম্বা পাঁচসেরের অধিক ঢেঁড়ি স্বীয় অধিকারে রাখিবেন না।

৫। (১) ভারতবর্ষের সীমার বহির্ভূত ভিন্ন দেশের পথিকেরা ও দর্শকেরা তদ্দেশোৎপন্ন মোটে /২ দুই সেরের অনধিক পরিমাণের আফীম কি তাহাতে প্রস্তুত মাদক দ্রব্য বিক্রয় কি বাণিজ্য করণের অভিপ্রায় ভিন্ন আপনাদের দলের কি সহগামিদের ব্যবহারের নিমিত্তে সঙ্গে রাখিলে তাঁহাদের প্রতি ও

(2) foreign horse-dealers entering India with their horses, having in their possession opium produced in such foreign territory, or intoxicating drugs prepared therefrom, limited to ten tolas weight per horse

(3) opium, intoxicating drugs, or poppy-heads in transit covered by a pass under these rules

(4) cultivators duly licensed under Act XIII of 1857 having poppy-heads and newly extracted opium in their possession during the usual period between the full growth of the poppy and the delivery of the produce to the opium agent.

VI. The Collector may grant to any medical practitioner residing within his district a license in Form I appended to these rules for the possession and retail of opium, intoxicating drugs, and poppy-heads for medical purposes only provided that such medical practitioner shall not have in his possession at one time more than a seer of either opium or intoxicating drugs, and more than ten seers of poppy-heads.

Transport

VII When a farmer or licensed-vendor desires to transport opium, intoxicating drugs, or poppy-heads, he shall obtain for each consignment a pass from the Collector in such form as the Board may from time to time prescribe

The pass shall specify—

(1) the time within which the transport shall be effected,

(2) the place from which the consignment is to be transported,

(3) the name of the person in charge of the consignment,

(4) the name of the consignee,

(5) the number of packages, and the weight and contents of each, and

(6) the place to which the consignment is to be transported

Each package in every such consignment shall be stamped in the presence of the officer granting the pass with his official seal

VIII The bulk of a consignment shall not be broken during transport

IX The Collector may make it a condition of the pass that the bulk of the consignment for which it is granted shall not be broken until after the consignment shall have been examined at the place to which it is carried by an officer deputed or authorized by the Collector for that purpose Provided that such examination shall be made within seven days from the date on which the Collector is informed of the arrival of the consignment

X If any officer competent to exercise the powers of seizure, detention, and search under sections 14 and 15 of the Opium Act, finds that the packages are fewer, or the amount of opium and intoxicating drugs less (by more than the dryage allowance of one-quarter per cent) than the number or amount specified in the pass, he shall immediately report the circumstances to the Collector, who will decide whether a prosecution shall or shall not be instituted.

Import.

XI Opium, intoxicating drugs, or poppy-heads may be imported into Bengal—

(*a*) by Government for its own purposes,

(*b*) by the persons described in clauses 1 and 2 of Rule V in the quantities which, and for the purposes for which, those persons may, under those clauses, possess opium

Export

XII Opium, intoxicating drugs, or poppy-heads may be exported from Bengal—

(*a*) by Government for its own purposes,

(*b*) by the persons described in clauses 1 and 2 of Rule V in the quantities which, and for the purposes for which, those persons may, under those clauses, possess opium,

(*c*) to the territories under the Government of Chandernagore under the conditions specified in Rule XIII,

(*d*) by sea from the port of Calcutta in the manner provided by Rules XIV to XXIX

[*Government Gazette, 27th May* 1879.]

(২) ভিন্নদেশীয় ঘোড়া ব্যবসায়িরা ঘোড়া লইয়া ভারতবর্ষে প্রবেশ করিলে ঘোড়া প্রতি তদ্দেশোৎপন্ন নির্দ্দিষ্ট দশ তোলা পরিমাণের আফীম বা তাহাতে প্রস্তুত মাদক দ্রব সঙ্গে রাখিলে তাহাদের প্রতি ও

(৩) এই বিধিমতে পাস করা আফীমের কি তাহাতে প্রস্তুত মাদক দ্রব্যের কি চৈঁড়ির প্রতি, ও

(৪) ১৮৫৭ সালের ১৩ আইন অনুসারে উপযুক্তমতে লাইসেন্সপ্রাপ্ত কৃষকেরা গাচ সুপক্ব হইবার ও আফীমের এজেন্টের নিকট দিবার মধ্যবর্ত্তি নিয়মিত সময়ের মধ্যে নূতন সংগ্রহীত আফীম নিকটে রাখিলে তাহাদের প্রতি ৪ ধারা বর্ত্তে না।

৬। কালেক্টর সাহেব আপন জিলার মধ্যবাসি কোন চিকিৎসককে কেবল চিকিৎসাকার্য্যের নিমিত্তে খুচরা আফীম ও মাদকদ্রব্য ও পোস্তের চৈঁড়ি রাখিবার নিমিত্তে এই বিধি সংযুক্ত ১ পাঠে লাইসেন্স দিতে পারিবেন। কিন্তু সেই চিকিৎসক একই সময়ে একসেরের অধিক আফীম কি মাদক দ্রব্য ও ১০ দশ সেরের অধিক চৈঁড়ি আপন অধিকারে রাখিবেন না।

চালান করিবার কথা।

৭। ইজারদার কি লাইসেন্স প্রাপ্ত বিক্রেতা আফীম কি মাদক দ্রব্য কিম্বা চৈঁড়ি চালান করিতে ইচ্ছা করিলে বোর্ড সময়েং যে পাঠ নির্দ্দেশ করেন কালেক্টর সাহেবের স্থানে সেই পাঠে প্রত্যেক চালানের পাস লইবেন।

পাসে এইং কথা লেখা থাকিবে

(১) যে সময়ের মধ্যে মাল পৌঁছিবে।

(২) যে স্থান হইতে মাল চালান করিতে হইবে তাহা।

(৩) মাল পরে যাহার জিম্মায় থাকিবে তাহার নাম।

(৪) যাঁহার নিকট প্রেরণ করা গেল তাহার নাম।

(৫) যত বাক্স ও প্রত্যেক বাক্সের ওজন ও তাহাতে যাহা আছে তাহা এবং,

(৬) যে স্থানে মাল চালান করিতে হইবে সেই স্থান।

যে কর্ত্তৃপক্ষ পাস দেন তাঁহার সাক্ষাৎ সেই চালানের প্রত্যেক বাক্সে তাঁহার পদ সম্পর্কীয় মোহর করিয়া দিতে হইবে।

৮। চালানে যত বাক্স লেখা আছে পথিমধ্যে তাহা পৃথক করিতে হইবে না।

৯। কালেক্টর সাহেব পাসের এই এক নিয়ম করিতে পারিবেন যে চালানের লিখিত যত বাক্সের পাস দেওয়া গেল তাহা যে স্থানে লইয়া যাইতে হইবে সেই স্থানে পঁহুছিলে পর তাহা পরীক্ষা করিবার নিমিত্তে কালেক্টর সাহেবের প্রেরিত না তাঁহার স্থানে। ক্ষমতা প্রাপ্ত কোন কার্য্যকারক সেই চালানমতে মাল পরীক্ষা না করণ পর্য্যন্ত সেই বাক্স পৃথক করিতে হইবে না। পরন্তু কালেক্টর সাহেব যে তারিখে চালান পঁহুছিবার সংবাদ পান সেই তারিখ অবধি সাত দিনের মধ্যে ঐ পরীক্ষা করিতে হইবে।

১০। আফীম বিষয়ক আইনের ১৪ ও ১৫ ধারামতে ধৃত ও আটক ও অনুসন্ধান করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক পাসের লিখিত সংখ্যা ও পরিমাণাপেক্ষা (শুক্ত করা সিকিগুক্তি বাদে) কম বাক্স বা কম পরিমাণের আফীম ও মাদকদ্রব্য দেখিলে তিনি অবিলম্বে কালেক্টর সাহেবের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। নালিশ উপস্থিত করিতে হইবে কি না কালেক্টর সাহেব ইহার নিষ্পত্তি করিবেন।

আমদানী করিবার কথা।

১১। (ক) গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্ট কর্ত্তৃক,

(খ) এই বিধির ৫ ধারার ১ ও ২ প্রকরণের লিখিত

যেং ব্যক্তি ঐং প্রকরণমতে যত বা যে কার্য্যের নিমিত্তে আফীম নিকটে রাখিতে পারেন সেই ব্যক্তি কর্ত্তৃক,

আফীম, বা মাদকদ্রব্য বা চৈঁড়ি বঙ্গদেশে আমদানী করাণ যাইতে পারিবে।

রপ্তানীর কথা।

১২। (ক) গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্ট কর্ত্তৃক,

(খ) এই বিধির ৫ ধারার ১ ও ২ প্রকরণের লিখিত যেং ব্যক্তি ঐং প্রকরণমতে যত বা যে কার্য্যের নিমিত্তে আফীম নিকটে রাখিতে পারেন সেইং ব্যক্তি কর্ত্তৃক,

(গ) ১৩ ধারার নির্দ্দিষ্ট নিয়মাধীনে চন্দন নগরের গবর্ণমেণ্টের শাসনাধীন স্থানে, ও

(ঘ) ১৪ হইতে ২৯ ধারার নিয়মমতে কলিকাতা বন্দর হইতে সমুদ্র পথে,

আফীম বা মাদক দ্রব্য বা চৈঁড়ি বঙ্গদেশ হইতে রপ্তানী করা যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

XIII Opium, intoxicating drugs, and poppy-heads may be exported from Calcutta to the territories under the Government of Chandernagore, subject, while in transit through British territory, to the conditions of Rules VII, VIII, and X

XIV Opium may be exported by sea from the port of Calcutta if it has been purchased from Government at a public sale held by the Board, and is covered by a pass or certificate granted by the Board.

XV. Shipping bills for exportation of opium must be printed in red ink and presented at the Custom-house in duplicate, accompanied by the usual certificate from the Board. The duplicate on which the pass is granted will be returned to the shipper to obtain delivery from the opium godown, the original being forwarded to the Gate-officer on the wharf, to expedite the passing of the opium out of the Custom-house

XVI On ordinary working days no treasury receipt in payment of opium and no pass will be accepted by the Board after 3-30 P M, nor will any certificate be supplied after 4 P M On Saturdays no receipt or pass will be accepted after 1-30 P M, and no certificate granted after 2 P M

XVII. The certificates granted by the Board are to be returned to the Board, duly cancelled, at the close of the month

XVIII A fee of Rs 5 will be charged to each shipper on presentation of shipping bills after 4 P M on the day of clearance of the China steamer

XIX. All opium intended for export, which shall not be cleared from the godowns before 4-30 P M, shall be conveyed to the steamer or ship from the ghât opposite to the opium godowns in covered cargo-boats, with properly-secured hatches

XX As soon as the Intendant of Opium Godowns is aware that clearances will be made after 4-30 P M, he shall make immediate report to the Collector of Customs, who will at once appoint one or more Preventive-officers, as may be necessary, to be in attendance at the ghât at which the cargo-boats shall lie In his report the Intendant shall mention the probable number of chests which will be removed during the evening, and each day, as long as clearances are going on, he shall furnish a similar report to the Collector

XXI The Preventive-officer at the ghât shall examine all boat-notes and chests, and shall see the latter placed in the hold of the cargo-boat He shall then secure and seal the hatches or any other openings or doors of the cargo-boat, by which access may be had to the hold, with a distinctive mark before allowing the boat to proceed to the steamer or ship He shall also make an entry in the boat-note specifying that the hatches have been sealed

XXII The Preventive-officer on board the receiving ship or steamer shall carefully examine the seals affixed to the hatches, &c, of all cargo-boats laden with opium as soon as they arrive alongside the vessel, and shall not allow the seals to be broken in any case until he is actually prepared to receive the opium on board, and to superintend the removal of the chests from the hold of the cargo-boat

XXIII Should it appear to the Preventive-officer on board the receiving vessel that the seals placed on the hatches, &c, of the cargo-boats have been broken in transit, or have been in any way tampered with, he shall bring the matter to the immediate notice of the officer in charge of the vessel, and shall examine each chest carefully. If any theft of opium is discovered, the Preventive-officer shall make an immediate report to the River Police and to the Collector of Customs, mentioning at the same time the number of the cargo-boat and the name of the owner and manjee.

XXIV. Each shipper who removes his chests of opium from the Government premises after 4-30 P M shall be required to pay Rs 2 for any number of chests up to 20, Rs 3 for any number of chests above 20 and up to 50, and Rs 5 for any larger number of chests, as remuneration to the Preventive-officer at the ghât employed beyond the usual hours

XXV These fees shall be realized by the Intendant before delivery of the chests to the shippers, and all such fees shall be remitted daily by the Intendant to the Collector of Customs, and shall form a special fund for the remuneration of the Preventive-officers who may be employed beyond the usual working hours

XXVI No application shall be received by the Intendant for the delivery of opium chests after 9 o'clock P.M

[*Government Gazette*, 27*th May* 1879]

১৩। আফীম ও মাদক দ্রব্য ও টোঁড়ি ব্রিটিষ শাসিত দেশদিয়া চালান করিবার সময়ে ৭ ও ৮ ও ১০ ধারার নিয়মাধীনে কলিকাতা হইতে অন্য নগরের গবর্ণমেণ্টের শাসনাধীন স্থানে রপ্তানী করা যাইতে পারিবে।

১৪। বোর্ড প্রকাশ্য যে নীলাম করেন সেই নীলামে গবর্ণমেণ্টের স্থানে ক্রীত আফীমের পাস বা সর্টিফিকেট বোর্ড কর্তৃক দত্ত হইলে সেই আফীম কলিকাতা বন্দর হইতে সমুদ্র পথে রপ্তানী করা যাইতে পারিবে।

১৫। আফীম রপ্তানী করিবার নিমিত্তে জাহাজে তুলিবার বিল লাল কালিতে ছাপাইয়া তাহা দোকর সহ বোর্ডের নিয়মিত সর্টিফিকটের সঙ্গে কষ্টম হৌসে দিতে হইবে। ঐ দোকরের যে খানিতে পাস দেওয়া গেল গুদাম হইতে আফীম বাহির করিয়া লইবার নিমিত্তে সেইখানি জাহাজে তুলিয়া দিবার ব্যক্তিকে ফিরাইয়া দিতে হইবে। কষ্টম হৌস হইতে গুদাম আফীম বাহির করিয়া লইবার নিমিত্তে আসল খানি ওয়াকে গেট-আফিসরের নিকট পাঠান যাইবে।

১৬। বোর্ড নিয়মিত কর্ম্মচলনের দিন বেলা ৩॥ টার পর আফিমের মূল্য দানার্থে ট্রেজুরীর রসীদ ও কোন পাস গ্রাহ্য করিবেন না ও বেলা ৪ টারপর কোন সর্টিফিকেটও দিবেন না শনিবারে বেলা ১॥টার পর কোন রসীদ কি পাস গ্রাহ্য হইবে না ও বেলা ২টার পর সর্টিফিকেট দেওয়া যাইবে না।

১৭। বোর্ড যেং সর্টিফিকেট দেন তাহা উপযুক্ত মতে অকর্ম্মণ্য করিয়া মাসের শেষে বোর্ডে ফিরাইয়া দিতে হইবে।

১৮। চিনের ষ্টীমর বন্দর হইতে যাত্রা করিবার দিন বেলা ৪টার পর শিপিং বিল দিলে প্রত্যেক জাহাজ বোঝাই কারকের স্থানে ৫২ টাকা ফী লওয়া যাইবে।

১৯। যত আফীম রপ্তানী করিবার অভিপ্রায় থাকে, বেলা ৪॥টার পূর্ব্বে গুদাম হইতে লওয়া না গেলে আফীম গুদামের সম্মুখস্থ ঘাট হইতে যে আঁটা মাল বোট ফলকার দ্বারা ভালমতে বন্দ করা যায় এমত বোটে করিয়া তাহা ষ্টীমারে বা জাহাজে লইয়া যাইতে হইবে।

২০। বেলা ৪।০টার পর আফীম লইয়া যাওয়া হইবে আফীম গুদামের ইন্টেণ্ডেণ্ট ইহা জানিতে পাইবামাত্র কষ্টমের কালেকটর সাহেবের নিকট অবিলম্বে তাহার রিপোর্ট করিবেন, তাহাতে তিনি মাল বোট যে ঘাটে থাকে সেই ঘাটে মাসুল চুরী নিবারণের যত জন কার্য্যকারকের উপস্থিত থাকা আবশ্যক বোধ করেন তত জনকে অবিলম্বে নিযুক্ত করিবেন। অপরাহ্নে অনুমান যত সিন্দুক লইয়া যাওয়া যাইবে ইন্টেণ্ডেণ্ট তাহা স্বীয় রিপোর্টে লিখিবেন ও প্রতিদিন যতক্ষণ লইয়া যাওয়া যাইতেছে তাহার ও সেইরূপ রিপোর্ট কালেকটর সাহেবকে দিবেন।

২১। ঘাটে মাসুল চুরী নিবারণের যে কার্য্যকারক থাকেন তিনি বোটের চালানপত্র ও সিন্দুক পরীক্ষা করিবেন ও সিন্দুক মাল বোটের খোলে রাখা গিয়াছে ইহা দেখিবেন। এবং ঐ বোট ষ্টীমারের কি জাহাজের নিকট যাইতে দিবার পূর্ব্বে তিনি ঐ বোটের ফলকার দ্বার কিম্বা অন্য যে ফাক কি দ্বার দিয়া বোটের খোলে যাইবার পথ থাকে তাহা নির্ব্বিঘ্নরূপে বন্দ ও মোহর করিয়া তাহাতে বিশেষ কোন চিহ্ন দিয়া দিবেন। ফলকার দ্বারে মোহর যে করা গিয়াছে তিনি বোটের চালানপত্রেও ইহা বিশেষ করিয়া লিখিবেন।

২২। যে জাহাজে কি ষ্টীমারে আফীম লওয়া যাইতেছে তাহাতে মাসুল চুরী নিবারণের যে কার্য্যকারক থাকেন, তিনি, আফীম বোঝাই মালবোট জাহাজের পার্শ্বে গিয়া লাগাইবামাত্র তাহার ফলকার দ্বার প্রভৃতিতে যে মোহর বসান গিয়াছে তাহা সাবধানরূপে পরীক্ষা করিবেন। জাহাজে আফীম গ্রহণ করিবার নিমিত্ত বাস্তবিক যতক্ষণ তিনি প্রস্তুত না হন ও মাল বোটের খোল হইতে যতক্ষণ সিন্দুক তুলিবার তত্ত্বাবধারণ করিতে না পারেন ততক্ষণ কোনরূপে মোহর ভাঙ্গিতে দিবেন না।

২৩। আফীম যে জাহাজে গ্রহণ করা যাইতেছে সেই জাহাজে মাসুল চুরী নিবারণের যে কার্য্যকারক থাকেন তাঁহার বিবেচনায় মালবোটের ফলকার দ্বার প্রভৃতিতে যে মোহর বসান গিয়াছিল আসিবার সময়ে তাহা ভাঙ্গাগিয়াছে কিম্বা কোন প্রকারে তাহাতে হস্তক্ষেপ করা গিয়াছে বোধ হইলে তিনি জাহাজের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কর্ম্মকারককে অবিলম্বে সেই কথা জানাইবেন ও সতর্কতাপূর্ব্বক প্রত্যেক সিন্দুক পরীক্ষা করিবেন। আফীম চুরী গিয়াছে প্রকাশ হইলে মাসুল চুরী নিবারণের কার্য্যকারক তৎকালে মালবোটের নম্বর ও তৎস্বামির ও মাঝির নাম শুদ্ধ বিবরণ রিবর পোলীসের ও কষ্টমের কালেকটর সাহেবের নিকট অবিলম্বে তাহার রিপোর্ট করিবেন।

২৪। জাহাজ বোঝাই কারক প্রত্যেক ব্যক্তি গবর্ণমেণ্টের বাড়ীহইতে ৪॥ টার পর আফীমের সিন্দুক লইয়া গেলে নিয়মিত ঘণ্টার অতিরিক্ত সময়ের নিমিত্তে ঘাটে নিযুক্ত মাসুলচুরী নিবারণের কার্য্যকারকের বেতন বলিয়া ২০ সংখ্যক সিন্দুকপর্য্যন্ত ২৲ টাকা ও ২০ অবধি ৫০ সংখ্যক সিন্দুক পর্য্যন্ত ৩৲ টাকা ও তদধিক যত হউক ৫ পাঁচ টাকা দিতে হইবে।

২৫। ইন্টেণ্ডেণ্ট জাহাজ বোঝাই কারককে সিন্দুক দিবারপূর্ব্বে ঐ ফী আদায় করিয়া প্রতিদিন কষ্টমের কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন ও মাসুল চুরী নিবারণের যে কার্য্যকারকেরা নিয়মিত কর্ম্ম চলনের কালাতিরিক্ত কর্ম্ম করেন তাঁহাদের বেতন দিবার নিমিত্তে ঐ ফী লইয়া বিশেষ ফণ্ড করা যাইবে।

২৬। ইন্টেণ্ডেণ্ট রাত্রি ৯ ঘণ্টার পর আফীমের সিন্দুক বাহির করিয়া দিবার কোন দরখাস্ত গ্রাহ্য করিবেন না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

XXVII On account of each requisition made for the delivery of chests, and presented to the Intendant between the hours of 5 o'clock and 9 o'clock P M on ordinary working days, or between 2 P M and 9 P M on Saturdays, the Intendant shall be authorized to demand a fee of Rs 16, and a further fee of 2 annas on account of each chest delivered

XXVIII The procedure described in Rules XVIII to XXV of this section is enjoined specially in the case of opium cleared from the godowns after 4-30 P M, but it may be followed in the case of opium cleared before that time, if the shipper so desires, and on application made to the Intendant

Export of Chandu

XXIX Subject to the provisions of the law relating to sea-customs for the time being in force, the export of chandu is permitted under a pass from the Superintendent of Excise Revenue Calcutta

